नवनात्री।

অৰ্থ ং

নয় নারীর জীবন চরিত

এনীলমণি বসাক

কৰ্ত্ত্বক

সংগৃহীত।

কলিকাতা।

गरक्ष गृति मृतिष्ठ।



সীতা
সাবিকী
শকুন্তলা
দম্যন্তী
দৌপদী
শীলাবতী
খনা
অহল্যাবাই
রাণীভবানী

তাহাও তেড়ার প্রভাবে প্রশুক্ত চলন জ্ঞান করির, আর, তেড়ার সক্ষে যদি তরুমুলে বাস করি তাহাও স্বর্ণ পুরী হইতে সহজ্র গুণে স্থখজনক। তোমার হুংখে হুংখ, তোমার স্থথে স্থখ, তোমা বিনা সকল অন্ধকার। যদি কোনন জমণে স্কুধা বা তৃষ্ণা হয় তবে তোমার শ্যামরুপ দর্শনে তাহা নিবারণ করিব। বিশেষ, অনেক তীর্থ পর্যাইন হইবেক, স্প্রের্পর বন ও মিরি দর্শন করিব। আমি যখন পিত্রালয়ে ছিলাম, ব্রাহ্মণ পণ্ডিতেরা বলিতেন এই কন্যা পতি সঙ্গে বন বাস করিবে। ব্রাহ্মণের কথা কখন মিথ্যা নহে, ক্সমার অদুফে বনবাস আছে তাহা কে খণ্ডন করিতে পারিবে। এক্ষণে তুমি যদি আমাকে সঙ্গে লইয়া না যাও তবে আমি আয়হত্যা করিব, তাহাতে তুমি স্ক্রীবন্ধের অপরাধী হইবে।

জনুকনন্দিনী এই প্রকার উত্তর করিলে রাম বিনলেন, সীডে! ডোমার মন পরীক্ষার্থ আমি এই সকল কথা কহিয়াছিলাম। তুমি যদি নিভান্ত আমার সঙ্গে যাইতে ইচ্ছা কর তবে অঙ্গাভরণ পরিত্যাগ কর। এই কথা শুনিয়া সীভা মহা আহ্লাদিতা হইয়া আভরণ খুলিয়া, যাহাকে সন্মুখে দেখিলেন, ভাহাকে দিলেন এবং ভাগুরে যে বস্তুও ধন ছিল তথনই তাহা সকল বিভরণ করিলেন।

अनस्त तामठक नमानक कशिलन, छाटे! छूमि शृह्य बोकिया नकनक शोलन कर्तः नाम नामीनिर्गत

সর্বদা তত্ত্বাবধারণ করিবে; কথন রাজ্য হৈবার আশা করিও না। পিতা মাতা আমার্কে না দেখিয়া শাতর হইবেন; কিন্তু তেমিাতে আমাতে অভেদালা; অতএঁব তোমাকে দেখিলেও অনেক সান্তনা পাই-বেন। লক্ষণ বলিলেন আমি আপনার সেবক, আপনি যদি অরণ্য গমন করিবেন আয়িও আপনার অয়ু-চর হইয়া হঙ্গে যাইব। বিশেষ, তুমি আুমি এক, বিনাতা তাহা জানেন; অতএব আমি কোমার সংক্রি গমন না করিলে তিনি কি মনে করিবেন; এবং সেবক বিনা তুমি সীতাকে দাইয়া কি প্রকারে বনে বনে ভ্রমণ করিবে। অভএব আমি এখানে থাকিব হা ভামার সভে যাইব। রাম বলিলেন ,যদি নিভান্তই সমভিবাহারী হও তবে উত্তম ধমুক ও শর সঙ্গে লও। কেননা বন মধ্যে অনেক রাক্ষস রুংক্ষসী আছে তাহাদের সঙ্গে সতত যুদ্ধ দল্ভ হইরে। এই কথা শুনিয়া লক্ষ্মণ উত্তম উত্তম ধয়ুক ও শর বাছিয়া লইলেন। তদনস্তর রাম বলিলেন, আমরা বনে চলিলাম, আমাদের ধনে প্রয়োজন নাই ; অভএব পুরোহিত ও সংকৃলজাত ব্রাহ্মণ আনাইয়া, যিনি যাহা ঢাহেন তাহাকে তাহা দান কর; এবং দরিজ ভিক্ষুক দীন অনাথ যাহারা আমাদের ছুঃখে ছুঃখা তাহাদের যে यादा गोळा करत जादा जोंदामिशक . माञ्ज; ठेजूर्फमा वर्शदेश मध्य स्था स्थम कोशोरकञ्ज जनाव ভিকা করিতে না হয়। এই আজা পাইয়া লক্ষ্য

মুক্ত হত্তে তাবং ধন বিভরণ করিতে লাগিলেন। এই এক কুরি জীনেকে অনেক ধন পাইল এবং যে অতি দরিদ্র ছিল সেও ধনাতা হুইল।

অনন্তর রাম, লক্ষ্ণ ও সীতা অরণ্য গমনে প্রস্তুত । হইলেন। যে রাম লক্ষ্ণ সোণার চতুর্দ্দোলায় গমন করিতেন, কথন ভূমিতে পাদ ক্ষেপণ করেন নাই; ও যে সীতা কথন ভূমিতে পাদ ক্ষেপণ করেন নাই; ও যে সীতা কথন ভূমিতে বাহির হুইয়া রাজপথে দাঁড়াইলেন। তাঁহাদিগের এই অবস্থা দেখিয়া অযোধ্যা বাসী প্রী পুরুষ আবাল বৃদ্ধ সকলে, হাহাকার করিয়া। ক্রন্দন করিতে লাগিলেন। রাজা দশর্থ কেক্য়ীর বাঁশতাপন্ন হইয়া ভাঁহাদিগকে বনে দিলেন এই অপ্বাদে তাবৎ নগর পূর্ণ হইল।

ত্বনন্তর রাম, লক্ষণ ও সীতা রাজার নিকটে বিদায় হইতে গেলেন। রাজা তথন শোকে ব্যাকুল হইয়া কাল ভুজঙ্গিনী কেকয়ী রাণীকে নানা প্রকার তিরক্ষার করিতে ছিলেন। পরে রামচন্দ্র বিদায় হইতে আসিয়াছেন এই সংবাদ হইলে তিনি মহিনী গণকে ডাকিতে বলিলেন। তাহারা আসিয়া রাজার চতুর্দ্ধিকে বসিলে রাম, লক্ষণ এবং সীতা তিন জনে রাজাকে প্রণাম করিয়া বলিলেন মহারাজ! অমুমতি ছউক আমরা বনে গমন করি। রাজা রোদন করিতে করিতে বলিলেন বংস! তোমার লাকে আমার জীবনান্ত

নিশ্চিত; অতএব আমিও ভোমার সূচ্চে কাননে গ্মন বরিব। রাম বলিলেন পুজের সংখ পিতার অরণ্য গমন অবিধি। রাজা বলিলেন তবে তুমি অদ্য বন যাত্রা করিও না কল্য যাইও ; অদ্য আমি ভোমাকে দেখিয়া মনের আশা পূর্ণ 🕏 রি। রাম বলি-লেন এক রাত্রির জন্য কেন্ত এক টা অপযশ থাকিবে। বিশেষ, তাহা হইলে বিমাতা ঠাকুরাণী মন্দ কহিবেন; অত্তব অদাই কাননে গমন শরা শ্রেয়ঃ। রাজা এই কথা শুর্নিয়া স্থমন্ত্র সার্থিকৈ আজ্ঞা ্ করিলেন রামের স্ঞে তুরঙ্গ মাতজ ও বছমূল্য ধন ুদাও; অরণ্য, মধ্যে অনেক পুণ্য স্থান ও তপস্বী আছেন, রাম এই সকল ধন তাহাদিগাক দান করি-বেন। রাজা এই আজা করিলে কেকয়ী অত্যন্ত লানবদনা হইয়া রাজাকে বলিলেন মহারাজ আপীন ভরতকে সকল রাজ্য দিয়াছেন; অতএব এই সকল ধন লইয়া রামকে দেন এ কোন বিচার। রামচন্দ্র বুলিলেন পিডঃ! বিমাতা উওঁম আজ্ঞা করিয়াছেন, व्यामि व्यवग्र शंमन कतिर व्यामात व्यव रखी छ অর্মে কি প্রয়োজন: আমি বলকল পরিধান করিয়া আনা ভ্রমণ করিব, কেবল লক্ষণ ও সীতা আমার সঙ্গে যাইবে, অন্য কোন দ্রব্যের প্রয়োজন কাইব্রি কেক্য়ী রাণী পূর্বে বল্কল প্রস্তুত করিয়া বাসিলা ছিলেন, রাম বচ্কলের নাম করিবা দাত্র ভিটি নেই বা कन जानारेया मिलन। जनवरनाकरन अभा सम्बद्ध

ও ভাঁহার সাত শত রাণী রোদন করিতে লাগিলেন; এবং কের্ফাটে সকলে এই বলিয়া ভর্ৎ সনা করিতে লাগিলেন যে পিতৃ সত্য পালনার্থে কেবল রামই বনে যাইবেন, লক্ষ্ণও সীতাকে কি জন্য বনপ্রেরণ কর। অপার, রাম ও লক্ষ্ণণ বলকল পরিশান করিলেন, কিন্তু, সীতা তাহা কিরুপে পরিধান করিবেন, সকলের এই মহাভাবনা হইল। পরে সভাসদ ও মুদ্রিগণ এই বিধান করিলেন যে সীতার বলকল পরিধানের প্রয়োজন নাই, তিনি বসন ও অলক্ষারীদি পরিধান করিবেন।

- ইহা হির হুইলে, রাজাজাতে সুমন্ত্র রাজভাণার হইতে উত্তম পউবস্ত্র ও স্বর্ণালক্কার আনিয়া দিল। জানকী ঐ বেশ ভ্যায় ভূষিতা হুইয়া ক্রিভুবনমোহিনী রূপ থারণ করিয়া রাজার চরণে দণ্ডবং করিলেন। তংপরে কৃতাঞ্জলি পুটে কৌশলাা রাণীর সম্মুখে দণ্ডায়-মানা হইলেন। কৌশলাা রাণী বলিলেন সীতে! তুমি রাজার কন্যা ও রাজার বধু, তোমার আচরণ, দেখিয়া ত্রিভুবন চলিবে; অতএব তুমি সর্বাদা সাব্ধানে থাকিবে এবং স্থামির সেবা করিবে। স্থামী নিখন বা ধনবান হউন, স্থামী বিনা স্ত্রীলোকের উত্তম ধন আর নাই। সীতা বলিলেন জননি! আমাকে জ্না স্থামির সেবা জারি পর্ম ধর্ম জানি, এবং স্থামির সেবা করিতে পাই এই স্থামার কামনা এবং দেই জন্য জানি

বন গ্রনে ব্যগ্র, আপর্নি আশীর্কাদ করুন্ স্বামি পদ আমার সার হয়। কৌশৃল্যা বলিলেন ভৌমার তুল্য বধু এই নবীন বয়সে অরণ্যে যাইবে ইহাতে আমার আতান্তিক খেদ জন্মিতেছে। তদনন্তর কৌশল্যা রাণী त्रोगरक मरशोधन कतिया विलियन ८८थ त्रोग! क्लोनकी অতি স্থন্দরী, বন অতি ভয়ানক ; তুমি ভাহাকে লইয়া মুনির আশ্রমে সতত সাবধানে থাকিবে। স্থমিতা বলিলেন, লক্ষণ! তুমি রাম্ক্রে দ্বেতার ন্যায় জ্ঞান করিবে, শাস্ত্রে বলে জ্যেণ্ঠ জ্রাভা পিতৃ তুলা, অতএব সর্মদা তাঁহার আজ্ঞাকারী হইয়া পাকিবে, এবং সীভাকে মাতার অধিক জ্ঞান করিতে। রাম বলিলেন, মাতঃ! তুমি আশীর্বাদ কর, আমরা যদি তিন জনে একত্র,থাকি, তাহা হইলে ত্রিভূননে আমরা কাহাকেও শঙ্কা করি না। তদনন্তর রাম आंत जनन ताजगहियीत्क वन्त्रना कतित्वत, धदः क्किग्रीक थ्रांभ कतिया विलियन, मा! व्यांगीकांप ্রুর, আমি বন প্রস্থান করি। কেকয়ী কোন উত্তর করিলেন না। অনন্তর রাম মাতাকে পিতার চরণে সমর্পণ করিয়া বলিলেন আমি যে পর্যান্ত প্রত্যাগমন মা করি, আপনি আমার মাতাকে পালন করিবেন। রাজা বলিলেন আমি যদি জীবিত থাকি তবে ভাছা অবশ্য করিব ; কিন্তু তুমি বনে চলিলে, আমি ভোমাকে এক আজা করি, তুমি তাহা ল্ডান করিও না, তুমি छिन पिरम त्रथार्ताहर्ण भगन कता । धरे कथान स्मा রথ আনয়ন করিল। রাম, সক্ষণ ও সীতা তদাুতরা-হণে যাত্রা করিলেন।

রাম যাত্রা করিলে অযোধ্যা নগরস্থ সমস্ত লোক রথের পশ্চাৎ পশ্চাৎ চলিল; এবং রাজা দশরথ যদিও উত্থান শক্তি রহিচ্চ তথাপি পুত্রকে দেখিবার জন্য বাহিরে আসিয়া দাঁড়াইলেন। তদ্ধে রাম সারথিকে বলিলেন, সারথে! আমি পিতার ছুর্গতি আর দেখিতে পারি না, তুমি শীভ্র রথ চালাও। এ কথায় সারথি বেগে রথ চালাইতে লাগিল, তাহাতে ক্ষণেকের মধ্যে রথ দৃষ্টির অগোচর হইল। তথ্ন রাজা অচেতন হইয়া ভূমিতে পড়িলেন, এবং আহার নিদ্রা পরি-ত্যাগ করিয়া কেবল রাম চিন্তা করিতে লাগিলেন। বানের বনবাসে আপামর সাধারণ সকল লোক অস্থাইইল।

যথন • অযোধাতে সকলে এই রূপ শোক সাগরে
নগ্ন; তথন রথারোহনে রামচন্দ্র তমসা নদীর কুলে উপনীত হইরা তথার স্নান ও ফলাহার করিলেন। তথ্পরে লক্ষণ কতকগুলিন বৃক্ষের পত্র বিছাইয়া দিলেন
ভাহাতে রাম ও সীভা শরন করিলেন। লক্ষণ বছক
বাণ হস্তে লইয়া জাগরিত থাকিলেন। পর দিবস
প্রোভঃস্নানাদি করিয়া তমসা নদী ও তথ পরে গোমভী
নদী পার ইইয়া ইক্ষাকুর দেশ দিয়া গলাভীরে কোশল
রাজ্যে উপস্থিত হইয়া জাহ্বীর কুলে বৃক্ষ মুলে বসিলোম। সার্থি অব চরাইতে লাগিল। পরে দিবাব-

गात्म शूनस्रोत नकिंगतिहर्ण कृतिया शत पित्म, मृक्रद्वत নগরে গুহক চণ্ডাল নাদক ভাঁহার এক বিশ্বর গৃহে গিয়া সুমন্ত্র সারধিকৈ বিদায় দিলেন। গুহুক চণ্ডাল ভাঁহাকে রাখিবার জন্য অনেক যত্ন করিল, কিন্তু রাম তাহাতে সম্মত না হইয়া পর দিব্য গঙ্গা পার হইয়া অত্রে আপনি, মধ্যে দীতা, পশ্চাতে লক্ষ্মণ, এইপ্রকারে ছুই ক্রোশ পদ ব্রজে গমন করিয়া গঙ্গা যমুনার মধ্য স্থলে ভরদাব্দ মুনির আশ্রামে উপস্থিত হইলেন। ভর-ঘাজ মুনি তাঁহাদের বনবাসের কথা শুনিয়া বিস্তর বিলাপ করিলেন, এবং তাঁহাদের সেই খানে অবস্থিতির कना ज्ञानक ज़ार्किकन कतिर्लंग। किन्न जरगंधा नश्रत •ভথা হইতে অধিক দূর নহে, তথায় থাকিলে কি জানি ভরত ওাঁহাকে কাইতে আইসেন, এই আশঙ্কায় তথায় অবস্থিতি না করিয়া যমুনা পার হইয়া সীতাকে মধ্যে লইয়া রাম লক্ষ্মণ গমন করিতে লাগিলেন। সীতা কখন পথ ভ্ৰমণ করেন নাই গমনে অত্যন্ত ক্লাস্তা হইলেন; এবং অগ্নিতে ক্ষীরের পুত্তলি যেমন গলিত হয়, স্থা কিরণে তাহার কোমল শরীর ভক্রপ হইল। অনন্তর যমুনা পার হইয়া চিত্রকৃট অরণ্য মধ্যে প্রবেশ করিয়া সেই থানে পর্ণালা নির্মাণ করিয়া থাকিলেন।

এ দিকে স্থমন্ত্র রামকে শৃঙ্গবের পুরে রাখিয়া অবোধায় প্রত্যাগত হইলেন। রাজা দশরঐ পুত্রশোকে পূর্কাবিধি আহার নিজা বিজ্ঞিত এক্ষণে ঐ সংবাদে আর ও শোকাকুল হইয়া শ্যাগত হইলেন, এবং ব্লিলেন আমি সর্যুতীরে এক বার মৃগয়ার্থ গমন করিয়াছিলাম। ঐ সময়ে অস্কাক মৃনির পুজ্র নদী হইতে
কলস করিয়া জল লইয়া যাইতেছিল। আমি তাহা
না জানিয়া মৃগ বোধ করিয়া তাহাকে নই করিয়াছিলাম। পরে ঐ ণৃত পুজ্রকে মৃনির সয়িধানে লইয়া
দিলে মুনি সর্যুনদীর তীরে পুত্রের তর্পণ করিয়া
পুজ্র শোকে প্রাণ তাগি কালে আমাকে অভিসস্পাত করিয়াছিলেন যে আমি যেমন পুজ্র শোকে
প্রাণ তাগি করিলাম তুমিও সেই প্রকার পুজ্র
শোক পাইবে। অতএব সে কথা কখন বার্থ হইবেক না, অদাই রামের শোকে আমার প্রাণ তাগি
হইকে। এই কথা বলিতে বলিতে তাঁহার হিমার্থ
হইক এবং সেই রাত্রেই রাজা দশর্থ প্রাণত্যাগ
করিলেন।

এই অচিন্তনীয় ঘটনায় সকল রাজ মহিষী, বিশে-বতঃ কোশলা দেবী, অধিক মনস্তাপ পাইলেন। অন-ন্তর, পুত্র নিকটে নাই রাজার মুখানল কে করিবে, এই জন্য বশিষ্ঠ মুনি ব্যবস্থা দিলেন যে তাঁহার শব তৈলের মধ্যে রাখিয়া হস্তি প্রত্ত ভারত শক্রমুকে আনয়ন করা মাউক; বরত আসিয়া পিতার মুখাগ্রি করিবেন। এই পরামর্শাম্নারে তখনই হস্তিনা নগরে দৃত প্রেরিত হইল। দৃতগণ রথ বোগে পঞ্ম দিবনে তথায় উপনীত হইয়া ভরত ও শক্ত-মুকে রথারোহণ পুর্বক অযোগ্রাতে লইয়া আসিল।

ভরতুও শত্রুদ্ধ ছুই ভাই অযোধ্যাতে আসিয়া পিতার মৃত্যু সংবাদে অত্যন্ত শোকাকুল হইলেন, এবং রামের বনবাঁসের মূল জানিয়া মাতাকে অশেষ রূপে ভর্ণনা করিলেন। তৎপরে সর্যৃতীরে পিতার মুখাগ্নি করিয়া তদীয় আদাক্রিয়া উপলক্ষে, অনেক ধন, অন্ন, হস্তী ও গাভী দান করিলেন। এইরূপে দশরথের 'গতিক্রিয়া হইলে পর মন্ত্রিগণ ভরতকে সিংহাসনার্চু হইতে কহিলেন। কিছু ভরত উত্তর कतित्वन ताका वर्खमार्टन त्मरत्कत केर्द्धरा नरह त्य রাজ্যভার গ্রহণ করে। রার্ম এ রাজ্যের ভূপতি, আমি ভাঁহার কিন্ধর; অতএব ভাঁহার রাজ্যু আমাকে অর্হে মা। বিশেষ, আমার মাতা কর্ত্ব তাঁহার বনবাস হই-য়াছে; অভৈৰ আমি কখন সিংহাসনে উপবেশন করিতে পারিব না। আমি ও শক্রম্ম উভয়ে ভাঁহার অন্তেষণে যাইব, এবং ভাঁহার চরণ ধারণ পূর্বক যে রূপে পারি মাতার দোষ জন্য আমাদের প্রতি তাঁহার ক্রোধ শান্তি করিয়। তাঁহাকে আনিয়া রাজসিংহাসনে বসাইব।

ইহা বলিয়া ভরত ও শক্রম্ম চতুরক্স সেনা সম-ভিবাহারে তপস্থির বেশে রামের অন্তেষণ করিছে করিতে চিক্রকট পর্বতে গিয়া দেখিলেন যে এক পর্ণ-শালার দারে রামচন্দ্র বদিয়া আছেন, সীতা তমধ্যে, এবং লক্ষণ বাহিরে আছেন। শ্রীরাম দর্শনে ভরত গুলবন্ত্র হইয়া তাঁহার পদানত হইলেন। রাম তাঁহাকে

তুলিয়া আলিঙ্গন করিলেন। অনস্তর ভরত রামের চরণ ধারণ পূর্ব্বক বলিলেন, আপনি কাহার বাকো রাজ্য ত্যাগ করিয়া বনে আসিয়াছেন। বামা জাতির বামা বৃদ্ধি: তাহাদের কথায় কে কোথায় রাজ্য ত্যাগ করে বা দেশান্তরে যায়। মাতা যে অপরাধ , করিয়াছেন সে অপরাধ আমার, তাহা মার্জনা করিয়া দেশে চকুন, আপনি অযোধ্যার ভূষণ; আপনা বিনা অধোধ্যা অধিকার। রাম বলিলেন ভরত ৷ তুমি পণ্ডিত হইয়া কেন বিমাতার অন্নুযোগ কর; , আমি পিতৃ আ-জ্ঞায় বনবাদ আদিয়াছি; বিমাতার কিছু মাত্র দোষ নাই। ইহা বলিয়া রোম পিতার কুশলাদি জিজ্ঞাসা করিলেন, তাহাতে বশিষ্ঠ মুনি ভাঁহার মৃত্যু সংবাদ জ্ঞাপত করিলেন। রাম পিতার মৃত্যু সংবাদে উচ্চঃ স্বরে ক্রন্দন করিয়া উচিলেন, এবং লক্ষ্মণ ও সীতাও রোদন করিতে লাগিলেন। পরে বশিষ্ঠ মুনির বিধা-নামুসারে তিন দিবস অশৌচ গ্রহণানন্তর রাম পিতৃ শ্রাদ্ধাদি করিলেন। তদনন্তর ভরতকে নানা প্রকার तुकारेया विलालन व्यायां नगत भूनाः, कान पिन কোন শব্দ আসিয়া রাজ্য নট করিবে; অতএব তুমি यश्चित्रा ताकाभागन ও প্রজাপালন কর। চতুর্দ্দশ বংসর भज्ञामः, ज्राहात भन्न मकत्म भूनक्षात अकव इरेत्। ভরত কৃহিলেন, সিংছের ভার শৃগালে কি কখন বহন করিতে পারে ! না; আমি কি প্রকারে রাজ্যশাসন করিব। কিন্তু যদি একান্ত গৃহে না বান তবে আমিকে আপনার চরণিচ্ছ পাছকা প্রদান করুন, আমি তাহা সিংহাসনে হাপন করিয়া আপনার নামে রাজ্য, করিব, যদি তাহা না করেন তবে আমি ও আপনার সঙ্গে বনপ্রবাস করিব। এ কথা শুনিয়া রাম তাঁহাকে আপনার পাছকা প্রদান করিলেন। ভরত ঐ পাছকা মস্তকে লইয়া স্বদেশে আসিয়া তাহা সিংহাসনে স্থাপন পূর্বক তাহাতে ছত্র দণ্ড ধরাইয়া রাজ্য করিতে লাগিলেন।

ভরতের গ্রননাত্তে কিছু দিবসের পর লক্ষ্যণ কহিলেন, দাদা! এখানে থাকিলে ভরত পুনর্বার লইতে আসিবেন, অতএব এখানে অবস্থিতি করা কর্ত্তব্য নহে, অন্যত্র চল। এই আশক্ষায় রাম লক্ষ্যণ সীভা সমভিব্যাহারে অগস্ত্য পর্বতে যাত্রা করিলেন। ঐ পর্বতে আগমন মাত্র অগস্ত্য মুনি অগ্রসর হইয়া তাঁহাদিগকে যথোচিত সমাদরে আপন অভিমে লইয়া গেলেন। ঐ মুনির আশ্রমে কতক দিবস বাস করিয়া তাঁহারা পঞ্বটা বনে গমন করিলেন ও তথায় কুটার নির্মাণ করিয়া বাস করিতে লাগিলেন।

এই সময়ে লক্ষাতে রাবণ রাজা ছিলেন। লক্ষা লবণ সমুদ্র মধ্যস্থ এক দ্বীপ। একণে উহার নাম সিংহল দ্বীপ। ঐ দ্বীপ পূর্বের রাক্ষস জাতির অধিকার ছিল, কিন্তু তাহারা দেবতাগণের সহিত সর্বাদা সুদ্ধু বিগ্রহ করিত, এই জন্য দেবতাগণ তাহাদিগকে যুদ্ধে পরা-ভব করিয়া রাক্ষস বংশ ধ্বংস করণান্ত্রর লক্ষা অধি- কার করিয়া বিশ্বশ্রবা মূনির পুঁজ বৈশ্রবণকে ঐ রাজ্য দিয়াছিলেন।

কিন্তু সংগ্রাম কালে কতকগুলা রাক্ষ্য লঙ্কা হইতে পলায়ন করিয়া পাতাল মধ্যে লুকাইয়াছিল। বৈশ্রবণ লক্ষাধিপতি হইলে তাহাদের পুনরায় লক্ষাধিকারের বাঞ্ছা হওয়াতে স্থানলী নামে রাক্ষসাধ্যক আপন ছ্হিতা নিক্ষাকে বলিল তুমি বিশ্বপ্রবা সুনির স্থানে গমন ক্র, এবং তাঁহাকে প্রেখন করিয়া তদ্ধারা পুত্র উৎপাদন কর, সেই পুত্র লঙ্কাধিকারী হইবেক। বিশেষ, ঐ পুজ্র বৈশ্রবধের বৈমাত্র ভাতা হইবেক, তাহাতে রাজ্য পাওয়া সম্ভব ৷ নিক্ষা পিতৃবাক্যে বিশ্বশ্রবা মুনির নিকট যাইয়া কায়মনোবাক্যে তাঁহার সেবা করিতে লাগিল। মুনি তাহাতে সম্ভুট হইয়া তাহাকে বর প্রার্থনা করিতে বলিলেন। তাহাতে নিকষা এই প্রার্থনা করিল যে আপনকার দারা আমার ছুই পুত্র হউক। বিশ্বপ্রধা মুনি ঐ প্রার্থনা পূর্ণ করিয়া বলিলেন, তোমার গর্ডে ছই পুত্র জন্মিবে ; কিন্তু তাহার। ছর্জ্জয় রাক্ষ্য হইবেক। নিক্ষা মুনিকে প্রণাম করিয়া বলিল প্রভো! আমার অভিলাষ সিদ্ধ করিলে, তাহাতে প্রফুল হইলাম। কিন্তু আমার সন্তান ছুৰ্জ্ঞয় রাক্ষন হইবে ইহাতে ছুঃখিত হইলাম; অভ-এৰ সৰ্ব্বগুল বিশিষ্ট আর এক পুক্র আমাকে দেউন। মুনি কহিলেন তোমার আর এক পুত্র নর্মগুণবিশিষ্ট श्टेरिक।

এই কথা শুনিয়া নিক্ষা রাক্ষনী অতিশয় আনন্দিতা হইল। পরে যথাকালে তাহার তিন পুত্র হইল। জ্যেষ্ঠ রাবণ; তাহার দশমুণ্ড, বিংশতি হস্ত ও বিংশতি লোচন। দ্বিতীয় কুস্তকর্গ, তাহার প্রকাণ্ড শরীর। তৃতীয় সর্বপ্তণ বিশিষ্ট বিভীষণ। নরাবণ অত্যন্ত বল-বান্ ও দিখিজয়ী হইলেন। কুস্তকর্গ অত্যন্ত অলস; অহরহ নিদ্রা যাইতেন। বিভীষণ পরম ধার্ম্মিক ছিলেন এবং স্বজাতির ন্যায় সরহিংসা বা অন্য অত্যাচার করিতেন না।

রাবণ ক্রমে ক্রমে অনেক দেশ জয় করিলেন, এবং আপনি বাছ বলে লক্ষা অধিকার করিলেন। পরে ক্রমে ক্রমে রাবণের অসংখ্য পরিবার হইল। ভাঁহার দোর্দ্ধিও প্রতাপে মেদ্নী কম্পমানা হইল। রামায়ণে ইহাও লিখিত আছে যে তাঁহার ভয়ে দেবতারা ভাঁহার আক্রাকারী হইয়াছিলেন।

এই রাবণের স্থানখা নাম্মী এক সহোদরা ছিল।
কে কতকগুলা নিশাচর সমভিব্যাহারে অরণ্য ভ্রমণ
করিতে করিতে পঞ্চবটা বনে রাম ও লক্ষণের ভুবনমোহন রূপ লাবণ্য দর্শনে মোহিতা হইয়া পরম
রুষণীয় বেশে ভাঁহাদিগের নিকট উপস্থিত হইয়া
আপন প্রথর শার রোগের সাস্ত্রনার্থ রাশের শারণাগত হইল। রাম কহিলেন, দেখ আমার ধর্মপত্মী
সঙ্গে, অতএব আমি তোমার কামনা সিন্ধ করিতে
আক্ষুম। রাক্ষনী এই কথায় লক্ষণের নিকট সেই

রূপ প্রার্থনা করিল। সঙ্গুন কছিলেন, আমি তৃপস্থী আমা কর্ত্ক ভোমার মনস্কাননা পূর্ণ হইতে পারে না। রাম, লক্ষ্মণ উভয়ে এই রূপ নৈরাশ ক্রিলে স্থূর্পনথা বিবেচনা করিল যে সীতার জনাই আমার কার্য্য সিদ্ধি হইল ন।। অতএব বদন ব্যাদান করিয়া তাঁহাকে গ্রাস করিতে• উদ্যত হইল। তাহাতে লক্ষ্মণ সীতাকে রক্ষা করিয়া তীক্ষ অস্ত্র দারা তাহণর নাসিকা ও कर्ग (इमन कतिलान। स्त्रीनथा वे क्यार्थ सीय ममिंजराहाती ताकम मिना वहेगा ग्रुकातम कतिन।-কিন্তু রাম ঐ রাক্ষদগণের নিধন করিলেন। তাহাতে प्रश्रम्था आतु मनुःशीं शारेया सीय महामत রাবণের নিকট ঘাইয়া এই রূপ কহিল যে রাজা দশরতথর পুত্র বাম ভার্য্যা সহ বনে আগমন করিলে দেখিলান যে তাহার পত্নী সীতা অতি রূপবতী এবং चर्भ मर्जा 'ও পাতালে ততুলা ऋम्हती नाती नारे। অতএব তোমার জন্য তাহাকে আনিবার যত্ন করিয়া ছিলাম। তাহাতে রাম আমার নাসিকা ও কর্ণ ছেদন করিয়া দিয়াছে।

রাবণ স্থূর্পনখার তুর্দ্দশা, বিশেষতঃ সীতার রূপের বৃস্তান্ত শ্রবণ করিয়া সীতা হরণাভিলাষী হইয়া বিবে-চনা করিলেন, যে রাম ও লক্ষ্মণ সর্বদা সীতাকে রক্ষা করে, অতএব কৌশল হারা তাহাকে হরণ করিতে হইবেক। মনেশ্রেনে এই স্থির করিয়া মারীচ নামক রাক্ষসকে ডাকিয়া কহিলেন, হে মারীচ! সীতা হয়ণ বিধরে তোমাকে সাহায় করিতে হইবেক। তুমি কোন কোশলে রাম লক্ষ্ণকে বনে ভূলাইয়া লইয়া ঘাইবে, আমি তপস্থির বেশে সীতাকে লইয়া আসিব। এই কর্ম্ম করিলে তোমার যথোটিত পুরস্কার করিব। মারীচ কহিল মহারাজ! রাম স্মতান্ত বীর, বাল্য কালে যথন যজ্ঞ নাশ করিতে সাইতান, তথন তিনি যে রূপ বান ক্ষেপণ করিতেন তাহাতে আমরা অক্ষনর দেখিয়া ছিলাম'। এখন তাঁহার বোবনাবস্থা, স্মৃতরাং অধিক বল ও শক্তি হইয়াছে; অতএব আমার দ্বারা এ কর্ম্ম সাধন হইবেক না। রাবণ কহিলেন, কি, আমার বাক্য অবহেলা কব, এই কথা বলিয়া তাহাকে বিনাশ করিতে উদ্যুত হইলেন। মারীচ কি করে, রাবণ মারিলেও মরিবে ও রাম মারিলেও মরিবে এই বিবেচনা করিয়া স্থাকার করিল।

তদনন্তর নারীচ পঞ্চবটা কাননে গনন করিল। রাবণ তাহার পশ্চাৎ পশ্চাৎ চলিলেন। পরে রাম যে স্থানে কুটার নির্মাণ করিয়া সীতাকে লইয়া ছিলেন, সেই ' খানে মারীচ মায়া বিদ্যা দ্বারা স্থাপ মৃগ হইয়া ইত-স্ততঃ জ্ঞমণ করিতে লাগিল। সীতা ঐ স্থাপ্য দর্শনে রামকে কহিলেন, যদি ঐ মৃগ বধ করিয়া জানিতে পার তবে উহার চর্মা বিছাইয়া কুটার মধ্যে বিস। রামচন্দ্র সীতার পরিতোধার্থ লক্ষ্মণকে তাঁহার রক্ষার্থ নিযুক্ত করিয়া মায়া মৃগ ধৃত করণার্শনন করিলেন। কিন্তু মৃগ তাঁহাকে দেখিয়া প্লায়ন করিল। এই প্রকারে মৃগের পশ্চাৎগামী হইলেন, কিন্তু কোঁন প্রকারে ধরিতে না পারিয়া তাহার প্রতি শর নিক্ষেপ করিলেন। ঐ সময়ে মায়াবী রাক্ষন, ভাইরে লক্ষণ মরিলাম, এই বলিয়া ভূমিতে পড়িল। সীতা কুটার হইতে ঐ শব্দ শুনিয়া মনে মনে বিবেচনা করিলেন, বুঝি রামের কোন বিপদ ঘটিয়াছে, নতুবা ভাইরে লক্ষণ, এ কথা কেন বলিলেন। ইহা ভাবিয়া লক্ষণকে কহিলেন যে তুমি যাইয়া দৈখ, রাম্চক্র ভোমাকে কেন ডাকিলেন। বুঝি কোন রাক্ষয় ভাঁহাকে ধরিয়া থাকিবে। লক্ষণ বলিলেন রামকে ধরে ব্রক্ষাণ্ডে এমত কে আছে? পুরস্ক, রাম আমাকে আশ্বনার রক্ষার্থে রাখিয়া গিয়াছেন, তাহাতে আমি আপনাকে শূন্য গ্রেহু একাকিনী রাখিয়া কিরুপে প্রস্থান করি।

সীতা ইহাতে লক্ষণকে অনেক ভর্গনা করিলেন, আর বলিলেন, এক লাতা রামের রাজত্ব লইরাছে, তুমিও বুঝি আমাকে লইবার মানস করিয়াছ। এই জন্য প্রীরামকে অবহেলা করিয়া এখান হইতে হাইতে চাহ না। লক্ষণ বলিলেন আমাকে এরপ ভর্গনা করিবেন না, রামচন্দ্র যদিও সহোদর, তথাপি তাঁহাকে পিতার স্বরূপ জানি, এবং আপনাকে জননীর তুল্য জান করি, অতএব এমত কটু কথা আমাকে আর বলিবেন না। আমি রামের আজ্ঞাতে এখানে আছি, বলি আপনি আজ্ঞা করেন তবে আমি তিলার্দ্ধ বিলম্ব করিব না এখনি যাইতেছি। নীতা বলিলেন ভবে

যাইয়া দেখ, রাম তোমাকে কি নিমিত্ত ডাকিলেন। এই কথায় লক্ষ্মণ স্থীয় প্রস্তুক দ্বারা-সীতা যে হ্বানে ছিলেন তাহার চতুর্দ্ধিকে রেখা দিলেন। তৎপরে সীতাকে বলিলেন আমি রামের উদ্দেশে চলিলাম, আপনি গৃহ মধ্যে থাকুন, কদাচ রেখার বহির্গত হইবেন না। সীতা বলিলেন, না হইব না।

রাবণ এই সকল কথা অন্তর হইতে শুনিলেন, পরে লক্ষ্ণ গমন করিগে তিনি স্বীয় শকট অন্তরে - রাখিয়া ব্রহ্মচারির বেশে হস্তে ছাতি ও স্কন্ধে ঝুলি, সীতার কুটারের বাহিরে দাঁড়াইয়া সীতার স্থানে ভিক্ষা ি চাহিলেন। সীতা ভিক্ষৃক দেখিয়া কুটার মধ্যে যে ফল 'সুলাদি ছিল তাহা লইয়া গণ্ডীর ভিতরে রাধিয়া বলিলেন এই ভিক্ষা লও। কিন্তু ছদ্মবেশী রাবণ রেখার ভিতর হইতে তাহা লইতে না পারিয়া সীতাকে বলি-লেন তুমি বাহিরে আসিয়া আমাকে ভিক্ষা দাও। সীতা ৰলিলেন আমি রেখার বাহির হইব না, তুমি এই স্থান হইতে ভিক্ষা তুলিয়া লও। ইহাতে ব্ৰন্ধ-চারিবেশী রাবণ কহিলেন যদি তুমি বাহিরে আসিয়া ভিক্ষা না দাও তবে আমি তোমার উপর মহ্যু করিব। তখন সীতা কি করেন, ব্রহ্মশাপের শঙ্কায় লক্ষ্মণের উপদেশ অবহেলন করিয়া গণ্ডীর বাহিরে ভিক্ষা দিতে গেলেন। কিন্তু যেমন বাহির হইয়াছেন অমনি রাবণ বল পুর্বক ভাঁহার হস্ত ধারণ করিলেন। সীভা বলি-লের অরে পাপিঠ! তোর এই কর্ম, তুই আমার

অঙ্গ স্পর্শ করিস্না। রাবণ বলিলেন সীতে! তুমি আমাকে টিনিতে পার নাই, আমি দশমুও রাবণ, আমার প্রতি তুমি অন্তকুল হও। আমি ডোমাকে আমার রাজ্যেশ্রী করিব, এবং ইক্রের অমরাবতী

আমার যত রাণী আছে সকলে তোমার দাসী হইরা সেবা করিবে, তুমি তাহাদিগকে অন্ধ দিলে তাহারা অন্ধ পাইবেক। আর তোমাকে স্বর্ণ, মৃণি, মাণিকো ভূষিত করিব। অতএব তুমি বনে বনে ভ্রমণ করিয়া— কেন রামের সেবাতে জন্ম বিফল করিতেছ, আইস আমার সেবাতে প্রমু সুখে থাকিবে।

রাবনের এই কথা শুনিয়া সীতা বলিলেন, অরে ছরাজন্! তুই রামের নিন্দা কেন করিতেছিস্, রাম কেশরী, তুই শৃগাল। রাম তোকে সবংশে ধ্বংস করিবনে। এই কথায় রাবণ আপন মূর্জ্তি ধারণ করিয়া দস্ত কড় মড় পূর্বাক ভয় প্রদর্শন করিতে লাগিলেন। তাহাতে সীতা অত্যন্ত ভীতা হইয়া কোখায় রাম, কোখায় লক্ষাণ, এই বলিয়া রোদন করিতে লাগিলেন। অনন্তর রাবণ তাঁহাকে রথের উপর তুলিয়া লইয়া লক্ষা অভিমুখে গমন করিলেন। সীতা উচ্চঃস্বরে ক্রন্দন করিতে ও রাম লক্ষাণকে ডাকিতে লাগিলেন, আর মনে মনে কৃতিলেন, হায়! লক্ষাণকে কেন পাঠাইলাম, তিনি নিকটে থাকিলে এ হুর্গতি কখন হুইত না। এবং রাম

লক্ষণ তাঁহার উদ্দেশ পায়েন এই জন্য স্থানে স্থানে অঙ্গাভরণ নিক্ষেপ করিতে লাগিলেন।

রাবণ সীতার কন্দনে দুক্পাত না করিয়া তাঁহাকে একবারে সাগর পার লক্ষায় লইয়া গেলেন। এবং তথায় যাইয়া সীতাকে নানা রূপে বুঝাইতে লাগিলেন এবং তাঁহার চরণ ধারণ পূর্বক বলিলেন, হে দেবি! তুমি মিছা কেন বিলাপ কর, আমি লক্ষার ঈশ্বর, আমার ঈশ্বরী হইয়া আমার অন্তঃপুরে পরম স্থথে শামার কর। সীতা বলিলেন, তুমি এ ছ্রাশা ত্যাগ কর, আমার প্রভু রাম, তিনি আমার পতি, এবং তিনি আমার গতি; তাঁহা ভিন্ন আমি আর কাহাকেও লানি না; তুমি আমাকে হরণ করিয়াছ, তক্ষনা রাম তোমাকে সবংশে বিনাশ করিবেন।

এই কথা শুনিয়া রাবণ তখন নিরস্ত হইলেন,
কিন্তু রাম সীতা অবেষনে অবশ্য আদিবেন ইহা দৃঢ়
জানিয়া স্থানে স্থানে রাক্ষসদিগকে প্রহরী করিয়া
রাখিলেন ; এবং সীতাকে অন্তঃপুরে না রাখিয়া
অশোক বনে রাখিলেন। তথায় নানা মূর্ত্তি ধারিণী
ভয়ন্করী নিশাচরী গণ ভাঁহাকে বেই্টন করিয়া থাকিল,
এবং সর্কানা এই মন্ত্রণা দিতে লাগিল, বে তুমি রাবণের
অন্ত্রগত হও। ইহাতে যদি সীতা অ্প্রিয় উত্তর
করিতেন তবে তাহারা তাঁহাকে ভর্থসনা এবং কেছ
কেহ প্রহার করিতেও উঠিছ। বিশেষতঃ তাঁহার প্রতি
স্থ প্রিধার অত্যন্ত আকোশ, সে সর্কানা তাঁহাকে দন্ত

কড় মড়ি করিত ও প্রহার করিতে চাহিত; কেবল রাবণের ভয়ে পারিত না। এই প্রকার ছরবস্থায় সীতা অশোক বনে বৃক্ষের মূলে পারিলেন; কদাচিৎ কলাহার করিতেন এবং মলিন বেশে ও মুক্ত কৈশে রাম শারণ করিয়া, অহরহ রোদন করিতেন।

অনন্তর যথন রান মৃগ বিনাশ করিয়া কুটারে প্রত্যাগমন করেন তথন পথি মধ্যে লক্ষ্পুক দেখিয়া অমুবোগ করিলেন, ভাই তুনি সীতাকে একাকিনী রাখিয়া কেন জীসিলে। লক্ষণ কহিলেন, সীতা আপুরুত্র কার চীৎকার ধানি শুনিয়া আমাকে আগনার অন্বেষণে প্রেরণ করিলেন। স্থানি তাঁহাকে এক।কিনী রাখিয়া আসিতে অসম্মত ছিলাম, কিন্তু তিনি আমাকে ' অনেক ভৎসনা করিয়া পাঠাইলেন, এই জনা আমি আসিয়াছি। তদনস্তর ছই ভাতা গৃহে চলিলেন। शुंदर উপनीउ रहेग्र। प्रिश्लिन, भीठा नारे, भूना शुर পড়িয়া আছে। ইহাতে উভয়ের মস্তকে একবারে বজুাঘাত হইল। রাম শূন্য গৃহ দেখিয়া অজ্ঞান হইয়া. রোদন করিতে লাগিলেন, তাহার পর সীতে! সীতে! বলিয়া উচ্চৈঃ ব্বরে ডাকিতে লাগিলেন, এবং প্রতি বন ও প্রতি স্থান ও প্রতি তর মূল পাতি পাতি করিয়া দৈখিলেন, এবং নদীতীর ও গিরি গুহা সকল অন্বেষণ করিলেন। কিন্তু কোন স্থানে সীভাকে পাইলেন না। তাহাতে মহা ব্যাকুল হইয়া পুনর্বার রোদন করিতে লাগিলেন। তদনন্তর ছুই জাতা আহার নিজা,ও

আলস্য ত্যাগ করিয়া দক্ষিণাতিমুখে সীতার অন্বেষণে গমন করিলেন। কৃতক দুরে গমন করিয়া কুশবনে প্রবেশ করিয়া দেখিলেন, কানন মধ্যে সীতার এক খান অলঙ্কার পড়িয়া আছে, এবং আরও কতক দুরে যাইয়া তাঁহার নিক্ষিপ্ত বসন দুটি কুরিলেন।

এইরূপে দণ্ডকারণ্য ছাড়াইয়া পম্পা নদী তটে ঋষামূক পর্রতে নল, নীল, সুগ্রীব, সুষেণ ও হমুমা-নের সহিত সাক্ষাং হইল। স্প্রীব কিন্ধিলার রাজা क्रिंग्लन, भरत ज़ौहाद ब्लार्क मरहामंत्र वालि ताब्ना তাঁহাকে রাজ্য ও দারচ্যত কন্নিয়া আপনি রাজা হয়েন। তাহাতে তিনি নিরুপায় হইয়া ঐ পর্বতে বাস করিতে •ছিলেন। তিনি দেখিয়া ছিলেন রাবণ এক নারীকে রথারোহণ করাইয়া লইয়া যাইতেছিল এবং ঐ নারীর निकिश्व . এक थान जनकात जुनिया ताथियाहित्नन। ঐ অলম্কার দেখাইলে রাম জানিলেন যে লম্কাধিপতি তাঁহার রমণী হরণ করিয়াছে। অতএব স্থগ্রীবকে আপনার সমস্ত বিবরণ ক্যাপন করিলেন। স্থগ্রীব বলি-লেন, তুমি যেমন বিপদ্গ্রস্ত আমিও তদ্ধপ। অতএৰ তুমি আমার পুনর্কার রাজ্য প্রাপ্তি বিষয়ে সহায়তা কর ; স্কামিও তোমার সীতা উদ্ধারের সাহায্য করিব। রাম তাহাতে সম্মত হইলেন, এবং অগ্নি সাক্ষী করিয়া উভয়ে সত্য করিলেন। তদনস্তর রাম বংলিকে বধ করিয়া স্থগ্রীবকে রাজ্য প্রান্ধান করিলেন। তাহার পর বর্ষাকাল আগত হওয়াতে চারি মাস সেই স্থানে অব- স্থিতি করিলেন। তদনন্তর স্থাীব ও দক্ষিণ দেশস্থ আর স্নার ভূপতি-তাঁহাদের সৈন্য স্মৃতিব্যাহারে সাগর তটে গমন করিলেন এবং তথা হইতে হমুমানকে সীতার উদ্দেশ জন্য লক্ষায় প্রেরণ করিলেন।

হসুমান সমুদ্র প্লার হইয়া এক মাসের পর লক্ষায় উপস্থিত হইল। তাহার পর রাক্ষসদিগের শক্ষায় দিবসে গোপন ভাবে থাকিয়া রজনী যোগে ছল্মবে শে রাবণের অন্তঃপুরে প্রবেশ করিয়া দেখিল, এক ঘরে কুম্ভকর্ণ নিজা যাইতেছেন, আর এক ঘবে রাবণ বক পরম রূপবতী নারী ক্রোড়ে লইয়া মণ্মিয় পর্যাক্ষোপরি নিজিত আছেন, তাহার চতুর্নিকে শত শত অপূর্ব্ব বেশ ভূষা ধারিণী কামিনীগর্ণ নানাবিধ যন্ত্র লইয়া গান বাদ্য করিতেছে। হম্মান রাবণের ক্রোড়ে নারী पिथिया विरवणना कतिल, वृक्षि देनिहे जीला इंदर्बन, কিস্কু তিনি মন্দোদরী। এই প্রকার হস্তুমান আর আর ঘরে আর আর অনেক নারী দেখিল এবং স্বর্ণ মণি মাণিক্যে রাবণের পুরী ইব্রুপুরী হইতে অধিক স্থশো-ভিত দেখিল। কিন্তু কোন স্থানে সীতা দেবীর অয়েষণ পাইল না। তাহাতে প্রাচীরে উচিয়া ইতন্ততঃ দৃষ্টি করিতে করিতে দেখিল যে রাবণের পুরীর সংশগ্ন, নানা জাতীয় পুল্পে স্থগিন্ধত, নানাবিধ মধুরালাপি ও অতি সুস্বরে গান কারী পক্ষিতে পরিপূর্ণ এবং স্থানে স্থানে স্থা নাট্যশালা স্থানাভিত এক রমা কাননে ভয়ানক মূর্ত্তি কতক গুলা রাক্ষ্মী ভ্রমণ ও কলরত্ব

করিতেছে। তাহাতে হসুমান বিবেচনা করিল এই খানে সীতা দেবী থাকিতে পারেন, ইহা ভাবিয়া এক উচ্চ বৃক্ষে আরোহণ করিয়া ইতস্ততঃ নিরীক্ষণ করিতে করিতে দেখিল চেটাগণবেন্টিত এক যুবতী নারী মলিন বসন পরিধানে স্লানবদনা হইয়া এক বৃক্ষমূলে বসিয়া রোদন করিতেছেন। এই দেখিয়া হন্তুনানের মহা শোক জন্মিল এবং এক এক বার মনে করিল রাক্ষসী গণকে বিনাশ করিয়া ইঁহাকে লইয়া যাই।

ন্দ্র হত্মান এই সকল ভাবনা করিতেছে। এমত সময়ে রাবণের নিদ্রাভঙ্গ 'হইয়া দেখিলেন যে স্থানর জ্যোৎসা হইয়াছে এবং সুশীতল মন্দ মন্দ বাযু সঞ্চার হইতেছে। তাহাতে মদনানলে উত্তপ্ত হইয়া রাবণ মন্দোদরী প্রভৃতি দুশ শত কামিনী সমভিবাংহারে সীতার সমীপে অশোক বনে গমন করিলেন। হ্রুমান তাহা দেখিয়া সীতা যে বৃক্ষের মূলে বলিয়াছিলেন গোপনভাবে সেই বুক্ষের অন্তরালে লুক্কায়িত ভাবে থাকিল। সীতা রাবণকে দেখিয়া ভয়ে প্রকম্পিতা হইলেন এবং বস্ত্রে অঙ্গাচ্ছাদন করত বক্ষঃস্থলে হস্তা-ৰরণ করিলেন। রাবণ বলিলেন, সীতে! ভোমার শক্কা কি, এই লক্ষা দেবতার অগম্য, তুমি কিসের ভয় করিতেছ। আর তুমি এমত স্থন্দরী, রামের সেবাতে ভোষার জন্ম গেল, এখন তাহাকে কেন ভাবিতেছ, म नत बहेला अमत नत्र, এত मिन कोन त्रोकत्मत्र উদরে গিয়াছে। অতএব তাহার ভাবনায় কেন

আপনার শরীর শীর্ণ করিতেছ। দেখ আমি কঞ্চার একেশ্বর, আমার ভুয়ে দেব দানব-ও গল্প সশক্ষিত। অতএব আমার ঈশ্বরী হইয়া সুখে কাল্যাপন কর; ইহা না করিয়া কেন আপনাকে কুঃখ দিতেছ। আমি তোমাকে হরণ করিয়া আনিয়াছি এই জন্য ক্রোধ করিতে পার বটে, কিন্তু রাক্ষস জাতি বলে ও ছলে সকল কর্ম করিয়া থাকে ইহা তাহাদের জাতীয় ধর্ম : অতএর তজ্জনা আমার প্রতি অকৃপা করিও না। ইহা वित्रा मनानन् आश्रन मुख्य मीला हत्व छले भिन्ना कहित्यन तथ तावत्वत रा मुख कथन काहात निकटि নত হয় নাই তাহা তোমার পদানত, অতএব আমার প্রতি প্রসন্না হও আর যাতনা দিও না। রাবণ সীতার সম্মুখে নত হইলে সীতা ফিরিয়া বসিলেন। তাহার পর রাবণকে বলিলেন তুমি যদি আপন মঞ্চল অভিলাষ কর তবে আমাকে রাম হস্তে প্রত্যর্পণ করিয়া ভাঁহার সঙ্গে প্রাণয় কর, নতুবা তিনি ভোমায় • পরস্ত গুরুজন বাতীত কেহ কাহার পদানত হয় না। অতএব যখন তুমি আমার চরণ ধারণ করিলে এবং ঁআপনাকে সেবক রূপে বর্ণনা করিলে তখন জামাকে कान कुक्था विज्ञ ना; आमि तारमत तमनी धवर ताम विना आंत्र काराटक कानि ना ও कानिव ना।

এই কথায় রাবণ কোখাভাগে সীতাকে বলিলেন দেব আনি তোমাকে দশ মাস এখানে আনয়ন করি- য়ছি; জারও ছই মাস জোমাকে কিছু বলিব না, তাহার পর যাহা হইবার তাহা হইবে। সীতা বলিলেন তুমি জানিও তোমার স্ত্যু ঘনাইয়া আসিতেছে এবং এই কথা বলিয়া তাহাকে অনেক মিই ভর্মনা করিলেন। রাবণ তাহাতে অলদগ্রিপ্রায় হইয়া সীতাকে বিনাশার্থ থড়েলাভোলন করিল। তাহাতে রাবণ সম-ভিব্যাহারিণী কামিনীগণ সীতাকে ইক্ষিত করিলেন যে রাবণ যাহা বলেন তাহাতে সম্মতা হওু। কিন্তু সীতা তাহাতে ভালি লাল হইমা সাবণকে পুনঃ পুনঃ ভর্মনা করিতে লাগিলেন। মদনোম্মন্ত রাবণ তথন বড়লা করিতে লাগিলেন। মদনোম্মন্ত রাবণ তথন বড়লা নিম্পেক করিয়া সীতার অক্ষে হস্তার্পণ করিতে উদ্যত হইল। তথন মন্দোদরী রাণী বলিলেন তাহা করিলে নলকুবরের শাপা তোমাকে ফলিবে তুমি মরিবে।

এই কথায় রাবণ কান্ত হইলেন; কিন্তু প্রহরী রাক্সীদিগকে বলিয়া গেলেন যে দীতাকে ভাল করিয়া বুঝাও। রাক্সীগণ তাঁহাকে নানামত বুঝাইতে লাগিল। কিন্তু দীতা কোন মতে তাহাতে দম্মতা হই-লেন না। তাহাতে কেহ খড়ল কেহ বা দণ্ড লইয়া "তাহাকে প্রহার করিতে উঠিল; আর বলিল তোর জন্য আমরা এত ক্লেশ পাইতেছি, তোকে আয়ই বিনাশ করিব। অধিকন্ত তাঁহার প্রতি শূর্পণধার অত্যন্ত আকোশ ছিল; সে বলিল এই বেটার জন্য আমার নাক কাণ কাটা গিয়াছে; বেটার গলায় ন্ধ দিয়া ছিড়িয়া কেলি, তাহা হইলে আমার খেদ যায়।

নিশাচরী এই রূপ কটু কাটব্য কহিল, কিছু দ্বীতা মনে মনে রাম স্মরণ করিতে লাগিলেন। কিয়ৎকাল পরে ত্রিজটা নামী এক রাক্ষ্যী কোন পরামর্শ জন্য অনা রাক্ষ্মীদিগকে ডাকিল। তাহাতে তাহারা দীতার নিকট হইতে অন্তর হইলে হন্তুমান বৃক্ষ হইতে অব-রোহণ शूर्सक मीजाর मिकट े गिया आभनात পরি-্চয় দিল। অধিকন্ত তাহার উদ্ধারের নিমিত্ত রাম যাহা করিতেছিলেন ভাহা সকল কহিল ৷ সীতা এই সকল সংবাদ শুনিয়া বড়ই আহ্লাদিতা হইলেন এবং रह्मानक यथके आनत् कृतिकान । जमनस्त - হত্ত্বানকে এই কথা বলিয়া বিদায় করিলেন আমি কেবল রাম শ্বরণ করিয়া দল মাস পর্যাস্ত এই অবস্থাতে আর্ছি। তিনি যদি আর ছই মাসের মধ্যে আমাকে উদ্ধার করেন ভবে ভাঁহার এচরণ দর্শন করিব; নভুবা এ জন্মের মৃত তাঁহাকে আর দেখিতে পাইব না। হতুমান বলিল জননি! আর ছুই মাসের অপেক্ষায় কি প্রয়োজন, তুমি আমাকে আজা কর আমি এই ' ক্ষণেই ভোষাকে পৃষ্ঠে আরোহণ করাইয়া এখান হইতে লইয়া যাইডেছি। সীতা কহিলেন বংস তাহা কর্ত্তব্য নহে; ভাহা হইলে রাবনের ন্যায় অপহরনের जभवाम रहेरव: ताबनक वध कतिया जामारक छक्कात কর; ুডাহা হইলে বীরত্ব প্রকাশ ও সকলের মুখ उच्छान रग्र।

্ইহা ভনিয়া হন্তমান সীভার স্থানে বিদায় হইল।

পথ্বৈ যাইতে রাক্ষসগণ তাহাকে ধরিল। কিন্তু সংহারে 'সমর্থ না হইয়া তাহার লাঞ্লে ও মুথে অগ্নি দিয়া ছाড़िय़ा मिल । किछ देशांट जाशनांत्रमत्रहे मन्म করিল। কেন না প্রথলিত লাঙ্গুল সহিত হতুমান তাবৎ ঘরে উঠিয়া অনেক ঘর দর্গ করিল এবং তা-হাতে লক্কা এ ভাষ্ট হইল। খনন্তর হতুমান সীতার উদ্দেশ করিয়া আসিলে রাম লক্ষাণ সুস্থির হইলেন এবং সীতা উদ্ধারের উপায় চিন্তা করিতে লাগিলেন। ি ভ্রুমান লক্ষা হইতে গমন করিলে পর রাক্ষ্যগণের महा मक्का र्देक। विठक्कन, विजीयन कृजाञ्चल रहेग्रा রাবণকে কহিলেন সীতার জন্য রাজ্যে মহা বিপদ ' উপস্থিত; অতএব রাজ্য নাশের মূল এই নারীকে কেন রাখ; • তাঁহাকে রামের নিকট পাঠাইয়া দাও; তাহা হইলে রাজ্যের मঙ্গল; নতুবা আমারদিগকে সবংশে নফ হইতে হইবেক। मह्मभन्न वहे कथान्न কুপিত হইয়া বিভীষণকে পদাঘাত করিলেন। বিভী-• ষণ এই অপমানে লক্ষা পরিত্যাগ করিয়া রামের শরণ कहेत्वन । ताम विजीवानत स्थान अपनक मस्यान পাইলেন এবং ভাঁহাকে আশ্বাস করিলেন যে রাবণকে বধ করিয়া ভোমাকে লঙ্কাধিপতি করিব।

অনস্তর জ্লধি পারের নিমিন্ত রামের আজাতে বানরগণ প্রস্তরময় এক সেতু নির্মাণ করিল। ঐ সেতু সেতুবন্ধ রামেশ্বর নামে অদ্যাপি খ্যাত আছে। উক্ত সেতু দারা ল্বণ সমুক্ত পার হৃইয়া রাম লক্ষণ সলৈনে। লক্ষায় প্রবেশ ক্রিলেন। •••

त्राम मरेमाना लक्कांग्र श्रांदण कतित्व त्रांदण त्रांक পুরীর দার রুদ্ধ করিলেন। পরে মন্ত্রিগণের সহিত পরা-मर्भ कतिया नवां भौरव नमञ्ज रहेया युष्क आंत्रिलन। রাবণ যে প্রকার সজ্জা করিয়া আসিলেন তাহাতে রাম দেখিলেন ভাহার ঐশ্বর্যের পরিসীমা নাই। সে যাহা হউক রাবণ রণস্থলে আগত হইলে উভয় পক্ষে ঘোরতর সংগ্রাম আরম্ভ হইল। তদনন্তর রাম ও রাবণে সম্পুর্ব হুজা হাম রাবণের মন্তকের রত্নমুকুট চূর্ণ করিলেন। তাহাতে রাবণ লক্ষিত হইয়া রনে ভঙ্গ দিয়া পুরীতে লুকাইয়া থাকিলেন। রাম তথন অঙ্গদকে তাহার পশ্চাং পশ্চাং পাঠাইলেন। अक्रम राष्ट्रिया जावनक अप्तक अर्थनना कतिल । তাহাতে লক্ষেশ্বর লজ্জিত হইয়া অনেক অনেক সেনা-পতি পাঠাইলেন। অনেক যুদ্ধ হইল, এই সকল যুদ্ধে অনেক রাক্স হত হইল। তৎপরে রাবণের পুত্র देखाँकि रेनिगांधाक रहेग्रा आंत्रित्वन, धवर नांश শীশে রাম লক্ষ্ণকে বন্ধন করিলেন। রাম লক্ষ্ণ वह करके धरे मंद्रवे हरेए मुक्त हरेलन। शांत्र महा পাশ ও নহোদর ও রাবনের আর চারি পুতা যুদ্ধে व्यानित्नन। देशतां करम करम मरेमना मकेरन एउ इहेटलम्।

রাবুণ রাজা ভাহারদের বিনাশ সংবাদে মেখনীদ

নাৰ্যক আর এক পুত্রকে স্থাজ্জিত ক্রিয়া সংগ্রামে প্রেরণ করিলেন। মেঘনাদ অতিশন্ন ধূম ধামে আসি-লেন, এবং ঘোরতর যুদ্ধারম্ভ করিয়া রাম লক্ষণ প্রেস্কৃতি তাবং সেনাপতিকে মুগ্ধ করিলেন। রাবণ এই সংবাদে অত্যম্ভ উল্লাসিত হইলেন এবং মেঘ-নাদকে বহু সমাদর করিলেন।

এই যুদ্ধে রামের অনেক সেনা আখাতি হইয়াছিল। বিভীষণ এক বৃক্ষমূল আনাইয়া তাহাদিগকে তাহার আন্তাণ দিলেন া তাহাতে ঐ সকল সেনা আরোগ্য প্রাপ্ত হইয়া পুনর্কার রণসজ্জী করিল। তাহাতে রাবণ মহা সশঙ্কিত হইয়া কুম্তকর্ণের নিজা,ভঙ্গ করিলেন। কুষ্টকর্ণ একাল পর্যান্ত নিজায় ছিলেন, যুদ্ধের বুতান্ত किष्टू क्योनिएजन ना। अरत तायर्गत व्याकाय मरेनरना সংগ্রামে আসিয়া রামের সৈন্য দল ছিল ভিল করিল এবং এক এক বার দশ বিশ জন সেনাকৈ ধরিয়া কাহাকে গ্রাস ও কাহাকে আছাড় মারিয়া নক্ট করিতে লাগিল। কুম্রকর্ণের যুদ্ধাড়ম্বর ও প্রকাণ্ড আকার দেখিয়া রাম অতিশয় ভীত হইলৈন এবং मत्न मत्न कहिंत्वन यपि लक्षा हरेत्व अमठ महा মহা বীর সকল যুদ্ধ করিতে আইসে তবে আমার সীতা উদ্ধারের আকিঞ্চন বুঝা। তৎপরে ধহুঃশর रुख युद्धारर्थ अधनत हरेलन। कुछकर्ग मुच बालान পূর্বক ভাঁহাকে আস করিতে আসিল। কিন্তু রাম লক্য ভদ্ধ করিয়া তাহার প্রতি এমত শর নিক্ষেপ

করিলেন যে তাহাতে এক্লবারে কুম্বকর্ণের প্রাণ বিরোগ হইল এবং তাহাতে সকল দৈন্য পূলায়ন করিল।

কুম্ভকর্ণের মৃত্যুতে রাবণের একবারে উদাযু ভঙ্গ इहेन। जिनि पिथितन य जानक रेमना मोता शिक्न এবং রামের সেন্ধাগণ লক্ষাতে গৃহাদি দক্ষ করিয়া স্বর্ণ লঙ্কা বিবর্ণ করিছেছে। ইহাতে আরও মনস্তাপ পাইয়া স্বীয় পুত্র মকরাক্ষকে যুদ্ধে প্রেরণ করিলেন। মকরাক্ত যুদ্ধে হত হইল। পরে কুন্ত নিকুন্ত নামে কুম্ভকর্ণের ছুই পুত্র যুদ্ধে আসিল। তাহারা ব্রুদ্ধিও পিতার তুলা মহা বীর, কিন্তু স্থগ্রীবের হল্তে নিহত इरेक्का। এই महम्र व्यानक ताक्रमध रेज इरेन। ज्यन ইক্রজিং ভিন্ন রাববের আর সেনাপতি ছিল না; অতএব রাবণ ইন্দ্রজিৎকে বলিলেন.যে তুমি শক্ত विनाम कतिया वाहेम। हेळांबर निजाकाय यूक् আসিয়া ভুমুল যুদ্ধ আরম্ভ করিল, কিন্ত অবশেষে পরাস্ত হইয়া লক্ষার মধ্যে পলায়ন করিয়া রাম বিনা-শার্থে যজ্ঞারম্ভ করিল। বিভীষণ তাহা জানিয়া লক্ষণকে हरिलन रेखिक यळात्रस कतियाह ; यनि धरे यळ সম্পূর্ণ হয় তবে তাহাকে বধ করা কঠিন হইবে; কিছ us নুষ্ট করিতে পারিলে তাহার নিশ্চয় মৃত্যু হই-(बक। এই कथाय ह्यूमान यक नचे कतिन उरशदत मञ्जन हेर्स्का इंटर वर्ध क्रिंटनन।

ইক্সজিতের মৃত্যুতে রাবণ অতিশয় কুপিত ছইল এবং সুসৈন্যে স্বয়ং সংগ্রামে আসিলেন । রাবণ আগতে হইলে লক্ষণ তাহার সন্মুখবর্তী হইলেন লক্ষণের সঙ্গে বিজীমণ গমন করিলেন। রাবণ বিজীমণক দেখিয়া মনে মনে ভাবিলেন এই পাপালা যত অমললের মূল; ইহা হইতেই আমার বংশ ধ্বংস হইল; অতএব ইহাকে অগ্রে নিপাত করিতে হইন্যাছে। এই বলিয়া লক্ষণের প্রতি শর ক্ষেপণ না করিয়া বিভাষণের উপর বাণ বর্ধণ করিতে লাগিলেন। লক্ষণ ঐ সকল বাণ স্বীয় বাণ ঘারা নিবারণ করিতে লাগিলেন। তাই তৈ লক্ষাধিপতি বিভীষণকে পরিতাগ করিয়া লক্ষণকে আক্রমণ করিলেন। লক্ষণ অসাধারণ সাহস পূর্বকে সংগ্রাম করিতে লাগিলেন। অবংশবে রাবণ আরি বাণ ঘারা তাঁহার বক্ষঃ হল এমত ভেদ করিলেন যে ভাহাতে তাঁহার মুখ হইতে শোণিত নির্গত হইতে লাগিলে। তদবলোকনে রাম ক্রন্দন করিতে লাগিলেন।

তদনস্তর রাম রাবণে ঘোরতর যুদ্ধারস্ত হইল।
রাবণ অতিশয় বল ও সাহস পূর্বক যুদ্ধ করিলেন,
এবং রামকে এক এক বার অন্থির করিলেন, কিন্ত অবশেষে রাম জয়ী হইলেন এবং রাবণকে বধ করিলেন।

রাবণ বধ হইলে পর রাক্ষ্সগণ পলায়ন করিল। তখন রাম পূর্ব অঙ্গীকারামূসারে বিভীষণকে লঙ্কা-ধিপতি করিলেন এবং মন্দোদরী বিভীষণের রাণী হইলেন।

, जनस्व इस्मान एउ मरवान महेवा खालांक वरन

সীতার সদনে গমন করিল। সীতা তখন জানেন না থে রাবণ বধ ইইয়াছে। হত্নান ঐ সংবাদ কহিলে সীতা অত্যন্ত আনন্দে বাক্যশক্তি রুহিত হইয়া থাকি-লেন। হুমুমান কহিল জননি! আমি এমন শুভ সংবাদ আনিলাম, •আপনি কোন উত্তর করিলেন না, ইহার কারণ কি। দীতা বলিলেন তুমি যে উত্তম সংবাদ আনিয়াছ তাহাতে মণি মাণিকা অর্থ কিছু দিয়া তোমার উচিত পুরস্কার করিতে পারি না। হমুমান বলিল আমার অর্থ আভরণের প্রয়েজিন নাই ী যদি আমাকে প্রকৃত রূপে পরিভোষ করিতে বাসনা করেন তবেঁ আমাকে এই জাজা করুন এই যে সকল রাক্ষসীরা আপনকার অঙ্গে হস্তোতোলন করিয়াছিল, বালুকার্ডে তাহারদের মুখ ঘর্ষণ এবং সাগর ডটে প্রস্তরোপরি তাহারদিগকে আছাভ়িয়া তাহারদিগের মস্তক চূর্ণ করি। এই কথা বলাতে নিশাচরীগণ রোদন করিতে লাগিল। দীতা কহিলেন বংস ইহারা আমাকে ক্লেশ দিয়াছে সত্য, কিন্তু আপন ইচ্ছাতে দেয় নাই, রাব-• নৈর আজ্ঞাতে দিয়াছে; অতএব ইহারদের অপরাধ নাই এবং ভক্ষনা দণ্ড অহুচিত। হয়ুমান এই কথা শুনিয়া সীতাকে প্রণাম করিল।

তদনম্ভর রামের নিকট সংবাদ কহিলে রাম সীতাকে আনমনার্থ বিভীষণকে প্রেরণ করিলেন। বিভীষণ সোণার চতুর্দ্ধোল লইয়া তাঁহাকে আনমন করিতে, গেলেন; এবং তাঁহার কন্যাগণ, নানা কিব স্থগন্ধ দ্বব্য আনিয়া সীতাকে স্থান ক্রাইয়া অপূর্ব্ব বসন ভূবণ পরিধান করাইল। তৎপরে বিভীষণ তাঁহাকে চতুর্দ্ধোলে আরোহণ করাইয়া মহা সমারোহ পুরঃসর রামের নিকটে লইয়া চলিলেন। গমন কালে যাবতীয় নিশাচরনারী তাঁহাকে দেখিবার জন্য বাহির হইল এবং আপন আপন ছঃখ শ্বরণ পূর্ব্বক কহিল হে সুন্দরিঁ! তুমি এইক্ষণে স্থামি সম্ভাষণে চলিয়াছ। কিন্তু তোমার জন্য আমরা কেহ পতি, কেহ পুলু, কেহ দ্রাভা, কেহ জানাতা ও আপন জ্ঞাতি কুটুম হারাই-লাম। তোমার আগমনে স্থাপ পুরী লক্ষা ছার খার হইল। এইরূপ অনেক খেদ করিতে লাগিল। "

পরে সীতার চতুর্দোল রামের কটকের মধ্যে আসিলে, তাঁহার সেনাগণ তাঁহাকে দেখিবার জন্য মহা জনতা করিল। রাম লক্ষ্মণ ও আর আর বল্পুপণ সমতিবাহারে সভা করিয়া বসিয়াছিলেন, সাঁতারামের সন্মুখে আনীতা হইয়া রামকে অন্তাক্ষে প্রণাম করিয়া সভা মধ্যে তাঁহার সন্মুখে দণ্ডায়মানা হইলেন। সীতাকে দেখিয়া রামের আনন্দ অঞ্চ পতন হইতে লাগিল। কিন্তু তাঁহার হর্ষে বিষাদ জন্মিল। তিনি মনে মনে ভাবিতে লাগিলেন সীতা দশ মাস আমার নিকটে ছিল না, রারণ ইহাকে হরণ করিয়া জন্মতে রাখিয়াছিল। সেখানে সীতা কি ভাবে ছিল বা কি করিয়াছে তাহা কে জানে, অতএব ইহাকে পুনঃ গ্রহণ করা হইতে পারে না। এই সকল বিবেচনা করিয়া

রাম তাঁহাকে কহিলেন সীতে! এই এই কারণে জানি ভোমাকে গ্রহণ করিতে পারি না, অতএব তুমি স্থান রাজা অথবা লঙ্কাধিপতি বিভীষণ যাহার নিকট বাসনা হয় বাস কর। অথবা স্থদেশে ভরত ও শক্রত্ম আছেন তাঁহারদের নিকট যাও আমি ভোমাকে পরিত্যাগ করিলাম।

এই কথায় সীতা রোদন করিতে করিতে কহিলেন হে প্রাণেশ্র! হে সর্কেশ্র! আপনি- আমাকে কি অপরাধে পরিভাগে করেন ভাহা আর্মি বুঝিতে পারি-লাম না। আপনি বাল্যকাল অব্ধি আমার রীতি প্রকৃতি উত্তম রূপে জানেন। আমি পরপুরুষ কেমন তাহা কখন জানি না। রাবণ আমাকে বল পূর্বক হরণ করিয়াছিল, কিন্তু ইহাতে আমার কি অপরাধ। आमि निय्यस्त कना अना श्रूक्रवरक मरन ज्ञान मान করি নাই। দিবারাত্র ভোমার চরণ স্মরণ করিয়াছি। আমি যে অবস্থাতে ছিলাম, হমুমান তাহা বলিয়া थाकिरन, जांदा अभिवाध यमि अभम मनव हिन रय जामारक वर्जन कतिरान जरत श्रुर्स रकन जानान नारे, তাহা হইলে আমি বিষ পাম অথবা অগ্নিতে প্রবেশ করিতাম। আর যদি আমাকে অসতী জানিয়াছিলেন তবে সাগর বন্ধন ও রাবণের সঙ্গে সংগ্রাম করিয়া আমাকে উদ্ধার করিবার কি প্রয়োজন ছিল। আপনি নিষ্প হোজনে কেন এসকল ক্লেশ স্বীকার করিয়াছেন। आर्थि निर्वाश्वाधिनी जाशनि जकात्रंत जामादक दर्जन

করিতেছেন এবং ইহার উহার সমিধানে যাইতে আজা করিতেছেন। আমার এত অপমান কেন করেন। আমার এ অপমান কেন করেন। আমার জন্য যদি আপনকার লজ্জা হইয়া থাকে তবে অগ্নি কুণ্ড প্রস্তুত করিয়া দেউন, আমি তন্মধ্যৈ প্রবেশ করিয়া সেই অপমান সম্বর্গ করি।

এই সকল কথা বলিলেও রামের কিছু মাত্র দয়া হইল না। তিনি তংক্ষণাৎ অগ্নিকুগু প্রস্তুত করাইলেন। সীতা সেই কুণ্ড শতবার প্রদৃক্ষিণ করিয়া অগ্নিপ্রবেশে প্রস্তুত হইয়া অগ্নিকে সংঘাধন করিয়া বলিলেন হে পাবক! হে পাপনাশক! হে কলস্কহণরক! তুমি পাপ পুণ্য সকল দেখিতে পাও। আমি যদি সতী হই তবে তোমার নিকটে[,] অব্যাহতি পাইব। কিন্তু আমার শরীরে যদি কিছু মাত্র পাপ থাকে তবে তুমি আমাকে এক্ষণে ভশ্মসাৎ কর। ইহা বলিয়া সীভা दिनी क्षत्र अनव मर्था अर्थन कहिलन। उम् रहे ভাবৎ লোক বিক্ষয়াপন্ন হইল, এবং রাম মনে মনে ভাবিলেন হার যে সীতাকে লইয়া চতুর্দ্দশ বৎসর বনে বনে ভ্রমণ করিলাম এবং যাহার জন্য রাবণের ক্লুহিত এত যুদ্ধ করিলাম, শেষে সেই সীতা অগ্নিতে প্রবেশ করিলেন ইহার অপেক্ষা আর অমিক কি দুঃখ শ্লিছে। হায় হায় কি করিলান এই বলিয়া রোদন করিতে লাগিলেন। দেখ ধর্ম্মের কি সুক্ষা গতি! চিতার निक्न कार्थ जन्म इरेग्रा शिन, उथम नकरन अपिरिनन নীতা কুণ্ডের মধ্যে বনিয়া আছেন, তাঁহার শরীরে অগ্নির আঁচও লাগে নাই এবং তাঁহার মস্তকের পঞ্চ পুল্প যেমন ছিল সেই রূপ রহিয়াছে। ইহা দেখিয়া তাৰৎ লোক বিশ্বয়াপন হইল। তখন রাম নীতাকে আলিজন করিয়া আপন সিংহাসনে উপবেশন করাইলেন।

এই প্রকার সীতার উদ্ধার ও তাঁহার সতীত্ত্বের পরীক্ষা করণানস্তর চতুর্দ্দশ বংস্বের পর রাম স্থদেশে গমনাভিলাষী হইয়া বিভীষণের স্থানে বিদায় লই-লেন এবং সৈন্য সামস্ত ও যে সকল রাজ্যাধিপতিরা ভাঁহার সহায়তা করিয়াছিলেন তৎসন্তিব্যাহারে রথা-রোহণ পূর্বক সমুক্ত পার হইয়া অযোধ্যা যাত্রা করি-লেন। গমন করিতে করিতে রণস্থল প্রভৃতি যে যে স্থানে যাহা হইয়াছিল একে একে সে সকল সীডাকে मिथारेर नागितन। धरे छात्व शक्ष्यी वन ७ हिन-কৃট পর্বত অভিক্রম করিয়া ভরদাক মুনির আশ্রমে উপস্থিত হইয়া শ্রবণ করিলেন যে ভরত রাজসিংহা-সনে জাঁহার পাত্রকা সংস্থাপন পূর্ব্বক তাহাতে ছত্র ধরিয়া তাহার প্রতিনিধির স্বরূপ রাজকার্য্য পর্য্যা-लाठना कतिराज्ञाहन, बवर यमविध जिनि वनवीन कति-ग्नाह्न जनवि अभवा खूर्थ विमूध रहेग्रा वक्कन পরিধান, জটা ধারণ ও কল মূল আহার পূর্বক কোন রূপে-প্রাথধারণ করিয়া জাছেন।

এই সকল কথা প্রবণানন্তর রাম অবোধ্যা নগরে মৃত প্রেরণ করিলেন এবং তৎপশ্চাৎ আপনিও

সুসৈন্যে যাত্রা করিলেন। ভরত ও শাক্রুত্ব ভাঁছার পুনরাগমন সংবাদে অত্যন্ত আনন্দিত হইয়া অবৈাধ্যা নগরস্থ তাবৎ প্রজা সমভিব্যাহারে তাঁহাকে লইডে আসিলেন। ঢারি জাঁতার পরস্পর সন্দর্শনে যে আনন্দোদয় হইল, তাহা বর্ণনাতীত। রাম লক্ষ্ণ ভরত শত্রুত্বকে আলিঙ্গন করিলেন এবং স্থ স্থাতা ও বিমাতাকে প্রণাম করিলেন। কৌশল্যা ও স্থমিত্রা সীতাকে ক্রোড়ে লইয়া, তাঁহার ছঃখেতে •বেষত ছঃখিতা, তাঁহার পুনরাগমনে তদ্রপ আনন্দিতা হই-লেন। রামের আগমনে অংযাধ্যা নগরে মহা আনন্দ প্রভিল, এবং ঘরে ঘরে সকলে মঙ্গলাচরণ করিতে লাগিল। এই প্রকার পুনর্মিলনের পর চারি ভাতা **ठजुर्क**न वर्शदेतत क्यें। ও वस्क्य পরিত্যাগ क्रिया উত্তম পরিচ্ছদাদি পরিধান করিলেন। তৎপরে রাম রাজা হইলেন; প্রজাগণ তাঁহার রাজ্যে পরম স্থাধ কালযাপন করিতে লাগিল।

কিয়ৎকাল পরে সীতা অন্তঃসন্থা হইলেন। পরে তাঁহার পঞ্চ মাসের গর্জ হইলে রাম তাঁহাকে এক দিবস কহিলেন, সীতে! তুমি গর্জবতী হইরাছ, এখন তোমার কি আহার করিবার বাসনা হয় বল। সীতা উত্তর করিলেন যদি আমাকে এ কথা কিজাসিলেন তবে আপনার স্থানে এক নিবেদন করি, আমার কোম দ্বা আহার করিতে অভিলাধ নাই,কিছ বনবাস কালে ব্যন্ন বসুনায় স্থান করিতে ঘাইতাম তখ্ন এই শানস

করিয়াছিল। ম দেশাগমনৈর পর তপোবনে মুনিপত্নীর সহিত সাক্ষাৎ করিব। অন্তএব বন্ধি আপনার অমু-মতি হয় তবে আমি যমুনাকুলবর্জি তপোবনে গমন করি। রাম বলিলেন তাহার বাধা কি, কল্য তপোবনে গমন করিবে।

ইহা বলিয়া রাম রাজসভায় গমন করিলেন। তখন সভাসদগণ সীতাহরণের কথা উল্লেখ করিয়া এই রূপ কহিতেছিল, ফেরাবণ সীতাকে দশ মাসু কুট্পুর পুরীতে লইয়া রাখিয়াছিল; তথাপি রাম তাহার সঙ্গে সহবাস করিতেছেন, এ অতি আশ্চর্যা। রার এই সকল কথা শ্রেবণ না করিয়া সভায় অধ্যাসীন হইয়া সভাসদগণকে জিজাুসা করিলেন, হে সভাগণ! পিতার রাজ্য অতি ধর্মের রাজ্য ছিল, আমার রাজ্যে প্রজাগণ কেমন আছে বলু। এই প্রশ্নে সকল সভ্য নিরুত্তর হইয়া রহিলেন। পরে ভক্ত নামে এক অমাতা গাঁতোখান করিয়া কুতাঞ্জলি পুটে বলিলেন, ধর্মাবভার! আমি বছকালাবধি আপনার প্রধান মন্ত্রী এবং চিরকাল আপনকার রাজ্যের কুশল আকাজ্ফা করি; আমি দেখি-য়াছি রাজা দশরথের রাজত্ব কালে প্রজাগণ স্বর্ণ পাত্তে ভোজন করিয়া নিতা নিতা ঐ স্বর্ণ পাত্র পরিত্যাগ করিত। কিন্তু এইকণে এক এক দিন অন্তরে পাত্র পরিত্যাগ করে; ফলতঃ রাজ্য ক্রমে নির্দ্ধন হইতেছে। রাম জিজাসা করিলেন ইছার কারণ কিং রাজা পুনাবান হুইলে প্রজারা সুধে থাকে; রাজা অধার্ষিক হুইলে

প্রজার সুখ থাকে না। আগার রাজ্যে কি অবিচার আছে যে প্রস্থারা ভাষাতে অসুধী হইয়াছে। ভত্ত বলিলন প্রভো! আমি কিন্তর, আপদার সাক্ষাভে मकल कथा विलाख मार्म रम ना। त्राम विलालन, শক্কা কি; তুমি যাহা জান নির্জয়ে বল। ভদ্র উত্তর করিলেন তবে অপরাধ মার্জনা হউক; লোকে এই কথা বলিয়া থাকে যে, যে সীতাকে রাবণ হরণ করিয়া রাখিয়াছিল ভাহাকে আপনি কি প্রকারে পুদর্গ্রহণ করিলেন। এ কথা কেহ আপনাকে সাহস পূরিয়া ্ ৰলিতে পারে না, কিন্তু ইহাতেই আপনকার অখ্যাতি। রাম এই কথা শুনিয়া অতিশয় বিষয় হইলেন এবং তাহা মনোমধ্যে চিম্কা করিতে করিতে স্নানার্থ क्रमन कतिया प्रिथितम, य श्रुक्षतिनीत धक शास्त्र हुई জন,রজক বস্ত্র ধৌত করিতে করিতে **দুম্ব করিতেছে** ; তমুধ্যে এক জন শ্বশুর ও দিতীয় জন জামাতা। শ্বশুর ৰলিতেছে, দেখ বাপু! তোমার পিতা ধনে মানে কুলে শালে বড় বিখ্যাত ছিলেন, এই কারণ আমি ভোমাকে কন্যা দান করিয়াছিলাম । কিন্তু তুমি কন্যাকে এমত নিদারুণ প্রহার করিয়াছ যে ভাহাতে সে ভোমার গৃহ हरे छैं भनावन कतिया आमात शृंदर भियादः। किन বুৰ্বজন্মনা পিতৃ গৃহে থাকে ইহা শান্ত্ৰ ও লোকাচার বিরুদ্ধ। জামাতা উত্তর করিল, তোমার কন্যা •পত্তি সহবাদে বিরভা; পিতৃবাদে থাকিতে ভাল বাদে; অজ্ঞৰ ভাছাকে কি প্ৰকারে লইব। বাদের পদ্মীকে

রাখণ হরণ করিয়াছিল; রাম তাহার ভাল মক্দ নিবে-চনা না করিয়া তাহাকে পুনর্কার-গ্রহণ করিয়াছেন। তিনি রাজা সকলি করিতে পারেন। আমরা হীন জাতি তাহা করিতে পারি না; তাহা করিলে জ্ঞাতি বন্ধুর নিকট নিক্দার ভাজন হইতে হয়।

এই কথোপকথনে রামের প্রতীতি হইল, ভদ্র যাহা बिन हो हिलन जोशं अमीक नरह। विरम्ब उः मिहे দিবস শীতার কেশ বন্ধন করিতে করিতে ভাঁহার এক সহচরী জিজ্ঞাসা করিল, যে হে দেবি ! রাবণ ভৌমাকে লক্ষাতে লইয়া'গিয়াছিল, শুনিয়াছি তাহার দশ মুগু, বিংশীত লোচনঃ ও বিংশতি হস্ত ছিল। ' অতএৰ ঐ রাবণের মূর্ত্তি ভূমিতে অঙ্কিত করিয়া আমাদিগকে দেখাও। সীতা এই কথায় রাবণের মূর্ত্তি ভূমিতে চিত্রিত করিলেন। দৈবাৎ ঐ সময়ে রাম অন্তঃপুরে গমন করিয়া দেখিলেন, যে সীতা রাবণের অবয়ব এমড উত্তম রূপে লিখিয়াছেন যে ভাহার প্রকৃত মুর্জির সহিত চিত্রের কিছুমাত্র বিভিন্নতা নাই। ইহাতে ' তিনি মনে করিলেন যদি সীতা রাবণকে ভাল রূপে না লানিবে তবে তাহার মূর্ত্তি এমত শুদ্ধ করিয়া লেখা कथनरे महार नहर ।

এই রূপ ঘটনা হারা ভাঁহার সংশয় আরো সূচ্ হইলন তথন তিনি ভরত লক্ষ্ণ ও শত্রুত্বকে আন্ধান পূর্বক তাবৎ বিবরণ কহিয়া সীতার বনবাস নির্দ্ধা-রিড ক্সিয়া লক্ষণকে কহিলেন, কলা সীভা বাজীকি মূনির তপোবনে গমনার্থ অন্থ্যতি প্রার্থনা করিয়াছিলেন; অতএব এই স্থ্যোগে তুমি দীতাকে তপোবনে রাখিয়া আইস। আর তাহাকে গৃহে রাখা
কর্ত্তব্য নয়। এই আজ্ঞায় তিন জাতা অত্যন্ত দুঃখিত
হইলেন। তাঁহারা তাঁহাকে নানা প্রকারে বুঝাইলেন
এবং ইহাও বলিলেন, যদি দীতাকে নিতান্ত পরিত্যাগ
করেন, তবে অরণ্যে প্রেরণ না করিয়া স্বতন্ত্র কোন
হানে রাখুন। রাম বলিলেন দীতার জন্যই আমার অপ
যশ, অতএব তাহাকে স্বতন্ত্র রাখিলে আমার অখ্যাতি

মূর হইবেক না, একারণ বনবাস দেওয়াই উচিত।

রাম এই প্রকার সক্ষল্প করিলে; লক্ষণ কি করেন, ব্রাম আজ্ঞা অবহেলন করিতে না পারিয়া সীডার সন্ধিথানে গিয়া কহিলেন, ব্লেবি! কলা আপনি বাল্মীকির
তপোবনে মুনিকনাগণের দর্শনার্থে গমনের বাঞ্চা,
লাছিলেন; অতএব আপনাকে তথায় লইয়া ঘাইবির জন্য রথ প্রস্তুত্ত করিয়া আনিয়াছি। সীতা মহা
আজ্ঞাদে বস্ত্রাভরণ পরিধান করিয়া লক্ষণের সহিত্ত
রথ আরোহণ করিলেন। বনপ্রবেশ করিয়া লক্ষণে তাহাকে কহিলেন যে রামের আজ্ঞাতে আমি আপনাকে
বনবাস দিতে আনিয়াছি। সীতা এই কথায় রোদন
করিত্তে করিতে বলিলেন, রাম ধার্মিকাপ্রণা, তাঁহার
বল জগ্ঞাপি, কিন্তু আনাকে প্রতারণা করিবেন।
ভিনি অপ্রো আনাকে এ কথা কেন না বলিলেন।
ভার তিনি, আনাকে এ কথা কেন না বলিলেন।

মনস্থ ছিল তবে আমার-পরীক্ষা করিলেন কেন ? প্রার যদি মনের সন্দেহ দূর না হইয়াছিল, তবে প্রথমাবধি আমাকে একেবারে বর্জন না করিলেন কেন ? প্রামি এই অপমানে আর প্রাণ ধারণ করিব না। আমি ভোমার সন্মুখে যমুনায় ঝাঁপ দিয়া প্রাণভ্যাগ করিব। কিন্তু আমি গর্ভবতী, আমার বিনাশে রামের সন্তানও বিনই হইবে। রাম আমার তুলা অনেক র্মণী পাই-বেন; কিন্তু আমি নিরপরাধিনী তিনি বিনা অপরাধে আমার এ মুর্গতি কেন করিলেন।

নীতা এই মত অনেক বিলাপ কুরিলেন। লক্ষ্মণ তাঁহাঁকে সেই অরণ্য মধ্যে রাখিয়া বিদায় হইলেন। নীতা একাকিনী বন মধ্যে ভীষণ-মূর্জি বিবিধ বনচর দর্শনে অভিশয় ভীতা হইয়া আরও ক্রন্দন করিতে লাগিলেন। বাল্মীকি মূনি তপস্যাস্তে শিষ্য সমভিত্যা-হারে তথা দিয়া গমন করিতেছিলেন। তিনি তাঁহাকে এই প্রকার অসহায় দেখিয়া বিধিমত সাস্ত্রনা করিলেন, এবং স্থীয় আশ্রমে লইয়া আপন পত্নীর স্থানে সমর্পণ করিলেন। মূনিপত্নী তাঁহাকে আলিক্ন করিয়া সমাদর পূর্বক গুহে রাখিলেন।

এ দিকে লক্ষ্মণ সীতাকে বনবাস দিয়া অযোধ্যাতে পুনরাগমন করিলে পর রাম জিজাসা করিলেন, তুমি আমার প্রাণাধিকাকে কোথায় রাখিয়া আসিলে! সীতা আমা বিনা এক দিবসও স্থানান্তরে থাকিতে পারেল না। তিনি একাকিনী কোথায় থাকিবেন এবং আমি তাঁহাকে না দেখিয়া কি প্রকারে জীবন ধারণ করিব। সীতা বিরহে আমার রাজ্য ও সিংহাসন বিকলন। জনক রাজা শুনিয়া আমাকে কি বলিবেন; আমি কি দোষে তাঁহার ছহিতাকে বনবাস দিলাম। রাম এই প্রকার অনেক খেদ ক্ষিলেন। তদনস্তর এক স্থ্পিয়া সীতা নির্মাণ, করাইলেন এবং তাহাকে সমুখে রাখিয়া সীতা চিন্তা সার করিয়া শোক সাগরে মগ্ন থাকিলেন।

अमिरक मीजोरमवी बाल्मीकि मुनित आधारम थाकिया , রামের বিরহে অহুরহ মনোত্তংখে কালযাপন করিতে লাগিলেন। 'মুনিপত্নী মধ্যে মধ্যে ভাঁহাকে সাস্ত্রনা করিতেন। কালক্রমে সীতা দেবীর ছুই যমক্ত পুত্র कित्रान। यरकारन करे हरे शुक्ष ভূমिश रहेन उंथन বাল্মীকিমুনি তপসাতে ছিলেন; তাঁহাকে শিষাগণ সীতার প্রসব বার্ডা জ্ঞাপন করিলে মূনি ঐ ছুই পুত্রকে লবণ ও কুশে আচ্ছাদন করিয়া রাখিতে বলি-পোন। সীতা তদমুরূপ করিলেন। তদনস্তর বাল্মীকি कुमात्रिमिशक मिथिए शिया छाशामत मोन्सर्या मर्भातन সম্ভূত হইলেন, লবণ ও কুশে আছাদনহেতু এক জনের नाम नव ও आंत्र এक खरनत नाम कुन ताचिरनन । পরে এই সুই পুর্ত্তের যেমন বয়োবৃদ্ধি হইতে লাগিল তেমন ভাহাদিগকে সংগীত ও ধতুর্মিদ্যা শিক্ষা করা-ইতে লাগিলেন। তাহারা অভি দ্বায় অন্ত ও সংগীত বিদ্যাতে অপথিত হইলেন।

বেধ বঁজ আরম্ভ করিয়া শত্রুত্বকে স্বাধ রক্ষার ভার मिलन। रेमवार **এकটা अध अ**ग्नश्राका **एक** চিত্রকৃট পর্বতে পলায়ন করিল; তাহাতে শত্রুত্ব তৎপশ্চাৎ ধাৰমান হইলেন। ইভিপূৰ্বে বাল্মীকি মুনি লব ও কুশকে তপোৰন রক্ষার আদেশ করিয়া তপস্যায় গমন করিয়াছিলেন। রামের অশ্বমেধের অশ্ব তপোবনে প্রবেশ • করিলে • লব ও কুশ थे ঘোটককে বন্ধন করিয়া রাখিলেন। পরে শত্রুত্ব আসিয়া ঐ অশ্ব চাহিলেন, কিন্তু লব ও •কুশ ছোহা দিলেন না। তাহীতে ভাহাদের সহিত ভাঁহার মহাযুদ্ধ হইল। बे যুদ্ধে শত্রুত্ব পরাজিত হইলেন। তৎপরে ভরত ও मन्त्रन वे अर्थ आनवन जना अरनक धूम धारम भमन করিলেন। কিন্তু তাঁহারাও অপরিচিত ভাতুস্কু ছয়ের সহিত যুদ্ধে পরাভূত হইলেন। অনস্তর রাম चग्नर मरशाम मञ्जाग्न अच आनग्रनार्थ उर्शारत . গনন করিলেন।

রাষের সৈনাগণের কোলাহল শ্রেবণে লব ও কুশ পরস্পর এই কথা বলিতে লাগিলেন, দেখ ভাই! অখের জন্য বুঝি আর কোন বাজি বুদ্ধ করিছে আসিরাছেন; অতএব চল আমরা তাহাকে মারিয়া আইলি। নীতা এই বাক্য শ্রেবণে জিজ্ঞানা করিলেন হে বংব! ভোমরা কোথায় যাইবে, দেখিও কাহার সঙ্গে বিধাদ বিসন্ধাদ করিও না। তোমরা ধালক, কে মারিবে কে ধরিবে, আমার সর্মনা এই ভারনা অতান্ত।
লব, ফুশ ঈষদ্ধান্য পূর্মক কহিলেন জননি! নিতা নিতা
কোথাকার রাজা নকল মুগয়া করিতে আসিয়া তপোবন তপ্ন করে, তাহাতে আমরা অতান্ত অস্থী হই।
বোধ করি অদ্য কোন ব্যক্তি তপোনন নন্ট করিতে
আসিয়াছে, আমরা তাহাকে তাড়াইয়া দিতে চলিলাম;
ইহাতে বিবাদ হয় হইবে তাহার ভয় কি ? তুমি আশী
র্মাদ কর, আদুরা জয়ী হইয়া আসিব, কথন হারিব না।

মাতাকে এই রূপ বুঝাইয়া ছুই সহোদর সংগ্রাম স্থলে গমন করিলেন। ভাহারা রণস্থলে উপস্থিত হইলে রামের সেনাপতিগণ তাহাদিগকে রামের ন্যায় অভেদাকার দেখিয়া বিবেচনা করিল যে রাম গর্ভবতী সীতাকে বনবাস দিয়পছিলেন, অতএব এই ছুই পুত্ৰ অরশ্য তাঁহার গর্ভে জিমিয়া থাকিবেক। রামও মনে मत्न कतिराम जाहा जमञ्जद नरह। शरत जाहामिशरक জিজ্ঞাসা করিলেন, ভোমরা কাহার পুত্র ? ভোমাদের ' মাতার নাম কি? তিনি আরো বলিলেন, তোমাদের আকারে বোধ হয় তোমরা আমার পুত্র, অতএব যদি আশার পুত্র হও, তবে অনর্থক সংগ্রাম করিও না। লব ও কুশ মনে মনে ভাবিলেন যে আমরা পিডার नाम जानि नां, अञ्जद कि श्रकादत श्रीत्रिव्य मित। কল্য মাতার স্থানে জনকের নাম জিজ্ঞানা করিলে পরিচয় দিতে পারি। কিন্তু তাহা হইলে এ ব্যক্তি অদাই পূলায়ন করিবে, ভাহা হইতে দিব না। ইহা ভাবিরা ভাঁহারা বলিলেন যে তুমি মুদ্ধে আসিয়াছ, তোমার পরিচর জিজ্ঞাসার প্রয়োজন কি। প্লার তুমি আমা-দিগকে পুত্র বলিয়া কটুক্তি কর ইহা অতি অহ-চিত। তুমি বুঝি যুদ্ধে ভয় পাইয়াছ, এই জন্য পরিচয় জিজ্ঞাসা করিয়া পলীয়নের অহুতান করিতেছ।

এই প্রকার উত্তর প্রত্যন্তর হইলে খোরতর যুদ্ধারম্ভ হইল। লব ও কুশ ধন্তর্বিদ্যায় অতি পারগ ছিলেন, এবং মুদ্ধে অসাধারণ সাহস পূর্বক রামের व्यत्रश्या रेमना विनाम कतिदूलन । त्राम ७ युक्तविमातम ছিলেন কিন্তু অপরিচিত পুত্র দয়কে পরাজয় করিতেনা পারিয়া পুনর্বার ভাহাদিগকে জিজাসা ক্রিলেন, ভোমরা কে? আমাকে যথার্থ করিয়া বল, চাতুরী করিও না। লব ও কুশ উত্তর করিলেন চাতুরীর প্ররোজন কি ? আমরা বাল্মীকি মুনির শিষা; ভাঁহার তপোৰন রক্ষা করি এবং ভাঁছার অন্নে পালিত। এই কথোপকথন কালে বাল্মীকি মূনি সশিষ্য ভপস্যা করিয়া তপোবনে উপস্থিত হইলেন: পিতা পুত্রের যুদ্ধ দেখিয়া লব কুশকে স্থানান্তর করিয়া রামকে নির্জ্ঞনে বলিলেন তুমি অখ লইয়া অযোধ্যাতে গমন কর ? ইছার পর লব কুশের পরিচয় পাইবে।

রাম মুনির বাক্যান্থসারে অথ লইরা অখনেধ যক্ত মুম্পূর্ণ করিলেন। তদনস্তর নানা দেশ হইতে বিপ্রাগণ দক্ষিণা লইতে আসিতে লাগিলেন। ঐ সমরে বাক্সীকি মুনি আপন শিষাগণ সমন্তিবাহারে অযোধ্যায় গমন করিয়া ল'ব ও কুশকে বলিলেন ভোমরা আমার নিকট অস্ত্র ও সংগীত বিদ্যা শিক্ষা করিয়াছ; তক্মধ্যে এক বিদ্যার অর্থাৎ অস্ত্র বিদ্যার পরীকা হইয়াছে কিন্তু সংগাত বিদ্যার পরীকা দেও নাই। অতএব রামের যজে নানা দেশীয় ভূপতিগণের সমাগম হইয়াছে, এই সময়ে ভোমাদের গুণের পরীকা হউক। এবং আমি বহু পরিশ্রেম করিয়া যে রামায়ণ রচনা করিয়াছি ভাহাও প্রকাশ হউক।

वान्योंकि मूनित এই ऋष उपलम इहेल न ४ ७ কুশ পর দিবস ত্পস্থির বেশে অর্থাৎ মস্তকে জটা বন্ধন ও रक्कल পরিধান করিয়া বীণা বাদন পূর্মক রীমের সম্মুখে রামসংকীর্ত্তন আরম্ভ করিলেন ; এবং ঐ কৰিতা এমত স্থচাৰু রূপে পাঠ করিতে লাগিলেন বে সভাস্থ সমস্ত পণ্ডিত ও ভূপতিগণ তং প্রবণে মুগ্ধ इटेलन। এবং রাম তুই इटेग्ना वानकिमिशक अर्ब ও রত্নাভরণ পুরস্কার দিতে আজ্ঞা করিলেন। বালক ' বুয় তাহা গ্রহণ না করিয়া কহিল আমরা তপস্থী, ফল মূল আহারে জীবন ধারণ করি; আমাদিগের त्रञ्जानकारत थारपाजन कि ? ताम निश्व नारका जुधे হইয়া জিজ্ঞাসা করিলেন, হে বালকদ্য়! এ কৰিডা কাহার রচিত। বালকেরা উত্তর করিল এই কবিতা বাল্মীকৈ মুনির রচিত। এই কথা বলাতে রাম পুন-র্বার তাহাদিগকে জিজ্ঞাসা করিলেন ভোমরা কে? কাহার পুত্র ? তাহাতে বালকৰ্ম কহিল আমরা

বাল্মীকি মুনির শিষ্য, পিডার নাম অবগত নহি ; কিন্তু ` मीजा 'आमार्रे अर्ज्धातिनी'। এই कथाय त्राम তাহাদিগকে আপন পুত্র জানিয়া বাছ প্রসারণ পূর্বক কোড়ে লইলেন এবং সীতাকে বৰ্জন হেতু বিলাপ করতঃ ক্রন্দন করিতে লাগিলেন। তদনস্তর বাল্মীকি মুনিকে কহিলেন, হেঁ মুনিবর ! আপনি এভাবৎ জানিয়া আমাকে কেন বিড়খনা করিয়াছিলেন। যাহা হউক এইক্ষণে পূথিবীর যাবতীয় সূপতিগণ এই সভায় উপস্থিত আছেন, অতএবু যাহাতে দীতা ইঁহাদের সম্মুশ্নে পরীক্ষা দিয়া গৃহে আইসের তাহা করুন। পরীক্ষার কথার তাবৎ সভাস্থ লোক অসমতি জ্ঞাপন করিলেন, এবং কৌশ্ল্যা ও স্থমিত্রা প্রভৃতি দশর্থ মহিষীগণ বলিলেন যে সীতার একবার পরীকা হইশ্লাছে, অতএব দিতীয় বার পরীক্ষা অনাৰশ্যক্। তাঁহারা আঁরো বলিলেন যে তাহা করিলে জনক রাজা মনস্তাপ পাইবেন। রাম বলিলেন ইহাতে কাহাবও উপরোধ শুনিলে অন্তঃকরণে প্রবোধ জিমতে পারে না। বিশেষতঃ পুর্বেষ যে পরীকা হইয়াছিল তাহা এই সকল রাজারা দেখেন নাই। অতএব ইঁহাদের সন্মুখে পরীকা হইলে ইঁহারা সীতার সতীত্র বিষয়ে আর কোন কথা বলিতে পারি-(वन न्। विश्वय त्रोकात धर्म (कवन व्यत्नात विश्वत করিবেন এমত নহে, আপন জ্রী ও আত্মীয়গণেরও বিচার করিবেন, না করিলে ধর্মতঃ পতিত হইতে হয়।

•এই প্রকার তর্ক করণানন্তর রাম বাল্মীকি মুনিকে সীতা আনমনার্থ আজ্ঞা করিলেন। বাল্মীকৈ মুনি রামের আজ্ঞায় সীতা সমীপে গিয়া তাঁহাকে সমস্ত বিবরণ কহিলেন। সীতা পরীক্ষার কথায় অত্যন্ত বিশ্ব হইয়া কহিলেন যে আদি একবার পরীক্ষা দিয়াছি ইহাতে পুনরায় পরীক্ষা চাহেন ইহা ন্যায় বিরুদ্ধ। কিন্তু কি করেন, পরীক্ষায় অসম্মত হইলে ছুর্নাম হইরে, এই শক্ষায় মুন্ সমভিন্যাহারে অযোধ্যায় চলিলেন। গমন কালে মুনিপত্নী তাঁহার বিচ্ছেদ জন্য অনেক খেদ করিয়া তাঁহাকে আশীর্কাদ করিলেন।

অনন্তর অংবাধাতে সীতার আগমন হইলে অংবাধাবাসী তাবং লোক আনন্দ সাগরে মগ্ন হইল
এবং নানা প্রকার মঙ্গলধানি করিতে লাগিল। অপর
যখন সীতা রথ হইতে অবরোহণ করিলেন তখন
তাহার অলোকিক রূপ দর্শনে সভাস্থ সমস্ত রাজা
চমংকৃত হইলেন। তদনন্তর সীতা রাজসভায় রামাগ্রে
করপুটে দণ্ডায়মানা হইলে, রাম বলিলেন, সীতে! এক
বার সাগর পারে তুমি পরীক্ষা দিয়াছিলে, কিন্তু ভাহাতে
এই সকল কুপতিগণ উপস্থিত ছিলেন না। এইক্ষণে
ইঁহারা উপস্থিত; অতএব তুমি পুনরায় প্রীক্ষা দাও
এবং গৃহ ধর্মে প্রবৃত্ত হও। সীতা বলিলেন আমি
একবার পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছি; তাহার পর কি
অপরাধে আমাকে বনবাস দিলেন ভাহা আমি

জাত নহি; এবং আনি কোথায় ছিলাম তাহার তত্ত্ব করেন নাই; পরে লব ও কুশ দারা উদ্দেশ হইয়াছে। যাহা হউক আমি আপনকার আজ্ঞা পালন করিয়াছি এবং এ কয়েক বংসর ফল মূল আহারে জীবন ধারণ করিয়াছি। কিন্তু ইহাতেও আপনার মনের মালিনা দুর না হইয়া এই ভল সমাজে আমাকে ব্যভিচারিশীর নাায় পুনর্বার পরীকা দিতে আজ্ঞা করিতেছেন। ইহাতে আমি জানিলাম আমার নিতান্ত ছরদুই, আমি জীবন যৌবন আপনাকে সমুর্পণ করিয়াও আপনকার নিকট কলঙ্কিনী থাকিলামণ। অতএব আনার জীবন ধারণ করিল অক্স্থের কারণ। এজন্য আমি এ প্রাণ রাখিব না। তাহা হইলে তোমার কোন অখ্যাতি থাকিকে না, এবং যে পাপীয়সীর জন্য এত ক্লেশ পাইলেন আর তাহার মুখাবলোকন করিতে হইবেক না; তোমার সকল ছঃখ ঘ্টিবে।

দীতা এই প্রকার অনেক বিলাপ করিলেন। তদনন্তর স্বীয় গর্ভধারিনী ধরণীকে সংখাধন পূর্বক উচ্চঃস্বরে কহিলেন, হে মাতঃ! আমি এই সভার বড় লজ্জা পাইলাম, এবং এই লজ্জার মুখ তুলিতে পারি না; অতএব আমাকে স্থান দান কর, আমি তোমার কোড়ে গিয়া লুকাই। এই কথা বলিয়া দীতা হঠাৎ ভূমিতে পতিত হইবা মাত্র তাহার প্রাণ্ডাণ হইল। সভাস্থ সমস্ত নূপতি গণ এই কাও দেখিরা বিশ্বিত হইলেন এবং তাবং অবোধান নগরে

মহঁ। ক্রন্দন ধ্বনি উঠিল। রাম জানিলেন বে সীতার এইরূপ মৃত্যু কেনল তাঁহার নিষ্ঠ্র আজ্ঞায় ছইল। অভএব তিনি আপুনাকে তাঁহার মরণের মূল জানিয়া অভাপ্ত শোকাকুল হইলেন। কিয়ৎকাল পরে তিনিও লীলা সম্বর্ণ করিলেন। তাহার পর লব ও কুশ ছই ভাতা রাজ্যশাসন করিতে লাগিলেন।

माविकी।

অবস্তী নগরে অশ্বপতি নামে এক রাজা ছিলেন,
সাবিত্রী তাঁহার কুঁমারী। ঐ রাজা অপত্যাতাবে সতত
নিরানন্দ থাকিতেন। পরে অনেক দেবারাধনা করিয়া
অবশ্রে এই কন্যা হইয়াছিল। তাহাতে ঐ কন্যাকে
অত্যন্ত স্নেহ করিতেন এবং বছ যত্ন পূর্বক তাঁহাকে ।
বিদ্যা শিক্ষা করাইয়াছিলেন। ঐ কন্যা জ্ঞান শাস্ত্রে
অতি বিচক্ষণা হইয়াছিলেন এবং শিল্প কর্মণ্ড উত্তম
রূপে শিক্ষা করিয়াছিলেন। ইহা ভিন্ন সাবিত্রী পর্বম
স্থান্দরীও ছিলেন। বিশেষতঃ তিনি রাজার একমাত্র
কন্যা আর সহোদর কিয়া সহোদরা ছিল না। এই
জ্বন্য পিতা মাতার অত্যন্ত প্রিয়ম্বদ ছিলেন।

ইদানীন্তন নারীগণকে অন্তঃপুর স্বরূপ পিঞ্লরে
বন্ধ করিয়া রাখার যে কুরীতি হইয়াছে পূর্বকালে
এ রীতি ছিল না। ভাহাতে সাবিত্রীর অন্যত্র গমনের
বাখা ছিল না। ভিনি যথা তথা যাইতেন, এবং রাজা
ভাহার সেবার জন্য এক শত সমবয়স্কা পরিচারিকা
নিমৃক্ত করিয়া দিয়াছিলেন। ভাহারা নিয়ত ভাঁহার ন

এই সকল পরিচারিকা সমভিব্যাহারে সাবিত্রী এক দিবস তপোবর্নে মুনিগণের সহিত সাক্ষাৎ ও শাস্ত্রা-লার্প করিতে গিয়াছিলেন। অনন্তর যথন ঐ তপোবন হইতে প্রত্যাগমন করেন, দেখিলেন ঐ অর্ণ্য মধ্যে এক কুটারে এক অক্ষ, এক বৃদ্ধা নারী ও এক যুবা পুরুষ আছেন। তত্রস্থ লোকদিগকে তাঁহাদের পরি-চয় জিজ্ঞানা করাতে তাহারা কহিল, দমসেন নামে অবন্তীর রাজা শেষাৰস্থায় অন্ধ হইয়াছিলেন এবং সত্যবান নামে রাজপুত্র অতি শিশু ছিলেন। অতএব तीकारक अंदे श्रीकांत दीन वन प्रिथिया उनीय नाकनन • ভাঁহাকে' রাজাচাত করিয়া ভাঁহার রাজ্যাপহরণ করে। রাজা দমদেন পুত্র ও ভার্যাকে লইয়া মুনিগণের স্বাশ্রয়ে আসিয়া তপোবনে বাস করিতেছেন। সাবিত্রী সভাষানের মনোহর রূপাবলোকনে এবং তাঁহার পরি-চয় প্রবণে সাতিশয় আহ্লাদিতা হইলেন এবং তাঁহার এতজ্ঞপ হুংখ দশাকে প্রতিবন্ধক জ্ঞান অথবা পিতা মাতার সম্মতির অপেকা না করিয়া সভাবানকে উপ-যুক্ত পাত্ৰ জ্ঞান করিয়া মনে মনে ভাঁহাকে বিবাহ क्तिटलन।

সনস্তর সারিত্রী সালয়ে প্রত্যাগতা হইরা জননীকে আফুপুর্মীক তাবৎ বৃত্তান্ত অবগত করাইলেন।
ভাঁহার গর্ভধারিনী ছহিতার এবস্তুত বিবাহের কথার
আশ্চর্যাবিতা হইরা রাজাকে তাবৎ বিবরণ জানাইসেন। এবং রাজা স্থাভিমতের বিক্লব্ধ কার্যার সংঘটন

হেডুক, যাহাকে সাবিত্রী বিবাহ করিবেন সে মনং-শোন্তব কি না এবং স্থপাত্র কি কুপাত্র এই সকল ভাবিয়া অত্যন্ত কুলু হইলেন।

কিয়দ্দিবস পরে মহর্ষি নারদ তলিকেতনে আগত रहेल ताका उँहिएक यथारयांगा नमानत शूर्वक অভার্থনা করিয়া কথোপকথন করিতেছেন ইতিমধ্যে সাবিত্রী হঠাং তথায় উপস্থিত হইলেন। নারদ সাবি-जीत्क शृद्ध पारथन नार्डे, जारां जिल्लामा कतितन এই কন্যা কাহার? রাজা,বলিলেন এই কন্যা আমার। নারদ পুনর্কার বলিলেন এই কন্যার লক্ষণে বোধ হই-তেছে ইনি সতী লক্ষ্মী; ইনি দন্তা কি অদন্তা? তখন রাজা তপোবনে সত্যবানের সহিত তাঁহার মানসিক বিবাহের কথা জ্ঞাপন করিয়া মুনিকে কহিলেন, হে মহবে ! আমি পাত্রের পরিচয়াদি কিছুই অরগত নহি। কিন্তু আমার সোভাগ্য ক্রমে আপনার আগমন হইয়াছে। অতএব অমুগ্রহ পূর্বক ইহার শুভাশুভ বলিতে আজ্ঞা হউক। এই কথা বলাতে নারদ সাবি-ত্রীর প্রতি নিরীক্ষণ পূর্বক তাঁহাকে পাত্রের পরিচয় জিজাসা করিলেন। তাহাতে সাবিত্রী সতাবানকে ষেরপ দেখিরাছিলেন এবং ভাহার যে পরিচয় শুনি-म्राहित्मन जाहा ममूनम दिखात शूर्सक कहित्मन। তাহাতে জ্যোতিৰ শাস্ত্ৰে সুপঞ্জিত নারদ মুনি তাঁহাকে दिनालन रव थ विवाह मिवाह हम नाहे; काउंथद তাহাকে পরিভাগে করিয়া পাত্রান্তরকে বরণ কর।

এই কথায় সাবিত্রী কুর হইয়া কারমার মুনির সহিত বিতর্ক করত তাঁহার এতদ্রপ নিষেধের কারণ জিজাসা করিলেন। মুনি তর্ক খণ্ডন না করিয়া পুনঃ পুনঃ পূর্ব্বমত নিষেধ করিতে লাগিলেন। অশ্বপতি ভূপতি নারদের এবসূত নিষেধে দন্দিঞ্চিত্ত হইয়া তাঁহাকে তদু ভাস্ত বিস্তারিত রূপে কহিতে বলিলেন। नांत्रम कहित्वन ममत्मन तांका सूर्यावः गास्त्व, ववः বছকাল অবস্তীর ভূপতি ছিলেন। পরে তাঁহার ছুই চক্ষু অন্ধ হইলে ভাঁহার শক্ত্রণ ভাঁহাকে রাজ্যচুত করিলেন। রাজা,নিরাশ্রয় হইয়া স্ত্রী পুত্র লইয়া বন-বাস করিয়াছেন। রাজপুত্র সতাবানও অতি স্থন্দর পুরুষ এবং সদ্যাগিতিত, কিন্তু অল্লামু, এক বংস্বের মধ্যে তাঁহার মৃত্যু হইবেক। এই সমস্ত কথা বলিয়া নারদু কহিলেন আপনাকে সকল কথা ব্যক্ত করিয়া কহিলাম, একলে আপনার যেরূপ সদ্বিবেচনা হয় করুন।

রাজা মূনিপ্রমুখাৎ এতদ্রপ ভয়ানক কথা প্রবণ করিয়া চিন্তা করিতে লাগিলেন যে, কন্যাদান জনক জননীরই শাস্ত্রবিহিত অধিকার, তবে কন্যা মুখ্যতা বশতঃ একটা কর্ম করিয়াছে। কিন্তু তাহার শুভাশুভ বোধ কি আছে। আমি তাহাতে অসম্মতি প্রকাশ করিলে কন্যা কদাপি তাহাতে আপত্তি করিবেক দা। অভএব আর কোন স্থপাত্রের অন্বেষণ করা শাউক। এই চিন্তা করিয়া কন্যাকে আপন মত জানাইলেন।

माविजी।

কন্যা উত্তর করিলেন আমি সত্যবানকে মন অর্পণ করিয়াছি অতএব তাহা কিরপে সন্যথা হইবেক। वाका विलालन यिन्छ छ। शांक मृत्नानी छ कवियाह, কিন্তু তাহার সঙ্গে বিবাহ হয় নাই। ঐ রাজচুমার সর্বাংশে তোমার থোগ্য তাহাতে সন্দেহ নাই, কিন্তু সে অল্লায় এক বৎসর পরে তাহার মৃত্যু হইবেক। তথন তুমি পতিহীনা হইবে। পতি নারীর ভূষণ, পতি বিনা রমণীর জীবন ধারণ বৃথা। অতঞ্রব এই বিবাহে আমি কিরূপে সম্মতি দানু করিতে পারি। তুমি অল্প বয়কা, আপনার হিতাহিত বিবেচনায় এখন পর্যান্ত অশক্তী কিন্তু কন্যার স্থবে পিতা মাতার আনন্দ, এবং তাহার ছংখে তাহাদের ছংখ, এই জন্য পিতা মাত্র স্থপাত অযেষণ করেন। কিন্তু যে পাত্র অল্লায়ু তাহাকে পিডা মাতা কিরূপে কন্যাদান করিতে ় পারেন। বিশেষ বৈধব্য অবস্থাতে যেরূপ যন্ত্রণা তাহা পতিহীনা নারী ব্যতিরেকে আর কাহার বোধগম্য नरह। अधिकछ পতिহीना इटेल य क्विक क्वी ला-কের হুঃখ তাহা নহে, পিতা মাতারও তজ্ঞপ হুঃখ। পতিহীনা কন্যা পিতা মাতার অন্তঃশূল স্বরূপ এবং কুলনাশের মূল। অতএব যাহাতে তোমার আপনার চিরযন্ত্রণা ও জনক জননীর সুখাসাদনের হানি, তাহা कतिषु ना। शिषा भाषात्र वाका अवद्यमन अकर्द्धवा। यि चयुष्त रहेगात वाजना हम्न कर, जारा रहेल ভারতভূমির তাবৎ স্পতিগণের সমীপে সংবাদ প্রেরণ করিন তাঁহারা সমাগত হইলৈ ধাহাকে, ব্রণ করিতে অভিলাম হয় করিবে। কিন্তু সভাবান্ এরপ জ্লামু জানিয়া তাহাকে বিবাহ করিও না। এই প্রকার অম্পতি ভূপতি ছহিতাকে নানামত বুঝাইলেন।

माविजी मिनत्य भिर्जादक कार्यलन रह जांछ! আপনি এবিষয়ের কোন চিন্তা করিবেন না: এবং অন্য কোন পাত্রেরও অম্বেষণের প্রয়োজন নাই। আমি मजाबानरक जामी बिलया मतन मतन बतन कतिशाष्टि ; অল্লায়ু বা দীর্ঘায়ু হউন তিনিই আমার স্বামী। তদ্ব-তীত আমি অন্য কাহাকে গ্রহণ করিতে পারি না। युनि जननीर्थत आमात अनुत्ये देवथवा यञ्जनीनिथिया থাকেন তবে তাহা খণ্ডন করিতে কাহারও ক্ষমতা मारे। कनजः এই अनिजा नश्माद्र किहूरे निजा नट्ट, সকল মহুষাকেই সরিতে হইবেক। ভবে কেহ অগ্রে কেহ পশ্চাৎ মরিবেক। কোন ব্যক্তিই মৃত্যু এড়া-ইতে পারিবেক না। কেননা শরীরের সঙ্গেই মৃত্যুর 'উৎপত্তি। অতএৰ তাহাতে ভয়ের প্রয়োজন কি। खंदे गतीत थातरवत गात कर्म धर्म; उनक्रगीननरें আমাদিগের প্রধান কর্ম: তাহা না করিলে নরক ভোগ হয়। অতএব তাহাই আমাদের সর্মধা কর্ত্তবা; শারীরিক কুথ অন্তথ মিখ্যা।

সাবিত্রীর এই প্রকার উত্তর শুনিয়া নারদ মুনি অত্যন্ত তুই হইলেন, এবং তাহাকে আশীর্বাদ করিয়া স্থানে প্রকান করিলেন। রাজা তাহার পরও ছহি- তাকে জনেক হিভোপদেশ দিলেন। কিন্তু সার্বিত্রী কোন প্রকারে সভাবানকে পরিত্যাগ করিতে সম্মত * হইলেন না। তাহাতে রাজা যদিও ছংখিত হইলেন তথাপি কন্যার সম্ভোষার্থ কানন হইতে সভ্যবানকে আনম্মন করিয়া তাহার সঙ্গে ভাঁহার বিবাহ দিলেন।

বিবাহান্তে সত্যবাদ সাবিত্রীকে লইয়া তপোবনে গদন করিলে তদীয় জনক জননী পুত্রের বিবাহ বার্ত্রা শ্রেবনে তদীয় জনক জননী পুত্রের বিবাহ বার্ত্রা শ্রেবনে পরমাজ্যাদিত হইলেন। তপোবনবাসিনী ব্রাক্ষণকন্যারা সাবিত্রীর পরম মনোহর রূপ লাবণ্য দর্শনে অনেক প্রশংসা করিলেন। এই সকল মশোবাদে রাণীর মক্তন অভ্যক্ত বিষাদ জন্মিল। তিনি কহিলেন হায়! জগদীশ্বর কি বিড়ন্থনা করিয়াছেন। কোথায় সত্যবানের বিবাহ দিয়া পুত্রবধূকে রাজমহিন্থী করিব, না সেই প্রিয়তমা কৃপবালাকে তরুমূলনিবাসিনী করিতে হইল। কোথায় ভাবিয়াছিলাম, রাজপ্রাসাদদোপরি রত্মবিভূষিত পর্যাক্ষ অধ্যাসীন হইয়া পুত্রবধূর স্থাকুমন করিব, না তিদিপরীত ভূণশ্যায় বসিয়া সেই চিন্দ্রানন মলিন দেখিতে হইল। হায় কি পরিতাপ! এই কোমলাঙ্গী বিধুমুখীও আমাদের গ্রুরদুষ্টের গ্রুংখ ভাগিনী হইলেন।

রাণী, এই রূপ থেদ প্রকাশ করিলে, সাবিত্রী তাঁহাকে অনেক বুঝাইলেন। তিনি বলিলেন জননি! আপনি রাজসিংহাসন পরিত্যাগ করিয়া অরণ্য বাস করিতেছেন, ইহাতে অবশ্য আপনার ছংখ হইডে পারে। কিন্তু আমাদের স্থান্থখদাতা বিধাতা, তিনি
থাহার অদুটে যাহা লিখিয়াছেন তাহা অথপ্রনীয়।
অতএব তাহাতে বিরক্তি প্রকাশ করাতে ঈশ্বর নিন্দা।
এমত নহে, অনর্থক শোকের আধিকাও হয় এবং সেই
শোকে অভিভূত থাকিলে আমাদের উচিত কর্ম্মেরও
হানি জন্মে। ফলতঃ রাজসিংহাসন ও তৃণশযাতে
কিছুমাত্র প্রভেদ নাই। আমি বিবেচনা করি যদি
এই অরণ্য মধ্যে আপনাদের এবং পৃতির চর্ম সেবা
করিতে পাই, তবে তাহাতেই চরিতার্থতা জ্ঞান করি।
পতি বিনা রাজসিংহাসনও ক্রুটকতুল্য বোধ হয়।

সাবিত্রীর এই রূপ স্থালিতার বাক্য শুনিরা শ্ববি নিদ্দিনীগণ তাঁহার অশেষ গুণাস্থাদ করিলেন। এবং সতাবানের এর্নপ গুণ্বতী ভার্যা প্রাপ্তি জন্য তাঁহা-কেন্ত ভাগ্যবান বিবেচনা করিয়া প্রশংসা করিতে লাগিলেন। অনন্তর সত্যবান সাবিত্রীর সাহত পরম স্থাব কাল্যাপন করিতে লাগিলেন। এবং রাজা রাণীও পুত্রের স্থাথ সুধী ইইলেন।

সভাবান পূর্ব নিয়মান্ত্রসারে প্রভাহ বন হইতে কল
মূল কাঠাদি আনয়ন পূর্বক নগরে বিক্রয় করিয়া বৃদ্ধ
মাতা পিতা ও পতিব্রতা পত্নীর ভরণ পোষণ করিভেন। এইরূপে সম্বংসর কাল অতীত হইলে এক
দিবস দিবাবসান কালে গৃহে খাদ্য দ্রব্যাদির অভাব
দেখিয়া সভাবান কুঠার গ্রহণ পূর্বক বনগমনে উদ্যত্ত
হুইয়া জনুক জননীয় অন্ত্রমতি প্রার্থনা করিলেন।

ताका ७ तानी जरकाटन वनगमरम निरम्ध कतिरन्त। কিন্তু সত্যবান ভাঁহাদিগকে সংস্তান, বাক্যে নিরস্ত করিয়া গৃহ হইতে বহির্গত হইলেন। সাবিত্রী স্থামির অপরাক্তে বনগমন অমঙ্গলের কারণ ইহা ভাবিয়া, ও নারদের বাক্য শারণকরিয়া অতিশয় চিন্তাকুল হইলেন। আর মনে মনে ভাবিলৈন, বুঝি তাঁহার আসম কাল উপস্থিত হইয়াছে সেই জন্য অসময়ে অর্ণ্যে গমন করিতেছেন। ফুলতঃ যদি ইঁহার কোল ভঞাভঞ ঘটে তবে আমার ই হারু নিকটে থাকা উচিত। ইহা ভাৰিয়া পতিপরায়ণা পাৰিত্রী কাহাকেও কোন কথা নী কহিয়া স্থামির পশ্চাৎ পশ্চাৎ গমন করিতে লাগিলেন। সত্যবান ভাঁহাকে পশ্চাৎগামিনী দেখিয়া बातबात निरवध कतिरामन, किन्तु भाविकी उद्योका व्यव-হেলন করিয়া ভাঁহার সঙ্গে সঙ্গে চলিলেন। অনস্তর রাণী সাবিত্রীর বন গমনের সংবাদ পাইয়া সত্তর छाँदारक जानिए शालन, धवः कहिलन ए वर्भ ! তুমি কোথায় গমন করিতেছ ! তুমি যুবতী নারী, कना अविध आहोत कत नाहे, जुमि कोथोग्न गहित। আইস গৃহে কিরিয়া চল, তোমার স্বামী এখনি क्न महेत्रों व्यानिरिष्ट्रका। जुशिष्ठिनत्रा कहिरतन, ক্ষনি! আমাকে অমুষ্ঠি করুন, আমি পতিসম্ভি-ব্যাহারে কানন দর্শন করিয়া আইনি। শাল্পেও বিধি আছে, নারী কখন পতিসঙ্গ ভাগে করিবে না। अञ्चय आति शिक्ष मरम हिमाम। आश्रीन हिस्ते করিবেন না, আমরা এখনি ফিরিয়া আসিতেছি। "এই কথায় রাজ্রাণী নিরুত্তর হইয়া গৃহে কিরিয়া আসিলেন।

সাবিত্রী গহন মধ্যে প্রবেশ করিয়া নানাবিধ कोजुक पर्मन कतिरमन। तास्कृत्रगत ब्हिविध कम মূল আহরণ করিতে লাগিলেন। রাজনিদ্দনী সভত চিন্তা করিতেছেন, কোন সময়ে কি হইবে। অনন্তর ফলাহরণ হইলে সভাবান সাজি ও আঁক্সি সাবিকীর হত্তে দিয়া কাঠ আনমনার্থু কুঠার লাইয়া বৃক্ষে আরো-হণ করিলেন। ,পরে বৃক্ষের একটা শুদ্ধ শাখা ছেদন করিতে করিতে সত্যবানের অতিশয় শিরঃপীড়া বোধ হইল। তাহাতে তিনি অভ্যন্ত কাতর হইয়া বুক্ষ হইতে অবরোহণ করিলেন⁷; এবং ভার্যাকে কহিলেন আমি শিরোবেদনাতে অধৈর্যা হইয়াছি। এই কথায় সাবিত্রী বুঝিলেন যে তাঁহার কাল পূর্ণ হইল। অতএব মনে মনে অত্যন্ত ব্যাকুলা হইয়া আপন অঞ্ল পাতিয়া বৃক্ষতলে ভাঁছাকে শ্যা করিয়া দিলেন, এবং আপন উরুদেশে তাঁহার মন্তক স্থাপন করিয়া তাঁহাকে সান্ত্রা করিতে লাগিলেন।

কিন্তু সত্যবান ক্রমে ক্রমে অধিক অধৈর্য্য হইতে লাগিলেন; এবং সাবিত্রী নানা প্রকার রাস্ত্রনা করি-রাও তাঁহার অঙ্গদাহ নিবারণ করিছে পারিল্যেন না। ক্রমে তাঁহার অঙ্গ এবং ইন্দ্রিয়াদি অবশ হইডে লাগিল। ইহাতে যদিও সাবিত্রীর এমত বোধ হইল যে তাঁছার আসম কাল উপস্থিত, তথাপি সান্ত্রা ও ভঞ্জাবা করিতে কান্ত না হইয়া ভাঁছার আরোগ্যের জন্য প্রাণপণে চেন্টা করিতে লাগিলেন। পরিশেষে তাঁহার নাড়ী বিচ্ছেদ হইয়া প্রাণ বিয়োগ হইল। তাহাতে সাবিত্রী অতিশয় শোকাকুল হইয়া মনে মনে কহিলেন, কুতাঁত যদি আমাকে এতই ছুঃখ দিলেন, কিন্তু তিনি সভাবানকে কি প্রকারে লইয়া যান ভাহা আয়াকে দেখিতে হইবেক।

ইহা স্থির করিয়া সাধিতী সেই তামসী যামি-দীতে একাকিনী মৃত স্বাদির শরীব্ব কোড়ে করিয়া মাকিলেন। কিয়ৎকাল পরে কৃতান্ত স্তাবানকে মানয়নার্থ দূত প্রেরণ করিলেন। কিন্তু ঐ দূতেরা াধনী পতিব্রতা রমণীর বিগ্রহনিঃস্ত ভেজঃপুঞ্চ শূর্ণনে, স্ত্যবানের শব লওয়া দুরে থাকুক, তাহা ্বার্শ করিতেও পারিল না। তদনন্তর তাহারা 🐩 বাজাুখ হইয়া কৃতান্ত সদনে গিয়া সবিশেষ নিবেদন ক্রীরলে, যম স্বয়ং দুতগণ সমভিব্যাহারে তথায় উপ-' 👸 ছইলেন। সাবিত্রী ভাঁহাকে দর্শন করিয়া জিজ্ঞাসা ালেন, আপনি কে? এবং কোথা হইতে আগত ইইলেন ? বন উত্তর করিলেন, আমি বনরাজ তোমার ম্বামির কালপ্রাপ্তি হওয়াতে তাঁহাকে লইতে আর্মি-ग्नाहि। वह कथा छनिया जाविकी चामित्तर भति-ভাগ করিয়া অন্তরে দণ্ডায়মানা হইলেন। তথন যমদুতগণ ব্যরাজের অক্তিতি স্তাবানকে বন্ধন করিয়া লইয়া চলিল। সাকিত্রী স্বানির এডজপ ছুর-বন্ধা বিলোকনে অভ্যন্ত ছুঃখিতা ইইয়া উচ্চৈ স্বরে রোদন করিতে করিতে তাহার পশ্চাৎ পশ্চাৎ চলি-লেম। তাহাতে যমরাজ তাঁহাকে জিজ্ঞাসা করিলেন বংসে! তুমি আমার সজে কি জন্য আসিতেছ। আমি কি করিব, তোমার স্বামির কাল পূর্ণ ইইয়াছে; এই জন্য আমি ইহাকে লইয়া যাইতেছি। অভএব মিখ্যা চিন্তা পরিহার পূর্বক তুমি গৃহে গিয়া স্থামির উদ্ধারের পথ চিন্তা কর।

মাৰিত্ৰী কহিলেন প্ৰভো! আপনি যাহা কহি-লেন আমি সকলি অবগত আছি 🕴 এই সংসার সমুদায় মায়াময় এবং ভাই, বন্ধু, স্বামী প্রভৃতি क्ट वित्रकीरी नरह, कारल नकलरकर काल आश হইতে হইবেক। কিন্তু আমার প্রার্থনা এই যে আপনি সাক্ষাৎ ধর্ম; আপনার অসাধ্য কিছুই নাই। অত-এব সভাবানের পরিবর্ত্তে আমাকে গ্রহণ করিয়া সভা-•বানকে জীবন দান করুন। কুতান্ত কহিলেন পতি-ব্রতে সাবিত্রি! আমি তোমার বাক্যে তুই হইলাম, সত্যবানের জীবন ব্যতীত তোমার অন্য বে প্রার্থনা थारक रल। मानिको मरन मरन श्वित कतिरलन आर्मि সভ্যবানকে কখন পরিত্যাগ করিব না। তবে ধর্মরাজ আমার প্রতি অমুকুল হইয়াছেন, অতএব কি প্লার্থনা করি। পিড়া অপুত্রক আছেন, ওাঁহার বংশ লোক ন च्य देखें बीर्थनीय बटिं। माविकी मदन महम बहै नक्न চিন্তা করিয়া উত্তর করিলেন; প্রভো! যদি মংগ্রাডি সদয় ছইয়া থাকেন তবে আমার অপুত্রক পিতাকে পুত্র দান করিয়া পিতৃকুল উদ্ধার করুন।

যমরাজ সাবিত্রীর প্রার্থনামূসারে অশ্বপতি ভূপ-তির পুত্র ছওনের বরপ্রদান অর্থাৎ ফেরপে পুত হইবে তাহার পত্থা বলিয়া দিলেন। তৎপরে পুনর্বার माविजीत्क शृद्ध भमन कतित्व चारम केतिलान। সাবিত্রী কহিলেন প্রভো! আপনকার মৎসংসর্গ পরি-ত্যাগ করিতে আমার এক তিলার্দ্ধও বাঞ্চা হইতেছে না। কেননা আপনকার সহিত কথোপরুধনে আমি সমস্ত ছঃখ বিশ্ব হইয়াছি, এবং আপনি ব্যতিরেকে এই ভবসিক্ষু পার হইবার অন্য উপায় নাই। অভএব আমি আপনার সঙ্গ কদাপি ত্যাগ করিব না, আপনার সঙ্গে সঙ্গে চলিলাম। কৃতান্ত সাবিত্রীর বাক্যে সম্ভুষ্ট इरेग्रा भूनैकात जाराक बनियन, अजारामित कीवन ব্যতিরেকে যদি তোমার আর কোন অভিলাধ থাকে बन। माबिबी ভাবিলেন, ब्रेस्ट्र ब्रम्ब, यहि ब्रहे खूरगार्थ ় আমার বারা ভাঁহার অক্সত্ম মোচন হয় তবে তহি। না काँति एकन। देश विद्धां कतिया विशासन हर धर्माताम ! শাশার শশুর দমসেন ভূপতির অক্সম্ব দুর হওনের যদি কোন উপায় থাকে তাহ। করুন। ব্যবাক নাবিত্রীর ं बरे झार्थनाछ पूर्व कतित्वन, व्यर्थार व्यवद त्याहत्त्रत উপার বলিয়া দিলেন। তৎপরে তিনি পুনর্মার সাবি-जीत्क वनिरामन, हा ज अधिक हरेश्रोरह, छूमि श्रुटर কিরিয়া যাও।

ইহা বলিয়া যমরাজ প্রস্থান করিলেন। স্পতিবালা গৃহে না যাইয়া তাহার পশ্চাৎ পশ্চাৎ চলিলেন। কতক দূর গমন করিয়া কৃতান্ত পশ্চাতে
দৃষ্টি করিয়া দেখিলেন, যে তখনও সাবিত্রী তাঁহার
পশ্চাৎ পশ্চাৎ আসিতেছেন। ভাহাতে তাঁহাকে
পুনর্বার নিষেধ করিলেন। সাবিত্রী উত্তর করিলেন,
ধর্মাবতার! আমার সংসারের বাসনা নাই।
পতিই নারীর জীবন ও ভূষণ; অত্তর স্বামী যদি
সংসার ত্যাগ করিলেন তবে সংসারে আমার আর
কি প্রয়োজন। আপনি এই আশীর্বাদ করুন, ধর্মে
আমার মতি থাকে। কৃতান্ত নরেত্রনদিনীয় নিতান্ত
ব্যাকুলতা দেখিয়া বাৎসল্যভাবে অশেষ রূপে সান্ত্রনা
করিলেন।

সাবিত্রী তাঁহার কারণিক বচনে শান্ত না হইয়া রাদন করিতে করিতে সংসার আশ্রুদ্দে বিশেষ পুদাস্য প্রকাশ করত দীয়ুক্তান্দে সর্বান্ত কৃতান্তের সহিত রাদান্তবাদ্ ইরিতে লাগিলেন। তিনি কহিলেন পৃথিবী ভাবং নায়াময় এবং মন্তব্য নায়ায় নোহিত হইয়া সংসার রূপ মহা বিপদ সাগরে মগ্ন হয় এবং জান্তি প্রযুক্ত পৃথিবী শুদ্ধ সকল বস্তুই আমার কহে। পরস্ক অতি প্রিয় যে পতি পুল্র ও পিতা মাতা ও স্বন্তর শাশুড়ী তাহারা সকলেই অনর্থের মূল। কেননা ভাহা-দের জন্য অধন্যকে আশ্রয় করিতে হয়। পরস্ক চক্ষ্যু সিন্ত্রেও মন্ত্র্যা অক্ষা, এবং গুটি পোকা যেমন আপ্রাণ্

नार्मित स्ट्रांच स्थाननिमित्रक वस्त्रन करत, रमस्य विद्रित হইতে পারে না, সমুষ্য সেই প্রকার নেত্র থাকিতে আপন মঙ্গল দৃষ্টি না করিয়া বিষয় রূপ জালে আপ-নাকে বন্ধ করে; এবং তাহাতে অবশেষে অশেষ যন্ত্রণা ভোগ করে। অভএব আমি একবারে সংসার বাসনা পরিত্যাগ করিয়াছি, আমি আপনার সঙ্গে চলিলাম। यम ठाँशांत এই मकल वाका धावत। अंठास पूरे रहेरलब: এवः जाँहारक विरंगव क्राप श्रमश्मा করিয়া পুনর্কার বরপ্রদান করিতে চাহিলেন। কিন্তু ভূপালবালা কোন প্রার্থনা প্রকাশ না করিয়া বছ-কণ পর্যাক্ত মৌলাৰলম্বিনী থাকিলেন। ভাঁহার নয়ন যুগলে অঞা ধারা বহিতে লাগিল। ্যমরাজ তদ-র্শনে দয়ান্ত চিত্তে ভাঁহাকে বারস্থার বরপ্রার্থনা করিতে আজ্ঞা করিলেন। স্থানন্দিনী কুতাস্তের সদয়তা বুঝিতে - পারিয়া সত্যবানের ঔরসে তদীয় গর্ডে এক শত পুত্রের कम्म इडेक এই প্রার্থনা করিলেন।

যমরাজ এই কথায় মহা বিপদ্গ্রস্ত হইলেন, কেননা ।
বিদিও স্পর্যতঃ সভাবানের জীবনদানের প্রার্থনা করিলেন না, কিন্তু প্রকারান্তরে তাহাই প্রার্থনা করা
হইল ব্যারাজ কতকক্ষণ পর্যান্ত মৌন হইয়া থাকিলেন; পরে তাহাই হইবে, এই কথা বলিয়া প্রস্থান
করিজেন। সাবিত্রীও সঙ্গে সঙ্গে চলিলেন। কতক দূর
বাইয়া ব্যা পশ্চাজিগে দৃষ্টি করিয়া দেখিলেন, সাবিত্রী
ভবনও বান নাই। তাহাতে পুনর্বার তাহাতে প্রস্কার

করিতে কহিলেন। নাবিত্রী • উত্তর করিলেন প্রভা! আপনি আজ্ঞা ক্রিয়াছেন সত্যবানের গুরসে আমার গর্জে. শত পুত্র হইবে; আপনার বাক্য কথন অন্যথা হয় না। কিন্তু কিরপে আমার এই অভিলবিত সিদ্ধা হইবে তাহা আজ্ঞা করুন; তাহা হইলেই আমি প্রস্থান করি।

যমরাজ লজ্জিত হইয়া কহিলেন, মন্থ্যের আয়ুংশেষ হইলে কশ্পন পুনর্জীবিত হয় না, কিন্তু সাবিতি! তুমি অতি পতিব্রতা এবং আমি ভোমার গুণে অতিশয় বশীভূত হইয়াছি, অতএব তোমার পাতিব্রত্যের পুরস্কার করিতেছি। তোমার এক০ প্রার্থনায় দুই প্রার্থনা পূর্ণ হইল, তোমার পতিকে লইয়া যাও, এবং উভয়ে স্থাধ কালযাপন কর। যাবজ্জীবন এই চতুর্দ্দশী রাত্রিতে ব্রত করিবে। এই চতুর্দ্দশীর নাম সাবিত্রী চতুর্দ্দশী হইল। এই রক্ষনীতে যে নারী ব্রত করিবে সে তোমার নাম সভী হইবে।

এই কথা বলিয়া মৃত্যুপতি সভাবানের মৃত দেহে
জীবন দান করিয়া ভাঁহাকে সাবিত্রীহন্তে অর্পণ করি-লেন। সাবিত্রী মৃত পতির প্রাণ দানে কভান্তের নিকট কৃতজ্ঞতা প্রকাশ পূর্বাক বিবিধ প্রকারে স্তব কবিলেন। অনম্ভর ব্যরাক স্কানে প্রস্থান করিলেন(১)।

⁽১) এই ঘটনা প্রকৃত ঘটিয়াছিল এখত সম্ভব নহৈ; কিন্তু সাবিত্রী অভিশন্ত পতিব্রতা ছিলেন, অভএর ভাঁচার

সাবিত্রী স্থামির সমীপে আগতা হইলে সতাবান নিক্রাইইতে জাগরিত প্রায় গাক্রোপ্পান পূর্বক উঠিয়া বসিলেন এবং অভ্যস্ত বিশ্বয়াপন হইয়া ভার্যাকে কহিলেন প্রিয়ে! কি হেতু তুমি এত দীর্ঘকাল পর্যাস্ত আমার নিজা ভক্কর নাই। এ ঘোর তামসী যামি-नीट जुमि बकाकिनी कि क्राप्त बशास हिला। ठल अक्षर्त शृंद्ध शमन करा या छक, नजूरा तृष्क कनक कननी আমাদিগের অমুপস্থানে চিন্তাকুল হইয়া সমস্ত যাসিনী যাতনা প্রাপ্ত হইবেন। সাবিত্রী উত্তর করিলেন, প্রভো নিজা ভঞ্জনে পাতক জন্মে, এই বিবেচনায় আপনকার নিদ্রাভঙ্গ করি •ন∤ই। যাহা হউক তাহাতে আমার অপরাধ মার্জনা করিবেন। সম্প্রতি এনিবিড় অরণ্যানী মধ্যদিয়া গুহে গদন করা বিহিত্ত নহে; সিংহ, ব্যান্ত্র, বরাহাদি বিবিধ হিংশ্রক জন্তগণের গ্রাসে পতিত হও-নের আটক নাই। অতএৰ উভয়ে কোন বৃক্ষে আরো-হণ করিয়া অদা যাদিনীযাপন করি, রজনী প্রভাতা হইলে গৃহে গমন করিব। এই স্থির করিয়া, পতি পদ্ধী। উভয়ে এক বৃক্ষে আরোহণ পূর্বক দে রজনী কোন मा योभन कतिता।

এ দিকে সভাবানের পিতা মাতা অক্ষের যঠির ন্যায়

পতিপ্রায়ণতা উত্তম রূপে প্রকাশার্থ বিজ্ঞ গ্রন্থকার তাঁহার পতির পরতোক কম্পনা করিয়া তাঁহার পুনজ্জীবিনকে ভাছার সন্ধীক্ষের পুরন্ধার বরূপ করিয়া লিখিয়াছেন। একমাত্র পুতের অন্থাছিডিতে বাাকুল হইয়া ভাবিতে লাগিলেন, যে এই ঘোর অন্ধার রক্তনীতে পুত্র কোঝায় রহিল, কি থাইল, এবং যে পুত্রবধূ কখন গৃহের বাহির হয় না, তাহারই বা কি হইল। কখন কখন ইহাও ভাবিতে লাগিলেন বুঝি কোন হিং অক জন্ত তাহাদিগকে নফ করিল। এই প্রকার নানা চিন্তায় সমস্ত নিশা যাপন করিলেন। অরণাবাসী ঋষিগণ তাঁহাদিগকে নানা মতে সান্ত্রনা করিতে লাগিলেন।

অনন্তর শর্কারী প্রভাত ইইলে সভাবান কল মূল ও কাণ্ঠ ভার ক্ষরে লইয়া প্রিয়তমা ভার্যার সহিত আপনাদের আশ্রমে উপস্থিত হইলেল। প্রাক্ষা এবং রাজমহিবী তাঁহাদিগকে প্রভাগত দেখিয়া মৃত দেহে জীবন প্রাপ্তের নাায় স্লভান্ত উল্লাসিত হইলেন। রাজ-রাণী পুত্র ও পুত্রবধূকে ক্রোড়ে করিয়া মুখচুমন করিতে লাগিলেন। এবং ঋষি ও শ্বামিকনাগণ ভাঁহা-দের আগমন বার্ত্তা প্রবিশ্বন। পরে সাবিত্রীর প্রমু-খাৎ যাবতীয় ছুর্ঘটন প্রবণ করিয়া সাতিশন্ন বিশ্বিত হইলেন, পরে সাবিত্রীকে যথেষ্ট প্রশংসা ও আশী-র্বাদ করিয়া শ্বামিকনাগণ স্বস্থানে প্রস্থান করিলেন।

সাবিত্রী উক্ত শুভ দিবসের স্মরণার্থ তদবধি বর্ষে কর্ষে ঐ চতুর্দ্দশী তিথিতে ব্রত করিতে লাগিলেন। অদ্যাপি স্ত্রী লোকেরা ঐ চতুর্দ্দশীতে ঐ রূপ ব্রত করিয়া থাকে। ঐ চতুর্দ্দশীকে সাবিত্রী চতুর্দ্দশী বলে। তদনত্তর যমরাজের নরমাহান্যে সাবিত্রীর শিতা পুত্রবান হইলেন, এবং দমসেন ভূপতির অন্ধতা দূর • হইল। আর সাবিত্রীর গর্ভে ক্রমশঃ মহাবল পরাক্রান্ত শত পুত্র উৎপন্ন হইলেন। এই সকল পুত্রের বয়ো-বৃদ্ধি হইলে সভাৱান প্রবলবীর্যাশালী পুত্রগণ সহায় করিয়া পিতার রাজ্য • উদ্ধার করিলেন; এবং পতি পরায়ণা সাবিত্রীর সহিত পঞ্চশত বর্ষ রাজত্ব ভোগ করিলেন।

नकुखना।

শকুন্তলা বিশ্বামিত্র ক্ষরির কন্যা ছিলেন। ভাঁহার জন্ম ও রক্ষার বিবরণ অতি আশ্চর্যা। কথিত আছে যে বিশামিত্র মূলি অতি কঠোর তপস্যা আরম্ভ করিয়া-ছিলেন। তাহাতে দেবতাথণ মহাভীত হইয়া, মন্ত্রণা পূर्दक छाराज्ञ-जन्नम जन्न कर्तनार्थ, रामंत्रका नाम्नी अन्त्र-রাকে স্বর্গ হইতে তৎসমীপে প্রেরণ করিলেন। মেনকা পরম রমণীয় বেশে তপোবনে মুনির সম্পুথে ক্রীড়া করিতে লাগিল। মূনি তাহার মনোহর রূপে সোহিত হইয়া তপ জপে জলাঞ্জলি দিয়া তাহার সঙ্গে কাল-यांश्रम कतिएक काशिरक्षम । श्रात এक पिरम मक्तांत সময় বিশ্বামিত মুনি সায়ংসন্ধ্যা করণার্থ মেনকাকে কোশা কুশী ও বারি আনয়ন করিতে আদেশ করি-লেম। তাহাতে মেনকা ঈযদ্ধাস্য পূর্বক কহিল শ্বরাজ এত দিনের পর অদ্য আপনার মনে সন্ধ্যার আবির্ভাব. হইন, এ কি আশ্চর্যা। এই ব্যক্ষোজিতে তপোধন অতাম্ভ কুপিত হইলেন। মেনকা ভয় প্রযুক্ত পলায়ন করিল।

ইতিমধ্যে মেনকা অন্তর্ণক্লী হইয়াছিল; অতএব কানন মধ্যে গমন করিতে করিতে গর্ভ বেদনা উপস্থিত হইলে, এক কনা। প্রসব করিয়া, তাহাকে অরণ্য মধ্যে পরিত্যাগ করিয়া স্বর্গ প্রস্থান করিল। ঈশ্বরেছায় নিয়তি প্রযুক্ত ঐ ত্যক্ত কন্যা কিয়ৎ কাল এক শকুস্ত কর্ত্ত্বক পরিরক্ষিতা হইল। পরে মালিনী তীরস্থ আশ্রম বাসী পরম কারুনিক কর্ত্বামা এক মহর্ষি ঐ অরণ্যে কলাঘেষণে গিয়া, ঐ কন্যাকে অনাথা দেখিয়া, তাহাকে আপন আশ্রমে আনয়ন করিজেন; এবং শকুস্ত কর্ত্ত্বক রক্ষিতা প্রযুক্ত শকুস্তলা, নাম দিয়া কন্যার ন্যায় লালন পালন করিতে লাগিলেন;

এইরপে মুনিপালিত বালিকার যেমন ক্রমশ বয়োবৃদ্ধি হইতে লাগিল তেমনি তাহান রূপ লাব
গ্যাদি ছ্থাংশু কলার ন্যায় উত্তরোত্তর উজ্জ্বল হইতে
লাগিল। শৈশব কালাভিক্রম হইলে, শকুন্তলা জরণ্য
বাসি মণের নিয়মান্ত্রসারে বৃক্কের বক্রকল পরিধান
করিতেন; কিন্তু তাহাতে শরীর শোভার কিঞ্চিশ্মাক্র
বৈলক্ষণ্য হয় নাই; বরক্ষ শৈবল মঙ্গে কমলিনী এবং
কলম্ব সম্পর্কে কলানিধি বেরূপ সৌন্দর্য্যাভিশন্নতা

ধারণ করে তাচ্নশ বক্রক ধারণে শরীরে নাধুরী জভাত্ত

সনোহারিণী হইয়াছিল।

কণু মূনি ভাঁহাকে নানা শাস্ত্র 'অধ্যয়ন ক্রাইতে লাগিলেন এবং শকুন্তলা নানা বিদ্যার বিদ্যাবভী ছই-লেন ৷, শকুন্তলা শৈশবাবস্থা হইতেই কণ সুনির আদেশামুসারে তমির্ন্মিত পুল্প কাননের সেবায় অভান্ত ঔৎস্কাবতী ছিলেন, অনস্থা ও প্রিয়ম্বদা নামী। সমবয়ক্ষা ছুই প্রতিবাসিনীর সমভিব্যাহারে প্রভাহ সায়ং ও প্রাতঃকালে বৃক্ষ লতাদিতে জল সেচন করি-তেন এবং তাবং ক্কের প্রতি সহোদরের তুলা স্নেহ করিতেন।

এক সময়ে কুলপতি কণু মুনি শকুন্তলাকে গৃহে
রাখিয়া সোম তীর্থে গমন করিলেন। ইত্যবসরে
ছন্মন্ত নামধেয় কুরুবংশীয় এক মহাবল পরাক্রান্ত স্পতি সসৈন্যে মৃগয়ার্থ গমন করিয়া নানা অরণ্যে পরিভ্রমণ প্রক্রিক সহতর জীব জন্ত বধ করিতে করিতে হিরণারণ্যে উপন্থিত হইয়া দেখিলেন যে তথায় এক পর্ণশালা আছে, তরিকটে এক পুষ্পাবনে নানা পুষ্পা প্রস্কৃটিত হইয়াছে, পুষ্পপ্রলীন অলিগণ মধুপানে মন্ত আছে, মধুরালাপী পক্ষিগণ মধুরন্থরে গান করি-তেছে, কিয়দূরে মালিনী তটে ঋষিগণের যজ্ঞবেদী হইতে অগ্নিহোক্রাদির ধূম সমুদায় গগণ স্পর্ণ করি-তেছে এবং মুনিগণ বেদপাঠ করিতেছেন।

রাজা এই সকল অবলোকন করত সৈন্য গণকে কহিলেন তোমরা সকলে এই স্থানে অবস্থান কর আমি মুনিদিগকে প্রণাম করিয়া আসি। ইহা বলিয়া রাজা কুলপুতি কণু মুনির আশ্রমে উপনীত হইলেন। তৎ-কালে শকুন্তনা, অনস্থা ও প্রিয়ম্বদা সহচরী হয়ের সহিত, পুস্পোদানে জনসেচন এবং পরস্পর রহস্যাত

লাশ করিতেছিলেন। রাজা ভাঁহাদের আলাপ প্রবন্ধ কোতুকী হইয়া বৃক্ষের অন্তরালে দণ্ডায়মান হইলেন, এবং মুনিকন্যা গনের নানাবিধ বাক্যকৌশল প্রবন্ধ প্রক্ষা মাধুরী অবলোকনে পরমানন্দিত হইয়া ভাঁহাদের সন্মুখে আসিবার উদ্যোগে থাকিলেন। ইতি মধ্যে একটা জমর পুস্পবৃক্ষে জলসেচন জন্য অন্থির হইয়া পুনঃ পুনঃ শকুন্তলার কমলাননে উপবিষ্ট হইয়া ভাঁহাকে ব্যাকুলিভা করিল। অভএব শকুন্তলা সহচরী গনের নিকট ছফ্ট মধুকর হইতে পরিত্রানের প্রার্থনা করিলেন। কিন্তু ভাহারা ভাহাতে কোতুকাবিষ্টা হইয়া উত্তর করিল যে তপোবনের রক্ষা কর্তা রাক্ষা; অভএব পরিত্রাণ বিষয়ে আমারদের কি শক্তি; অভএব ছন্মন্ত রাজাকে শ্বরণ কর।

এইরপ বচনোপন্যাস করিলে রাজা সহর্ষ হইরা
বিবেচনা করিলেন যে ইহাদের সমক্ষণত হইবার এই
এক উত্তম সময়। ইহা ভাবিয়া ভাঁহাদিগের সক্ষ্থে
উপস্থিত হইলেন। শকুন্তলা রাজাকে দেখিয়া ভাঁহার
পরিচয় জিজাসা করিলেন। রাজা কহিলেন, হে
স্থানির আমি ছন্মন্ত রাজা, কণু মুনির সহিত সাক্ষাথ
করণাকাজ্কায় এখানে আসিয়াছি; মুনিরাজ কোধায়।
শকুন্তলা রাজার পরিচয়ে আপনাকে এবং তপোবমকে প্লাম্য জ্ঞান করিয়া ভাঁহার উপবেশনার্থ কুটীর
হইতে কুশাসন আনিয়া দিলেন; আর বলিলেন সুলিরাজ তীর্থে গম্ন করিয়াছেন, আপনি বিশ্লাম করুন।

আমি তাঁহার ছহিতা.; আমি আপনার প্রা করিতেছি।

রাজা এই কথা শুনিয়া পুনর্বার কহিলেন, হে রূপবতি আমি তোমার অন্তপম রূপাবলোকনে তুই হইলাম। কিন্তু মুনিরাজ পরম ধার্মিক ও ফল মূলা-হারী, দাবতাাগী, জিভেন্সিয় ও ব্রহ্মচারী, তুমি কি রূপে তাঁহার কন্যা, আমাকে স্বরূপ বাকৈয় বল । ইহাতে শকুন্তলা মুনিপ্রমুখাৎ শ্রুত স্বকীয় জন্মবৃত্তান্ত আমুপুর্বিক সকল কহিলেন। রাজা কতিপয় দিবস ঐ ধর্মারণো অবস্থিতি করিলেন। তাহাতে পর-স্পারের সদ্মরহার ও রূপ লাবণ্যে পরস্পার মোহিড इटेक्नि। अनस्त त्रांका এक निरम मकुस्रमारक कहि-লেন, শকুন্তলে তুমি এমত রূপবতী। তাপস কুটারে ঈদৃশ ছঃখিনীর বেশে অবস্থান করাতে এতদ্ধপ অমৃ-পम সৌक्तर्यात मिनजारे तृषि श्रेटिज्ह। अर्ज्य মৎপ্রতি অমূকম্পা প্রকাশ পূর্বক আমাকে বরণ করিয়া আমার রাজমহিষী হও, এবং বৃক্ষ বচ্কল পরিত্যাগ পুর্বাক পটাম্বর পরিধান কর।

শকুন্তলা রাজার এই বাক্যে লক্ষিতা হইলেন, কিন্তু রাজার রূপ ও ব্যবহারাদি দর্শনে তাঁহারও মনে প্রাণয় সঞ্চার হইয়াছিল, অতএব অনায়াসে পাণি দানে সম্মতা হইলেন। তদনস্তর, শুভক্ষণে গান্ধর্ম বিধান দারা ছন্মন্ত রাজা শকুন্তলাকে বিবাহ করিলেন। পরে ধর্মারণো কিয়ৎকাল ফুনিকন্যার সহিত একজে অবৃস্থিতি করিয়া স্বহস্তবিত স্বনামমুদ্রিত এক অঞ্-রীয় প্রদান পূর্বক স্বীয় রাজধানীতে প্রত্যাগমন করিলেন।

রাজার গমনান্তে শকুন্তলা তদ্বিহে অত্যন্ত কাতর

হইলেন। পরে এক দিবস তিনি কুটার মধ্যে একাকিনী অনন্যমনা হইয়া একান্তে পতিচিন্তা করিতেছেন,
এমত সমরে ছুর্বাসা নামক এক অত্যুক্তা তপস্বী তথায়
উপনীত হইয়া শকুন্তলার স্থানে আতিথ্য যাচ্ঞা করিলেন। কিন্তু শকুন্তলা স্থপতিভাবনায় নিমগ্ন থাকাতে
অতিথির বাক্য তাঁহার কর্ণগোচর হইল না। তাহাতে
মহর্ষি, অতিথির প্রতি অনাদর করিল, এই বিবেচনায়
কুপিত হইয়া তাঁহাকে এই বলিয়া অভিশাপ প্রদান
করিলেন যে যাহাকে একান্ত চিন্তে চিন্তা করত আমাকে
হতাদর করিলে তোমার চিন্তার আধার সেই ব্যক্তি
চেতিত হইয়াও তোমাকে স্মরণ করিবে না। ইহা
বলিয়া ছুর্মাসা মুনি তথা হইতে সত্তর গতিতে প্রস্থান
করিলেন।

ঐ সময়ে অনস্থা ও প্রিয়য়দা সহচরী দ্বয় পুল্পোদ্যানে পুল্পচয়ন করিডেছিল, তাহারা ঐ শাপ শক্ষ্
শুবন করিয়া দেখিল যে সাক্ষাৎ মুর্ত্তিমান কোপ
স্কলপ চুর্বালা মুনি শাপ প্রদান পূর্বক প্রস্থান করিছেছেন। অতএব অনস্থা ফ্রেডগমন পুরঃসর শ্বি স্মীপে
পিয়া তাঁহার চরন ধারন পূর্বক শকুন্তলার অনবধানের
কারন বিস্তারিত রূপে বিক্তাপন করিয়া বছতর বিনয়

দারা তাঁহার ক্রোধ শাস্তির নিমিত্ত যতু করিল। কিন্তু মুনি ছাহার বিনয়ে বশীভূত হইয়া উত্তর করিলেন যে ' याहा कहियाছि তाहा कमाठ अनाथा हहेरव ना। जरव যদি শকুন্তলা রাজার দত্ত কোন চিহ্ন সন্দর্শন করাইতে পারে তবে রাজার, তাহাকে স্মরণ হইবে। এই কথা বলিতে বলিতে মুনিরাজ অন্তর্হিত হইলেন। পরে ছুই স্থা একত্ৰ হইয়া মুনি মহ্যু বিষয়ক কথোপকথন করিতে করিতে, এক জন কহিল যাহা হুইবার ভাহা হইয়াছে; কিন্তু ইহা নিতান্ত খেদের বিষয় নহে। বেহেতু রাজদত্ত এক অঙ্গুরীয় শকুন্তলার হত্তে আছে ; তাহা প্রদর্শন ব্রাইলে রাজা অবশা তাহাকে চিনিতে পারিবেন। কিন্ত একথা সম্পুতি প্রকাশ করণের अয়ोक्षन नारे; किन ना भकुछला একে পতি বিরহে কাতরা, তাহাতে এই শাপের কথা শুনিলে তাহার ় হুংখাগ্নি দ্বিগুণ প্রজ্ঞালিত হইবে।

এইরপ কথোপকথনের পর শকুন্তলার কুটীরে আগমন করিয়া দেখিল যে তিনি বামহন্তে স্থবদনার্পণ । পূর্বক চিত্রপুত্তলিকার ন্যায় নিশ্চলা হইয়া পতি চিন্তা করিতেছেন। ইহাতে উভয়ে ভাঁহাকে নানাপ্র- কার প্রবোধ বাক্যে সাস্ত্রনা করিল। এইরূপে কিয়ৎ দিবস গত হইল।

পরে কণুমূনি তীর্থ যাত্রা হইতে প্রত্যাগত হইরা হুম্মন্ত রাজার সহিত শকুন্তলার বিবাহের রুভান্ত অব-গত হইরা তাহাতে কোন প্রকার বিরক্তি প্রকাশ করিন লেন না; বরঞ্চ স্থপাত্রের সহিত সংমিলন হওয়াতে সেই সংমিলনকে সোভাগ্য ও স্থুখ জনক জ্ঞান করিয়া আফ্রাদিত হইলেন এবং শকুন্তলার বিবেচনার প্রশংসা করিলেন।

অনন্তর ছন্মন্ত রাজা বাটা গ্রিয়া অবধি শকুন্তলার তত্ত্বাবেষণ না করাতে কণু ক্ষমি মনে মনে এই
বিবেচনা করিলেন যে পিতৃগৃহে যুবতী কন্যা থাকা
উচিত নহে। কেননা তাহাতে অধর্মা, অপয়শ ও কুচরিত্রতা জন্মিবার সন্তাবনা জন্মে। তরুণী কন্যা পিত্রালয়ে বছ ধর্মা শালিনী হইলেও পবিত্রা নহে। এই
সকল বিবেচনা, বিশেষত শকুন্তলাব গর্জ্ঞ লক্ষণ দৃষ্টি,
করিয়া তাঁহাকে স্বামি সদনে প্রেরণ করা হির করিলেন এবং তাঁহাকে পতি গৃহে লইয়া যাইবার জন্য
স্বীয় ভগিনী গোতমী এবং শারঙ্গরব ও সারত্বত
নামা ছই শিষ্যকে আজ্ঞা করিলেন যে তাহারা
ভাঁহাকে হন্তিনা নগরে রাজার নিকটে লইয়া যায়।
এই আজ্ঞা পাইয়া গৌতমী ও শিষ্যদ্বয় গমনের সজ্জাদি
করিতে লাগিলেন।

শকুন্তলা যে পতির বিচ্ছেদে সতত বিমর্যস্থা থাকিতেন; তাঁহার সহিত পুনর্মিলনের আশায় যদিও হর্ম হইল, কিন্তু তাহাতে অরণ্যবাসিনী প্রতি-বাসিনী তপস্থিনী গণের সহিত বিচ্ছেদ সম্ভাবনায় বিদ্যমানা হইলেন। পরে একে একে সকল সন্ধিনী ও প্রতিবাসিনীর স্থানে বিদায় হইতে গেলেন। ভাহাতে তাঁহারা, কেহণ রাজার পরম প্রেয়সী হও, ও কেহ কেহ বীরপ্রসবিনী হও, এই বলিয়া তাঁহাকে আশীর্কাদ করিলেন। এবং কণু মুনি যদিও বন-বাসী এবং জিতেন্দ্রিয় তথাপি, শকুন্তলাকে এতকাল পালন করিয়াছিলাম এখন তিনি পতিগৃহে গমন করি-বেন আর সাক্ষাৎ হইবে কি না এই ভাবিয়া, অতান্ত কাতর হইয়া নানাপ্রকার খেদ করিতে লাগিলেন। শকু-ন্তলা লজ্জায় নুমুমুখী হইয়া পিতৃচরণে প্রনিপাত করিলে মুনিবর তাঁহাকে এই বলিয়া আশীর্কাদ করি-লেন যে যযাতি রাজার শর্মিষ্ঠা নাম্মী পত্নী যাদৃশ প্রেয়সী হইয়াছিকলন তক্রপ তুমিও পত্রির প্রিয়-পাত্র হইয়া এক রাজরাজেশ্বর পুক্র লাভ কর।

এইরপ আশীর্ঝাদ করিলে. পর শকুন্তলা মুনিশিষ্য সমভিব্যাহারে যাত্রা করিলেন। মুনি যদিও বিদায়
দিলেন তথাপি স্নেহ বশত কন্যার সঙ্গে সঙ্গে
কতক দূর চলিলেন। এবং অনস্থা ও প্রিয়ম্বদা স্থীদ্বয়ও তাহার সঙ্গে গমন করিল। এই ভাবে স্পরিবারে ও
কতক দূর গমন করিলা এক সরোবর তীরে উপনীত
হইরা তত্রস্থ এক বৃক্ষদায়া আশ্রয় করিয়া সকলে
উপবিই হইলেন। তদনস্তর শার্লরব প্রভৃতি
অস্থিলি শিষ্য গণ কণ্ মুনিকে কহিলেন হে আচার্যা
আপরি কত দূর গমন করিবেন, এই স্থান হইতে
প্রতিগমন করুন; আসরা শকুন্তলাকে লইয়া যাইতেছি।
কণুমুনি কহিলেন হে শার্ল্যর আমার প্রতিনিধি

বরুপ তুমি শকুন্তলাকে রাজার সমক্ষে উপনীত

করিয়া রাজাকে কহিবে যে তপস্যা মাত্র আমাদের ধন, আর আপনার অভিউৎকৃষ্ট বংশ, এবং আপনাতে **এই मक्छलात चुडः প্রণয়প্রবৃত্তি হইয়াছিল এই** সমস্ত বিবেচনা করিয়া অন্যান্য স্ত্রীতে যাদৃশ অন্তরাগ করেন তত্ত্ব্য ভাবে ইহার প্রতিও কুপাদৃষ্টি রাখি-বেন। অতঃপর দৈবাধীনে যাহা ঘটে তাহা স্ত্রীবন্ধু গণের প্রার্থনাতীত। এবং শকুন্তলাকে কহিলেন বংসে এক্ষণে ভোমাকে উপদেশ দিতেছি প্রবণ কর। পতিগৃহস্ গুরু সম্প্রীয় জনগণের শুশ্রা করিবে, সপত্নী সমূহের সহিত সখিতাচর: ক্রিবে, এবং স্থামী কোন কারণ বশত রুষ্ট হইলেও অভিমান कतिरव ना। जाशत, शतिकातत श्री अर्यमा जासकृष ष्ट्रि ताथित्व, जात जैसर्या वळालकातानि छ्रथ मह्यात्भ অনাসক্ত চিত্তা হইবে। এবস্পুকার সদ্বহার করিলে। যুৰজীগণ কুললক্ষী স্বরূপ গৃহিণী শব্দ বাচ্যা হয়। बहेक्का उपाम अनान श्र्वक क्षृ मृति अअम्पूर्व नम्रत कन्मांक जानिक्रन कतित्वन। मकुखना जन-क्त्र बरे नकल উপদেশ धावत। बदर अविकार বিশ্লেষ সম্ভাবনায়, অত্যন্ত ব্যাকুলিতা হইয়া কহি-लान जनरकत अञ्चलको इहेग्रा किक्ररण प्रभावरत कीवन थात्रन कतिता कृ मूनि कहिरणन वरता पूर्वि কি জন্য কাতর হইতেছ। বছ পরিজন বিশিষ্ট चामित शृहिनी भारत অভিষিক্ত हरेग्रा शह कार्यात ৰাছল্য প্ৰযুক্ত নিরন্তর ব্যস্ত থাকিয়া এবং প্রাচী দিকের নাায় স্থ্য তুল্য তনয় প্রসুব করিয়া আমার বিরহ জনিত শোক বিস্মৃত হইবে।

জনস্তর শকুন্তলা পিতাকে প্রাণান করিয়া সধী
হয়কে আলিঙ্গন করিলেন। সখাহয় তহিরহ জন্য মনো

হঃখ প্রকাশ করিয়া কহিল; সখি যদি দৈবায়ত্ত মহারাজ তোমাকে সহসা চিনিতে না পারেন' তবে রাজ

দত্ত তলামাজিত তোমার অঙ্গুরীয়ক দেখাইবে, তাহা

হইলেই তিনি তোমাকে চিনিতে পারিবেন। শকুন্তলা
কহিলেন সখি এই কথায় আমার অন্তঃকর্ হতাশ

যুক্ত হইত্তে স্থান্থ কহিল তয় নাই স্বেহ

প্রযুক্ত এই আশস্কা মাত্র।

এই প্রকার কথোপকথন কালে শারক্ষরৰ কহিলেন আচার্য্য বেলা হইয়া উচিল অতএব সত্ত্বর

হউন। ইহাতে শকুন্তলাপিতাকে পুনর্বার প্রণাম করিয়া
কহিলেন হে জনক পুনর্বার কত দিনে আমি আপনাকে ও এই তপোবন দর্শন করিব। মূনি উত্তর,
করিলেন যে বংসে আসমুদ্ধ ক্ষিতিপতির পত্নী হইয়া
উপস্কুত্ব পুত্র প্রসব করিয়া তাহাকে রাজ্যভারার্পণ
পূর্বাক স্থামির সহিত শান্তির নিমিত্ত এই আশ্রমে
পুর্বাধনন করিবে। সম্পৃতি শুভ বাত্রা কর। পরমেশ্বর
ভোষার রক্ষা করন। ইহা বলিয়া সকলে শোকাবিক্ট টিক্তে স্থ উদ্দেশ্য স্থানে প্রস্থান করিলেন।
শকুন্তলা গৌতনী ও কণুশিষ্য ত্বর সম্ভিব্যাহাইর

ক্ষেক দিবস গ্রনানস্তর হস্তিনা নগরে উপনীত হইয়া ভত্তস্থ নদীতে স্থানাদি করিলেন। স্থানকালে,শকুন্তলার অঙ্গুলীতে রাজদত্ত যে অঙ্গুরীয়ক ছিল, তাহা নদীতে পড়িল। শকুন্তলা তাহা জানিতে পারিলেন না। পতির সহিত পুনর্মিলনের সুখচিন্তায় বিহ্বলপ্রায় হইয়া হস্তে অঙ্গুরীয় আছে কি না একবারও তাঁহা ভাবি-লেন না। 'স্নানাদির পর সকলে একত হইয়া রাজ- -चाद्र भगन शूर्वकं फीरादिकटक कहिल, र जामता কণু মুনির আজ্ঞাবহ; রাজার সঙ্গে সাক্ষাত করিব। **ज्ञुज्ञ त्राकारक जामारमत्र त्रश्वाम माञ्चा स्मोवात्रिक** রাজসাক্ষাৎকারে উপস্থিত হইয়া, মিঞ্জেদন করিল মহারাজ হিমালয় পর্য়ভের উপতাকা বাসি সন্ত্রীক ক্ষিগণ কণু মুনির আজ্ঞাবহ হইয়া দার দেশে উপ-স্থিত, মহারাজের দর্শন প্রার্থনা করিতেছেন, অতএব যেমন আজ্ঞা হয়। রাজা সম্ভীক ক্ষমিগণের আগমন সংবাদে বিশ্বয়াপন হইয়া আজ্ঞা করিলেন যে পুরো-হিতকে কহ তিনি যথাবিহিত তপস্থিগণকে জভা-র্থনা করিয়া তাঁহারদের সহিত সাক্ষাত করিয়া উপ-যুক্ত বাস স্থানে আনয়ন করেন আমিও তথায় আশি-তেটি।

ইহা শুনিরা দৌবারিক প্রস্থান করিকে রাজা নিরূপিত স্থানে আসিয়া মুনিগণের আগমন প্রতীকা করিতে লাগিলেন, এবং মুনিক্নাদিগের আপ-স্বনের কারণ অমুমান করিতে না পারিয়া বেক্রকটী নাল্লী পরিচারিণীকে জিগুলানা করিলেন যে বেত্রবঁতি কি নিমিত্ত ভগবান কণু শ্লেষিদিগকে আমার নিকট প্রেরণ করিয়াছেন। কোন গ্রহাত্মা কি তাহাদের তপ্রাার বিত্ম কিয়া ধর্মারণ্যাসিদের কাহার প্রতি অত্যান্টার করিতেছে আমি ইহার কিছুই অবধান করিতে পারিলাম না ভাহাতে অভ্যন্ত ব্যাকুল হুইয়াছি। পরিচারিণী কহিল, মহারাজ আপনকার দোর্জণ্ড প্রতাপে কুত্রাপি, কোন বিত্ম হইবার সন্তাবনা নাই। বোধ হয় আত্মীয়তা হেতু খ্যাকণ মহারাজের সহিত সাক্ষাৎ করিতে আসিয়া পাকিবেন।

উভয়ে একবিং আলাপ হইতেছে এমত সময়ে পুরোহিত শকুন্তলা ও তৎসমভিব্যাহারী গণকে রাজার নিকট লইয়া আসিলেন। আসিতে আসিতে শকুন্তলা দক্ষিণ নেত্র স্পান্দনে অশুভাশস্কায় ভীতা হইয়া গৌত্মীকে তাহা জানাইলেন। গৌতমী, বংসে! তোমার অমঙ্গল দূর হইয়া স্থা বৃদ্ধি হউক, ইহা কহিয়া সাজুনা করিলেন। অনন্তর সকলে রাজার সম্মুখে উপস্থিত হইলে রাজা শকুন্তলার প্রতি দৃষ্টি করিয়া প্রতীহারীকে ধীরে ধীরে জিজ্ঞাসা করিলেন যে ক্ষমিনা প্রতীহারীকে ধীরে ধীরে জিজ্ঞাসা করিলেন যে ক্ষমিনা প্রতীহারীকে প্রতীহারী কহিল মহারাজ পরম স্থান্দরী, দর্শনের উপযুক্ত পাত্রী। রাজা কহিলেন পরস্ত্রী দর্শনিয় নহে।

, 'অনন্তর রাজপুরোহিত রাজার সহিত ক্ষমিগণের সাক্ষাৎ ও আলাপাদি করাইয়া দিলেন। পরে কণ্ণাষ্য আশীর্কাদ জানাইয়া কহিলেন যে আমাদের উপাধ্যায় মহায়া কণ্কামি আজা করিয়াছেন, যে মহারাজ গোপনে যে তাঁহার কনাাকে বিষাহ করিয়াছিলেন তাহাতে তিনি আনন্দিত হইয়াছেন; কেননা যে প্রজাপতির নির্কাজে পাণিএহণ সমাধা হয়, তিনি যদি তুলাওণ বর কনাার পরস্পর মিলন করিয়া দেন, তবে কদাচ নিন্দনীয় হয়েন না। অতএব সম্পৃতি অন্তঃসত্ত্বা এই শকুন্তলাকে সহধর্মাচরণার্থ গ্রহণ করুন। গৌতমীও কহিলেন, বৎস ! 'এই শকুন্তলা বিষাহ কালে স্বীয় ওরু জনকে কিছুমাত জিজ্ঞাসা কর নাই, অতএব ডোমাদের উভয়ের পরস্পরায়্রাগ বিষয়ে তোমরাই প্রমাণ।

ভূমনত রাজা শকুন্তলাকে ধর্মারণ্যে বিবাহ করিয়াছিলেন তাহা তাঁহার কিছুমাত্র স্মরণ ছিলনা; অতএব
কণুশিষ্য ও গৌতমীর বাক্য শ্রবণে বিস্ময়াপন্ন হইয়া
কহিলেন,তোমরা এ সকল কিকথা কহিতেছ ইহা উপনাাস জ্ঞান হইতেছে। শকুন্তলা এই কথায় মনে মনে
কহিলেন, হা! রাজার আকার দ্বারা বোধ হইতেছে,
ইনি আমাকে অবজা করিতেছেন। শারজ্র ক্রছিলেন
কি; ইহা উপন্যাস কহা যাইতেছে? মহারাজই,ইহার
সমস্ত বিবরণ অবগত আছেন। যাহা হউক মুবতীগণ
মিনিও যথার্থত সতী হউন ভথাপি নিরন্তর পিতৃগুহে

বাস করিলে লোকে অন্যথা আশস্কা করিয়া থাকে;
এই কারণ বন্ধু বর্গের কর্ত্তব্য যে পতির নিকট তাহাদিগকে প্রেরণ করিয়া কন্যাভার হইতে উত্তীর্ণ হয়েন।
ইহা শুনিয়া রাজা কহিলেন, কি! ইহাকে আমি বিবাহ
করিয়াছি। এই বাক্যে শকুন্তলা অতি বিশ্বৃতা হইয়া
মনে করিলেন,হা ঈশ্বর্ম! মনে মনে যে আশস্কা হইয়াছিল তাহাই ঘটিল। সারক্ষরব কহিলেন প্রথমে এক
কার্য্য করিয়া পশ্চাৎ তাহার প্রতি ঘৃণা করাতে ধর্ম্মের
প্রতি দেব করা হয়, তাহা কি রাজার উচিত কর্ম্ম!
রাজা বলিলেন আপনি আমার প্রতি কেন এমত অসৎ
কল্পনীয় প্রস্থেশন করিতেছেন। সারক্ষরব ক্রোধভাবে
বলিলেন, ঐশ্বর্যাশালী হইলেই প্রায় এই প্রকার মন্ততা
হইয়া থাকে। রাজা কহিলেন, এতাদ্বক কটু ক্র্যায়
বাক্যে আমি অতান্ত ছংখিত হইলাম।

পরস্পর এই প্রকার বাক্বিতণ্ডা হইলে গোঁতদী
শকুন্তলাকে সম্বোধন পূর্বক কহিলেন, বংগে! তুমি
লজ্জিতা হইও না, তোমার মুখাবরণ বসন উত্তোলন
করি, তাহা হইলে রাজা তোমাকে চিনিতে পারিবেন।
ইহা কহিয়া গোঁতনী জক্রণ করিলেন। রাজা তাঁহার
পরম মনোহর রূপ সন্দর্শনে মনে মনে চিন্তা করিতে
লাগিলেন, আমি ইহাকে পূর্বে বিহাহ করিয়াছি কি না
শরণ,হইতেছে না। কিন্তু, জ্রমর বেষত নিশাবসানে
শিলিরাবৃত কুন্দ কুন্তম মধু সম্যোগ করিতেও পারে না,
পরিত্যাগ করিতেও পারে না; তাদুশ এই যুবতী জন্মু-

পদুলাবণ্যা দর্জাক সুন্দরী কামিনীকে একণে গ্রহণ করি'তেও পারি না,ও পরিত্যাগ করিতেও পারি না।' রাজা
মৌন ভাবে এইরপ চিস্তা করিতেছেন এমত সময়ে
দারক্ষরব কহিলেন,মহারাজ! ইহাকে কি পরস্ত্রী জ্ঞান
করিতেছেন ? রাজা বলিলেন, হে তপোধন! নানাবিধ
চিস্তা করিয়াও ইহাকে যে পরিণয়ন করিয়াছি, তাহা
স্থরণ হয় না; অতএব কিরূপে আপনাকে ক্ষত্রিয়
কুলাক্ষারন্ধরূপে স্বীকার করিয়া গ্র্ভ লক্ষণাক্রাস্তা
এই রমণীকে গ্রহণ করিব।

রাজার এই বাক্য শ্রবণে শকুন্তলার শিরে যেন বজু তাঙ্গিয়া পড়িল, এবং তিনি মন্দেক্রিলেন, হা দিরর! বিবাহেতেই যদি রাজার সংশয় হইল, তবে আর অন্য আশা সমূহ স্থতরাং নিক্ষল হইল। সার-ক্ষরব কহিলেন, মহারাজ! শকুন্তলার প্রতি এরূপ মত্যাচার করণে অতি অন্যায়াচরণ হইতেছে; কেন না যাহার যে বস্তু তাহাকে তাহা সমর্পণ করিতে উদ্যত যে মহর্ষি কণু মহাশয় তাহার অপমান করা হইল। সারত্বত কহিলেন সারক্ষরব আর কোন কথার প্রয়োজন নাই, এক্ষণে ক্ষান্ত হও, এবং শকুন্ত-লাকে কহিলেন, ভগিনি! আমাদের যাহা বক্ষরা ভাহা বলা হইল, রাজা যাহা কহিলেন ভাহা প্রেবণ করিলে, এক্ষণে তোমার যাহা বক্ষরা থাকে, তাহা ক্ষানাও।

শকুखणा यत्न यत्न ভাবিলেল, ब्रांका एव नकत कथा

বলিলেন ভাহাতে আর পূর্ব্ব কথা স্মরণ করিয়া দিলে কি ফলোদয় হইবে? যাহা হউক তথাপি আপনার পরিশুদ্ধতা প্রকাশার্থ কিঞ্চিৎ বলি ; ইহা আলোচনা পূর্বক মৃত্ত্বরে কহিতে লাগিলেন, হে স্থামিন্! কিন্তু স্বামী শব্দ উচ্চারণ করিয়াই অতিশয় লজ্জিতা হই-लन ; किन ना विद्वानों कतित्वन, यादात विवाद्यक, সন্দেহ প্রকাশ হইভেছে তাহার প্রতি এরূপ সম্বোধন এক্ষণে লজ্জাকর৷ অতএব তাহা সংশোধন পূর্বক কহি-লেন, হে পুরু বংশপ্রধান! তোমার কি স্মরণ নাই; অরণ্যে মৃগয়া করিতে গিয়া কণ মুনির কুর্টারে উপস্থিত হইলে মুনির ক্রির্থ গমন হেতু যে তোগাকে অভ্যর্থ না 'করিয়াছিল, এবং তুমি সদ্ভাব দারা বিশ্বাস জন্মা-देश यादात क्षमा कवां निःश्मारव छान्यां ने कतिया मन इत् कतियाहित्न, এবং याहात्क ऋमधूत छ-. মিষ্ট প্রণয়ালাপ দারা আশাস প্রদান করিয়াছিলে, সম্পুতি এরপ নিদারণ হইয়া নীরস বচনে লোক সমাজে ভাহার এ প্রকার অপমান করা কি ভোমার • উচিত ?।

রাজা এই সমস্ত বাক্য শুনিয়া হস্ত দারা কর্ণ দ্বয় আক্ষাদিত করিয়া রাম রাম শক্ষ উচ্চারণ পূর্বক কহিলেন, বেমন সিন্ধু প্রবেল তরক দারা আতের জম জন্মায় এবং ভটন্থ তরুকে পতিত করিতে কেন চেকা করিতেছ। ইহা শুনিরাও শকুরলা পুনর্বার কহি-

লেন, ভাল বদি পরিণয়ন বিষয়ে নিভান্ত সন্দিশ্ব হইয়া এরপ কহিতেছ তবে কোন চিহ্ন দারা ভোমার সন্দেহ ভঞ্জন করিতেছি। রাজা কহিলেন উত্তম কল্প বটে। অনস্তর শকুন্তলা রাজদত্ত অঙ্গুরীয়ক তত্ত্ব করিতে বাগ্রা হইয়া অঙ্গুরীয় স্থান সন্ধান করিয়া দৈখিলেন যে অঙ্গুলী অঙ্গুরীয় খান সন্ধান করিয়া দৈখিলেন যে অঙ্গুলী অঙ্গুরীয় খান্য; তাহাতে নিভান্ত বিষয়া হইয়া গোভনীর মুখ নিরীক্ষণ করিতে লাগিলেন। গোভনী কহিলেন, বুঝি শক্রাবতংরে শচী তীর্থের জল রন্দনা করণকালে তথায় অঞ্গুরীয় পরিজ্ঞ হইয়া থাকিবেক।

ইহাতে রাজা কিঞ্ছিৎ হাস্য করিয়া বলিলেন; এ কেবল স্ত্রীজাতির প্রত্যুৎপর্মতি দুস্মাত্র। শকু-ন্তলা কহিলেন, বিধাতার বিভ্রনাতে এই সমস্ত' ছুর্ঘটনা ঘটিভেছে। এক দিবস বেতস লতার মগুপ মধ্যে তোমার হত্তে পদ্ম পত্র পুটে জল ছিল; সেই সময় এক মৃগশাবক সেই ু স্থানে উপস্থিত হইল। তাহাতে তুমি কহিলে বে এই শাবক জলপান করুক। 'ইহা বলিয়া জল পান করিতে দিলে। কিন্তু শাৰক তাহা পান করিল না। অনস্তর তোমার হস্ত হইতে **त्रहे क्रम जामि महेल त्र जानत्म जामात हर**ख পান করিল। ইহা দেখিয়া তুমি কৌতুক করিয়া कहित्व ए गंकरमर्टे चक्रमें विश्वां कदिया थारक, বেহেতু ভোমরা উভয়েই বনবাসী। রাজা কহিলেন আহা ! আত্ম কার্যাসাধনতংপরা স্ত্রীক্ষাতি মনো-হর রূপ ধারণ করত অমৃত বাক্য হারা বিবয়িগণের

চিন্তাকর্যন করিয়া থাকে। গোন্তমী কহিলেন, এতাদুশ অন্থচিত বাক্য কদাচ উচ্চারন করিবেন না। তপোবনে প্রতিপালিত ব্যক্তি ছল চাতুরীতে স্থভাবতঃ অনভিজ্ঞ। রাজা কহিলেন, হে প্রাচীনে! পশুজাতিস্ত্রীরপু,শিক্ষা ব্যতীত পটুতা দেখা যায়, তাহার প্রমান
কোকিলা গল শাবক সকলের উড্ডয়ন শুক্তি জ্বিদ্রার পূর্বে অন্য পক্ষি দ্বারা তাহাদিগকে প্রতিপালন
করিয়া থাকে, যাহাদিগের বোধাধিকার আছে
তাহাদের কথা কি কহিব; অরণ্যে থাকিলেও তাহাদের শঠতা যায় না। এই বাক্যে শুকুস্তলা কুপিতা
হইয়া কহিলেকত্ব অবিচক্ষণ! তুমি আপনার মনের
মত সকলকেই বিবেচনা করিতেছ, তোমার ন্যায় তুলাক্লের কুপের সদৃশ কপট ধর্মাচারী আর কে হইবে!

এই কথার রাজা মনে যনে করিলেন ইহাকে যে বিবাহ করিয়াছি তাহা আমার স্মৃতি না হওরার, এবং নির্জ্জনে যে প্রণয় হইয়াছিল কহিতেছে তাহাও জমান্য করণে, ইহার ক্রোধোদর হইয়া নয়ন দর রক্ত বর্ণ হইয়াছে; এই প্রকার পর্যালোচনা করিয়া রাজা কহিলেন, হে মান্যে! ছন্মস্তের চরিত্র প্রজ্জান করিবে। ছন্মস্তের চরিত্র প্রজ্জান করিবে। শকুন্তলা বলিলেন লোকের ধর্মাচরণের বৃত্তান্তের প্রমাণ তোমরাই জান, লক্ষাভিত্তা মহিলাগণ তাহার কি জানিবে। কিছু হে সভ্য ! একণে তোমার নিকটে আয়কার্যসাধিনী

হইয়া গণিকা রূপে গণিতা হইলাম। কিন্তু ভোমার কি 'কিছু মাত্র ধর্ম ভয়-নাই, তুমি বাজ্যেশ্বর,রাজ্য ভোগে কুদ্র কথা বিশাত হওয়া তোমার সম্ভব। কিন্তু একথা তাদৃশ নহে, তুমি মনে ভাবিয়া দেখ, আমি ভোমার ধর্মপত্নী,তোমা ব্যতিবেকে আমি আর অন্য কোন মছ-ব্যকে জানি না। হে মহারাজ ! তুমি আরো বিবেচনা করিয়া দেখ, মহুষোর জ্ঞাতসারে মিখ্যা কহা উচিত যে ব্যক্তি মিথা কহে সে জগতের অমান্য হয় এবং চরমে পরম পদার্থ হারাইয়া নরকগামী হয়। গোপনে মিথাা কহিলে তাহা মানব মণ্ডলী মধ্যে প্রকাশ হয় না বটে, কিন্তু সেই সর্বাঞ্চলি সর্বজ্ঞ পুরু-ষের নিকট অপ্রকাশিত থাকে না, এবং চন্দ্র, স্থর্যা, ' বাযু, বহ্নি, পৃথিবী, জল, আকাশাদিও সকলে তাহা দেখিতে পায়; এবং সন্ধ্যা প্রাতঃ ইহারা ধর্মাধর্মের প্রমাণ স্বরূপ হইয়া ভবিষাতে সাক্ষ্য প্রদান করে, ধর্মরাজ তদমুসারে তাহার দণ্ড বিধান করেন; অত--এব মিথা হইতে আর গুরুতর পাপ নাই। মহারাজ কখন মিথ্যা কহিও না। আমি পতিব্ৰতা নারী,আমাকে নীচ বিবেচনায় অবজ্ঞা করিও না-পণ্ডিত গণ কুল-পালিকা প্রেয়সীর বহু দোবেও তাহাকে ক্ষমা করেন, পত্নী পতির অর্দ্ধ শরীর, তাহার আত্মকুল্যে সর্ব্ধ ধর্ম প্রাপ্ত হওয়া বায়, দারবিহীন গৃহ অরণ্য প্রায়, প্লুত্যুত কাননে জায়া সহ থাকিলে গৃহস্থ আখ্যান্ন আখ্যাত ' रम । जागारीन लाक मस्य व्यवसानी, मर्सना दृश्यी

এবং সতত উদাসচিত্ত, ভার্যাবস্ত লোকেরা পর্ম স্থাধ काल क्षिप्रेव कर्ड निर्म्तन इहेशां अहा छुः एथं विर्माहन ' পায়। পতি বর্ত্তমানে পতিব্রতা পত্নী লোকান্তরগত হইলেও সে স্থামির আগমনে, অুধাকাজ্যি চকোরের নাার পথ চাহিয়া থাকিয়া, তাহার পঞ্চত্ব প্রাপ্তি হইলে তাহাকে পরিত্রাণ করত স্বর্গভোগী করে। ইহা শাস্ত্রে উক্ত আছে। বিশেষতঃ ভার্য্যা দারা পুত্র প্রজাত হয়, যদারা ইহলোকে লোকসমূহ পরম সুধ এবং মরণান্তেও উদ্ধার পায়। কিন্তু পত্নী বিনা দেব-তারাও সন্তান উৎপাদন করিতে পারেন না। মহা-রাজ! তুমি কর্ম শাস্ত্রে পারদর্শী, বিজ্ঞ, বিশারদ, ও 'স্মপণ্ডিত, অতএব আমাকে অবজ্ঞা করিও না। যদি निजां अवका कत जार मनीय शर्फ जवनीय छेत-সজাত সন্তান আছে, তাহা বিবেচনা করিবে আমাকে • অবহেলা করিলে আপনার সন্তানকেও অবহেলা করা इहेरव ।

এই দকল বাক্য শুনিয়াও রাজার এদন মনে হইল না যে এই নারী আমার ভার্যা; অভএব প্রত্যুন্তর করিলেন তুমি কেন বার্যার স্বকপোলকল্লিত
কৈতব বাক্য দারা আমাকে প্রতারণা করিতে চেডা
করিতেছ, সামি ইহার কিঞ্জিয়াত অবগত নহি।

গৌত্মী কহিলেন, বংসে! তুমি পাবাণতুলা; হাদয় এই পুরুবংশীয়ের মিউ বাকো আন্ত হইয়াছিলে, ইয়ার শরীরে কিছুমাত্র দলা নাই। এই বাকো

শকুন্তলা বসনাঞ্লে বদনাচ্ছাদন করিয়া রোদন করিতে লাগিলেন। সারক্ষরৰ কহিলেন এ সকল কর্ম পুর্বের বিবেচনা করিয়াই করা কর্ন্তব্য। কেননা পুরুষের অন্তঃকরণ জ্ঞাত না হইয়া প্রণয় করিলে ঐ প্রণয়ে অবশেষে শক্তা হইয়া উঠে। গ্রাজা কহিলেন কি চমৎকার, তোমরা এই নারীর বাক্যে বিশ্বাস করিয়া আমাকে নিরপরাধে দূষিত করিয়া আক্ষেপ অমুযোগ করিতেছ। এই কথায় সারঙ্গরব ক্লোধাবিষ্ট হইয়া কহিলেন তোমরা ইঁহার কুংসিত বাক্য প্রাবণ করিলে ? যে ব্যক্তি জন্মাবধি কখন শঠতা শিক্ষা করে নাই, তা-হার বাক্য প্রমাণ হইল না, আর পরভাতারণা অভ্যাস কারী ব্যক্তিরাই সত্যবাদী। রাজা কহিলেন ভাল, আপনারাই সভাবাদী হইলেন; কিন্তু বলুন দেখি, ইহাকে প্রতারণা করিয়া আমার কি লভা। সারঙ্গ-त्र**किहरलन निপा**ज लाख इंडेर्टर। त्रांका कहिरलन পুরুবংশ সম্ভান মধ্যে এমত কুসম্ভান কেহ এপর্যান্ত ' জন্মে নাই; ভোমার বাক্যপ্রতি আমার অশ্রদ্ধা হইল। সারঙ্গর কহিলেন, শুন রাজা আর রুখা উত্তরের প্রযোজন নাই, আমরা গুরু আজাত্বরূপ অত্যুষ্ঠান कतिमान, এবং कास्तु इहेमान बहे मकुसमा जाशनात পত্নী ইহাকে পরিত্যাগই কর বা গ্রহণই কর, ভার্যাতে বিবাহকর্ত্তার সর্বতোভাবে প্রভুতা আছে। গৌত-মীও এইরূপ কহিয়া, চল বলিয়া প্রস্থানোদ্ত হইলে ্দকুন্তলা কহিলেন, আমি এই ধূর্জ কর্ম্ভ নিরাশা

সিতা হইলাম, তোমরাও আমাকে পরিত্যাগ কর,ইহা কহিয়া গৌতমীর অন্তুগামিনী হইলেন।

গৌতমী অবস্থিতি করত মুখ ফিরাইয়া কহিলেন, বংস সারজরব! শকুন্তলা পশ্চাং পশ্চাং আগমন করিতেছে, স্বামী বিজ্ঞান পরাজাু খ ধূর্ত্ত হইলেন এক্ষণে এ ছুর্জাগিনী কি করে। শারঙ্গরৰ অতি রুট হইয়া कहिरलन, आः धूर्ब्र एउ ! এ कि श्राधीरनत रावशात করিতেছ। এই তিরক্ষার বাক্যে শকুস্তলার কম্পান্বিত কলেবর হইল। সারঙ্গরবু বলিলেন শুন, রাজা যাহ। কৃহিতেছেন যদি তুমি সেই প্রকার হুও তবে তুমি कूलটा তোমাতে আমাদের কি কার্যা, আর যদি তুমি °আপুনার শুচিত্রত নিশ্চয় জান, তবে পতি গৃহে তোমার দাসীত্ব ও ভাল,অতএব এই স্থানে সুখে থাক, আমরা গমন করি। ইহাতে রাজা কহিলেন, হে তপ-- স্থিপণ ইহাকে কেন ভোমরা পরিভাগে করিয়া যাই-তিছ, দেখ চন্দ্রই কুমুদিনীকে প্রস্কৃটিতা করেন, এবং সূর্যাই পদ্মিনীকে বিকসিতা করিয়া থাকেন, অতএব ৰলি, সংপুরুষের স্বভাব এই যে পরস্ত্রী স্পর্শে পরাজুখ ছ্ইয়া থাকে। সারজরব পুনরপি কহিলেন, মহাশয় বদি কোন কারণ বশতঃ পূর্কাবৃত্তান্ত বিশাৃত হইয়া ধাকেন তবে আপনি ধর্মতীক্ল কেন দার পরিত্যাগ করেন

বাজা কহিলেন, ভাল, আপনারা সং অসং সকলি
ক্লোত আছেন, অভুএৰ আপনাদিগকে জিজাসা করি

(b) আমিই বিশ্ত হইয়াছি অথবা ইনি মিথ্যা কহি-তেছেন এমত সংশয় স্থলে আমি দারত্যাগী হৃই কি পরস্ত্রী স্পর্শ দোষে দৃষিত হই, ইহার ব্যবস্থা কি! ইহাতে পুরোহিত বিচার পূর্বক কহিলেন মহারাজ, এই রূপ হউক, অর্থাৎ এই গর্ভবতী প্রস্ব কাল পর্যন্ত এই স্থানে অবস্থিতি করুন। রাজা কহিলেন কি নিমিস্তে। পুরোহিত কহিলেন মহারাজ! **আপনার** পুত্রেষ্টি যজ্ঞ করণে আপনার প্রতি পূর্বের আদেশ হই-ग्नाह, य जाशनि अथरम धक ठक्कवर्जि नक्कवाकान्त পুত্র লাভ করিবেন। অতএব মুনি দৌহিত্র যদি তাদৃশ লক্ষণাম্বিত্ হয়, তবে মঙ্গলাচরণ পূর্বক উৎসব করিয়া ইহাকে অন্তঃপুরে প্রবেশ করাইবেন; অন্যথা ইহার পিতৃ গুহে গমনই স্থির আছে। ইহা শুনিয়া রাজা কহিলেন, যাহা আপনাদের অভিক্রচি হয় তাহা করুন। অনন্তর পুরোহিত গাতোখান পূর্ব্বক শকুন্তলাকে সম্বো-ধন করিয়া বলিলেন বৎসে! এই দিকে আমার সহিত আগমন কর। ইতাবদরে শকুন্তলা অত্যন্ত আক্ষেপ পূর্বক কহিলেন হে বস্তন্ত্রে তুমি বিদীর্ণা হইয়া আমাকে স্থান দান কর। শকুন্তলা এই প্রকার কহিতে কহিতে পুরোহিত, তপস্থিগণ এবং গৌডমীর সহিত রোদন করিতে করিতে প্রস্থান করিলেন।

রাজা তাহাদের গমনের পর চিন্তা করিতে লাগি-লেন, যে মুনিতনয়াকে পূর্বে কিছু কহিয়াছিলান ইহা স্বর্গ যেন হইতেছে কিন্তু বিশ্বাহ করা স্বরণ হয় না। যাহা হউক এই সকল ব্যাপারে আমার অন্তঃ ক্রণ অত্যক্ত থিদ্যমান ও ব্যাকুল হও য়াতে বোধ করি মুনি ' কন্যা যাহা কহিয়াছে তাহা সভাই বা হইবে; এবং-প্রকার পর্যালোচনা করত শয়নার্থে গমন করিলেন।

শকুন্তলা গোত্দী ও কণুশিষ্যগণ সমভিব্যাহারে
নগরে থাকিলেন, এবং তাঁহারা সকলে মনে মনে
কহিতে লাগিলেন, হায়! রাজার এ কি বাবহার তিনি
বিবাহিত পত্নীকে চিনিতে পারিলেন না ,এবং তাঁহার
বিবাহ অস্বীকার করাতে গর্ভবতী সতী লক্ষায় একেবারে মৃত প্রায় হইয়া থাকিল। রাজাও অনেক চিন্তা
করিয়া কিছুই স্থির করিতে পারিলেন না যে তাহাকে
বিবাহ করিয়াছেন, এবং অঙ্গুরীয়ের কথা উক্ত হওয়ান তেওঁ তাঁহার এমত স্থরণ হইল না যে ধর্মারণা হইতে
প্রত্যাগমন কালে তিনি শকুন্তলাকে স্বীয় হস্তাঙ্গুরীয়
প্রদান করিয়াছিলেন। কবি কালিদাস ছ্র্বাসা মুনির
শাপকে এই বিশ্বরণের হেতু করিয়া লিখিয়াছেন।
বাহা হউক অবশেষে রাজার ভ্রান্তি বিমোচন হইয়ান
ছিল। তাহার বৃত্তান্ত এই।

এক দিবস'র।জা সভায় বসিয়া বিচার করিতেছেন এমত সময়ে নগরপাল এক বাজির হস্তদম বন্ধন পূর্বক স্টুচক ও জালুক নামে ছুই জন রক্ষক সমভিবাছারে রাজদারে উপনীত হইল, এবং রক্ষক দ্বয় ঐ বাজিকে প্রহার করত জিজ্ঞানা করিল যে অরে ছরায়ন! তুই এই মহামুলা রত্নে উজ্জ্বল নামাক্ষরাবিত রাজ্ঞীয়

অঙ্গুৱীয়ক কোথায় পাইয়াছিস বল। ঐ ব্যক্তি অভান্ত ' ভীত হইয়া উত্তর করিল, দোহাই ধর্মাবতার আদি এমত কুকর্ম করি নাই । ইহাতে এক রক্ষক কহিল ভবে কি ভোমাকৈ উত্তম ব্ৰাহ্মণ বলিয়া রাজা এই অঙ্গুরীয় সম্প্রদান করিয়াছেন। ঐ বাক্তি কহিল এবণ কর আমি শক্রাবভার বাসী ধীবর। এই কথা কহিবা মাত্র অন্য রক্ষক কহিল অরে বিটলা! ভোমাকে কি আমরা জাতি, আর বসতির কৃথা জিজ্ঞাসা করিতেছি। ইহাতে নগর-পাन विनन ভान हेशांक करम करम नकन कहिएं দাও। রক্ষাকারক যে আজ্ঞা বলিয়া ধীবরকে কছিল व्याक्त रत । श्रीनत रतिन कान रिएमू, প্রভৃতি সংস্য 'মারণ উপায় দারা আমি কুটুম প্রতিপালন করিয়া থাকি। এক দিবস একটা রোহিত মৎস্য প্রাপ্ত হইলাম এবং তাহা বিক্রয়ার্থে থগু থণ্ড করিয়া তাহার উদর মধ্যে এই স্থগোভন রত্মাঙ্গুরীয় দর্শন করিলাম। পশ্চাৎ এই স্থানে বিক্রয়ার্থে ক্রেতাগনকে দর্শন করাইতেছি ইতা-वमत्त हेशामत कर्ज् क धृष्ठ ও गृशीष हहेग्र! ছि। बहे মাত্র আমার বিবরণ। একণে আপনারা আমাকে প্র-श्राप्तरे कक्रम वा वधरे कक्रम।

এই সমস্ত প্রবণ করিয়া নগরপাল ঐ অঙ্গুরীয়ের আদ্রাণ লইয়া কহিল, হে জালুক! ইহা বে মংস্যো-দরে ছিল ইহাতে কোন সন্দেহ নাই, কেন না ইহাতে আমিনের গল্প পাইতেছি। অতএব এই আগম ছারা প্রবাক্তি মার্জনা প্রাপ্ত হইতে পারিবেক। যাহা হউক আইস সকলে বিচারালয়ে গমন করি। ইহা করিয়া রাজ বাটার পুরদারে উপস্থিত হইয়া রক্ষক দয়কে ' তথায় অপ্রমন্ত ভাবে অবস্থিতি করিতে আদেশ করিয়া শ্বরং বিচার মন্দিরে প্রবিষ্ট হইল, এবং রাজগোচরে অঙ্গরীয়ক প্রাপ্তির সমস্ত বৃতান্ত বিজ্ঞাপন করিল।

রাজা অঙ্গুরীয় দর্শন মাত্র জানিতে পারিলেন যে
ইহা আমার অঞ্গীয়। এবং তৎক্ষণাৎ শকুন্তলা বৃত্তান্ত
মনোমধ্যে দেদীপ্যমান হইয়া উঠিল। তাহাতে স্বভাবত গঞ্জীর হইয়াও রাজা সভামধ্যে কিঞ্চিৎ কাল অত্যন্ত
ব্যাকুল হইলেন কিন্তু তৎক্ষণাৎ তদ্ভাব সঙ্গোপনার্থে
ধৈষ্যাবলম্বন করিলেন, এবং অঞ্গুরীয় গ্রহণ করিয়া
তন্মূল্য তুলা অ্বর্ণমূলা ধীবরকে পারিতোষিক দিলেন।

পরে রাজা পঞ্চ ভ্রাতাকে পরিচয় জিজ্ঞানা করি-লেন, আর বলিলেন, আমি ব্যাসের পরামশীমুসারে লক্ষ্য প্রস্তুত করিয়াছিলাম। ভিনি কহিয়াছিলেন পাণ্ডু পুত্র অর্জুন ভিন্ন অন্য কেহ এই লক্ষ্য ভেদ করিতে পারিবেন না। কিন্তু অর্জুন চারি জাতা ও মাতা সহ ব্দুপুরে প্রাণত্যাগ করিয়াছেন; অতএব তোমরাকে ? आमारक यथार्थ कंट । . यूधिष्ठित विनातन आश्रीन প্রতিক্তা করিয়াছিলেন,যে ব্যক্তি লক্ষ্যভেদ করিবে তা-হাকে কন্যা দান করিবেন, ব্যক্তিভেদ বা জাতি ভেদের • উল্লেখ ছিল না। অতএব আমরা যে হই তাহার পরিচ-য়ের প্রয়োজন কি। পুরোহিত ব্লিলেন যাহা কহিলে যথার্থ বটে কিন্তু পরিচয় দিবার হানি কি। যুধিষ্ঠির তথন আপনাদের পরিচয় দিলেন, এবং জতুগৃহ হইতে ে যেরপে পরিত্রাণ পাইয়াছিলেন তাহাও কহিলেন। রাজা ভাহা প্রবণ করিয়া আনন্দে পুলকিত হইলেন, এবং শুভ ক্ষণ দেখিয়া তখনি অর্জ্জুনের সহিত ক্রোপ-मीत विवाह मिवात **अखा**व कतिरणन। यूथिकित वृत्ति-লেন তাহা হইতে পারে না, আমরা মাতৃ আব্তা পালনার্থে এই কন্যাকে পঞ্চ জাতা বিবাহ করিব। ताला बहे कथात्र विश्वत्र गुरु रहेत्रा विज्ञालन, बक् कमा कि अकारत शक करनत छाउँ। इहेरन। वह नाद-হার শান্ত্রসন্ধত নহে, এবং ইহা কুর্কাপি চলিত নাই। যুখিন্তির কহিলেন বেদ মতে মাডা পরস গুরু, মাড় আজ্ঞাৎঅলজ্ঞানীয়, অভএব ভাঁহার আজ্ঞা কিরূপে অব-হেলন করিব।

এই প্রকার কথোপকথন কালে রাজসভায় ব্যাসাদি অনেক মুনিগণের সমাগম হইল। তাঁহারা বিধান স্থিলেন যে মাতৃ আজ্ঞান্ত্সারে পাঁচ জাতা এক ভার্যা করিতে পারেন; এবং যদিও ইহা লোকাচার বিষ্ণুক্ষ, কিন্তু তাহাতে জৌপদীর চরিত্রে দোষ স্পর্শ হইবেক না, বরং তিনি সতী মধ্যে অগ্রগণ্যা হইবেন। পঞ্চা-লেশ্বর মুনিগণের বিধানান্ত্সারে পঞ্চ পাগুবের সহিত্ত জৌপদীর বিবাহ দিলেন। পঞ্চ পাগুব পঞ্চালে বাস করিতে লাগিলেন।

এই সংবাদ ছর্ব্যোধনের প্রত্যাগমনের পূর্বেই হস্তিনা নগরে প্রচার হইল। বিহুর তাহা শুনিরা পরশানন্দিত হইয়া ধৃতরাক্ট রাজাকে বলিলেন মহা-রাজ ক্রপদনন্দিনী গুণবতী ক্রৌপদী আপনার গৃহে আসিতেছেন। অজ্বরাজ মনে করিলেন ছর্ব্যোধন লক্ষ্যা তেদ করিতে গিয়াছিলেন, তিনিই ক্রৌপদীকে লইয়া আসিতেছেন। ইহা ভাবিয়া অতি আনন্দিত হইয়া বলিলেন, তবে তুমি অগ্রসর হইয়া তাঁহাকে রত্মাল-কারে বিভূষিতা করিয়া গৃহে আনয়ন কর। বিহুর বলি-লেন মহারাজ মুধিন্তির তাঁহাকে বিবাহ করিয়াছেম গ্রহং তাঁহার নিমিত্ত অনেক মুদ্ধ বিগ্রহ হইয়াছিল। ইহা বলিয়া সমস্ত বিবরণ কছিলেন। রাজা জাহা শুনিয়া বিমর্শ হইলেন।

ইহার তিন দিবস পরে ছর্ষ্যোধন স্বসৈন্যে প্রত্যা-গত হইয়া পিতার স্থানে যুধিষ্ঠিক্টের বিবাহের কথা শুনিয়া এক কালে অন্ধকার দেখিলেন। তিনি জানি-তেন পাণ্ডবেরা জতুগুহে দক্ষ হইয়া মরিয়াছে। কিন্তু তাহারা জীবদশাম আছে, অধিকস্ত সর্বজয়ী হইয়া দ্রোপদীকে বিবাহ করিয়াছে। ছুর্যোধন ভাঁহাদিপের বিনাশ জন্য এত চেফা করিয়াও সিদ্ধ ইইলেন না এবং জগৎ ব্যাপিয়া তাঁহার অখ্যাতি হুইল, ইহাতে অতিশয় লক্ষিত হইলেন। তাঁহার আরও চিস্তার বিষয় এই হইল যে পাণ্ডবেরা ক্রুপদ রাজার সাহায্যে রাজ্য লইতে আসিবে, তাহার কি উপায়। 'তিনি ্রতবার মনে করিলেন য়ে জ্রুপদ রাজাকে অর্দ্ধেক ब्राक्षा जकीकांत कतिया, এই विनया शांठाहे, शांखब-গণ আমার শত্রু তিনি তাহাদিগকে বিনাশ করেন, বারাস্তরে ভাবিলেন যে কতক গুলিন পরম স্থুন্দরী নারী পাণ্ডবদিগের নিকট প্রেরণ করি, ঐসকল নারীতে বশীভূত হইয়া তাহারা ক্রেপদীকে অনাদর করিবেক, তাহা হইলে ক্রপদ রাজা তাহাদিগের প্রতি রুষ্ট इट्रेंचन । कथन वा टेटां अ मरन कतिरामन, क्लान সুস্তুদ্ধী বিপ্রকে প্রেরণ করি, সেই বিপ্র পাণ্ডব গণের मध्य बाश्वकनर चछारेया म्या, अथवा जारामिशतक বিষ ভক্ষণ করায়। এই প্রকার বিবিশ্ব মন্ত্রণা করি-লেন, কিছু দেখিলেন কিছুতেই সুপ্রতুল নাই। অত-**बर ज्यागरम् बरे दित्र क्तिर्जन** रा পा धन्तिशस

অন্ধিক রাজ্য দেওয়া যাউক, তাহা হইলে তাহারা যুক্ষে প্রবৃত্ত হইবেক না। তাহাতেও আমাদিগের অর্দ্ধেক রাজ্য থাকিবেক, নতুবা তাহারা কুরুবংশ একবারে ধ্বংস করিবেক।

এই পরামর্শ করিয়া ধৃতরাই বিছরকে দ্রুপদ রাজার সভায় প্রেরণ করিলেন। বিছর দ্রুপদ রাজার সভায় উপস্থিত হইয়া তাঁহাকে এই রূপ জানাইলেন যে তাঁহার সৃহিত ধৃতরাই রাজার বৈবাহিক সম্বন্ধ হওয়াতে তিনি বড় আফ্লাদিত হইয়াছেন। এবং তাঁহার অভিলাম যে তাঁহার সহিত চিরকাল সখ্য থাকেল তিনি আরও বলিলেন যে কুরুরাজ ও তাঁহার পরিবারস্থ স্ত্রী পুরুষ সকলে দ্রোপদীকে দেখিবার জন্য, ব্যা হইয়াছেন, এবং পাগুব গণকে বছ কালাবিধি দেখেন নাই, এই জন্য তাঁহাদিগকেও লইতে পাঠাইলেন। দ্রুপদ রাজা এতাবং সংবাদ শ্রেবণ করিয়া বড়ই আনন্দিত হইলেন; এবং কন্যা ও জামাতাদিগকে মাতা সহ হস্তিনা নগর প্রেরণ করিলেন।

পাওবগণ হস্তিনা নগরে গমন করিলে রাজ্য মধ্যে মহা আনন্দোৎসব পড়িল। এবং আবাল বৃদ্ধ মনিতা তাবতে তাঁহাদিগকে দেখিতে আসিল। ধৃত-রাই ও,তৎপুজ্ঞগণ কপট আফ্লাদ দর্শাইয়া ভাঁহাদি-গকে মন্ত্রামণান্ত্রি-করিলেন। পরে তাঁহাদিগকে অর্জ্বেক রাজ্য বিভাগ করিয়া দিয়া খণ্ডগ্রেহে রাজ্ধানী ক্রিতে বলিলেন। পাগুবেরা তাহাই স্বীকার করিয়া

মাতা এবং পত্নী সহিত খণ্ডপ্রস্থে রাজ্য করিতে লাগিলেন। ছুর্য্যোধন তাঁহাদিগের সহিত এত শক্ততা । করিয়াছিলেন এবং তাঁহার জন্য তাঁহাদিগের এত ক্রেশ হইয়াছিল, তাহা ভ্রমেতেও শ্বরণ করিলেন না।

যুধিষ্ঠির সাক্ষাৎ ধর্মের ন্যায় প্রজা পালন করিতে লাগিলেন। তাঁহার রাজ্যে প্রজাগণ অতান্ত সূবী হইল। দ্রোপদী যেমত গুণবতী, তেমনি' ধর্মশীলা ছিলেন, এবং পঞ্চ পতির পরম প্রিয় হুইয়া পরমা-स्लाप्त थाकित्नन। পाछरवता এই निग्रम कतितनन যে এক এক ভাতা এক এক বংসর দ্রৌপদীর সহিত সহবাস করিবেন। এই নিয়ম তাঁহারা অতি উত্তম ্রূপে পালন করিয়াছিলেন। এক সময়ে রাজা যুধিষ্ঠির' ও फ्रिंभिनी একছে ছিলেন। थे সময়ে অৰ্জ্জুন কোন প্রয়োজন বশতঃ তাঁহাদিগের সমুখ দিয়া গিয়াছি-লেন। ইহাতে নিয়ন লজ্জ্বন হইয়াছে এই বিবেচনায় जिनि द्याम वश्मत दन अवाम कतिलन। বনবাস কালে অর্জুন ঞীকৃঞ্বের সহোদরা স্নভন্রাকে বিবাহ করিয়াছিলেন। তাঁহার গর্ডে অভিমন্ত্য নামে এক পুত্ৰ জন্মিয়াছিল। অৰ্জ্জন স্বভট্ৰাকে বিশাই করাতে জৌপদীর কিঞিৎ মনোছঃখ হইয়াছিল, কিন্তু সে জন্য ভাঁহার প্রতি অর্জুনের স্বেহের ধর্মভা হয় নাই, বরং তাঁহাকে শ্রেষ্ঠ করিয়া নার্নিতেন। এবং ক্রোপদীও স্থভক্রাকে ভগিনীর ন্যায় দেখিতেন। चनखत्र दर्भाभनीत, शक्ष शक्षित छत्रत्म शक्ष शुक्र

ক্ষিয়াছিল। ঐ পঞ্চ পুত্রের নাম প্রতিবিদ্দ, স্ত্ত সোম, 'শতকর্মা,' শতানীক, ও আঁতসেন। ইহারা পিতাদিগের মত স্থপুরুষ ও ধর্মশীল ছিল এবং শাস্ত্র ও শস্ত্র বিদ্যায় অতি স্থপণ্ডিত হইয়াছিল। এই সকল সম্ভানের গুণে পঞ্চ পাণ্ডব অতিশয় স্থাী

অনন্তর পাণ্ডবদিগের পরম বন্ধু একিক মুধি-श्चित्रत्क ताङ्गळ्य यक कतिर् शतामर्भ मिरनम। अह যজ্ঞার্থে রাজ্য বিস্তৃত করিবার প্রয়োজন হইল, ভক্ষন্য পরামর্শ করিয়া চারি জ্রাতা চারি দিগে অর্থাৎ ভীম পশ্চিমে, অর্জুন উত্তরে, নকুল পূর্বে, ও সহদেব थे थे निर्श य मकल हिन्दू ७ यवन त्राकाता हिल তাহাদিগের কাহাকেও বলে ও কাহাকেও কৌশলে পরাক্ষেয় করিলেন, কাহাকে বা বিনয়ে বশীভূত করি-লেন। এই প্রকার উত্তরে হিমালয় অবধি, দক্ষিণে **बन्धा, ও পশ্চিমে मिक्कुरम्म, ও পূর্বের মগধ পর্যান্ত যত্ত** রাজ্য ছিল সকল অধীন হইল। ঐসকল রাজগণ তাহা-দিগের অধীনতা স্বীকার করিয়া কর দিতে লাগিল। পাওবেরা ঐসকল রাজ্য হইতে শকট, উক্লী,বুষ বোৰাই कत्रियां ज्यमः या अर्थ ও मनि मुख्ता क्षेत्रांनानि ज्यानव्रन করিলেন। ইহা ভিন্ন মাতঙ্গ, তুরঙ্গ, দাস,দাসী ও উক্ল গাভি ও অন্য অন্য জবাদি যত আনিলেন তাহা অগ্-শ্ৰীয় । ব্ৰুষ্ট্ৰ পাওৰগণের মহ। ঐশ্বাহ্ ছইজ।

ভদবধি ভাঁহাদিগের রাজধানীর নাম ইন্দ্রপ্রাস্থ হইল ।
এই হলে লেখা কর্ত্তব্য যে যে সকল দেশ পাণ্ড- '
বেরা জয় করেন নাই তাহাকে পাণ্ডবর্জিত দেশ
কহিয়া থাকে, ঐ সকল দেশের লোকেরা আচার
অফ। পাণ্ডবেরা যে সকল দেশ জয় করিয়াছিলেন,
সে সকল দেশে সেমত ভ্রম্ট আচার নাই।

চারি জাতা দিখিজয় করিয়া আদিলে পর রাজা মুধিষ্ঠির রাজস্থ যজ্ঞ আরম্ভ করিলেন। ঐ যজ্ঞের নিমিত্ত এক সভা প্রস্তুত হইল; তাহা চারি কোশ দীর্ষে ও চারি কোশ প্রন্থে, সমুদায়ে বোল কোশ চতুঃ-সীমা। আর ঐ যজে ছোট বড় এক লক রীজার ্নিমন্ত্রণ হইয়াছিল, ও ঐ সকল রাজাদের নিমিত্ত স্বতন্ত্র বাস স্থান নির্দিত হইয়াছিল, এবং তাহাদের সমভিব্যাহারি সৈন্য ও দাস দাসী ও পশাদি থাকিবার জন্য স্বতন্ত্র স্বতন্ত্র স্থান প্রস্তুত হইয়াছিল। ইহা ভিন্ন অন্য লোক ও ব্ৰাহ্মণ পণ্ডিত ও ভিক্ষুক কত আদিয়াছিল তাহার সংখ্যা নাই। তাহাদের ও निनिष्ठ चल्ज चल्ज चान छ मान मानी निरम्ना-किछ हिल। এবং य পर्यास यस नमाधा इस नाहे সে পর্যান্ত ভিক্ষুক ও নিমন্ত্রিত তাবং লোকের <mark>আহার</mark> প্রদন্ত হইয়াছিল। কথিত আছে প্রতি দিন এক এক ঘণ্টার লক্ষ্ ক্ষিলোক ভোজন করিয়াছিল, কিন্তু কেছ धमखें इंग्र नारे। विश्वत, ज्ञाका शृष्ठतांके वरे वरकत अध्यक्त बर्दर प्रद्याधन ७ हम्भागन काथाती इंदेशन ছিলেন। তাঁহারা পাগুবদিগের চির শক্র, ছই হস্তে বাহাঁথে বত পারিয়াছিলেন দিয়াছিলেন। কিন্তু ইহা করিয়াও তাঁহারা পাগুবদিগের অখ্যাতি করিতে পারেন নাই। বরং পাগুবেরা যক্ত উপলক্ষে করদ রাজাদিগের স্থানে যে রত্নালক্ষার ও অর্থ ভেট পাইরাছিলেন তাহা সমুদায় ব্যয় হয় নাই।

এই রাজস্থা যজে পাগুবদিগের অত্যন্ত যশ বুদ্ধি হইল। এবং আর আর সকল রাজারা দেখি-লেন, যে কর্ম কখন কেহ করিতে পারেন নাই তাহা ভাঁহারা করিলেন। কিন্তু এই যশ ভাঁহাদিগের ভবিষ্যৎ ছুংথের কারণ হইল; কেন না তাহাতে ছুর্য্যোধনের 'ঈর্যার উদ্রেক হইল। তিনি ভাবিলেন আমি পাও-' বদিগকে অধঃপাতে দিয়াছিলাম, পরে অমুগ্রহ করিয়া অর্দ্ধেক রাজ্য দিয়াছি ; কিন্তু ইহাতেও ভাহারা অগ্রগণ্য ও মান্য হইল; অতএব ভাছাদিগের বিনাশ চেফা করিতে হইয়াছে। ইহা ভাবিয়া, বন্ধু বান্ধৰ-দিগকে জিজাসা করিলেন, ইহার উপায় কি। তাঁহার মাতৃল শকুনি ভাঁহাকে ৰলিলেন তুমিও দিখিলয় ও নংকর্মের অমুষ্ঠান কর; তাহা হইলে তোমার ও বশ वृक्ति रहेरव। प्रद्याधन विलालन शोधविनगरक चार्या জর করিতে না পারিলে সে আশা বিকল। শকুনি বলি-লেন ভাহারা যেরপ বীরপুরুষ ভাহাতে ভাহাদিগকে সংগ্রামে পরাজয় করা অসাধ্য। কিন্তু বিনা সংগ্রাহন 'ভাঁহাদিখকে পরাভব করিবার এক উপায় স্মার্ছে।

হুর্ব্যোধন জিজাসা করিলেন, সে উপায় কি। শৃকুনি কহিলেন আমি দ্যুত অর্থাৎ পাশ জীড়া ভাল জানি।
যুধিপ্তির খেলিতে জানেন বটে কিন্তু তাদৃক পটু নহেন,
তুমি যদি কোন প্রকারে তাহাকে তৎক্রীড়াতে প্রবৃত্ত করিতে পার তবে অনায়াসে তাঁহার সর্বস্ব লওয়া
যাইতে পারে।

ছুৰ্য্যোধন এই কথায় অভ্যস্ত পুলকিত হইয়া তর্থনি পিতার স্থানে সেই কথা নিবেদ্দ করিলেন। ধৃতরাফ্র হঠাথ অন্তুমতি না দিয়া প্রথমত সভাসদা-गरकं कर्जुवाकर्जुवा क्रिक्कामा क्रियान। मृजामाना ছুর্য্যোধনের হিতাভিলাবে পরামর্শ দিলেন। কিন্তু বিচক্ষণ বিপ্তর ভূয়োভূয়ঃ নিষেধ করিয়া বলিলেন, ইহা করিও না, ইহাতে ভবিষাতে আপনার অমঙ্গল হইবে। কিন্তু অন্ধরান্দ পুত্রের প্রতি মেহ বাছল্য প্রযুক্ত ভাঁহার বাক্য অবহেলন করিয়া ভাঁহাকেই দ্যুত ক্রীড়ার্কে যুখিষ্ঠির প্রভৃতি পঞ্চ ভাতাকে আনয়ন क्रिक्क पाका पिरमन। विष्युत उपाकांत्र देखाशास्त्र শুর্মির বৃধিষ্টিরকে কহিলেন যে রাজা ধৃতরাক্টের ্রাজতে দূতে ক্রীড়া হইবেক; অতএব তিনি আপনাদের পঞ্জাতাকে আহ্বান করিয়াছেন। বুখিটির বলি-লেন অক্ট্রাড়া অমঙ্গলের সুল এবং তাহাতে পিডা রহাশর, মন্ত হইরাছেন। বিহুর কহিলেন তাহা মিখা। নহে, ক্যুত্তনীড়াতে অনেকের হুর্গতি হইয়াহে; কিছ অানি জাজাবাহক, রাজাজা জাগর করিলান, আপৰি বিচক্ষণ বেদন রিবেচনা হয় করন। যুখিন্ঠির কহিলেন বধন জ্যৈষ্ঠ তাত মহাশয় আফ্রান করিয়াছেন তখন ভাঁহার আজ্ঞা অবজ্ঞা করা হয় না। ইহা বনিদ্ধা সে দিবস বিছুরকে বিদায় করিয়া পর দিবস পঞ্চ ভ্রাডা পঞ্চ রথারোহণে হস্তিনা নগরে গমন করিলেন।

े পাণ্ডৰগণ আসিবেন জানিয়া ছুৰ্যোধন ঐ দিবস কৰ্ণ ক্ৰোণ তীন্ম প্ৰভৃতি সকল আত্মীয় ও স্বীয় ভাতা-প্রথকে একতা করিয়া সভা করিয়াছিলেন। পঞ্চ পাণ্ডব व्यानिवा माळ नकरन उँशिनिशरक नमानत कतिरमन। তাহার পর শকুনি পাশা বাহির করিয়া যুধিষ্ঠিরকে ভৎ ক্রীড়াতে আহ্বান করিল। যুধিষ্ঠির কহিলেন পাশা খেলাতে পরাক্রম প্রকাশ হয় না, ক্রিয়ের' 'ধর্মা যুদ্ধ। শকুনি কহিল যুদ্ধে জাতি ভেদ থাকে না, নীচ জাতি যবনও ভদ্রকে প্রহার করিতে পারে। পাণা খেলা সমান সমান লোক বাতীত হয় না। যুধিষ্ঠির বলিলেন এথেলা আমার অভিপ্রেত নহে, কিন্তু বখন তুমি আমাকে আহ্বান করিলে ভখন আমি ইহাতে পরাজ্ম খ হইব না, কেন না এতাদৃশ বিষয়ে পরাত্ম খ হওয়া ক্রিয়ের ধর্ম নহে। ইহা বলিয়া খেলিছে প্রস্তুত হইলেন। हूर्याधिन বলিলেন আমাব পরিবর্ডে मकूनि त्यनिद्वन, देनि योश शादन आणि मिन। यूपि ब्रित र्वालाम उत्त (धन, देखकान्य जामात कड রত্বভাগ্যার আছে আদি তাহা সমস্ত পণ করিলাদ;কিঙ ভুনি হারিলে এডা্ধন কোণা হইতে দিবে। ছুইবাা-

धन बनिद्यम त्र इस्ता विद्या कि, त्र अकादि शादि দিব। পরে শকুনি পাশা নিকেপ করিয়া হাস্য করিতে ' করিতে বলিল, এই দেখ আমি জিভিয়াছি। যুধি-ষ্টির এই বাক্যে কুপিত হইয়া আপনার যুদ্ধের যাবতীয় অস্থ পণ করিলেন। শকুনি তাহাও জিনিলেন, তাহাতে যুধিষ্ঠির আরও কুপিত হইয়া ক্রমে ক্রমে নাতঙ্গ,শক্ট, मांज, मांजी, छांग, स्मव ও त्यांनि जकन शांतित्वन, তাহার পর আপন অধীন তাবৎ রাজা 'ও পুত্রগণের অঙ্গাভরণ পর্যান্ত হারিলেন,এবং অবশেষে চারি ভাতা ও আপনাকেও হারিলেন। যখন রাজা যুধিষ্ঠির আপনাকে ও ভাতাগণকে হারিলেন, তখন শকুনি ►হাস্য করিয়া বলিল, একর্ম ভাল করিলে না, এই-बाब ट्योभमीटक भन कतिया जाभनाटक ও जांडा नगहक : উদ্ধার কর। যুধিষ্ঠির বলিলেন, যিনি রূপে লক্ষ্মী, যাঁহার গুণের ইয়ন্তা করা যায় না ও যিনি দিজ, দাস, मांगी ও পশুগণকে জননী ভাবে পালন করেন এমত ৰছমূল্য দ্রৌপদীকে কদাচ পণ করিতে পারি না। শকুনি বলিলেন যিনি লক্ষীরূপে তোমার গৃহে অবভীর্ণ হইয়াছেন তাঁহাকে পণ করিলে তুমি সর্বজয়ী হইবে। রাজা সেই কথায় ভ্রান্ত হইয়া ভাঁহাকেও পণ করিলেন এবং ছারিলেন। তখন ছুর্য্যোধন পঞ্চ জাতাকে রাজ্য পরিক্ষদ বর্জিত করিয়া প্রত্যেককে এক এক সাসান্য বস্ত্র পরিধান করাইয়া সভা হইতে নীচে নাদা-

ইন্মা দিতে আজ্ঞা দিলেন, এবং বিছুরকে আজ্ঞা করি-লেন, দ্রোপদীকে সভায় লইয়া আইস।

বিছুর এই আজ্ঞায় মহাক্ষুগ্র হইয়া বলিলেন রাজা যুধিষ্ঠির প্রথমত আপনাকে হারিয়াছেন অতএব যৎকালে তিনি জৌপদীকে পণ করেন তথন তাঁছার তাঁহাতে অধিকার ছিল না। স্তুতরাং তাঁহার পণ করা ও হারাতে তোমার দ্রোপদীতে অধিকার হইতে পারে না। ছুর্য্যোধন এ কথায় কর্ণপাত না করিয়া প্রতিগামী নামে এক ভৃত্যকে আজা করিলেন, তাহাকে লইয়া আইস। প্রতিগামী ছর্ষ্যোধনের আক্রীয় দ্রৌপদীর নিকটে যাইয়া তাৰৎ বিবরণ बिरवान करिता। स्मीनमी श्रमिया প্রতিগামীকে कहिएलन, ताला गूधिष्ठित्रक এই कथा विकामा করিয়া আইস তিনি প্রথমে আপনাকে হারিয়াছি-লেন, কি আমাকে হারিয়াছিলেন; যদি প্রথমত আপনাকে হারিয়া থাকেন তবে সভাগণের বিবেচ-নায় আমার যাওয়া উচিত হয় যাইব। এভিছুলী আসিয়া একথা জিজাসা করিলে যুখি উত্তর করিলেন না। ছর্ব্যোধন কুপিত হইন্না প্রতি-" গামীকে ৰলিলেন যুধিষ্ঠিরকে কি জিজ্ঞাসা করিতেছ, তুদি দ্রেপদীকে শীত্র কইয়া জাইস, তাহার বে প্রশ্ন থাকে সে এই খানে আসিয়া জিজ্ঞাসা করিবেক।

প্রতিগামী বাইরা জোপদীর স্থানে এই সকল ক্রী জাপন করিল, আর বলিল মুর্বোধন এই ক্রী

করিয়া আপনার মৃত্যুকে আহ্বান করিতেছেন। দ্রৌপদী কহিলেন দে কথা সত্য, কিন্তু তুমি এক বার যুধিন্তিরকে জিজ্ঞাসা করিয়া আইস, তিনি আমাকে সভায় যাইতে আজ্ঞা করেন কি না। প্রতিগামী যাইয়া যুধিন্তিরকে এই কথা জিজ্ঞাসা করিলে যুধিন্তির বলিলেন আমি যে কর্ম করিয়াছি তাহার অন্ট উপায় নাই, এইক্ষণে দ্রৌপদী আসিয়া আমার ধর্ম রক্ষা করুন। প্রতিগামী ইহা শুনিয়া পুনর্কার চলিল, কিন্তু কতক দূর হইতে কিরিয়া আসিয়া ছর্য্যোধনকে জিজ্ঞাসা করিল, মহারাজ ! যদি দ্রৌপদী না আইসেন তবে কি করিব।

এই কথায় ছর্যোধন মহা কুপিত হইয়া স্বীয় অফুজ ছংশাসনকে কহিলেন ইহার কর্ম্ম নহে, তুমি যাইয়া ফ্রোপদীর কেঁশাকর্ষণ পূর্বাক লইয়া আইস। ছর্যোধন যেমন ছর্জ্জন, ছংশাসন সেইমত ছংশীল, আতার আজ্ঞা পাইয়া তথনি ইক্রপ্রস্থে যাইয়া পবন বেগে দ্রোপদীর অন্তঃপুরে প্রবেশ করিল। দ্রোপদী তাহাকে দেখিয়া ভয়াকুলিতা হইয়া গৃহের মধ্যে প্রবেশ করিলেন, এবং কুন্তী প্রভৃতি আর আর পুর-বাসিনীগণ ছংশাসনকে অবরোধ করিলেন। কিন্তু ছংশাসন তাহাদিগকে দুরীভূত করিয়া দ্রোপদীকে গৃহ হইতে, বাহ্মি ক্রিয়া তাহার কেশাকর্ষণ পূর্বাক লইয়া চলিল। দ্রোপদী মহা অপমান ক্রানে রোদন করিতে লাগিলেন। তাহার ক্রমান ক্রানে রোদন করিতে লাগিলেন। তাহার ক্রমান ক্রানে রাদন করিতে

হুর্যোখনের মিত্রগণ তদ্দর্শনে হাস্যমুখ হইয়া দ্রোপদীকে নানাপ্রকার হুর্বাক্য বলিতে লাগিল। দ্রোপদী
সভাগণকে সম্বোধন পূর্বাক, পুনঃ পুনঃ কহিতে লাগিলেন হে কর্ণ! হে দ্রোণ! হেভীম্ম! তোমাদিগের
সন্মুখে আমার এই প্রকার অপমান হইতেছে ইহা
দৌখিয়া তোমরা স্বছন্দে রহিয়াছ, এ তোমাদের
কেমন ধর্মা কিন্তু কেহ কোন উত্তর করিল না। পঞ্চ
লাভা প্রেয়নীর হুঃখ ও অপমানে অধোবদন হইয়া
থাকিলেন। এবং যুধিষ্ঠিরের ইক্রন্ত্ব তুল্য রাজত্ব
গিয়া যে হুঃখ না হইয়া ছিল দ্রোপদীর হুঃখ দেখিয়া
ততৌধিক হইল।

তুর্ঘাধন ইহাতেও তুই না হইয়া আজ্ঞা করিল, কৌপদীর অঙ্গাভরণ কাড়িয়া লও। একথা বলিবা নাতেই দ্রৌপদী সহস্তে আপর্ন আভরণাদি খুলিয়া দিলেন। কিন্তু পাপিন্ত ভাহাতেও অভীই সিদ্ধি জ্ঞান না করিয়া ছংশাসনকে ভাঁহার বস্ত্র হরণ করিতে আজ্ঞা দিল। ছংশাসন ঐ আজ্ঞায় ভাঁহার বস্ত্রাকর্ষণ করিল। দ্রৌপদী বস্ত্রের অঞ্চল ধরিয়া অর্দ্ধবসনা উচ্চঃস্বরে রোদন করিতে লাগিলেন এবং প্রধান প্রধান সভাসদগণের নামোচ্চারণ পূর্বক নানা প্রকার কাডরোজি ও বিনতি করিতে লাগিলেন। কিন্তু ভাহাতে ভাহারা আরো কৌতুক বিশিষ্ট হইল। পঞ্চপাত্তর ভদবলোকনে অধোবদন হইলেন। ভীমাও অর্দ্ধন এই অপনান সন্ত করিতে না পারিয়া

এক এক বার কুরুবংশ ধ্বংস করিব বলিয়া গর্জিন্তে লাগিলেন, কিন্তু ধার্ম্মিকবর যুখিন্তির ধর্মাস্কুরোধে তাঁহাদিগকে ধৈর্যাবলম্বন করিতে কহিলেন। দ্রোপদী নিডাস্ত নিরুপায় জ্ঞান করিয়া পরমেশ্বরকে স্মরণ পূর্বক হাহাকার ও ক্রন্দন করিতে লাগিলেন। তাঁহার ক্রন্দন ধ্বিতে কোন কোন কুরুবংশীরের পাষাণ্ডুল্য অন্তঃকরণ্ড আরু হইল।

অনন্তর রাজা ধৃতরাক্টের অন্তঃপুরস্থ নারীগণ অন্তঃপুর হইতে দ্রৌপদীর এইরপ অপমান দেখিয়া হাহা শব্দে ক্রন্দন করিতে লাগিল। পশু পক্ষিণণ শোকশ্বনি করিতে লাগিল। এবং 'নগরস্থ প্রকাগণ নানা প্রকার আর্ত্তনাদ করিতে লাগিল। নগরে একটা মহাগোল পড়িল। এবং কেহ কেহ সতীর অপমানে মহা কুপিত হইরা রাজদ্রোহী হইবার উপক্রম করিল। তখন রাজা ধৃতরাক্টের চেতনা হইল। তিনি দেখিলন মহাবিপদ উপস্থিত, অতএব স্বপ্লোখিতের ন্যায় অবাধ্য পুল্লের কর্ম্মে লক্ষ্রিভ হইয়া ছংশাসনকে জৌপদীর বন্ধ হরণে ক্যান্ত করিয়া কৃতাঞ্জলিপুটে ভাঁহার সক্ষুখে দণ্ডায়মান হইয়া নানা প্রকার স্থাতি করিতে লাগিলেন, এবং তাঁহাকে বলিলেন মুর্যোধন অবোধ ইহার অপরাধ মার্জ্কনা কর।

ইহা বলিয়া দ্রোপদীর দাসীত্ব নোচন করিলেন, আর বলিলেন তুমি বর চাহ অর্থাৎ তোদার আর কি প্রার্থনা আছে বল। দ্রোপদী বলিলেন বিদি

জামার প্রার্থনা পূর্ণ করিতে ইচ্ছা করেন তবে ধার্শ্মিকবর যুধিষ্ঠিরের দাসত্ব মোচন করিতে আজ্ঞা হউক। কেন না তিনি অতি ধার্মিক বিশেষতঃ আপনার ভাতৃষ্পুত্র, ভাঁহাকে কেহ দাস বলিলে আপনারই কলক্ষ। ধুতরাক্ত তথাস্ত বলিয়া ভাঁহাকে প্রনর্বার বলিলেন, ডোমার আর কি প্রার্থনা আছে ৰল। ক্রেপদী বলিলেন আমার আর চারি পতিকেও দাসত্ব হইতে মুক্তি দেউন। রাজা তথাস্ত বলিয়া তৃতীয় বার জিজাসা করিলেন তোমার আর কি মনো-वाक्षा वन । उद्योभनी वनित्नन जागात भक्ष श्रामित নাসত্ব মোচনে আমার সকল অভিলাষ পূর্ণ হইয়াছে, ·বিশেষতঃ ছুই বরের অধিক বর প্রার্থনা করা ক্ষত্রিয়_় ধর্মের বিরুদ্ধ, অভএব আমি আর বর চাহি না। এই কথায় ধৃতরাই অতান্ত সম্ভট হইলেন। জেপিদী ও পঞ্ পাণ্ডবের দাসত্ব মোচন দেখিয়া রাজবিদ্রোহ করণোদ্যত প্রজাগণ নিরস্ত হইল।

তদনন্তর যুখিন্টির চারি জাতা ও জেপদীর সহিত রাজা ধৃতরাক্রের সন্মুখে কৃতাঞ্চলি পুরঃসর নিবেদন করিলেন একণে আমাদিগের প্রতি কি আজ্ঞা হয়। রাজা ধৃতরাক্র ও রাজমহিষী গাল্ধারী তাঁহাদিগকে সন্তানের ন্যায় নানা প্রকার সান্ত্রনা করিয়া, হুর্ব্যোধন ভাঁহাদের রাজ্য আদি যে কিছু লইমাছিল তাহা প্রতার্পন পূর্বক তাঁহাদিগকে ইন্দ্রপ্রস্থে যাইয়া পূর্বকি

এই আজ্ঞায় পরমানন্দিত হইয়া পঞ্চ ভ্রাতা জ্রেন-পদী गरिउ ই अथाय अशान कति एव। कूर्यापिन ভাবিলেন, একর্দ্ম ভাল হইল না। প্রবল শত্রুকে পড়নে পাইলে কখন ত্যাগ করা উচিত নহে। বিশেষ, ইহা-দিগকে এত অপশানের পর ছাড়িয়া দেওয়া গেল, ইহারা সতত আমাদিগের বিনাশ চেষ্টায় পাকিবেক। कि जानि अमारे यमि मरेमरना आहरम। 'हेरा हिसा করিয়া পিতাকে নানা প্রকার রুঝাইতে লাগিলেন, এবং কহিলেন আমি পাগুবদিগকে এত করিয়া করস্থ कतिलाम, जुमि अनाशास्म जाशामिशस्क छाछिया फिल, हैहा ऋतुक्षित कर्मा हहेन नी, र्कन नी अक्रिंग ু তাহারা রণ সজ্জা করিয়া আমাদের একেবারে বিনাশ করিবে। ধৃতরাই পুত্রবাকো ভাস্ত হইয়া বিজ্ঞানা করিলেন ইহা নিবারণের উপায় কি। ছুর্য্যোধন কহি-লেন, তাহা নিবারণের এক মাত্র উপায় আছে, ্যদি তুমি তাহাদিগকে এখনি ফিরাইয়া আনাও তবে আমি পুনর্কার তাহাদিপের সজে এই পণ করিয়া পাশা খেলি যে, যে ব্যক্তি পরাজিত হইবে সে রাজাজ্ঞ হইয়া ঘাদশ বংসর বনবাস ও এক বংসর অজ্ঞাত वाम कतिरव, धवर जब्हां वास्त्रत मर्था यनि स्म বিপক্ষের দৃষ্টিগোচর হয় তবে আর বাদশ বংশর दमनाम कंतिरत । এই প্রকারে यनि তাহাদিগকে তয়ো-দশ বংসর ব্যবাস দিতে পারি, তবে ইছার মধ্যে আমি সকল রাজাদিগকে বৃশীভূত করিতে পারিব,

ঞবং উত্তর কালে পাওবেরা প্রবল হইতে পারিবে না। সক্ষরাজ বিবেচনা করিলেন এ পরামর্শ মনদ নছে; অতএব তখনি পাওবগণকে প্রত্যানয়ন করিতে আজ্ঞা দিলেন।

যুধিষ্ঠির তথনও ইক্সপ্রস্থে যাইতে পারেন নাই; পুষিমধ্যে পিতৃব্যের আজ্ঞা শুনিয়া তৎক্ষণাৎ ভাতাগণ ও ভার্যা সমভিব্যাহারে ধৃতরাক্টের সভায় জাগত হইয়া জিজ্ঞায়া করিলেন, জাঠতাত আমাদিগকে কি कना श्रूनकीत जाकारेलन। इःगामन करिल, ताका আজ্ঞা করিতেছেন তোমাকে পুনর্কার পাশা খেলিতে ধইবে, আর এই প্রতিজ্ঞায় খেলা হইবে, যে ব্যক্তি 'পরাস্ত হইবেন তিনি দাদশ বৎসর অরণ্য বাস ও এক ় বংসর অজ্ঞাত বাস করিবেন এবং অজ্ঞাত বাসের মধ্যে যদি বিপক্ষের দৃষ্টিগোচর হন তবে পুনর্বার দ্বাদশ বৎস্র অরণ্য বাস করিতে হইবে। যুধিষ্ঠির দেখিলেন ইহা ভাহার রাজ্য লইবার আর এক মন্ত্রণা মাত। কিন্তু, ক্ষত্রিয় ধর্ম এরপ ছিল যে, যুদ্ধ বা পাশা খেলায় কেহ আহ্বান করিলে তাহাতে ভয় করিবেক না.ভয় করিলে কাপুরুষতা প্রকাশ হয়। ইহা চিম্তা করিয়া যুধিষ্ঠির দ্যুত ক্রীড়াতে প্রবৃত্ত হইয়া পূর্বামত পরাজিত হই-COIN IC

তখন পঞ্চ জাতা অন্য উপায়াভাবে প্রতিজ্ঞান্ত্র-নারে রাজ্য ও বস্ত্রালঙ্কার পরিত্যাগ করিয়া যোগি বেশ স্থারণ করিলেন। পতিপরায়ণা ক্রপদনন্দিনীও পতি সঙ্গে বন্যাত্রায় প্রস্তুত হইলেন। তদ্দুটে প্র্যোধনের পারিষদগণ তাঁহাকে বিজ্ঞপ করিতে লাগিল, আর বিলিল তুনি কোন ভঃখে বন গমন করিবে; এই পৃথিবীতে কেহ কাহার নহে, অতএব প্র্যোধনের শভ সহোদরের মধ্যে যাঁহাকে ইচ্ছা হয় তাহাকে ভজিয়া স্থথে কালক্ষেপন কর; কেন বনে বনে ভ্রমণ করিবে। পাগুবপ্রিয়া কোন উত্তর করিলেন না। ভীম ও অর্চ্জুন বলিলেন আমরা প্রতিজ্ঞা করিতেছি তোমাদিগকে সবংশে নিপাত করিব। ইহা বলিয়া তাঁহার! বন্যাত্রা করিলেন।

পাওবগণের এইরূপ বনষাত্রায় বৃদ্ধ, যুবা ও বালক তাবতেই ক্রন্দন করিতে লাগিল। এবং রাজ-সভাসদ ও সংকুলোদ্ভব প্রজাগণ স্বীয় স্বীয় আবাস পরিত্যাগ করিয়া তাঁহাদের পশ্চাদ্যামী হইলেন। এবং যে সকল তপস্বী ও ব্রাজনপণ্ডিতগণ ধর্ম রাজ্যে সূথে কালযাপন করিতেছিলেন তাঁহারা কুরুগণের অধর্মা-চরণ দেখিয়া পাওব গণের অনুগামী হইলেন। আর ভাবং রাজ্যে এই কলরব উঠিল, যে রাজ্যে স্থর্যোধন রাজা ও শকুনি মন্ত্রী এবং ধর্মের স্থাতি ও সতীর অপমান, সে রাজ্যে কেহ বাস করিব না। এই বলিয়া প্রজাগণ পলায়ন করিতে লাগিল; তাহাতে ইন্দ্রপ্রস্থ প্রজাপুনা হইল।

শুষ্ঠিতির এই সকল লোককে নানা প্রকারে বুঝাই-লেন যে তোমরা আমাদের সঙ্গে কোথায় যাইবে, আমরা শীন্ত প্রত্যাগত হইব, তোমরা গৃহে গমন কর। কেহ কেহ এই কথায় ফিরিয়া গেল, কিন্তু দাস, দাসী, সভাসদ ও ব্রাহ্মণেরা ফিরিলেন না, ভাঁহারা সঙ্গে সঙ্গে চালীলৈন।

পঞ্চ পাণ্ডৰ পদব্ৰজে গমন করিতেছিলেন এবং / ট্রোপদীও তাঁহাদের পশ্চাৎ পশ্চাৎ যাইতেছিলেন। কিন্তু তাঁহাদের মিত্রগণ তাঁহাদিগকে রথারোহণে গম-নের বিধি দিলেন, তাহাতে তাঁহারা রথারোহণ পূর্বক প্রয়াগ যাত্রা করিলেন। সমভিব্যাহারি ব্রাহ্মণ পশ্তিত ও দাস দাসীগণ পদব্রজে গমন করিতে লাগিলেন।

ক্রপদনন্দিনী ইন্দ্রের তুল্য রাজার মহিষী ছিলেন এক্ষণে বনবাসিনী হইলেন, ইহাতে তাঁহার অব-শাই কায়িক ক্লেশ হইল, কিন্তু তাহাও স্থেকর জ্ঞান করিয়া নিরন্তর পতি সেবায় নিযুক্ত থাকিলেন। আর এই বিপদ কালেও তিনি সঙ্গি বিপ্রা ও দাস দাসী ও আগ্রীয়গণকে স্বহত্তে রক্ষন করিয়া ভোক্ষন ঠির সুর্য্য আরাধনা করিয়া এই বর পাইয়াছিলেন থে দৌপদা যে পর্যান্ত আপনি আহার না করিবেন সে পর্যান্ত লক্ষ অতিথি আসিলেও তাহাদিগকে ভোজন করাইতে পারিবেন। ইহা অবশাই উৎকট বর্ণন বলিতে হইবে। ফলতঃ ভাঁহার এই নিয়ম ছিল ভীম ও অর্জ্জুন ভিক্ষা বা মৃগয়া করিয়া তণ্ডুল ও মাংম আনমন করিতেন, তিনি স্বহস্তে রক্ষন করিয়া ব্রাক্ষণ ও পঞ্চস্বামী ও দাস দাসী এবং যে অতিথি উপস্থিত হইত ভাহাদিগকে ভোজন করাইতেন, এবং সকলের ভোজন হইলে তিনি দশ দণ্ড রাত্রির সময় আপনি ভোজন করিতেন।

এই ভাবে পঞ্চলাভা ও ক্রোপদী প্রয়াগে উপনীত হইলে পঞ্চালেশ্বর প্রভৃতি ভাঁহাদের অনেক সূত্র্ রাজাগণ আসিয়া ভাহাদিগকে গৃহে পুনর্গমনার্থ অনেক যত্ন করিলেন, কিন্তু সভা পালনে দৃঢ় প্রতিজ্ঞ রাজা যুধিষ্ঠির ভাহা করিলেন না। ভৎপরে ভাঁহারা কামা বনে গিয়া কিছুকাল বাস করিলেন।

মুনিগণ তাঁহাদিগকে সর্বাদা সান্ত্রনা করিতেন, এবং
সাহস ও সহিষ্ণুতার নানা প্রকার উদাহরণ শুনাইতেন। এক দিন দ্রোপদী রাজা যুধিন্তিরের অত্যন্ত
ক্রেশ দেখিয়া বলিলেন, প্রভো! আমি ভোমার এমত
দুংব আর দেখিতে পারি না, তোমার যন্ত্রণা দেখিয়া
আমার হাদর বিদীপ হইতেছে, তুমি রাজ রাজেশর
কত রাজা, তোমার পদানত ছিল, এবং অপূর্বা

শ্যাতে শয়ন করিয়াও নিদ্রা হইত না, এবং কন্তুরী চন্দনে সর্বাঙ্গ লেপিত হইত, এইক্ষণে তুমি তৃণ শগ্যা করিয়াছ এবং ধূলায় ধূদর হইতেছ। লক্ষ লক ব্রাহ্মণকে তুমি স্বর্ণপাত্তে ভোজন করাইয়াছ, এক্ষণে তুমি আপনি ফল মূলাহারে প্রাণ ধারণ করিতেছ ইহাতেও কি ভোষার মনোমধ্যে কিছু মাত্র কোধো-দয় হয় না। আর তোমার চারি ভাতা চারি মহাবীর, বিশেষতঃ ভীম অর্জ্জু ন এমত বীর পুরুষ যে সনে করিলে নিনিষের মধ্যে তাবৎ শক্ত বিনাশ করিতে পারেন। ভাঁহারা তোমার আজ্ঞা লঙ্গনের ভয়ে উর্দ্ধযুথ করিতে না পারিয়া ল্লান বদনে অধোমুখে থাকেন। ইহা তুমি কিরূপে দেখু, আর আমি দ্রুপদ রাজার কন্যা, এই মৃত ক্লেশে বনে বনে জ্রমণ করি : ইহা দেখিয়া তোমার কি কিছু মাত্র দয়া হয় না। হে মহারাজ! তোমার শরীরে কিছু মাত্র ক্রোধ নাই, এমন নিস্তেজঃ শরীর ক্তিয়ের যোগ্য নহে. অভ্যন্ত ক্ষমাগুণ ক্তিয় ধর্মের বিপরীত। শাস্ত্রে লিখিয়াছে নিন্তেজ মহুষ্য দাস দাসীর ্হেয় হয়, এবং ভার্ষাাও তাহাকে মান্য করে না।

যুখিন্তির বলিলেন, হে প্রিয়ে ! ক্রোধের তুল্য পাপ আর পুলিবীতে নাই, ক্রোধে লঘু গুরু জ্ঞান থাকে না, ক্রোধে জানের বৈলক্ষণ্য হয়, এবং ক্রোধে বিষ পান ও জলনগ্ন প্রভৃতি যে দ্রোহ কর্ম ভাহাতে প্রবৃত্ত করায়। হে প্রিয়ত্যে ! তুমি ধৈর্ম ধর। সময়ে সকল পাইবে, প্রদেশ্বর সকল দেখিতেছেন, কালপূর্ণ হইলে ছুর্য্যোধন প্রভৃতি সকল পাপিষ্ঠ শান্তি পাইর্বে
ক্রেপদী জিজ্ঞাসা করিলেন হে প্রভা! পর্মেশ্বরে:
এ কেমন বিচার; তুমি এমত ধার্ম্মিক হইরা, দস্যা নে
বনকে ভয় করে সেই বনে বাস করিতে আসিলে ও
কল মূল আহার ও তৃণশব্যা সার হইল। আর
ছুর্য্যোধন মহা পাপিষ্ঠ হইয়াও রাজ্যেশ্বর হইল।
যুধিষ্ঠির বলিলেন ধর্মনিন্দা অতি অধর্ম, তাহা কদাচ
করিবে না। বাহারা কলাকাজ্কা করিয়া কোন কর্ম্ম
করে, ঐ সকল লোককে লোভি বলা বায়। লোভ
জামিলে অনেক পাপ জয়ে। কিন্তু আমি বে ধর্ম ক্র্ম্ম
করি তাহার গর্ম করি না, কেননা তাহাতে ঈশ্বরের
ক্রিনাদা হয়: কিন্তু আনি কি ধর্ম কর্ম্ম করিতেছি আমাদের বাহা উচিত তাহাই করিতেছি।

ভীম এই কথায় কোধঘুক্ত হইয়া বলিলেন, তুমি কর্ত্তব্যকর্পের কি করিভেছ,ক্ষত্রিয়ের প্রধান ধর্ম জাপন ভূজবলে তাবং পৃথিবী জয় করিবে। কিন্তু তুমি জাপন রাজ্য ত্যাগ করিয়া পরের রাজ্যে জাসিয়াছ, এই কি ভোষার ধর্ম। আর ছর্ব্যোধন তোমাকে কপট পাশাস্ক্র, হারাইল সেই জন্য কি ভোষার জাপন রাজ্য ত্যাগ করিয়া বনে আসা উচিত ছিল। হে ধর্মরাল! আনি জীবিত থাকিতে তোমার বিভবাদি জন্যে হরণ করে ইছা কি জামার প্রানে সক্ত হয়। লিংহের মুখ হইতে শৃক্তা কি কথন ভক্ষ্য বন্ধ কাড়িয়া লইতে পারে। আমি একাই পাপিত ছর্ব্যোধনকে সবংলে বিনাশ করিতে পারিতাম, কেবল তোমার আজ্ঞা লজ্জ-নের ভগ্গে করি নাই। তুমি নিতান্ত বীর্যাহীনের ন্যায় বনে আসিয়াছ। হে ধর্মারাজ! তোমার শরীরে কি কিছু মাত্র ক্রোধ নাই। ছর্যোধন মহা পাপিন্ত তাহাকে বধ করিলে কিসের অধর্ম।

যুধিষ্ঠির বলিলেন আমার জন্য তোমাদের এই সব ক্লেশ হইয়াছে ইহা যথার্থ, কিন্তু ক্লোধের তুল্য শক্র পৃথিবীতে আর নাই, তুমি দেখ আমি যখন শকুনির সঙ্গে পাশা থেলায় প্রবৃত্ত হইয়াছিলাম তখন যত হারিয়াছিলাম ততই কোধ বৃদ্ধি হইয়াছিল,ডাহাতেই ভাবৎ রাাক্য গিয়াছে। অতএব ক্রোধ অতি কদর্য্য এবং বিনাশের মূল। আর দেখ যথন দ্বিতীয়বার অঞ্চ ক্রী-ড়াতে প্রবৃত্ত হইয়াছিলাম তখন ঘাদশ বৎসর বন বাস ও এক বৎসর অজ্ঞাত বাস স্বীকার করিয়াছিলাম। অত এব এখন সে প্রতিজ্ঞা কিরূপে উল্লুজ্জন করিব, ডাহা করিলে লোকে কি কহিবে। হে পরম প্রিয়তমগণ ! সে অখ্যাতি আমার প্রাণে কখন সহ্য হইবে না। আমি প্রাণ তাাগ অনায়াসে করিতে পারিব, কিন্তু সভা লব্জন করিতে পারিব না। সভা লজ্ঞন অতি কুরুর্দ্ম। রাজ্য,ধন, পুত্র, সত্যের শতাংশের এক অংশও নহে। যে পুরুষের বাক্য সভা নহে ভাহাকে কেহ বিশ্বাস করে না; পর কালে তাহার অনম্ভ ছঃখ হয়। অতএব ভাতগ্ৰ: ুন্মির হও, সভ্যাচার করিলে ভবিষ্যতে সঞ্জী ছুঃখ ছুর श्रदेशक ।

ভীম বলিলেন যাহারা চরীজীবী তাহারা এই প্রকার কথা বলিতে পারে, কিন্তু আমরা অল্লায়ু মতুষ্য, আমা-**L** पत्र क्रमितिस्त नाम्र कथन আছে कथन नारे, अज এৰ তাহাতে এমত অসম্ভব আশা কিব্ৰূপে হইতে পারে। আর দেখ এক এক দিবস এক এক বৎসরের ন্যায় বোধ ছইতেছে, এমত রার বংসর কফ ভোগ করিতে হইবু, তাহার পর এক বংসর অজ্ঞাত বাস করিতে হইবে, ঐ অজ্ঞাত বংসর কোথায় বাস করিবে। তোয়ার ভাতাগণ জগংবিখ্যাত,তাহাদিগকে কোথায় লুকাইয়া রাখিবে i তুমি কি ইহা ভাবিয়াছ যে সূর্যাকে হস্ত দিয়া আচ্ছা-দন করিয়া রাখিবে। তুমি বুঝিয়া দেখ ঐঅজ্ঞাত বাংশরণ , मरधा यनि विशरकता आमानिगरक म्हर्य उरव श्रूनकीत धामम वंश्मत वन প্রবাদ করিতে হইবে। किया यनि भे বৎসর নির্বিত্মে যায় তথাপি তুমি কি এমত মনে কর, ছুর্য্যোধন আমাদিগকে সহজে রাজ্য দিবেক। তথন তাহাদের বল বিক্রম অধিক হইবে আমরা কিছু করিতে পারিব না। অতএব আমি এক পরামর্শ কহি তাহা কর। **নোমপুত্রি মতে মুনিগণ এক মাসকে এক বংসর ধরিরা** থাকেন, আমরা ত্রোদশ মাস বনবাস করিয়াছি। এই মৃতামুসারে আমাদের ত্রয়োদশ বংসর বনবাস করা হইয়াছে। এক্ষণে শত্রু বিনাশের চেটা করিলে প্রতিজ্ঞা छान्त्र छेत्र नारे। यूधिछित धरे कथात्र सक् रहेत्रा कि कि दे कान िखा कतिया वनित्नन, धमे अक्षे भवना করিয়া নের তুলা যে ধর্ম তাহাকে নই করা উচিত-

ন্দেই, তোমরা কিছুকাল স্থির হও, তাহার পর সকল পাইদেঃ

এইরূপ ভার্যা ও ভাতাগণকে জ্ঞান বাক্যে সান্ত্রনা করিয়া যুধিষ্ঠির অবিচলিভ চিত্তে কালকেপণ করিতে লাগিলেন। কিছু দিন গত হইলে তাঁহারা দৈতবনে গর্মন করিলেন। মুনিগণ সঙ্গেই চলিলেন। ঐ অরণ্য অতি মনোহর এবং তথায় অনেক মুনি ঋষি বাস করি-তেন। ঐ স্থানে কিছু কাল অবস্থিতি করিয়া অর্জ্জন विमानय शर्बाट मिवादाधनाय याळा कदिलन, अवर তথায় অন্ত্রশিক্ষা করিতে লাগিলেন। ইতিমধ্যে পাণ্ডব 'কাণ মুনিগণ সৰভিব্যাহারে নৈষধ তীর্থে যাত্রা করি-'क्लन, এবং थे डीर्स्ड किडू काल वाम कतिया वहतिका- . व्याप शमन कतितान। এই স্থানে वन वात्मत ठेजूर्य বংসর গত হইল। তদনন্তর মূনিগণের পরামর্শাম-সারে কাম্য বনে যাত্রা করিয়া প্রভাস তীর্থে বাস করি-त्वन। डाँहाता थे डीर्थ शास्त्र किছू कान वान कतित्न, অর্জ ন অস্ত্রশিকা করণানন্তর হিমালয় পর্বত হইতে **खेंबर खेंखर युद्ध अञ्च नरेग्रा প্র**ত্যাগত হইলেন। ভাহার পর পঞ্পাণ্ডৰ ও দ্রোপদী ঐ কাম্যৰনেই অব-স্থিতি করিতে লাগিলেন।

এই প্রকারে কিছু কাল অতীত হইলে প্র্যোধন আরীয় বন্ধু ও অপরিবারত্ব নারীগণ সমন্তিবাহারে বহু সমারোহ পূর্মক কাম্য বনে প্রভাস তীর্ঘে গস্ত অবিলেন, এবং তাঁহার মাতক, তুরক ও চতুরক বেনা ভাবং অরণ্য আক্স করিল। ছুর্য্যোধন ঐ সমারোছে
পঞ্চ পাণ্ডবের সঙ্গে সাক্ষাং করিলেন। পাণ্ডবেরা প্রেলিনের কাজ্য ও অর্থ লইয়া তাঁহার
দেখিলেন যে তাঁহাদের রাজ্য ও অর্থ লইয়া তাঁহার
দ্বোংপত্তির সীমা নাই। যাহা হউক যুধিষ্ঠির তাঁহাকে যথেই সমাদর করিলেন, এবং বাকা বা কর্ম দারা
এমত প্রকাশ হইল না যে তাঁহার প্রতি তিনি কেন্দ্র
প্রকারে অসম্ভই আছেন।

অনন্তর মুর্ব্যোধন তীর্থ ক্রিয়া ও অনেক্র দান ধানি করিতে লাগিলেন। ইতিমধ্যে তাঁহার কতক গুলি সেনা চিত্ররথ নামক এক গল্পর্ব্ব রাজের পুস্পোদ্যান ভঙ্গ করিল। তাহাতে উদ্যান রক্ষক মুর্ব্যোধনের স্থানে প্রতীকার প্রার্থনা করিল। মুর্ব্যোধন কোন প্রতীকার না করিয়া বরং চিত্ররথের লোকদিগের অপন্যান করিলেন। চিত্ররথ এই সংবাদ পাইয়া ঘোরতর মুদ্ধ আরম্ভ করিলেন। ঐ মুদ্ধে মুর্ব্যোধনের অনুনক্রেনা ও অশ্ব গজ নই ইইল, এবং কর্ণ দ্রোণ প্রভৃতি মহাবলী সেনাপতিগণ বনস্থলী ত্যাগ করিয়া পলাস্থান করিলেন। অবশেষে চিত্ররথ মুর্ব্যোধন ও তাহার পরিবারস্থ তাবং নারীগণকে বন্ধন করিয়া জ্বয়োল্লাসে লাইয়া চলিলেন।

রাজা যুখিন্তির এই সংবাদে অত্যন্ত ছুঃখিত হুইরা তীম ও অর্জুন ছুই জাতাকে বলিলেন যে, চিত্ররথ ছুর্য্যোধনকে এই প্রকারে লইয়া গেলে আমাদের বংশের কলক। অত্যব তোমরা উত্তয়ে বাইয়া

ভাঁহাকে চিত্ররথের হস্ত হইতে উদ্ধার করিয়া আন। 'ভীম'ও অৰ্জুন এই আজায় কুদ্ধ হইয়া বলিলেন কি? বে দুর্ব্যোধন হইতে আমাদের এই দুর্গতি তাহার উদ্ধারার্থ আমাদিগকে যুদ্ধ করিতে আজ্ঞা করেন। ঐ পাপিষ্ঠ যে সকল ছক্ষ্ম করিয়াছে এখন তাহার ফল क्लियार्ड, ठिज्रबं आमार्मंत्र मरनात्रथं भूर्व कतिरलन। অতএৰ ছুৰ্যোধনের সহায়তা করাকথন কর্ত্তব্য নহে,চক এইক্ষণে আমারা গৃহে গিয়া নিশ্চিন্ত হইয়া রাজ্য করি। धार्मिकवत यूधिष्ठित विलालन, कृर्यग्राधन आमानित्शत পরম শক্ত, সে কথা মিখ্যা নহে। কিন্তু যদি চিতারথ 'ডাইাকে সপরিবারে এই অবস্থায় লইয়া যায় তবে 'আমাদের বংশের অখ্যাতি হইবে, এবং সকলে কহিবে, পাগুবেরা থাকিতে তাহাদের এই ছুর্দ্দশা হইল। অতএব এইক্লণে তাহাকে মুক্ত করা উচিত, পরে ভাহার সহিত ৰখন আমাদের যুদ্ধ উপস্থিত হইবে তখন ভছপযুক্ত বিধান করা যাইবে।

এই বাক্যে ভীম ও অর্জুন নিরুত্তব হইরা চিত্ররথের সহিত সংগ্রাম করিয়া ছর্য্যোধন ও তাহার
তাবৎ নারীগণকে উদ্ধার করিয়া আনিলেন। ছর্য্যোধন দেখিলেন্যে তাঁহার অতিআত্মীয় অহাকাণ তাঁহাকে
বিপদ্কালে কেলিয়া গেলেন্, কিন্তু যাঁহাদিগকে শক্র জান করিয়াছিলেন্ তাঁহারা পর্ম বন্ধুর কার্য্য করিলেন্
ইহাতে মনে মনে অভিশয় লক্ষিত হইলেন। তিনি
সারো দেখিলেন্ যে পাগুরেরা অতি বীর পুরুব, ছুই জাতার গন্ধর্কের তাবং সেনা লগু তথু করিলেন।
কিন্তু ঐ অকৃতজ্ঞ পাপিন্ঠ তাঁহাদের বীরত্বের প্রশংসা বা তাঁহাদের স্থানে কৃতজ্ঞতা স্থীকার না করিয়া মনে
মনে করিল যে, ইহাদের বনবাসের জার অধিক কাল
নাই, তাহার পর ইহারা আমার কাল স্বরূপ হইয়া
আসিবে, তখন আমার কি গতি হইবে; অতএব ইছাদিগকে এই সময়ে নিপাত করা আবশাক। এইরূপ
চিন্তা করিতে করিতে বন্ধু বাল্ধব ও দৈন্যগণ সমন্তিব্যাহারে হস্তিনায় প্রস্থান করিল।

কতক দিবস পরে ছর্কাসা মূলি সশিষ্যে হস্তিনা নগরে উপনীত হইলেন। ছর্ব্যোধন মূলির উগ্রন্থভাব জানিয়া ভাঁহার ও তৎশিষ্যগণের যথোচিত সম্মান করিলেন। মূলিবর ছর্ব্যোধনের প্রতি সম্ভন্ট হইয়া ভাহার অনেক প্রশংসা করিলেন, এবং ভাঁহাকে অনেক সমূপদেশ দিলেন। তৎপরে তিনি কিছুকাল ঐ স্থানে অবস্থিতি করিলেন। ছর্ব্যোধন মনে করি-লেন, পাণ্ডবদিগের বিনাশ জন্য এত চেটা করিলাম কিন্তু সকল মিথা হইল। লক্ষ্মী রূপা দ্রোপদীই ইহার মূল হইয়াছেন, কেননা তিনি সূর্ব্যের বর প্রভাবে আপনি যে পর্যান্ত আহার না করেন সে পর্যান্ত লক্ষ্ অতিথি আদিলেও ভাহাদিগকে-অনায়াসে অন্ত দান করিতে পারেন। কিন্তু শুনিয়াছি, আহারান্তে এক প্রাণিকৈও ভোজন করাইতে পারেন না। অতএব সভত কোখাবিষ্টু এই ছুর্কাসা মূলি বদি কোন দিবস ক্ষমিক রাত্রে সশিষ্য পাণ্ডৰ গৃহে অতিথি হয়েন, তবে ' তাহারা। ইঁহার অভিসম্পাতে ভস্মাৎ হইতে পারে। ছর্য্যোধন মনে মনে এই কল্পনা করিয়া বন্ধু বান্ধৰ-গণকে তাহা জানাইলেন। তাহারা তাহা শুনিয়া অত্যন্ত প্রসংশা করিল।

্ অনন্তর যখন ছুর্ঝাসা মুনি বিদায় হয়েন তথন তিনি ছুর্যোধনকে বলিলেন, আমি তোমার চরিত্রে পরম সন্তুষ্ট হইয়াছি, তুমি বর প্রার্থনা কর। ছুর্যোধন বলিলেন আপনার কুপাতে ধন ধানা ও অখ রথ অনেক আছে, আর কিছুরই প্রয়োজন নাই; কিন্তু একটা বিষয় আমার জানিতে ইচ্ছা আছে; শুনিয়াছি জৌপদী রক্ষন করিয়া যত ইচ্ছা তত লোককে, আর দান করিতে পারেন, অতএব আপনি অমুগ্রহ করিয়া যদি শিষ্যগণ সমভিব্যাহারে এক দিবস দশ দণ্ড রাত্রির পর তথায় অতিথি হয়েন তবে তাঁহার অতিথি সেবার ক্ষমতার স্থান্দর পরীক্ষা হইতে পারে। ছুর্মসা বলালেন তাহার বাধা কি, আমি সশিষ্যে অমুক দিবস পাণ্ডব গুহে অতিথি হইব।

ইহা বলিয়া হর্জসা রাজা ছর্ব্যোধনের স্থানে বিদায় হইয়া দশ সহজ্ঞ শিষ্য সমভিব্যাহারে কাম্যবনে গমন পূর্ব্বক এক দিবস রাজি দশ দণ্ডের পর যখন সকলে শয়নের উদ্যোগ করিতেছিলেন তথন পাণ্ডবাঞ্জমে উপস্থিত হইলেন। ইহাতে পঞ্চ জ্ঞাতা প্রথমত জ্ঞাতি-শয় ভীত হইলেন। কিন্তু প্রমেশ্বরের কি কুপা! কেই রজনীতে তাঁহাদের কাহারও আহার স্পৃহা হইল না। পর দিবস তাঁহারা ভোজনের এমত ইম্দর ' আয়োজন করাইলেন যে তাহাতে কোধ বা অভি-সম্পাত করা দূরে থাকুক তাঁহাদের প্রতি মুনিরাজ অতান্ত সম্ভূমই হইলেন।

এই কল্পনা নিক্ষল হইলে প্র্যোধন অতীন্ত
প্রঃখিত হইলেন। বিশেষ, পঞ্চ পাওবের বনবাসের
কাল শেষ হইয়া আসিল, তাহার পর তাহারা আসিয়া
রাজত্ব লইবে, এই ভাবনা অত্যন্ত হইল। প্র্যোখনের বন্ধুগণ ভাঁহাকে সাহস দিয়া বলিল, আমরা এক
এক জন এমন বীর, পাওবেরা যুদ্ধ করিতে আসিলে
তাহাদিগকে জনায়াসে সংহার করিব। কিন্তু প্র্যোখন জানিতেন, পাওবেরা এক এক জন ইন্দ্রের তুলা
যোদ্ধা, তাহাদের সঙ্গে যুদ্ধ করিয়া কখন জয়ী হইতে
পারিব না। অতএব অনেক মন্ত্রণা করিয়া এই ছির
করিলেন যে ক্রোপদীকে আনিয়া কোন স্থানে গোপন
ভাবে রাখা যাউক। প্রোপদী লক্ষ্মীরূপা পাওবদিপের
স্থাবের কারণ এবং তাহাদের পরমা প্রেম্মনী, তাহার
শোকে তাহার। সকলে প্রাণ ত্যাগ করিবে।

এই মন্ত্রণা করিয়া তিনি স্বীর ভগিনীপতি কর
তথকে জৌপদী হরণার্থে প্রেরণ করিলেন। কর্মান্থ ঐ কর্ম্মে অসম্বত হইয়াও ছর্ব্যোধনের অভ্রোধে বেগগানী অবস্থুক্ত এক শকটে আরোহণ করিয়া কাল্য বন্ধে গমন করিল। পরে পাগুবেরা কখন কি করেন

ধ্যোপন ভাবে ডাহার অমুসন্ধান লইয়া, এক দিবস, বধন তীমাৰ্জ্ন মৃগয়ার্থে বনে এবং যুধিষ্ঠির ও নকুল সহদেব ও মুনিগণ সরোবরে স্নানার্থে গমন করিয়াছেন এমত সময়ে রথারোহণে জৌপদীর কুটারে উপস্থিত হইল। দ্রৌপদী তংকালে রন্ধান করিতে র্ছিলেন। জয়দ্রথকে দেখিয়া মহা আনন্দিতা হইয়া পাদ্য অর্ঘ্য ও বসিবার আসন দিয়া কুশলাদি জিজ্ঞাসা করিলেন ৷- জয়ত্রথ কুশলাদি কহিয়া দ্রৌপদীকে ক্রিজ্ঞাসা করিল, যুধিষ্ঠির ও ভাঁহার জাভাগণ কোথায়। পাণ্ডবপ্রিয়া বলিলেন, ভাঁহারা কেহ ঁ মূলিয়ার্থ কৈহ স্থানার্থ লিয়াছেন, কিঞ্চিংকাল অপেকা কর সকলে আসিবেন। জয়দ্রথ ভাবিল পাণ্ডবেরা आंत्रिल कर्म পशु इहेरव। अञ्चव विलय ना कतिया ক্রোপদীকে বল পূর্বক আপন রথে উত্তোলন পুর:-সর,অতিবেগে রথ চালাইয়া দিল। দ্রোপদী জয়ত্র-থের এই কর্ম দেখিয়া উচ্চৈঃম্বরে রোদন করিতে লাগিলেন। জয়ত্ত্রথ তাহাতে কর্ণপাত না করিয়া দ্রুত গমন করিল।

ঐ সময়ে তীম ও অর্জুন বনে সৃগয়া করিতেছিলেন,
হঠাৎ দ্রৌপদীর ক্রন্দন ধানি শুনিয়া চতুর্দিক নিরীক্ষণ
করত দেখিলেন এক খান রথ ক্রন্তবেগে বাইতেছে
এবং তাহার মধ্যে হইতে ক্রন্দন ধানি আসিতেছে।
ইহা দেখিয়া চুই জাতা তথনি ঐ রথের পশ্চাংগালী
হইলেন এবং মুহুর্ত্তেকের মধ্যে ঐ রথ ধারণ করিলা

জয়য়থকে রথ হইতে নামাইয়া তাহার কেশাকর্বণ পূর্মক ছই জনে মুন্যাঘাত ও পদাঘাত করিতে লাগি-লেন, এবং তাহার প্রাণ বধের উপক্রম করিলেন। এমত সময়ে যুধিষ্ঠির স্নান হইতে প্রত্যাগমন পূর্মক গৃহশুনা দেখিয়া বমমধ্যে দ্রোপদীর অয়েষণে আদিয়া তীম অর্জুনকে জয়য়থ বধে উদ্যত দেখিয়া তাহা-দিগকে নিবারণ পূর্মক বলিলেন ইহার উপযুক্ত দণ্ড হইয়াছে অতএব প্রাণ বধ করিও না, কেননা তাহা হইলে আমাদের ভগিনী বিধবা হইবে এবং ভাগিনেয় গণ ছঃখ পাইবে। ইহা বলিয়া তাহাকে পরিত্যাগ করিলেন। ছর্ম্যোধন তাহার এই ছ্র্যতির কথা শুনিয়া

পাওবেরা সেই বনে বাস করিতে লাগিলেন। এই
প্রকার দাদশ বংসর অরণ্যে কালক্ষেপণ হইল। অয়োদ্দশ বংসর আরন্তের কয়েক দিবস পূর্বের তাঁহার সমান্তিব্যাহারী ব্রাহ্মণ ও দাস দাসীগণকে বিদায় করিলেন।
তংপরে এই স্থির করিলেন যে মংস্য দেশ দুর্য্যোধনের
অধীন নহে অতএব সেই দেশে কোন প্রকারে ছল্লবেশে এক বংসর বাস করিব। ইহাঁ স্থির করিয়া খোস্যা
পুরোহিত সমন্তিব্যাহারে যমুনা নদী পার হইয়া বামে
বিরাধি ও দক্ষিণে পঞ্চাল রাজ্য করিয়া মংস্য দেশে
বিরাধি রাজ্যে ঘাতা করিলেন। অনন্তর বে দিবস বিরাধ
রাজার অধিকারে উপনীত হইলেন সেই দিবস দাদশ
বংসর শেব হুইল। বিরাধি রাজ্যে উপস্থিত হুইলে

থৌন্য পুরোহিত তথা হইতে প্রস্থান করিলেন। পরে পঞ্চজাতা পদব্রকে চলিলেন।

क्षिभनी कथन शथ हामन नाई शथक्षर पाउर ह কাতরা হইয়া যুধিষ্টিরকে বলিলেন, নগর কত দুর আছে ? আমি আর চলিতে পারি'না। অতএব অদ্য श्रृष्टे थात्न तकनी वक्षन कत्, कना श्रीए नगरत भगन कता याहर्रत । यूथिकित विकालन मर्सनाम, अना निमि প্রভাত হইলে কল্য অজ্ঞাত বংসর আরম্ভ হইবে, যদি শ্ক্ৰপক্ষীয় কোন লোক কলা আমাদিগকৈ এখানে **मिथिए शांत्र जार यहा अयाम हहेरव । हेश बिलग्रा** ' जिनि अर्क्कुनक विलियन अमा त्रोटक दिता है नगरत ষাইতে হইবে, অতএব তুমি ক্রৌপদীকে ক্ষঞ্চে করিয়া লইয়া চল। অর্জুন জ্যেষ্ঠের আজ্ঞায় তথনি চলৎ শক্তি রহিতা দ্রৌপদীকে ক্ষেক্সে তুলিয়া লইলেন। পরে নগরের কিয়দূরে আসিয়া সে রাত্রি সেই খানে वक्त कतित्वत । शद्र शत मिर्ग जोशामित्र मान दर অন্ত্রাদি ছিল তাহা সঙ্গে লইয়া যাওয়া অপরামর্শ বিবেচনায় অৰ্ক্তুন যুধিষ্ঠিরের আজায় তাহা শবাকৃতি করিয়া বসনে বন্ধন করিয়া এক শিংশপা বৃক্ষের উচ্চ भाषात्र कुनारेश त्राथितन। उरशरत शक खाछा একে একে বিরাট রাজার সভায় উপস্থিত হইয়া এইরূপ পরিচয় দিলেন। যুখিন্তির কহিলেন আমার নাম কছ আদি রাজা বুধিন্তিরের রাজগন্তী ছিলাম। ভীম কহি-" লেন আমি বল্লত নামে তাঁহার সুপকার ছিলাব।

অর্জন কহিলেন আনি নপুংসক, নাম বৃহন্নলা, তাঁহার অন্তঃপুরস্থ নারীগণের হতা ও সঙ্গীত শিক্ষক-ছিলাম। নকুল কহিলেন আমি দামগ্রন্থি নামে তাঁহার অশ্ববৈদ্য ছিলাম। সহদেব কহিলেন আমি মন্ত্রিপাল নামে তাঁহার গোরক্ষক ছিলাম। পরে যুধিন্তিরের বন গমনে পদ্রুঘি হইয়া কর্মাকাজ্জায় দেশ দেশান্তর ব্রীয়াণ করিতে করিতে মহারাজের আশ্রামে আসিয়াছি। বিরাট রাজা তাহাই সত্য জ্ঞান করিয়া যুধিন্তিরকে মন্ত্রী, তীমকে স্থপকার, অর্জ্জুনকে কন্যা গণের হত্য ও সঙ্গীত শিক্ষক, নকুলকে অশ্ববৈদ্য, ও সহদেবক গোরক্ষক কর্মে নিযুক্ত করিলেন।

তদনস্তর দ্রোপদী সৈরিক্সী বেশে নগর জমণ করিতে লাগিলেন। বিরাট রাজার মহিবী স্থদেষা ঐ সময় অটালিকায় ছিলেন। তিনি দ্রোপদীর আশ্চর্যা রূপ লাবণাবলোকনে পরিচারিণীদিগকে আজ্ঞা করিলেন উহাকে গৃহের মধ্যে লইয়া আইস। পরে দাসীগণ তাঁহাকে রাণীর নিকটে লইয়া আসিলে স্থদেষা তাঁহার পরিচয় জিজাসা করিলেন। দ্রোপদী উত্তর করিলেন আমি সৈরিক্সী, পূর্বে পাণ্ডব গৃহে ছিলাম। পাণ্ডব মহিবী আমাকে অন্থাহ করিতেন। পরে তিনি পাণ্ডব গণ সহিত গহন কাননে গমন করিলে আমি আশ্রয় শুন্য হইয়া জমণ করিতেছি। যদি আপনার প্রয়োক্রন ইয় তবে আমাকে রাখুন; আমি সকল কর্ম্ম করিব, কেবল উচ্ছিট্ট স্পর্শ ও চরণ সেবা করিব না।

স্থাদেক। কহিলেন তোমাকে রাখা আমার নিতান্ত বাঞ্চা ছিল, কিন্তু তাহা হইলে আমার আপন বারে কণ্টক রোপন করা হইবেক। দ্রোপদী জিজ্ঞাসা করিলন সে কেমন। বিরাটপ্রিয়া কহিলেন যদি আমি তোমাকে আপন ভবনে রাখি ভবৈ রাজা তোমার অপীরপ রূপ দর্শনে আমাকে পরিত্যাপ করিয়া তোমাককেই রাজরানী করিবেন। দ্রোপদী তটস্থ হইয়া কহিলেন হে রাজমহিষি! আমি পর পুরুষের মুখাবলোকন করি না, অতএব সে জন্য চিন্তা কি। ইহা শুনিয়া স্থাদেকা করি লোপদীকে অন্তঃপুরে স্থান দান করিলন এবং তাঁহার শীল ও সচ্চরিত্র দেখিলা দিন দিন ভাহাকে অধিক স্নেহ করিতে লাগিলেন।

এইরপে বিরাট রাজার গৃহে একাদশ নাস গত হইল। পরে কীচক নামে বিরাট রাজার শ্যালক এক দিবস, দ্রোপদীর মনোহর রূপে মোহিত হইয়া খল রিপুর প্রাবল্য প্রযুক্ত তাঁহার প্রতি কু অভিলাষ করিল এবং তাঁহাকে কুপথগামিনী করিবার জন্য নানাপ্রকার প্রলোভ দিতে লাগিল। কিন্তু পতিব্রতা সতী তাহা তাচ্ছল্য করিলেন। ইহাতেও ক্ষান্ত না হইয়া নরা-ধম কীচক স্বীয় ভগিনী স্থদেফাকে আপন কুকর্ম্মের উত্তর সাধক করিল। স্থদেফা প্রথমত সহোদরকে কুপ্রবৃত্তি হইতে নিবৃত্ত করিবার জন্য অনেক যত্ন করি-লেন কিন্তু কীচক তাহা না শুনিয়া সহোদরার পদানত হুইয়া বলিল তুমি যদি আমার প্রাণ রক্ষার উপায় না কর তবে তোমার সম্মুখে আমি আয় হত্যা করিব।
রাণী কি করেন ভাতৃ বধের ভয়ে তাহাকে কাইলেনআমি কোন কৌশলে সৈরিক্সীকে তোমার নিকট প্রেরণ
করিব। ইহা শুনিয়া কীচক পরমানন্দিত হইল।
পরে রাজমহিষী সেরিক্সীকে কীচকের গৃহ হইতে কোন
দ্রব্য আনয়ন করিতে আজা করিলেন। দ্রৌপদী কীচকের আচরণ জানিয়া তাহাতে অসম্মতা হইলেন, কিন্তু
রাণী তাঁহার আপত্তি প্রবণ করিলেন না, স্মৃতরাং
দ্রৌপদীকে যাইতে হইল।

দ্রোপদী গৃহে আদিলে কীচক গাত্রোপ্থান পূর্প্রক তাঁহার সম্মুথে কৃতাঞ্জলি হইয়া দণ্ডায়মান হইল এবং বলিল অদ্য আমার স্থপ্রভাত। দ্রোপদী কীচককে দেখিয়া সমীরণে কদলী পত্র যেমত প্রকল্পিত হয় সেই প্রকার হইলেন পাপাত্মা তাহাতেও নিরস্ত না হইয়া তাঁহাকে আক্রমণ করিতে উদ্যত হইল। তথন দ্রোপদী ধর্মনাশের আশস্কায় রাজসভায় দৌড়িয়া গেলেন। কীচক বড় আশায় নিরাশ হইয়া তাঁহার পশ্চাৎ পশ্চাৎ ঘাইয়া তাঁহার কেশাক্রণ পূর্ক্তক পদাঘাত করিল। দ্রোপদী এই প্রকার অপমানিতা হইয়া রোদন করিতে করিতে রাজার সম্মুথে দণ্ডায়মানা হইয়া বিচারের প্রার্থনা করিলেন। কিন্তু রাজা কীচকের অত্যন্ত বাধ্য ছিলেন, কেননা তাহার বাছবলে তাঁহার রাজ্য বৃদ্ধি হইয়াছিল, অতএব তাহাকে কিছু না বলিয়া দ্রোপন্দীকে সাস্তুনা করিতে লাগিলেন। তীম ঐ সময়ে

রাজ সভায় ছিলেন, স্বচক্ষে ক্রোপদীর অপমান দেখিয়া তাঁহার চক্ষ্বয় রক্তবর্ণ হইল। কিন্তু কক্ষবেশী রাজা মুধিস্টির ক্রোপদীকে সাস্ত্যুনা করিয়া কহিলেন যাহা হইয়াছে তাহা ভাবিয়া ফল নাই, তুমি অন্তঃপুরে গমন কর। ইহা শুনিয়া ক্রোপদী রোদন করিতে করিতে নয়ননীরে আর্ফ্র হইয়া অন্তঃপুরে গমন করিলেন। স্থদেফা লজ্জিতা হইয়া তাঁহাকে অনেক সান্ত্রনা করিলেন।

তদনম্ভর দৌপদী অবগাহন করিলেন এবং পর-পুরুষ স্পর্শ দোষ বিমোচন জন্য যে ক্রিয়াদি আবশ্যক তাহা করিলেন। কিন্তু ইহাতেও তাঁহার মনের ছঃখ দূর হইল না, এবং ভবিষ্যতে কীচক আর কি অপমান করে ইহা ভাবিয়া রোদন করিতে লাগিলেন। অर्द्धतोज नगरत नकन श्रेतदान निक्रिज रहेल जिनि ধীরে ধীরে রন্ধন শালায় যাইয়া ভীমের নিদ্রা ভঙ্গ করিয়া সজ্পনয়নে ক্রন্দন করিতে করিতে ভাঁহাকে আপনার সমুদায় ছুঃখের কথা জানাইলেন; আর বলিলেন তুমি যদি আমার প্রতি কুপানা কর তবে ত্রামার পরিক্রাণের আর উপায় নাই। ভীম ওাঁহাকে অনেক সাস্ত্রনা করিলেন, আর বলিলেন অদাই আমি সভা মধ্যে কীচককে বধ করিতে উদ্যত হইয়াছিলাম, কিন্তু ধর্মরাজের আজ্ঞায় তাহা করিতে পারি নাই, কিন্তু সে জন্য চিন্তা করিও না। আমাদের অজ্ঞাত বাসের অার কয়েক দিবস মাত্র আছে, সে কয়েক দিবস তুমি

কোন প্রকারে যাপন কর তাহার পর ইহার প্রতিকার হইবে। দ্রোপদী বলিলেন রন্ধনী প্রভাতা হইলেসেই নরাধন আনাকে দেখিয়া হাস্য ও ব্যঙ্গ করিবে
ইহা আনার প্রাণে কখন সহ্য হইবেক না। অতএব অদ্য নিশিতে তুমি ইহার কোন প্রতিকার কর,
নতুবা তোমার সম্মুখে আমি প্রাণ ত্যাগ করিব। ভীম
কিঞ্জিং কাল চিন্তা করিয়া বলিলেন তবে ইহার এক
উপায় আছে কল্য প্রাতে যখন কীচকের মহিত সাক্ষাৎ
হইবে তখন তুমি তাহাকে এই কথা বলিও যে সক্ষ্যার
পর কৃত্য শালায় নির্দ্ধনে তাহার সহিত তোমার
সাক্ষাং হইবে, তাহার পর যাহা যাহা কর্ত্তব্য আমি
করিব। ইহা শুনিয়া দ্রোপদী প্রস্থান করিলেন।

পর দিবস দ্রৌপদী কীচককে কহিলেন যে আমি রজনী যোগে নাট্যশালায় থাঁকিব তুমি সেই খানে আমার সাক্ষাৎ পাইবে। কীচক ইহা শুনিয়া পুলকে পূরিত হইল। অনস্তর ভীম রজনীযোগে নারীবেশে ঐন্ত্যশালায় গিয়া কীচকের শযাতে বিসয়া থাকি-লেন। কীচক কিয়ৎকাল পরে ঐ নাট্যশালা প্রবেশ করিল এবং মদে মন্ততা প্রযুক্ত এককালীন বাহ্যজ্ঞান রিহত হইয়া ভীমকে জ্রৌপদী জ্ঞান করিয়া রসালাপ করিতে লাগিল। ভীম কহিলেন হে প্রিয়বর! তুমি কল্য আমাকে যে পদাঘাত করিয়াছিলে এখন পর্যান্ত আমি সেই বেদনাতে কাতর আছি এবং সেই জন্য মনের কিছু মাত্র আনক্ষ নাই। কীচক কহিল সে

জন্য চিন্তা কি আমি আপন মন্তক পাতিয়া দিলাম তুমি ইহাতে পদাঘাত করিয়া মনের ছুঃখ নিবারণ কর। ইহা বলিয়া আপন মস্তক পাতিল। ভীম মনে মনে অত্যন্ত স্ফ হইয়া বজুাঘাতের ন্যায় তাহার মস্তকে তিন বার পদাঘাত করিলেন ৷ ঐ পদাখাতে কীচকের মুগু ঝনঝনিয়া উচিল, ভাহাতে ক্রক্ষেপও করিল না। ফলত সে তখন এমত মদোন্মত্ত যে তিনি ক্রেপদী নহেন ইহা তথনও আহার বোধ হইল না; অতএব ভাঁহাকে দ্রোপদী জ্ঞান করিয়া রহ-স্যাদি করিতে লাগিল। ভীম কহিল ওরে পাষও ভূমি সৈরিন্দ্রীর সভীত্ব বিনাশের বাঞ্চা কর, তুমি জাননা তাহার রক্ষক কে। ইহা শুনিয়া কীচক চকিত হইল এবং ভীমের সহিত ঘোরতর যুদ্ধারম্ভ করিল। কীচক অত্যন্ত বলবান্ছিল এজন্য ভীম তাহাকে অনায়াসে পরাজয় করিতে পারিলেন না, স্থতরাং অনেক কণ পর্যান্ত বাছযুদ্ধ হইল। পরে ভীম প্রবল হইয়া তাহাকে বধ করিলেন। তদনস্তর রন্ধনশালায় যাইয়া চুপে চুপে শয়ন করিয়া থাকিলেন।

কিয়ৎকাল পরে অন্তঃপুরস্থ রমণীগণ কৃত্যালয়ে কীচকের মৃতদেহ দেখিয়া রাজা ও রাজীকে তদ্ভান্ত জ্ঞাপন করিল। রাজা কীচকের মৃত্যুর কারণ কিছুই অমুমান করিতে পারিলেন না, কিন্তু সৈরিজ্ঞীকে তমু-লীভূত বিবেচনা করিয়া তাহার সহোদর গণকে আজ্ঞা করিলেন যে কীচকের শবের সহিত সৈরিজ্ঞীকে দাহন কর। এই আজ্ঞা পাইয়া কীচকের ৯৯ সহোদর দের দেপিদীকে কীচকের শবের সহিত বন্ধন করিয়া দাহন করিতে লইয়া গেল। দ্রোপদী এই অচিন্তনীয় ঘটনায় উচ্চঃস্বরে রোদন করিতে লাগিলেন। ভীম দ্রোপদীর ক্রন্দনে পুনর্জ্জাগরিত হইয়া এক দীর্ঘ তরু উৎপাটন করিলেন এবং ঐ তরুর আঘাতে কীচঃকর নিরন্যরুই ভাতাকে একে একে বধ করিলেন, তৎপরে পুনর্যার রন্ধন শালায় যাইয়া শয়ন করিয়া থাকিলেন।

কীচকের ভ্রান্ডাগণ বিনষ্ট হইলে রাজপুরীর মধ্যে একটা বড আতঙ্ক হইল। রাজা অত্যন্ত ভীত হইলেন এবং দ্রোপদীকে কালরূপিণী জ্ঞান করিয়া রাণীকে বলি লেন যে তিনি বাটীতে থাকিলে আরো দ্বর্ঘটনা ঘটিতে পারে অতএব তাঁহাকে স্থানান্তরে প্রস্থাম করিতে বল। রাণী রাজাজাক্রমে তাঁহাকে বলিলেন যে তোমার জন্য আমার শত সহোদর নিধন প্রাপ্ত হইল এবং ইহার পর আরো কি অমঙ্গল ঘটিবে তাহা বলিতে পারি না, অতএব তুমি স্থানাস্তরে গমন কর। দ্রোপদী কহিলেন তোমার সহোদর গণ আপন আপন দোষে নই **■ই**য়াছে, ইহাতে আমার কিছু মাত্র অপরাধ নাই। আমি তোমার অন্তগ্রহে এখানে অনেক দিবস যাপন ক্রিলাম আর এখানে অত্যল্ল কাল বাস ক্রিবার বাসনা করি, তাহার পর স্থানান্তরে গমন করিব। একা-লের 'মধ্যে তোমার আর কোন অনিষ্ট হইবেক না, বরং আমার থাকাতে তোমার যথেষ্ট উপকার হই-. বেক। ইহা শুনিয়া রাণী তাঁহাকে আর কিছু বলিলেন না। ক্রেপিদী নির্মিয়ে তথায় থাকিলেন।

যখন পাণ্ডবেরা এইরূপে বিরাট রাজার রাজ্যে অজ্ঞাত বাস করেন তখন ছুর্য্যোধন তাঁহাদের অন্তুস-ন্ধান জন্য চতুর্দ্দিকে দূত প্রেরণ করিয়াছিলেন। ঐসকল দূত,নানা দেশ নদ নদী ও গিরিগুহা অম্বেষণ করিল কিন্তু কুত্রাপি তাঁহাদের অন্তুসন্ধান পাইল না। ইতি-মধ্যে ছুর্য্যোধন কীচকের মৃত্যু সংবাদ পাইলেন। মহাবীর কীচক বিরাট রাজার সেনাপতি থাকাতে তিনি ঐ দেশ জয় করিতে পারেন নাই। একণে তদভাবে বিরাট রাজা স্বয়ং রাজ্য রক্ষা করিতে পারি-বেন না ভাহা অনায়াদে লইব। ছুর্য্যোধন মনে মনে এই স্থির করিয়া যুদ্ধ সজ্জা করিয়া মৎস্য দেশে গমন করিলেন এবং স্থশর্মা চূপতিকে বিরাট রাজার দক্ষিণ গোগৃহ জয়ে নিযুক্ত করিয়া আপনি ভীন্ম জোণ কুপাদি বীরগণকে লইয়া উত্তর খণ্ডে থাকিলেন। स्रगमा पिक्रन भागिष्ट जागमन कतिला विताषे तांका আপন পুত্র উত্তরকে পুরী রক্ষার্থে নিযোজিত করিয়া স্বয়ং তাহার সহিত সংগ্রামার্থ গমন করিলেন, কিস্ক যুদ্ধে পরাভূত হইলেন। তাহাতে স্থশর্মা ভাঁহাকে সীয় রথোপরি উত্তোলন করিয়া লইয়া গেলেন।

ছর্দ্মবেশী যুধিষ্ঠির অন্ধদাতা বিরাটের এই গ্রব-স্থার সংবাদ পাইয়া ছত্মবেশী তীমকে কহিলেন দেখ স্থাস্থা আমাদিগের আশ্রেয় দাতাকৈ লইয়া যাইতেছে, আমরা থাকিতে তাঁহার এই প্রকার অপমান হওয়া উচিত হয় না, অতএব ইহার যাহা কর্ত্তব্য তাহা কর। এই কথা বলিবা মাত্র তীম শক্রর পশ্চাৎ পশ্চাৎ ধাবনান হইলেন, এবং পদাঘাত দ্বারা তাহার রথ চূর্ণ করিয়া স্থশর্মা ও বিরাট উভয়কে জ্যেস্তর সশ্মুখে আনিয়া দিলেন। তখন বিরাট রাজা আপনাকে জয় যুক্ত জান করিয়া কঙ্ককে কহিলেন শক্র পরাভূত হইন্মাছে, এক্ষণে তাহাকে বধ করা উচিত কি না। কঙ্ক কহিলেন শক্রর সম্মান রক্ষা করাই ভদ্রের উচিত, কেন না তাহা হইলে জয়ের মহিমা আরও বৃদ্ধি পায় এবং তাহাতে শক্র যাবজ্জীবন লজ্জিত থাকে। ইহা শুরিয়া বিরাট রাজা স্থশর্মাকে মুক্তি দান করিলেন।

যখন বিরাট রাজা দক্ষিণ গোগৃহে স্থশর্মার সহিত এই প্রকার সংগ্রামে প্রবৃত্ত হইলেন তখন মুর্য্যোধন সমৈন্যে তাঁহার উত্তর গোগৃহ হইতে গাভী সকল হরণ করিতে আরম্ভ করিলেন। বিরাট রাজার পুত্র উত্তর এই বার্ত্তা প্রবলে অন্তঃপুরে স্ত্রীগণের নিকট আক্ষালন করিয়া বলিলেন যে পিতা সকল সৈন্য লইয়া গিয়া-ছেন, এক জনও সার্রথি নাই যে তাহাকে লইয়া আমি যুদ্ধে যাত্রা করি, নতুবা এখনি শত্রু বিনাশ করিতাম। সৈরিজ্বী এই বাক্য শুনিয়া বৃহন্ধলা রূপ অর্জ্জুনকে সেকথা জানাইলেন। তাহাতে বৃহন্ধলা সার্থি হইয়া তৎক্ষণাৎ রথ প্রস্তুত করিলেন। উত্তর ঐ রথারো-হণে রণে যাত্রা ক্রিলেন। কিন্তু যথন দুর হইতে

অতি ভীষণ কুরুবৈদনা দর্শন করিলেন তথন অতাস্ত ভীত হইয়া সার্থিকে কহিলেন তুমি রথ ফিরাও, আমি যুদ্ধে গমন করিব না। অর্জ্জুন এই বাক্য অগ্রাহ্য জ্ঞান করিয়া রথ চালাইতে লাগিলেন। তাহাতে উত্তর মহা ভয়ে রথ হইতে ভূমে লক্ষ্ণ দিয়া পজিয়া পলাম্যন করিতে লাগিলেন। অর্জ্জুন উত্তরকে ধরিয়া কহিলেন, অরে মৃঢ় তুমি রাজ পুল্র হইয়া রণস্থল ত্যাগ করিয়া পলামন করিতেছ ইহা অপেক্ষা আর হাস্যাস্পদ কি আছে, যদি তুমি যুদ্ধ করিতে অক্ষম হও তবে আমি যুদ্ধ করিতেছি, তুমি সার্থি হও। উত্তর ইহাতে হঠাৎ সাহসিক হইলেন না, কিন্তু পরে সন্মত হইলেন।

তখন অর্জুন অজ্ঞাত বাদের পূর্বেন নগরের বহির্তাগে শিংশপা বৃক্ষে যে ধন্ত ও আর আর অস্ত্র
সকল শবাকারে রাখিয়াছিলেন তাহা পাড়িয়া লইলেন। এবং সংগ্রাম স্থলে গমন করিয়া আপন বল
বিক্রম প্রকাশ করিতে লাগিলেন। তাহা দেখিয়া
তাবং কুরুসৈন্য স্তব্ধ হইল। এবং ভীদ্মাদি মহারথি
ও বীরগণ দেখিলেন যে অর্জুন সংগ্রামে আসিয়াছেন। ইহাতে কেহ কেহ আফ্লাদিত হইয়া মনে
করিলেন ভাল হইল পাগুবদিগের অজ্ঞাত বাস প্রকাশ
হইল তাহাদিগকে পুনর্বার দাদশ বংসর বন বাস
করিতে হইবে। কিন্তু দোণাচার্য্য গণনা করিয়া দেখিলেন যে সপ্তদশ দিবস হইলা তাহাদিগের অজ্ঞাত

বংসর গত হইয়াছে। ইহাতে সকলের উদ্যম ভঞ্ হইল। পরে অর্জুন সৈন্য মধ্যে প্রবেশ করিরা প্রথমে বিরাটের গোধন সকল উদ্ধার করিলেন, তাহার পর ক্রমে ক্রমে সকল যোদ্ধাকে পরাজয় করিলেন। তা-হাতে দুর্য্যোধন ক্ষিত্রত হইয়া স্বদেশে পলায়ন করি-লেন।

অর্জ্জুন গাভী সকল উদ্ধার করিয়া আনাতে বিরাট রাজা অত্যন্ত তুই হইলেন। পরে ওঁহার ও ওঁহার চারি জাতার ও জৌপদীর পরিচয় পাইয়া পরমানন্দিত হইলেন, বিশেষ ভীম ও অর্জ্জুনকে আপন উদ্ধার-কারি জানিয়া অভিশয় সন্মান করিলেন, এবং জৌপ-দীর প্রতি কুব্যবহার জন্য তাঁহার স্থানে মার্জ্জনা চাহি-লেন। অধিকন্ত তাঁহাদের সহিত প্রণয়ের আবশ্যকতা জন্য অর্জ্জুনের পুত্র অভিমন্থার সহিত আপন কন্যা উত্তরার বিবাহ দিলেন।

এই ব্যাপারের পর পাগুর গণ স্থল্প বন্ধু সকলের সহিত পরামর্শ করিয়া আপন রাজ্য পুনঃ প্রাপ্তি জন্য রাজ্য ধৃতরাক্রের নিকট দূত প্রেরণ করিলেন। অন্ধ-রাজ্য তীম্ম ও বিপ্ররাদি মন্ত্রিগণের সহিত মন্ত্রণা করিয়া রাজা যুথিষ্ঠিরকে পূর্বাধিকার ইক্রপ্রস্থ দিতে সম্মত হইলেন। কিন্তু প্র্যোধন কুমন্ত্রি গণের মন্ত্রণায় কোন মতেই সম্মত হইলেন না। স্থতরাং যুদ্ধ ভিন্ন পাগুর গণের রাজ্যপ্রাপ্তির আর কোন উপায় রহিল না। জ্ঞাতি বন্ধু হানি ও তনেক মহা প্রাণি বধ হইবে ভাবিয়া পশুবগণ ইহা পর্যান্ত স্বীকার করিয়াছিলেন যে আমাদিগের পঞ্চ ভাতাকে পাঁচ খানি গ্রাম দাও, তাহা
হইলে আমরী কোন প্রকারে দিন পাত করিতে পারি।
কিন্ত ছর্য্যোধন উত্তর করিলেন যে বিনা যুদ্ধে পাগুর
গণকে স্থচাগ্র প্রমাণ ভূমিও দিব না। ইহাতে যুদ্ধ
ক্রাই শ্রেয়ঃকল্প হইল।

অনম্ভর কুরু পাণ্ডব উভয় পক্ষে সৈন্য সামস্ত তুরঙ্গ মাতঙ্গ রথ রথী সংগ্রহ করিতে লাগিলেন। निर्किष्ठे আছে এই यूरक्त कना ताका हर्स्याधन এका-मग अक्कोहिनी ও রাজা যুধিষ্ঠির সপ্ত অক্ষোহিনী সেনা সংগ্রহ করিয়াছিলেন। এবং যুদ্ধের নিয়ম এইরূপ হইয়াছিল এক ব্যক্তির সহিত এক জন যুদ্ধ করিবেক তাহাতে অন্য ব্যক্তি প্রতিবাদী বা সহকারী হইতে পারিবে না, এবং নিরস্ত বা পলায়নপরায়ণ ব্যক্তিকে আক্রমণ করিবে না। এইরূপে আয়োজন ও নিয়ম নির্দ্ধারিত হইলে, কুরু পক্ষে ভীম্ম ও পাণ্ডব পক্ষে অর্জুন দেনাপতি অভিষিক্ত হইলেন। ভীম্ম ভিন্ন প্রর্যোধনের ক্রোণ কর্ণ ক্রপ প্রভৃতি অনেক প্রধান দেনাপতি ছিলেন। যুধিষ্ঠিরের ভাতাগণ,ভিন্ন অন্য সহায় বড় ছিল না। কিন্তু তিনি অতি ধার্মিক, এজন্য ठाँशांत मर्स्वाशित धर्म जक अधान वन हिन। जवः প্রীকৃষ্ণ অর্জ্জু নের রথের সারথ্য স্বীকার করিয়াছিলেন। এই मञ्जास कुरू क्लाव्य युद्धां तस्र रहेन। ये युद्धा कमा-গত অফাদশ দিবস হইয়াছিল।

প্রথম যুদ্ধ ভীষ্ম ও অর্চ্ছনে হইল, এই যুদ্ধ ক্রমা-গত দশ দিবস পর্যান্ত হইয়াছিল। ঐ যুদ্ধে সার্জ্ঞ নের হস্তে ভীষ্ম নিহত হইলেন। তংপরে দ্রোণাচার্য্য সংগ্রামে আসিলেন এবং তিনিও ছুই তিন দিবস যুদ্ধ করিলেন, কিন্তু তীহার পর পরাস্ত হইয়া প্রাণ ত্যাগ कतित्वन। जर्मनखत्र कर्ग रमनांभिष्ठ रहेत्वन। जिनिकूरे দিবস অতি খোরতুর সংগ্রাম করিলেন, পরে পূর্ব সেনাপতি গণের ন্যায় শমন ভবনে গমন করিলেন। তংপরে শল্য রাজা সেনাপতিত্ব স্থীকার করিলেন তিনিও যুদ্ধে হত হইলেন। এইরূপে অনেক সেনা-পতি নট হইল। এবং ভীম কর্ত্ত ছুর্যোধনের ঊনশত ভাতা ও পুত্ৰ ও ভাতুষ্প ত্ৰ ও সাগ্ৰীয় সমাত্য . গণ হত হইল। ইহা ভিন্ন কত দৈন্য ও কত হস্তী ও কত অশ্ব নফ হইল তাহার সঞ্চা নাই। ফলত ভূর্য্যো-ধন একবারে সহায়হীন হইলেন। পাণ্ডব পক্ষেও অনেক যোদ্ধা ও অনেক সৈন্য নফ হইল। ইহাতে উভয় পক্ষই ছুঃখ সাগরে মগ্ন ছইলেন। কিন্তু ছুর্য্যোধন আপনাকে একবারে যুদ্ধে অক্ষম বিবেচনা করিয়া এক গদা হত্তে করিয়া প্রাণ রক্ষার জন্য রণস্থলী পরিত্যাগ शूर्वक এकটা द्रुप्तत मधा नुकारेया थाकिलन।

হুর্য্যোধন পলায়ন করিলে পাগুবেরা তাঁহার পুরে-বন করিতে লাগিলেন। পরে ভীম তাঁহার সন্ধান পাঁইয়া হুদের নিকট যাইয়া তাঁহাকে অনেক ভর্ৎসনা করিতে ও হুর্কাকা বলিতে লাগিলেন। হুর্যোধন অতি অভিমানী- ছিলেন; অতএব ভীমের ভর্শনা বাক্য সহ্য করিতে না
পারিয়ী গাদা হস্তে জল হইতে উচিলেন, এবং ভীমের
সহিত গদাযুদ্ধে প্রবৃত্ত হইলেন। কিন্তু ভীম প্রচণ্ড
প্রতাপে তাঁহার উরুদেশে এমত এক গদাযাত করিলেন যে তাহাতে তাঁহার উরু একেবারে ভগ্ন হইল
এবং তিনি ধরায় লুণ্ডিত হইলেন। ঐ সময়ে পূর্ব্ব
অপমান ম্মরণ করিয়া ভীম তাঁহাকে পদাযাত করিলেন। তাহাতে মুধিষ্ঠির তাঁহাকে নিষেধ করিয়া
বলিলেন যে ভীম! তুমি অতি অজ্ঞানের কর্ম করিলে,
কেন না যিনি সসাগরা পৃথিবীর রাজা এবং অতি মানী
ও সৎকুলোদ্ভব তাঁহার প্রতি এরূপ অত্যাচার করা
উচিত নহে। এই বাক্যে ভীম লক্ষ্রিত ও অধোবদন
হইলেন। পরে রাজা মুধিষ্ঠির সহোদরগণ সমভিব্যাহারে জ্ঞাতি বধের প্রায়শ্চিত্ত করিবার মান্তে প্রভাসতীর্থে স্থানাদি জন্য গমন করিলেন।

ছুর্যোধনের উরুভঙ্গ হওয়াতে তিনি মৃত প্রায় হইয়া থাকিলেন, উথান শক্তি রহিল না। রজনী-যোগে জোনাচার্য্যের পুত্র অশ্বথানা তাঁহার নিকট আসিয়া কহিলেন, হে কুরুনাথ! তোনার এই অবস্থা দেখিয়া আনার অস্তর বিদীর্ণ হইতেছে, বদি তুমি এখনো আমাকে সেনাপতি কর তাহা হইলে আমি তোনার শত্রুগণ্কে নিপাত করিতে পারি। রাজা কহিলেন ভীম কর্ত্তক আমার উরুভঙ্গ হইয়াছে, আর উথান শক্তিনাই, যাহা উচিত কর। ঐ বাক্যে অশ্বথানা রাত্রিযোগে

को भल भूर्यक भाखन मिनित मधा अदनम कतिलाम। তিনি জানিতেন না, পঞ্চ পাণ্ডব ঐ দিবস প্রভাসে গমন করিয়াছেন। যদিও ধৃষ্টহান্ন প্রভৃতি বীরগণ শিবি-রের রক্ষক ছিলেন, কিন্তু রজনী অন্ধকার,বিশেষ সকলে নিদ্রায় অটেতনা ছিলেন, তাহাতেই অশ্বথানার চাতুর্যা কিছু মাত্র জানিতে পারেন নাই। যাহা স্ট্রক অশ্বত্থামা প্রথমত ধুউছাম্লকে বধ করিয়া তৎপশ্চাৎ পঞ্চপাণ্ডব জ্ঞানে ক্রেপদীর পঞ্চ পুত্রের নমস্তকচ্ছেদন क्रिलाग। धे शक्ष श्रुत्ख्यत शक्ष गुछ नहें हा पूर्वा-ধনের নিকট উপস্থিত হইয়া কহিলেন এই দেখ আমি পঞ্চ পাণ্ডবকে বধ করিয়া তোমার প্রত্যয়ার্থ তাহাদের ছিন্ন মন্তক আনম্বন করিয়াছি। পাণ্ডব-क्लेक ष्ट्राधिन बास्तामिछ रहेशां कहितंनन दर छक्र-পুত্র! ভীম আমার বংশ নাশ করিয়াছে অভএব তাহার মস্তকটা আমার হস্তে দাও দেখি। এই কথায় অশ্বথানা ভীমাকৃতি তদৌরসজাত পুত্রের মস্তক রাজার श्ख मिलान । पूर्याधिन थे मखकेंगे नरेश प्रहे হত্তে ধরিয়া এমন টিপন দিলেন যে তাহাতে ঐ মুগু একেবারে চূর্ণ হইয়া গেল; তাহাতে তিনি অতিশয় বিষাদযুক্ত ইইয়া কহিলেন, হে অশ্বথামন্! তুনি কি কুকর্ম করিয়াছ, এ মন্তক ভীমের নহে,তুমি পঞ্পাণ্ডব জ্ঞান করিয়া তাহাদের পঞ্চ পুত্রকে বিনাশ করিয়াছ: আহাঁ! এমন কর্ম কেন করিলে,কুরু পাণ্ডব উভয় বংশ এককালীন লোপ ছইল। এরূপে অনেক আক্ষেপ

C

- মান পোকে প্রাণ ত্যাগ করিলেন।

রজনী প্রভাতা হইলে দ্রোপদী স্বীয় পুজ গণের ও ভাতার বধের সংবাদে হাহাকার শব্দে রোদন ও আক্ষেপ করিতে লাগিলেন। এবং যুধিষ্ঠির ও তাঁহার ভ্রাতাগণ ঐ বুত্তান্ত শুনিয়া অতিশয় ছঃখিত হইলেন। পরে সকলেই শোক সম্বরণ করিলেন কিন্তু ভীম অশ্ব-থামার অমুঠিত কর্ম্মে রাগান্ধ হইয়া অমুসন্ধান পূর্ব্বক তাহাকে ধৃত করিয়া আনিলেন এবং বধ করণে উদাত হইলেন। কিন্তু দ্রোপদী কৃতাঞ্জলি পুরঃসর ু বলিলেন, হে বীরবর! তুমি কখন ব্রহ্মবধ করিও না। যদিও অশ্বথামা অবিচারে আমার পঞ্চ পুত্র ও জাতাকে বধ করিয়াছেন,কিন্তু ব্রাহ্মণ অবধ্য, বিশেষতঃ ইনি তোমার গুরুপুজ্র, এবং সকলেই ব্রাহ্মণকে মান্য করিয়া আসিয়াছেন, অতএব একর্ম করিলে অপযশ হইবে; এজন্য ব্রাহ্মণের প্রাণ আমাকে ভিক্ষা দাও। ইহা কহিয়া অনেক স্তুতি বিনতি পূর্বক অশ্বত্থামাকে মুক্ত করিয়া দিলেন। অশ্বত্থামা দ্রোপদীর করুণায় অতিশয় লজ্জিত হইয়া মনে মনে বিবেচনা করিলেন যে ইহা অপেক্ষা আমার মৃত্যু সহআংশে ভাল ছিল। অনন্তর পাণ্ডবেরা হস্তিনাপুরে গমন করিলেন,

অন্তর পাশুবের। হাস্তনাপুরে গমন কারলেন, এবং ধৃতরাই ও গান্ধারীর সহিত সাক্ষাং করাতে ভাঁহাদের আক্ষেপ বাক্যে, ও ছর্য্যোধন প্রভৃতি শত - ভ্রাতার ভার্য্যাদিগেরু ক্রন্দন ও ছঃখে, যুধিষ্ঠির একে- বারে আদ্র হিলেন। ঐসকল নারীগণ ভাঁহাকে কুরু কুল নির্দ্দল ও আপনাদের বৈধবা দশার মুল বলিয়ানিনা নানাপ্রকার তিরক্ষার করিতে লাগিল। যুধিন্তির তাহাদিগকে অশেষ প্রকার সাস্ত্বনা করিলেন। পরে জ্যেষ্ঠ তাতের অফুজা ক্রমে, যে সকল বন্ধু বান্ধব জ্ঞাতি কুটুষ ও আগা স্বজন যুদ্ধে হত হইয়াছিলেন জাঁহাদিগের অগ্নি সংক্ষার ও আদ্ধি তর্পণাদি করিয়া প্রনর্ধার রাজা হইয়া স্থেখে রাজত্ব করিতে লাগিলেন। ভাঁহার বিচারে প্রজা গণ অভান্ত স্থাইইল।

অনস্তর রাজা যুধিষ্ঠির মনে মনে বিবেচনা করিলেন যে আমি বিষয়ে মন্ত হইয়া অনেক জাতি বন্ধু
বিনাশ করিয়াছি, তাহাতে অধিক পাপ হইয়াছে,
অতএব ঐ পাপ ক্ষয় জন্য অশ্বমেধ যক্ত করা আহশাক। এই বিবেচনা করিয়া তিনি যক্ত আরম্ভ করিলেন। এই যক্তে ভারি সমারোহ হইয়াছিল। কথিত
আছে, পূর্বের রাজস্থ্য যক্তে যেমন ধূমধাম হই য়াছিল
তদপেকা এই যক্ত অধিক ধূমধামে নির্বাহ হইল।

যক্ত করণানস্তর রাজা যুধিষ্ঠির শিষ্ট পালন ও ছুই দমন পূর্বাক রাজত্ব করিতে লাগিলেন এবং ক্রমশ আরো যশস্বী হইতে লাগিলেন। কিয়ৎ কাল পরে রাজা ধৃতরাক্ট গান্ধারী ও বিছুর ও কুন্তী ও সঞ্জয় সমন্তিব্যাহারে যোগ সাধনার্থ অরণ্যে গমন করি-দেন। কতক দিবস যোগ সাধন করিয়া ক্রমে ক্রমে সকলে পঞ্জু পাইলেন। পাগুবদিগের পর্ম বন্ধু

জীকৃষ্ণ ও তাঁহার বংশোদ্ভব সমস্ত বীর গণ কলেবর -পরিত্যাপ করিলেন। এই সকল ঘটনার পর রাজা যুধিষ্ঠির ভাতাগণকে রাজ্য ভারার্পণ করিয়া যোগ সাধনার্থ গমনের বাঞ্ছা করিলেন। কিন্তু তাঁহার ভ্রাতা গণ রাজত্ব গ্রহণে সম্মত হইলেন না, বরং এরূপ প্রক্তিজ্ঞা জানাইলেন যে তাঁহার সমভিব্যাহারী হইয়া তাঁহারাও অরণ্য প্রবেশ করিবেন। যুধিষ্ঠির ইহাতে নিরূপায় হইয়া উত্তরার গর্ভে অভিমন্ত্যুর ঔরসজাত পুত্র পরীক্ষিংকে রাজত্ব অর্পণ করিয়া পঞ্চজাতা ও দৌপদী সহিত হিমালয় পর্বতে যাত্রা করিলেন। ন্যাসদেব লিথিয়াছেন যে প্রথমত ক্রোপদী তৎপরে महादि उर्भात नकून ७ व्यक्ति ७ जीम এकে এक পকলে প্রাণ ত্যাগ করিলেন। কিন্তু রাজা যুধিষ্ঠির অতিশয় ধার্শ্মিক ও জিতেক্সিয় ছিলেন এজন্য তাঁহার ধ্বংস হইল না, তিনি সশরীরে স্থর্গে গমন করিলেন।

দ্রৌপদী সতী লক্ষ্মী ছিলেন। তাঁহার পঞ্চ স্থামী ছিল যথার্থ, কিন্তু তথাপি তিনি সতীর মধ্যে অগ্রগণা ছিলেন। আর ইহা ভিন্ন তিনি অতি ধর্মপরায়ণা পতিব্রতা ও দয়াশীলা ছিলেন এবং অধীন গণকে মাতার নাায় পালন করিতেন। তিনি রাজকনা। হইয়াও এবং রাজভার্যা। হইয়াও পতিগণের সঙ্গে সঙ্গে বনে বনে জ্মণ করিয়াছেন। এই সকল গুণে তাঁহার নাম প্রাতঃম্মরণীয় হইয়াছে ইহা অপেক্ষা আর্ম্ন কি আবশ্যক।

নবনারী

• লীলাবতী।

লীলাবতী ভাষ্করাচার্য্যের কন্যা ছিলেন। তিনি গণিত ও জ্যোতির্বিদ্যাতে এমত পারণ হইয়াছি-লেন যে পুরুষের তদ্ধপ হওয়া কটিন। কিন্তু আকে-পের বিষয় এই যে তাঁহার জীবন বৃত্তান্ত কোন বাঙ্গালা বা সংস্কৃত গ্রন্থে পাওয়া যায় না। এই পুস্তক লেখক তদৃতান্ত প্রাপ্তিহেতু অনেক অন্ত্রসন্ধান করিয়াছি-লেন কিন্তু কৃতকার্যা হয়েন নাই। দিল্লীর অধিপতি আকবর সাহের ফয়েজ নামক এক সভাসদ উক্ত সম্র:-টের সস্তোষার্থে, আপনাকে ব্রাহ্মণ রূপে পুরিচয় দিয়া এক ব্রাহ্মণের স্থানে সংস্কৃত ভাষা শিক্ষা করিয়া, সংস্কৃত ভাষার উত্তম উত্তম শাস্ত্রাদি পারস্য ভাষায় অহুবাদ করিয়াছিলেন। তন্মধ্যে ভাক্ষরাচার্য্যের বির্চিত লীলাবতী নামক যে গ্রন্থ অস্থবাদ করেন তাহার ভূমিকাতে লিখিয়াছেন যে ভাক্ষরাচার্য্য বদর সহর নিবাসী ছিলেন। লীলাবতী তাঁহার এক মাত্র কন্যা ছিলেন; ভাস্করাচার্য্য তক্ষন্য তাঁহাকে অভ্যন্ত ভাল বাঁসিতেন। কিন্তু তাঁহার জন্মকোষ্ঠী ও নাক্ষ-ত্ত্তিক গণনাতে প্রকাশ হইয়াছিল যে তিনি পতিপুত্র

্বিহীনা হইবেন। ভাস্করাচার্য্য ছহিতার এই প্রকার তুর্গতির ভাবনায় নিতান্ত তুঃখিত থাকিতেন, এবং সর্বাদা চিন্তা করিতেন ভাঁহার বৈধব্য দশা বিযোচনের কোন উপায় আছে কি না।

অনন্তর তাঁহার বিবাহের কাল উপস্থিত হইলে, তিনি আপন জ্যোতির্বিদ্যা বলে এমত এক লগ্ন হির করিলেন যে সেই লগ্নে বিবাহ হইলে লীলাবতী পতি বিহীনা হইবেন না, এবং পুত্রবতী হইবেন। পরে যে দিবস বিবাহ হইবেক সেই দিবসে অনেকানেক বিদ্যান ও বিজ্ঞ লোককে আহ্মান করিয়া তাঁহাদের সম্মুখে কন্যা ও জামাতাকে একত্রে বসাইয়া লগ্নের কাল নির্ণার্থে জ্লপূর্ণ এক পাত্রের উপর অতি ক্ষুদ্র ছিদ্র যুক্ত একটা তাম্বি রাখিলেন, আর বলিলেন, ঐ তাঁবির ছিদ্র দিয়া জল উঠিয়া যখন তাঁবি জ্লমগ্ন হইবেক তখন কন্যা সম্পুদান করিবেন, তাহা হইলে কন্যা বিধবা হইবেন না।

ভাস্করাচার্য্য কালের স্থক্ষাস্থস্থ বিবেচনা জন্য বিজ্ঞ পণ্ডিত ও দৈবজ্ঞ প্রভৃতি অনেক বিচক্ষণ মস্থ-ষ্যকে তথায় রাখিলেন। কিন্তু দৈবের কি বিচিত্র গতি; লীলাবতী বাল্যস্বভাব প্রযুক্ত, ক্ষুদ্র ছিদ্র দারা ভাবি মধ্যে জলাগমন হওয়া, আশ্চর্য্য জ্ঞান করিয়া লগ্ন নির্দ্ধারণ যন্ত্রের উপর দৃষ্টিপাত করিতেছি-লেন। ইতিমধ্যে অকম্মাৎ তাঁহার নস্তকের মুকুট হইতে একটি ক্ষুদ্র মুক্তা জলবিক্তবং সেই ভাঁবিতে পতিত হইয়া জল প্রবেশ ছিদ্রের উপর স্থিত হইয়া জলপ্রবেশ স্থগিত করিল। ভাস্করাচার্য্য ও দৈবজ্ঞ-গণ স্থানে স্থানে বসিয়া তাঁবি জল মগ্নের অপেকা করিতে ছিলেন; কিন্তু যথন জলমগ্ন হওনের আমুমা-নিক কাল অতীত হইয়া অনেক বিলম্ হইতে লাগিল, তখন তাঁহারা বিশায়াপন্ন হইলেন এবং দেখিলেন যে একটা ক্ষুদ্র মুক্তা ভাঁবিতে পতিত হইয়া জলপ্রবেশ পথ অবরোধ করিয়াছে, আর যে সময়ের অপেকা করিতে ছিলেন তাহা অতীত হইয়াছে। ইহাতে আচার্য্য অতিশয় আশ্চর্যান্তিত ও ছংখিত হইলেন, এবং তাদুশ লগ্নের আশা নিদ্দল দেখিয়া কন্যার: বিবাহ দিলেন। ভাহার কিছুকাল পরে লীলাবতী . পতিবিহীনা হইলেন। তখন ভাস্করাচার্য্য দেখিলেন य नीनारजीक পতি পুজ विंহीनारसाग्न कानत्कप করিতে হইবে। তাহাতে তিনি বিবেচনা করিলেন যে পুত্রাদির দারা কেবল কিছু কাল মাত্র পৃথিবীতে নাম থাকে, কিন্তু আমি জ্যোতির্বিদ্যাতে কন্যাকে এমত বিদ্যাবতী করিব, যে তদ্মারা তাঁহার নাম চিরম্মরণীয় श्रुटिय ।

এই বিবেচনা করিয়া তিনি কন্যাকে নানা প্রকার অঙ্ক ও জ্যোতির্বিদ্যা শিক্ষা করাইলেন, এবং সংস্কৃত ভাষাতে এক অঙ্ক পুস্তক প্রস্তুত করিয়া তাঁহার নাম দিয়া প্রচারিত করিলেন। এই পুস্তক প্রস্তুত হওনের অন্ধ বিজ্ঞাত নহে, কিন্তু নক্ষত্রনির্ণয় কর্ণকুতূহল গ্রন্থে তাহা প্রস্তুত হওনের সময়, শালিবাহনের ১১০০ অন্দ্র লিখিও আছে। ভাল্করাচার্য্য লীলাবতীকে সম্বোধন করিয়া প্রশ্ন করিতেছেন লীলাবতী তাহার উত্তর দিতেছেন এইরূপ প্রশ্ন উত্তর ভাবে এই গ্রন্থ লিখিত হইয়াছে। এই গ্রন্থে অঙ্ক করণের যে সকল প্রণালী আছে তাহা অতি স্থন্দর। তাহাতে প্রথমত পরি-ভাষা নিরূপণ পূর্মক ক্রমে সঙ্কলন, ব্যবকলন, পূরণ, হরণ, বর্ম, বর্মমূল, ঘন, ঘনমূল প্রভৃতি অঙ্ক করণের অতি স্থাম ও উত্তম উত্তম সূত্র উদাহরণ আছে, তন্দারা অঙ্ক করিবার শৈলী উত্তম রূপে হ্রদয়ঙ্গন হয়।

পাঠকবর্গ এমত বিবেচনা করিবেন না যে কেবল তাক্ষরাচার্য্য কৃত গ্রন্থজন্য লীলাবতীর নাম দেদীপ্যনান রহিয়াছে। লীলাবতী স্বয়ং বিদ্যাবতী ছিলেন, এবং অঙ্ক ও জ্যোতির্বিদ্যাতে অতি নিপুণা হইয়াছিলেন, এবং লোকে সচরাচর ইহাও বলিয়া থাকে যে লীলাবতী জ্যোতির্বিদ্যাতে এমত ছিলেন যে বৃক্ষ মূলে বসিয়া অত্যন্ত্র কালের মধ্যে বৃক্ষের শাখা পল্লব ও পত্রের সংখ্যা বলিতে পারিতেন।

নবনারী।

খনা।

খনার জন্মের প্রকৃত বৃতান্ত প্রাপ্ত হওয়া কঠিন। क्ट क्ट राल जिनि मग्रमानव तांकरमत कना। কেহ বলে তিনি কোন রাজার কন্যা ছিলেন পরে রাক্ষসেরা তাঁহার পিতাকে রাজ্যভর্ট করিয়া তাঁহাকে लक्का अर्थाए निश्र्वचीत्र लहेग्रा शिग्रा कनात्र नाग्र । লালন পালন করিয়াছিল। যাহা হউক,খনার জ্যো-তিষ শাস্ত্রে নিপুণতার বিষয়ে কিছু মাত্র সন্দেহ নাই। কথিত আছে (এবং এই কথার অনেক প্রমাণও আছে) যে পূর্বকালে রাক্ষস অর্থাৎ লক্ষাস্থ মমুষ্য-দিগের মধ্যে জ্যোতির্বিদ্যার বিলক্ষণ অভুশীলন ছিল, এবং কোন কোন বাক্ষম ঐ শাস্ত্রে বড় পণ্ডিত ছিলেন। উক্ত আছে খনা যে রাক্ষসের আলয়ে ছিলেন সেই রাক্ষস জ্যোতির্বিদ্যাতে অতি পারণ ছিলেন। অনেক শিষ্য ছিল, তাহারা তাঁহার গৃহে থাকিয়া বিদ্যাধ্যয়ন করিত। খনাও ঐ সঙ্গে জ্যোতির্বিদ্যা শিক্ষা করিতেন; এবং স্বজাতীয় মন্ত্যাভাবে বাল্য ক্রীড়াতে রত থাকিতেন না, জ্যোতিঃ শাস্ত্রালোচনা তাঁহার বাল্য ক্রীড়া হইয়াছিল। স্কুডরাং বাল্যকালেই । ঐ বিদ্যাতে তাঁহার স্থন্দর ব্যুৎপত্তি জন্মিয়াছিল। এবং তাঁহার প্রথর বুদ্ধি দেখিয়া তৎ পালক ও শিক্ষক তাঁহার শিক্ষা বিষয়ে অধিক যত্ন করিয়াছিলেন। অধি-কন্ত ঐ রাক্ষস তাঁহাকে কন্যার ন্যায় স্নেহ করিতেন।

রাক্ষসেরা যথন খনাকে মহুষ্যালয় হইতে লইয়া এই প্রকার বিদ্যা শিক্ষা করায় তথনই হউক বা তাহার পূর্বেই হউক, রাজা বিক্রমাদিতোর সভাস্থ বরাহ নামক এক পণ্ডিভের এক সম্ভান জন্মিয়াছিল। এতদেশে বহু कानाविध এই नियम আছে, मसानाि इटेल छाटात অদৃষ্টের শুভাশুভ জানিবার জন্য জন্ম পত্রিকা প্রস্তুত করে। বরাহ স্বয়ং জ্যোতিঃ শাস্ত্রে বিখ্যাত পণ্ডিত ছিলেন, এজন্য অন্যের দারা ঐ জন্ম পত্রিকা প্রস্তুত করাইবার অপেক্ষা না করিয়া আপনিই গণনা করিলেন। কিন্তু পরমাযুর সংখ্যা করিতে এক শূন্য ভূলিয়া ১০০ বংসরের স্থলে ১০ বংসর পরমায়ু গণনা করিয়া অস্তঃ-করণে অত্যন্ত ক্ষুণ্ণ হইয়া বিবেচনা করিলেন, এমত ্রঅল্লাযু পুত্র কেবল অস্থের কারন, কেন না ইহাকে লালন পালন করিলে ক্রমশঃ অধিক স্নেহ হইবেক, তাহার পর ইহার প্রাণ বিয়োগে অধিক মনস্তাপ পাইতে হইবে। অতএব তদপেকা ইহাকে লালন भावन ना कतार नर भतामर्ग । এই विरवहना कतिया বরাহ পুত্রকে এক তাত্র পাত্র মধ্যে স্থাপন করিয়া নদীতে ভাসাইয়া দিলেন। পাত্র ভাসিতে ভাসিতে ठिनम ।

দৈবায়ন্ত সমুদ্রকুলে কতকগুলা রাক্ষনী জলকীঙ়া, করিতেছিল, তাহারা ঐ পাক্র মধ্যে শিশু দৈখিয়া" অতিশয় বিন্ময়যুক্ত হইল; এবং যদিও তাহারা নর হিংসক তথাপি সেই বালকের প্রাণ হিংসা বা অন্য কোন অনিষ্ট না করিয়া তাহাকে আপনাদিগের আলয়ে লইয়া গেল, এবং মিহির নাম দিয়া তাহাকে জ্যোতিষ শাস্ত্রের শিক্ষা দিতে লাগিল। তাহাতে মিহিরও ঐ বিদ্যাতে স্থপণ্ডিত হইলেন।

খনা এই সময়ে রাক্ষসালয়ে বিদ্যা শিক্ষা করিতে ছিলেন। নিহিরপালক রাক্ষসগণ-ঐ খনাকে তাঁহার বোগ্য পাতী জ্ঞান করিয়া তাঁহার সহিত মিহিরের বিবাহ দিল।

এই প্রকার খনার সহিত মিহিরের বিবাহ হইলে তাঁহারা পতি পত্নী উভয়ে রাক্ষসালয়ে বাস করিতে লাগিলেন। তাঁহাদিগের প্রতি রাক্ষসগণের জুনাদর ছিল না, কিন্তু রাক্ষসেরা নরভুক্ ইহা ভাবিয়া এবং তাহাদের কুংসিত ব্যবহারাদিতে বিরক্ত হইয়া তাঁহারা সতত চিন্তা করিতেন, কিরুপে রাক্ষস ধাস পরিতাাগ করিবেন। তাঁহাদের এমত ভরসা ছিল না যে রাক্ষস দিগকে বুলিলে তাহারা সহজে তাঁহাদিগকে যাইতে অমুমতি দিবেক। স্কুতরাং উভয়ে পরামর্শ করিলেন, যখন রাক্ষসেরা স্থানান্তরে গমন করিবে তখন ছই জনে পলার্মন করিব। কিন্তু এক সময়ে সকল রাক্ষস বাটার বহির্গত হইত না। যদিও কখন সকলে বাহিরে যাইত.

প্রহারা বার কাল বিবেচনা না করিয়া হঠাৎ যাত্র।
করিতে পারিতেন না; কেন না অকাল যাত্রায় অনেক
অমঙ্গল সম্ভাবনা। এই প্রকার পলায়ন ইচ্ছা করিয়াও অনেক কাল বুথা গেল, পলাইবার অবকাশ
হইল না।

'অনস্তর এক দিবস মধ্যাক্স ভোজন সময়ে খন।
ভোজনাসনে বসিয়া মাহেন্দ্র ক্ষণ পাইয়া ভোজন
করিতে করিতে বাম পদ বাড়াইয়া যাত্রা করিয়া থাকিলেন। এবং মিহিরও সেই শুভক্ষণে দক্ষিণ পদ বাড়াইয়া যাত্রা করিলেন। ইহার কারণ এই,মাহেন্দ্র ক্ষণে
যাত্রা করিলে যাহা মানস করিয়া যাত্রা করা যায় তাহা
, সিদ্ধ হয়, কখন বিঘুহয় না।

রাক্ষসগণ ভাঁহাদের অভিপ্রায় বুঝিতে পারিয়া
মনে মনে করিল, ইহারা মাহেন্দ্র কণে যাত্রা করিয়াছে
ইহাদিগকে কোন প্রকারে আটক করিয়া রাখিতে
পারিব না। অভএব তাহাদের ঘিনি প্রধান তিনি এক
রাক্ষসীকে ডাকিয়া আদেশ করিলেন যে তুমি জ্যোতিষ
শাস্ত্রের সকল পুথি লইয়া ইহাদের সঙ্গে গমন কর।
সমুদ্র পার হইলে ইহাদিগকে কয়েক প্রশ্ন করিবে।
যদি খনা ও মিহির সেই সকল প্রশ্নের উত্তর্করিতে
সক্ষম না হয়েন তবে পুস্তক গুলি ইহাদিগকে দিও
নতুবা তাহা ফিরিয়া আনিও। এই আক্রা পাইয়া
রাক্ষসী পুস্তক লইয়া তাহাদের সঙ্গে সক্ষমন করিল।
প্রে সমুদ্র পার হইয়া রাক্ষসী দেখিল যে এক টা

গাভীর প্রসব বেদনা উপস্থিত হইয়াছে, তাহাতে পেঁ.
মিহিরকে জিজাসা করিল বল দেখি এই গাটীর কি "বর্ণের বংস হইবে। মিহির বলিলেন শুদ্রবর্ণ বংস হইবে। কিন্তু গাভী প্রসব হইলে দেখাগেল যে কুঞ্জ-বর্ণ বংস হইয়াছেঁ। তাহাতে রাক্ষসী বলিল যে এখন পর্যান্ত তোমার ভাল বিদ্যা শিক্ষা হয় নাই, অতএব পুমি এই তিন খান পুস্তক লইয়া যাও, অভ্যাস করিও।ইহাতে খগোল, ভূগোল ও পাতালের গণনা আছে।ইহার দারা তোমার ও মন্ত্র্যা জাতির বিশেষ উপকার হইবে।

ইহা বলিয়া রাক্ষসী বিদায় হইল। মিহির মনে মনে '
লক্ষিত হইয়া এই বিবেচনা করিলেন, এত প্রান্ধ স্বান্ধার :
করিয়া জ্যোতিষ শাস্ত্রের আলোচনা করিলাম তথাপি '
একটা সামান্য গণনা করিতে পারিলাম না; অতএব
এ শাস্ত্রই মিথ্যা। ইহা ভাবিয়া তিন খান পুস্তকের
মধ্যে পাতাল সম্পর্কীয় গণনার পুস্তক সম্মুখে পাইয়া
তাহা খণ্ড খণ্ড করিয়া সমুদ্রে নিক্ষেপ করিলেন।
খনা দেখিলেন একর্মা ভাল হইল না, অতএব অবশিষ্ট
ছুই খান পুথি তাঁহার হস্ত হইতে লইয়া তাঁহাকে
বলিলেন হে স্থামিন্! তুনি কি করিলে, কৃষ্ণবর্ণ বৎস
দেখিয়া কি তুমি এই বিবেচনা করিয়াছ যে তোমার
গণনা অপ্রকৃত হইয়াছে, তুমি যাহা বলিয়াছ তাহাই
প্রকৃতী। খনা এই কথা বলিতেছেন; ইতো মধ্যে ঐ
গাভী বংসকে চাটিতে লাগিল, তাহাতে বৎস কৃষ্ণবর্ণ

মুচিয়া শুজবর্ণ হইল। মিহির তদবলোকনে মনে
মনে সম্ভক্ট হইয়া ভাষ্যাকে বলিলেন তবে পুস্তক নফ
করা ভাল হয় নাই; এই পুস্তক নফ করাতে একটা
শাস্ত্র একেবারে লোপ হইল। কিন্তু তথন অন্য উপায়
ছিল না, অভএব অবশিষ্ট ছুই খান পুস্তক লইয়া উভয়ে
যাত্রণ করিলেন।

কোন কোন গ্রন্থে লেখে,খনা ও মিহির রাক্ষসালয়
পরিতাগি মনস্থ করিয়া তাহাদের জ্যোতিষের পুস্তকাদি গোপন ভাবে আনিতেছিলেন। রাক্ষসগণ তাহা
জানিতে পারিয়া তাহাদিগকে আটক করিয়া পাতাল
খণ্ড বিষয়ক পুস্তক কাড়িয়া লইয়াছিল, তাহাতেই
, তাঁহারা খগোল ও ভূগোল ভিন্ন আর কোন পুস্তক
আনিতে পারেন নাই। যাহা হউক রাক্ষসেরা খনা ও
মিহিরকে ঐ সকল পুস্তক দিয়া থাকুক বা তাঁহারা তাহা
অপহরণ করিয়া আনিয়া থাকুন, তাঁহাদের কর্জৃক ঐ
সকল পুস্তক এতদেশে আনীত হয় এবং তদমুসারে
অদ্যাপি এতদেশের গণনাদি হইয়া আসিতেছে।

খনা ও মিহির সমুদ্র পার হইয়া উত্তরাভিমুখে গমন করিতে করিতে কয়েক দিন পরে এক বন প্রবেশ করিয়া দেখিলেন, রাজা বিক্রমাদিত্য নবরত্ন সভা সম-ভিব্যাহারে মৃগয়া অথবা কোন কোতুক দর্শনার্থ তথায় আগমন করিয়াছেন। খনা ও মিহির রাজার সম্মুখে উপনীত হইলে, রাজা ভাঁহাদের পরিচয় জিজাসাকরিলেন, তাহাতে তাঁহারা আপনাদিগকে জ্যোতিষ

ব্যবসায়ি বলিয়া পরিচয় দিলেন। রাজা তাঁহাদিগকে
সমাদর করিলেন এবং আলাপ দারা মিহিরের জ্যোতিষঁ
শাস্ত্রে নিপুণতা দেখিয়া তাঁহাকে সমভিব্যাহারে
লইয়া রাজধানীতে গমন করিলেন। পরে বরাহকে
আজ্ঞা করিলেন হয মিহিরের অবস্থিতির ক্রীয় তিনি
স্থান নির্দ্ধিষ্ট করিয়া দেন।

বরাহ বুঝিয়াছিলেন যে মিহির তাঁহা অপেঁকা অধিক পণ্ডিত, স্মৃতরাং মিহির রাজার প্রিয় হইলে তাঁহার মান সম্ভূমের খর্মতা হইবেক, এই জন্য তিনি ' তাঁহাকে একটা পুরাতন গৃহে বাস করিতে দিলেন। ঐ ঘর এমত জীর্ণ হইয়াছিল যে তাহাতে সহসা কেহ বাস, করিতে ইচ্ছাকরিত না। বরাহ্ মনে মনে করিয়াছিলেন,. মিহির ঘর চাপা পড়িয়া মরি৷ যাইকে, তাহা হইলে • আমার আর কণ্টক ধাকিবেক না। কিন্তু গৃহ পতন না হইয়া রাত্রি যোগে এ ঘরে রত্ন বর্ষণ হইল। বরাহ তাহাতে বড়ই অপ্রতিভ হইলেন। পরে মিইর রাজ সভায় গমন করিলে রাজা ভাঁহাকে পূর্মমত সমাদর পুরঃসর আপনার নিকটে বসাইলেন। তদনন্তর শাস্ত্রা-দির আলাপ হইতে হইতে মিহির বরাহকে জিজাসা করিলেন, আপনার কয় সন্তান! বরাহ উত্তর করি-লেন আমার এক সন্তান হইয়াছিল, কিন্তু তাহার অল্লায়ু- প্রযুক্ত তাহাকে এই প্রকার করিয়া জলে ভাসাইয়া দিয়াছি। মিহির জিজাসা করিলেন ঐ পুত্র কোন লংগ্র জন্ম গ্রহণ করিয়াছিল। বরাহ লগ্নের

কথা জাপন করিলেন। মিহির গণনা করিয়া কহি. লৈন ঐ পুজের পরমায়ু ১০০ এক শত বংসরের স্থান
নহে, আপনি কোন গণনামুসারে তাহার পরমায়ু দশ
বংসর স্থির করিলেন। বরাহ তখন গণনা করিয়া দেখিলেন ক্লোহিরের বাক্য যথার্থ; তাহাতে পুজের পরমায়ু সত্ত্বে তাহাকে নদীতে তাসাইয়া দেওন জন্য
অনেক আক্ষেপ করিতে লাগিলেন। মিহির বলিলেন
ঐ পুজের পরমায়ু এক শত বংসর, ইহার পুর্কো তাহার
ধ্বংস নাই, তিনি অবশ্য জীবদশায় আছেন।

ক্রমে ক্রমে পিতা পুত্রে এই প্রকার পরিচয় হইল।
বরাহ নিশ্চয় জানিয়াছিলেন পুত্রের আয়ৢঃশেষ হইয়া
প্রাণ বিয়োগ হইয়াছে; কিন্তু যথন জানিলেন যে
মহির তাঁহার পুত্র এবং তিনি রাক্ষম কর্তৃক রক্ষিত
হইয়া জ্যোতিঃ শাস্ত্রে অতিবিচক্ষণ হইয়াছেন, এবং
ততোধিক বিচক্ষণা খনাকে বিবাহ করিয়াছেন, তখন
তাঁহার' আনন্দের পরিসীমা থাকিল না। তিনি
তাঁহাকে আলিঙ্গন করিয়া ক্রোড়ে লইলেন। এবং
রাজা বিক্রমাদিতা ও তৎসভাসদ্ সকলে তাঁহার প্রাণ
রক্ষা ও বিদ্যা শিক্ষার আশ্চর্যা বিবরণ প্রাবণ করিয়া
অতিশয় চমৎকৃত হইলেন। অনস্তর বরাহ পুত্র ও
পুত্রবধূকে গৃহে লইয়া গেলে তাঁহার ব্রাক্ষণী হারা
নিধি ও গুণবতী খনাকে পাইয়া আনন্দ সাগরে
মগু হইলেন।

थना त्राक्रमालाय यादा भिका कतियाहित्तन,

তাহাতে জ্যোতিঃ শাস্ত্রে অদিতীয়া হইয়াছিলেন। রাক্ষ্য গণের পুস্তকাদি পাঠ করিয়া ঐ বিদ্যাতেঁ... এমত নিপুণা হইলেন যে ঐ শাস্ত্র তাঁহার্র মুখাগ্র-বর্ত্তি হইল, এবং তদ্বিষয়ক কোন প্রসঙ্গ উপস্থিত হইলে তিনি তৃৎক্ষণাৎ তাহার মীমাংশী করিতে পারিতেন।

পাঠকবর্গ পূর্বের অবগত হইয়াছেন, বরাহ রাজ সভার পণ্ডিত ও জ্যোতিষবেক্তা ছিলেন, স্থতরাং নানা দেশীয় লোক জ্যোতিষ গণনার জন্য তাঁহার নিকটে • আসিত। বরাহ অবসর কালে তাহাদিগকে লইয়া পুথি পাঁজি খ্লিয়া অনেক বুখা আড়ম্বর করিতেন, এবং যাহার যে উদ্দেশ্য ভুদ্বিষয়ের ব্যবস্থা দিতেন। খ্না গৃহের মধ্যে থাকিয়া গৃতিইর কর্ম করিতেন, এবং কে কি জিজ্ঞাসা করে তাহাও শুনিতেন। যদি শ্বশু-রের দারা যথার্থ উত্তর হইত তবে তাহাতে কোন কথা কহিতেন না। কিন্তু যদি তাহাতে তিনি অক্ষম হইতেন বা অনায়াদে উত্তর করিতে না পারিতেন তবে খনা ঘরের ভিতর হইতে বলিয়া দিতেন, ইহার এই হইবে বা ইহার এই কর্ত্তবা। এই প্রকারে অত্যল্ল কালের মধ্যে তাঁহার অত্যন্ত যশোবৃদ্ধি হইল, এবং অনেক দুর হইতে লোকেরা ভাঁহার বিদ্যা পরী-কার জ্ন্য আসিতে লাগিল। যাহা বলিতেন তাহার কোন, অংশেই জম হইত না।

क्रिकारिय भगना সংক্ষান্ত অনেক स्नान वहन धनात

রচিত বলিয়া প্রসিদ্ধ আছে। ঐ সমস্ত বাঙ্গালা দেশে
- অতিশয় মান্য এবং অনেকেরই মুখাগ্রবর্ত্তি। এই সকল
বচন খনার স্বকৃত কিয়া অন্যের দ্বারা ভাষাতে অম্বাদিত হইয়াছে তাহার নির্যাস করিতে পারা যায় না।
খনা ঐসকল বচন সংস্কৃত ভাষাতে রচনা করিয়া থাকিবেন অসম্ভব নহে, কেন না ভৎকালে ঐ ভাষার অভ্যন্ত
আদর ছিল এবং ব্রাহ্মণ পণ্ডিতেরা তাহার অমুশীলন করিতেন। কিন্তু কেহ কেহ কহেন খনা সংস্কৃত
ভাষা জানিতেন না, রাক্ষস দেশে থাকিয়া রাক্ষস
ভাষা অভ্যাস করিয়াছিলেন এবং সেই ভাষাতেই
জ্যোতিষাদির গণনা লিখিয়াছেন। যাহা হউক এ বিষয়ের কিছু নিশ্চয় হওয়া দুর্ঘটি।

কিন্ত খনার বিদ্যা তীহার মরণের মূল হইয়াছিল।
কথিত আছে এক দিবস রাজা বিক্রমাদিতা আপন
সভাপণ্ডিত গণকে আজ্ঞা করিয়াছিলেন আকাশের
নক্ষত্র নংখ্যা করিয়া বলিতে হইবে। তাহাতে তাঁহার
সভাস্থ কোন পণ্ডিত ঐ গণনা করিতে সক্ষম হয়েন
নাই। বরাহ অঙ্গীকার করিয়াছিলেন তিনি পর দিবস
নক্ষত্র সংখ্যা করিয়া দিবেন; কিন্তু তাহা না পারিয়া
মহা ছঃখিত হইয়া শয়ন করিয়া রহিলেন। খনা গৃহ
কর্মা ও রক্ষনাদি করিতেছিলেন; রক্ষন সারা হইলে অয়
ব্যঞ্জন প্রস্তুত করিয়া শ্রম্ভরকে আহারার্থ আহ্বান করিলা। বরাহ বলিলেন আমি আহার করিব কি, আমি
এই বিপদে পড়িয়াছি; আমি নক্ষত্র সংখ্যা করিতে না

পারিলে জল গ্রহণ করিব না। এই কথা শুনিয়া খনা তথনি মৃত্তিকাতে কয়েকটা অঙ্ক পাতিয়া শশুরুকে বলি লৈন আকাশে এত নক্ষত্র আছে। খনার এই কথা শুনিয়া বরাহ মহা আনন্দিত হইলেন এবং রাজসভায় যাইয়া রাজাকে নক্ষত্র সংখ্যা বলিলেন। রাজী অত্যন্ত তুই হইলেন, এবং তাঁহাকে জিজ্ঞাসা করিলেন নক্ষত্র গণনা সঙ্কেত কোথায় পাইলে। তখন তাঁহাকে স্থীকার করিতে হইল তাঁহার গুণবতী পুত্রবধূ খনা এই গণনা করিয়া দিয়াছেন।

রাজা শুনিয়া চনৎকৃত হইলেন এবং তাঁহার
নবরত্ব সভার কোন পণ্ডিত সেই গণনা করিতে
পারিলেন না, খনা তাহা স্থানায়াসে করিয়া দিলেন,
ইহাতে তিনি খনাকে সর্বপ্রেণ্ড বিবেচনা করিয়া তাঁহার
বিদ্যার সন্মানার্থ তাঁহাকে নবরত্বের প্রধান রত্ব করিবেন এই মনস্থ করিয়া বরাহকে আজা করিলেন যে
তাঁহাকে সভায় আনয়ন কর। রাজার ইহাতে বিরুদ্ধ
ভাব মাত্র ছিল না, তিনি তাঁহার প্রগাঁচ বিদ্যা দেখিয়া
তাঁহার সন্মানার্থ এই আজা করিলেন। কিন্তু বরাহ
তাহাতে বিপরীত জ্ঞান করিলেন। তিনি ভাবিলেন
কুলবধূকে রাজসভাতে কি প্রকারে আনয়ন করিব।
ইহাতে কেবল লোকনিন্দা নহে; জাতি, কুলু সকল
নম্ভ হইবে। তিনি আরো মনে করিলেন খনার বিদ্যা
তাঁহার মান হানির কারণ হইয়াছে; কেন্না গুহে
কোন লোক গণনা করাইতে আদিলে তাঁহার গণনা

স্মাপন না হইতেই তিনি গৃহের ভিতর হইতে তাহা বিলিয়া দৈন, তাহাতে লোকেরা তাঁহার তাদৃক গৌরব করে না, এবং রাজার নিকটে তাঁহার বিদ্যা প্রকাশ হওয়াতে তাঁহার অপমানের এক শেষ হইল।

এই বিল কারনে,বিশেষত কুলবতীকে রাজসভাতে লইরা গেলে তাঁহার জাতিনাশ হইবে, দনে দনে এই চিন্তা করিয়া বরাহ তাঁহার জিল্পাচ্ছেদন করা সৎপরামর্শ বিবেচনা করিলেন। যেহেতু জিল্পা নাশে বক্তৃতা শক্তি থাকিবে না; তাহা হইলে রাজা তাঁহাকে নবরত্ন সভাভুক্ত করিবেন না; তবেই সকল আপদ দূর হইবে। এই যুক্তি করিয়া পুত্রকে তাঁহার জিল্পাচনে করিতে আজ্ঞাকরিলেন। মিহির তাহাতে মনে মনে অসম্মত হইয়াও পিতৃ আজ্ঞা লজ্মন মহা পাপ জ্ঞান করিয়া তাহা অমান্য করিতে পারিলেন না। খনা ইহার পুর্বে গণনা করিয়া দেখিয়াছিলেন তাঁহার মৃত্যু নিকটবর্ত্তি হইয়াছে এবং তাঁহার এই রূপেই আয়ুং-শেষ হইবে। অতএব তাহাতে বিরক্তি ভাব প্রকাশ না করিয়া সামিকে জিল্পাছেদেন করিতে দিলেন। মিহির খনার জিল্পাছেদেন করিলে তাঁহার প্রাণড্যাগ হইল।

খনার রচিত জ্যোতিষ সংক্রান্ত বচন। গ্রহণ গণনা।

যেই মাসে যেই রাশি, তার সপ্তমে থাকে শশি, যদি পায় পূর্ণমাসি, অবশ্য রাছ চাঁদ গ্রাসি।

অস্যাৰ্থঃ।

মেষে বৈশাখ, বৃষে জৈয়ন্ত, ইত্যাদি ক্রমেতে মাসের। রাশির সপ্তম স্থানে চক্র থাকিলে যদি ঐ দিবসে পূর্ণিমা হয় তবে চক্র গ্রহণ নিশ্চয়।

তিথি গণনা।

খালি ছাগলা, বুষে চাঁদা, মিথুনে পুরিয়া বৈদা সিংহে বস্থু কর কি বসে, আর সব পুরিবে দশে।

বংসরের মধ্যে কোন দিন কোন্ তিথি হয় ব। হইয়াছিল তাহা জানা আবশ্যক হইলে, যে বৎসরের তিথি জানিতে হইবে তাহার প্রথম দিবস যে তিথি তাহার অঙ্ক অর্থাৎ প্রতিপদূ হইলে ১, দ্বিতীয়া হইলে • ২, এই প্রকার অমাবস্যা পর্যান্ত ৩০; ইহার যে তিথি হয় সেই তিথির অঙ্ক রাখিয়া তলিমে যে দিনের তিথি জানা আবশাক সেই দিনের অস্ক, ও য়ে মাসে ले पिन मिट गामित श्रद्ध अर्थार, देवनाथ इट्रेन শূন্য, জ্যৈষ্ঠ হইলে ১, আষাঢ় হইলে ৪, প্রাবণ হইলে ৬, ভাদ্র হইলে ৮, ভদ্বাতীত অন্য অন্য মাসে ১০ অঙ্ক রাঝিয়া উপরের অক্ষের সহিত যোগ করিবে; তাহাতে যদি ৩১ অঙ্ক পূর্ণ না হয় তবে যে অঙ্ক থাকিবে সেই অক্ষের তিথি প্রশ্নের উত্তর হইবে। যদি একতিশের অধিকু হয় তবে ভাহার নীচে ৩১ দিয়া বাকী কাটিলে যে অঙ্ক থাকিবে সেই অঙ্কের যে তিথি হয় তাহাই উত্তর।

ष्ट्रिंख।

কোন, ব্যক্তি জিজ্ঞাস। করিল, ১২৫৮ শালের ৩১এ আষাঢ়ে কোন্ তিথি। অতএব ৫ সনের ১লা বৈশাখ শুক্ল ছাদশী, তাহার অঙ্ক ১২ আ্যাতের.... ৪ দিন্য ৩১

ঠিক ৪৭

বাদ ৩১

১৬ প্রতিপদ

জার বাকির ঘরে শূন্য পড়িলে প্রথম ভাগ অমা-বস্যা ও শেষের ভাগ প্রতিপদ্ হইবে।

নক্ত গণনা।

মাস নামতা তিথি যুতা, ভা (২৭) দিয়া হররে পুতা, আন্ধারে দশ, আলোতে এগার,ইহা দিয়া নক্ষত্র সার। অসাধিঃ।

কোন্ দিবসে কি নক্ষত্র হয় তাহা জানিবার নিমিত্ত মাসের নক্ষত্রের অঙ্ক অর্থাৎ বৈশাখে, বিশাখা (১৬) জৈতে, জোন্ঠা (১৮) আষাঢ়ে পূর্বাবাঢ়া (২০) শ্রাবনে শ্রবণা (২২) ভাজে, পূর্বভাজপদ (২৫) আখিনে, অধিনী (১) কার্ত্তিকে, কৃত্তিকা, (.৬) অগ্রহায়ণে, মৃগশিরা (৫) পৌষে, পুষা (৮) মাছে, মঘা (১০) ফাব্ধনে, পূর্বকল্কনী (১১)।
ও চৈত্রে, চিত্রা (১৪) এবং দিবসের তিপির অঙ্ক
রাখিয়া কৃষ্ণপক্ষ হইলে ১০ ও শুক্রপক্ষ হইলে ১১
যোগ করিয়া যে অঙ্ক হইবে তাহাতে ২৭ বাদ দিয়া
যে অঙ্ক থাকে সেই অঙ্কের নক্ষত্র ঐ দিবসে হইবে।
খনার বচনের ভাবার্থ এই। কিন্তু এবস্পুকার গনীরার
সাধারণ নিয়ম এই যে মাসের যে দিবসের নক্ষত্র
জানিতে হইবে তাহা মাসের পূর্বার্জে হইলে যোগকৃত অঙ্ক হইতে ১ বাদ দিতে হইবে, মাসের শেষার্জে
হইলে ঐ অঙ্কে ১ যোগ করিতে হইবে; যথা ২৮এ
কাব্ধন সন ১২৫৮ শাল।

মাস নক্ষত্র—পূর্বকন্ত্রনী	>>
দিবদেব তিথি—পঞ্মী	
কৃষ্ণপক্ষ	50
	85
মাসের শেষার্দ্ধ	5
	8 र
वाम	२ १
वाकी ' ১৫	স্বাতি নক্ষত্ৰ

জন্মকালীন কোষ্ঠীর কল গণনা। সূর্যাকুজে রাছ মিলে, গাছের দড়ি বন্ধন গলে, যদি রাথে তাকে তিদশনাথ,তবু সে খায় নীচের ভাত।

অস্যাৰ্থঃ।

জন্মকালীন কোষ্ঠীর কোন ঘরে রবি মঙ্গল আর রাছ একত্র থাকিলে তাহার অপমৃত্যু হয় অথবা সে নীচগামী হয়।

মৃত্যু গণনা।

অংসিয়া দূত দাঁড়ায় কোনে, কথা কহে ঊদ্ধ নয়নে, শিরে পৃঠে বুকে হাত, সেই দূতে পুছে বাত, কুটে ছিঁড়ে কবে খাই, খনা বলে ফুরাল আই,

অস্যাৰ্থঃ।

দুত কোন ব্যক্তির পীড়ার সংবাদ আনিয়া যদি বাটীর বা ঘরের কোণে দণ্ডায়মান হয়, বা উর্দ্ধ নয়নে কথা কহে, কিয়া মস্তকে বা পুষ্ঠে বা বক্ষঃস্থলে । হস্ত দিয়া থাকে, কিয়া কুটি হস্তে ছিড়ে বা দস্তে চর্মণ করে, তবে রোগির মৃত্যু নিশ্চয়।

মৃত্যু পরীক্ষা।

সভার মধ্যে যে জন ভণে, তার মুখে যয় জন শুনে,
তিথি বার করিয়া এক, সাতে হরিয়া আয়ু দেখ,
ছই চারি কিয়া ছয়, এ রোগী জীবার দয়,
এক তিন কিয়া বাণ, যমঘর হতে টানিয়া আন,
অক পূন্য পায় যবে, নিশ্চয় রোগী মরিবে তবে,

অস্যার্থঃ।

কোন ব্যক্তি কাহার পীড়ার সংবাদ কহিলে সভার মধ্যে ঐ সংবাদ যে কয়েক জন শ্রবণ করে তাহার সংখ্যা একত করিষ়া তাহাতে তিথি ও বারের অষ্ঠ্ যোগ করিয়া ৭ দিয়া হরণ করিলে ২।৪।৬ থাকিলে " মৃত্যু সম্ভাবনা, ১।৩।৫ থাকিলে আরোগ্য হইবে, শূন্য থাকিলে নিশ্চয় মৃত্যু।

ন্ত্রী পুরুষের অগ্র পশ্চাৎ মৃত্যু গণনা। • অক্ষর দিগুণ চৌগুণ মাত্রা, নামে নামে করি সমতা, এক শূনো মরে পরি, ছয়ে মরে ঘর যুবতী।

অস্যাৰ্থঃ।

ন্ত্রী পুরুষ উভয়ের নামের অক্ষর গণনা করিয়া'
তাহাকে দ্বিগুণ করিয়া ঐ দ্বিগুণ কত অঙ্ককে চতুগুণ।
করিয়া উভয় অঙ্ক যোগ করিয়া তাহার পর তাহাকে
ও দিয়া হরণ করিলে যদি ১ ও শূন্য থাকে তবে পতির
মৃত্যু অগ্রে হয়, ২ থাকিলে ন্ত্রী অগ্রে মরে।

मृक्षेख ।

পতির নাম রামচক্র ৪ অক্ষর স্ত্রীর নাম যোহিনী ও অক্ষর

দ্বিগুণ চতুগুণ মোট
৭ ১৪ ৫৬, ৭০
৬ দারা হরণ করিলে ৬৯

'বাকি' ১

অতএব স্বামী অগ্রে মরিবেক বা মরিমাছে।

यांजांत्र मिन श्वना।

তিথি বার নক্ষত্র মাসের যত দিন।

একত্র করিয়া সব সাতে কর হীন।।

একে শুভ ছয়ে লাভ তিনে শক্ত ক্ষয়।

চতুর্থেতে কার্যাসিদ্ধি পঞ্চমে সংশয়।।

দুষপ্তেতে মরণ হয় পূন্যে হয় সূধ।

এদিনে করিলে যাত্রা কভু নহে ছুখ।।

অস্যাৰ্থঃ।

শাত্র। করিতে হইলে তিথি বার ও নশ	
ও মাসের যে তারিখ হয় তাহা সকল এ	াকত্র যোগ
করিয়া ৭ দারা হরণ করিবেক তাহাতে ১।	२।७।8
वाकि श्रीकित्न शम्म मझन, ৫ श्रीकित्न	ন সংশয়,
40,0	যথা
দশমী তিথি	>0
পুষ্যানকজ	b -
রবিবার	. 5
কান্ত্রন মাসের	৯৬ই
	Water Street
	७७
৭ দারা হরণ	96
	<u>,</u>
•	০ সূথ।

গর্ভের সম্ভান পরীকা।

বাণের পৃষ্ঠে দিয়া বাণ, পেটের ছেলে গণ্গে আন ।।
নামে মাসে করে এক, সাতে হরে সন্তান দেখা।
এক তিন থাকে বাণ, তবে নারীর পুজ্র জান।।
ছই চারি থাকে ছয়, অবশ্য তার কন্যা হয়।।
যদি থাকে শুন্য সাত, তবে নারীর গর্ভপাত। ?

অস্যাৰ্থঃ।

গর্ভের সন্তান পরীক্ষা করিতে হইলে প্রথমে ৫৫ রাখিয়া গর্ভবতীর নামে যে করেক অক্ষর হয় তাহা ও গর্ভের সঞ্চার অবধি জিজ্ঞাসা করিলে যে কএক মাস হইয়া থাকে তাহার অঙ্ক একত্র করিয়া ৭ দারা হরণ করিলে যদি ১।৩।৫ থাকে তবে পুত্র, ২।৪।৬। থাকিলে কন্যা, এবং ৭ বা শূন্য থাকিলে গর্ভপাত হইবেক।

मदक	তাক	• • • •	•	• • •	• • • •	OC
নাম	রামর	िश्री	• •	• •		O
কাল	8 गा	স	••	•••	••••	. 8
				4	· ·	1.0

ণ দারা হরণ ৬৩ বাকি ১ পুতা।

ঐ বিষয়ের অন্য প্রকার পরীক্ষা। গ্রাম গভিনী ফলে যুতা, তিন দিয়া হর পুতা।। একে স্থত ছয়ে স্থতা, তিন হইলে গভ মিখা।। এ কথা যদি মিথ্যা হয়, সে ছেলে তার বাপের নয়।।
অস্যার্থঃ।

গর্ভবতীর নামে ও যে গ্রামে বাস করে তাহার নামে যে কয়েক অক্ষর হয় তাহার অঙ্ক এবং একটা কলের নাম করিয়া ঐ নামে যে করেক অক্ষর তাহার অঙ্ক এই সমুদয় একত করিয়া ও দ্বারা হরণ করিয়া ১ থাকিলে পুত্র, ২ থাকিলে কন্যা হইবে।

यथा ।

ব্রানগর

প্রসন্নয়	1	 •	. ¢
দাড়িয়	• • • • • • • • • • • • • • • • • • • •	 	৩
			30
9	দারা হরণ	 	>>
বা	के	 	 ১ পুত্র।

কিনের তিথি কিসের বার, জন্ম নক্ষত্র কর সার।। কি কর শ্বশুর মতিহীন, পলকে জীবন বার দিন।। অস্যার্থঃ।

व्यायुर्गनना।

কোন ব্যক্তির প্রমায়ু নিরূপণ করিতে ইইলে তাহার জন্মকালীন যে নক্ষত্র হয় জন্মকালাবধি ঐ নক্ষত্রের স্থিতি পর্যান্ত যে কাল থাকে তাহাকে পল করিয়া প্রত্যেক পলে ১২ দিবস ধরিলে যত দিশে হয় তাহাই তাহার আয়ুর পরিমাণ।

यथा।

যাত্রার দিবস।

দাদশ অঙ্গুলি কাঠি, স্থামগুলে দিয়া দিঠি। রবি কুড়ি সোমে শোল, পঞ্চদশ মঙ্গলে ভাল। বুধ বৃহস্পতি এগার বার, শুক্ত শনি চৌদ্দ তের। হাচি ক্তেঠি পড়ে যবে, অফ গুণ লভা হবে।

অস্যাৰ্থঃ।

আপন অঙ্গুলির দাদশ অঙ্গুলি পরিমাণ এক কাটি স্থ্য মণ্ডলে স্থাপন করিয়া ঐ কাটির ছায়া রবি-বারে কুড়ি অঙ্গুলি, সোমবারে শোল, মঙ্গলবারে পনর, বুধবারে এগার, বৃহস্পতিবারে বার, শুক্র-বারে চৌদ্দ, ও শনিবারে তের অঙ্গুলি পড়িলে যাত্রা; তাহাতে হাচি টিকটিকি কিছুতে কর্মের ব্যাঘাত করিতে পারিবেক না, বরঞ্চ তাহাতে লাভ হবে।

পৃহের শুভাশুভ গণনা।

দীর্ষে প্রস্থে যত পাই, এক মিশাইয়া তাতে চাই ॥ বেদে হরে থাকে শশি, ভাঙ্গা ঘর উঠে বদি॥ বেদে হরে থাকে ছই, আগে তাল পাছে রুই।।

বৈদে হরে থাকে তিন, সে গৃহে না লাগে ঋণ॥
বেদে হরে থাকে শূন্য, নাহি পাপ নাহি পুণ্য॥
অসার্থঃ।

গৃহ প্রস্তুত করিতে হইলে হস্ত দারা দীর্ঘ প্রস্থ নাপিয়া তাহার সহিত ১ যোগ করিয়া চারি দিয়া হরণ করিলে ১ থাকিলে মঙ্গল, ২ থাকিলে প্রথম ভাল পশ্চাৎ মন্দ, ৩ থাকিলে ঋণগ্রস্ত হয় না, শূন্য থাকিলে ভাল মন্দ কিছু হয় না। যথা দীর্ঘ

.প্রস্থ ১৪ হস্ত

V8

১ যোগ

ঠিক ৩৫ ৪ দারা হরিলে ৩২ বাকী ৩ অঞ্চণী

-নবনারী

षश्नागवारे।

নর্মদা নদীর দক্ষিণস্থ সমস্ত প্রদেশকে দক্ষিণ দেশ কহা যায়; জাবিড়, কর্ণাট, তৈলক্ষ এবং মহারাফ্র তাহার মধ্যবর্ত্তি। সেতুবন্ধ রামেশ্বর অবধি মান্দ্রা-ক্রের উত্তর পর্যান্ত জাবিড়, সে দেশের ভাষা ভামল। জাবিড়ের উত্তর এবং উড়িস্যার দক্ষিণ দেশকে তৈলক্ষ' বলা যায়। চক্রাজি অবধি কৃষ্ণা নদী পর্যান্ত মহারাফ্রা দেশ, এদেশের ভাষা মহারাক্র।

এদেশীয় লোকেরা যে প্রকার বীর্যাবান ও পরাক্রমশালী ছিল তাহা লেখা বাছল্য মাত্র। কারুণ বর্গিদের ভয়ে সমস্ত ভারতবর্ষ যেরূপ কম্পিত হইয়াছিল,
তাহা সকলেই বিশেব রূপ জ্ঞাত আছেন। কিন্তু আশ্চর্যাের বিষয় এই যে তাহারা সমস্ত ভারতবর্ষের করগ্রাহি • হইয়াও ধনগর্ষিত কিয়া ইক্রিয়স্থখাসক্ত
কুত্রাপি হয় নাই। শুনা বায় দক্ষিণ রাজ্যে যৎকালে
মহারাক্রীয়েরা অভ্যন্ত উপদ্রব করে তখন ওদেশীয়
যবন রাজা অভ্যন্ত ভীত হইয়া মহারাক্রীয় সৈন্যাধ্যক্রের নিকট অভয় প্রার্থনা জন্য দৃত প্রের্ণ করিয়াছিলেন। দৃত বহতর অশ্ব,গজ্প,পদাতিক ও নানাবিধ

বসন ভূষণাদিতে সুসজ্জিত হইয়া প্রতি বড় প্রাগলভো দৈন্যাধ্যকের স্মীপে উপস্থিত হইয়া দেখিল মহা-রাক্রীয় সেনাপতি এক বৃক্ষ জটাতে ঘোটক বন্ধন করিয়া ঐ বুক্ষ মূলে উপবেশন পূর্বাক চেলাঞ্চলস্থিত পলিলার্ড কভকগুলিন চনক ভক্ষণ করিতেছেন। কিন্তু সেই সামান্য বেশে সন্ধি পত্র স্বাক্ষরিত করাতে মণি মাণিক্যে শোভিত হস্তী অশ্ব পদাভিক বেষ্টিভ কত কত নৃপতির প্রাণ রক্ষা হইল। মহারাফ্টায়দি-গের ধর্মপরতার বিষয় কি কহিব। মহারাজ শিব-জীর চরিত্রেই তাহার স্পষ্ট প্রমাণ আছে। শিবজী প্রবল শক্ততে বেষ্টিভ ও সভত যুদ্ধ বিগ্রহে ব্যাপৃত হইয়াও দিবাবসান সময়ে কথকদিগের মুখে মহাভা-রত, ভাগবত ইত্যাদি পুরাণোক্ত ইতিহাস প্রবণে কখন কান্ত থাকিতেন না। অদ্যাপিও যে মহারাষ্ট্র দেশে অন্যান্য দেশ অপেকা ধর্মাচরণে অধিক রত তাহার मत्मर मारे।

মহারাক্ষীয় স্ত্রীলোকের। এদেশীয় স্ত্রীদিগের ন্যায় গৃহ পিঞ্জরে বন্ধা নহেন। যাঁহারা বোষাই রাজধানী দেখিয়াছেন তাঁহারা অবশাই ইহা স্থন্দর রূপ জানেন। তারাবাই, স্থ্যবাই, অহল্যাবাই প্রভৃতি অঙ্গনাণন বাজ্য শালন ও প্রজাপালন করিয়াছিলেন, শুনিয়াছি যবন কুলোন্তব কবীরদাস, যাহার নাম জগৎ বিখ্যাত ও যাহার বিরচিত দোহা সকলেই জানেন, তিনি মহারাক্ষ দেশে যেরূপ সাধু শব্দে বিখ্যাত, কাম্থ

পুজা নাম্মী এক রুমণীও ততুল্য বিখ্যাতা ছিলেন।
একদা বর্গিদিগের ভয়ে কম্পান্থিতকলেবর কুলিকাতার্থ
ইংলগুরি বণিকেরা অভয় হাজ্জার্থে মহারাফ্রীয়
রাজার নিকট দূত প্রেরণ করিয়াছিলেন। দূত রাজার
কেলি উদ্যান দর্শন করিতে গিয়া দেখিলেন,পউমহিষী
সেই রমণীয় স্থানে অতি বড় ছুরস্ত এক অশ্বকে শিক্ষা
দিতেছেন। সংপ্রতি মহারাফ্রের ইতিহাস যৎ কিঞ্ছিৎ
কহিতে প্রবৃত্ত হইলাম।

জনশ্রুতি আছে যে ভগবান পরশুরাম ক্রিয়দি-ণের হস্ত হইতে এই দেশ জয় করিয়া ব্রাহ্মণদিগকে मान वरितनं। তাহাতে <u>वाक्त</u>प्तता डाँहारक थे सान বাস করিতে নিষেধ করাতে তিনি সমুজের নিকটঃ ভূমি যাজ্রা করিয়া লয়েন। ঐ ভূমিকে পরশুরাম-ক্ষেত্র কহিত। একণে তাহা কণকাল নামে বিখ্যাত। অতি প্রাচীন কালে মহারাষ্ট্র দেশে গুর্শি নামে এক বন্যজাতি মহুষ্য বাস করিত; পুরাণে ইহার কোন নিদুৰ্শন পাওয়া যায় না, কিন্তু তাহাতে লিখে যে গোদাবরী এবং কাবেরীর মধ্যস্থিত দগুকারণ্য রাবণের অধিকার ছিল, এবং তিনি রামন্ত্রী নামে এক বাদ্যকর জাতিকে ঐ জুমি দান করেন। বছকাল পরে ওগরা নামে নগর এই দেশে অতি প্রসিদ্ধ ছিল, এবং শ্রুত আছে যে মিসর এবং যবন দেশ হুইতে বণি-কেরা এই স্থানে বাণিজ্যার্থে আসিতেন। মহারাজ বিক্রমাদিতোর সময়ে শালিবাহন নামে কুম্ভকার

জাতি এক ব্যক্তি দৈববলে অত্যন্ত ।প্রতাপান্থিত হইরা এই সমস্ত দেশ অধিকার করেন এবং ওগরা হইতে রাজধানী উঠাইরা প্রুতস্থান নামক এক নগরে রাজধানী করেন। শালিবাহনের পূর্বেক কোশল অর্থাৎ অযোধ্যা দেশীয় সূর্য্যবংশোদ্ভব শিশুদেব নামক এক রাজা এই দেশের অধিপতি ছিলেন। শালিবাহন তাহাকে সবংশে বিনাশ করিলেন, কেবল একটি স্ত্রী লোক তাহার শিশু সন্তান লইয়া বিদ্যাগিরি মধ্যে প্রবেশ করিয়া প্রাণ রক্ষা পাইলেন। চিতোর এবং উদয়পুরের রাজারা সেই বংশোদ্ভব এবং মহারাক্টী-রেরাও সেই বংশোদ্ভব।

শালিবাহন অবধি যাদোরাম দেবরাও পর্যান্ত যে সকল রাজা ছিলেন তাঁহাদিগের কোন বৃত্তান্ত লিখিত নাই। যখন মুসলমানেরা মহারাক্ত দেশ জয় করে তখন যাদোরাম দেবরাও এদেশের অধিপতি ছিলেন। মুসলমানদিগের সময়ে মহারাক্তায়দের প্রাক্তবি অধিক ছিল না। ক্ষুদ্র ক্ষুদ্র মহারাক্তায় রাজা ছিল বটে কিন্তু সকলি মুসলমানদিগের অধীন এবং করপ্রদ ছিল। শিবজী অবধি মারহাটাদিগের প্রীবৃদ্ধি।

নেওয়ার ইতিহাসে লিখিত আছে যে শিবজী চিতো রাজার বংশোদ্ভব। শিবজীর পিতা সাজী মুসল-মান দিগের কিয়দংশ সৈন্যের অধ্যক্ষ ছিলেন। সাজী গাঁচ বংসর বয়ঃক্রম সময়ে এক দিবস তাহার পিতার महिष्ठ मानयाचा जिलनाक यानवता अ नारम अर्क সমুখ্য ব্যক্তির বাটাতে গিয়াছিলেন। যাদ্র রাওর কন্যা জিজি তৎকালে তিন বংসর বয়স্কা ছিলেন। যাদৰ রাও সাজীর সহিত জিজিকে ক্রীড়াসক্ত দেখিয়া হাস্য করিয়া কাঁইলেন কেমন জিজি তুমি এই বালক-টিকে বিবাহ করিবে। অনন্তর সভাস্থদিগের প্র**িচুটি** করিয়া সহাস্য বদনে কহিলেন দেখ দেখি এই ছুটিতে কেমন সাজিয়াছে। সাজীর পিতা মনাজী তৎক্ষণাৎ উঠিয়া কহিলেন, ভোমরা সকলে সাক্ষী, যাদবরাও আমার পুত্রকে কন্যা দান করিলেন। কিন্তু মন্যঞ্জী অপেকা সাজী অধিক কুলীন ছিলেন, এনিমিত্তে বিবাহ হওয়া অতি ছক্ষর হইয়া উচিল। কিন্তু দৈব নির্বাজে मनाकी प्रताय धनरान् इहेलन, এवर राहे अर्थ बातां अप्तक प्रवमित्र जनागग्रापि প্রতিষ্ঠা করিলেন, এবং মুসলমান ভূপতিকে অর্থ প্রদান করিয়া আপন বংশের সন্ধান বৃদ্ধি করাতে যাদরাও সাজীকে কন্যা দান করিলেন। বিবাহ কালে বাদশাহ আপনি সভা-রুচ হইয়াছিলেন।

জিজিবাইয়ের গর্ভে দাজীর শস্কুজী এবং শিবজী
নামে ছই পুত্র হইয়াছিল। পরে দাজী আর এক
বিবাহ করাতে জিজিবাই আপন ছই পুত্র লইয়া
পুনানগরে বাদ করিলেন। দেই স্থানে দাজীর কিঞ্ছিৎ
বৃত্তি ছিল দাদজী কলিদেব নামে এক ব্রাহ্মণ দেই
বিষয়ের তত্ত্বাবধারণ করিতেন, এবং তিনিই শিব-

জাঁকে বিদ্যাভ্যাস করাইতেন। বাল্যকালাবিধি লিবজীর ধর্মণান্ত্রে অভ্যন্ত শ্রদা ছিল, এবং মুসলমানদিগোর প্রতি যংপরোনান্তি ঘৃণা ছিল। শিবজী বাল্যকালাবিধি অভ্যন্ত সাহসিক ছিলেন। তিনি ১৬ বংসর
বয়ংক্রমে ভিন জন বয়স্যের সহিত কথোপকথন কালে
কহিতেন যে আমি স্বাধীন রাজা হইব। এই সকল
দেখিয়া শুনিয়া দাদজী অনেক নিবারণ করিতেন, কিন্তু
শিবজী ভাহাতে কর্ণপাভও করিতেন না।

শিবজী প্রথমতঃ দ্যাবৃত্তি করিতেন এবং এই প্রকারে তুণা নামে তুর্গ হস্তগত করিয়াছিলেন। ফলতঃ তাঁহার উপদ্রবে মুসলমান রাজপুরুষেরা অত্যন্ত তীত ট্রেয়াছিলেন এবং ভন্নিবারণার্থে তাঁহার পিতা সাজীকে কারারুদ্ধ করিয়াছিলেন। শিবজী পিতার কারামাচন জন্য মুসলমানদিগের পদানত হইবার মানস করিয়াজিলেন, কিন্তু তাঁহার দিতীয় পত্নী সহিবাই তাহা করিতে দিলেন না। অনম্তর শিবজী শাজাহান বাদশাহকে কএক পত্র লিখেন। তাহাতে বাদশাহ তাঁহার প্রতি সম্ভন্ট হইয়া তাঁহার পিতাকে আপন সৈন্য মধ্যে নিযুক্ত করেন এবং শিবজীকে পঞ্চ সহত্র আশ্বারুত সৈন্যের অধিপত্তি করেন।

অনস্তর আলমগীরের সময়ে শিবজীর পরাক্রম এতাদৃশ বৃদ্ধি হইয়াছিল যে তিনি মুসলমানদিগের স্থবাট
নামে প্রধান বন্দর লুঠন করিয়াছিলেন। আর তিনি
মহারাক্রীয় সৈন্যদিগকে এমত স্থাশিক্ষত করিয়াছি-

লেন যে ক্রমে তাহারা বর্গি নামে বিখ্যাত হইয়া সমস্ত ভারতবর্ষ লুঠন করিতে আরম্ভ করিল এবং মুসলমান ভূপতিদিগের নিকট বল পূর্ম্বক চৌথ গ্রহণ করিতে লাগিল।

শিবজীর মৃত্যু হইলে প্রধান মন্ত্রী তাঁহার পুত্র রাজারামকে সিংহাসনে বসাইলেন, কিন্তু শন্তু জী অন-তিবিলম্বে তাঁহাকে রাইগড়ে কারারুদ্ধ করিয়া বল পূর্ব্বক আপনি রাজা হইলেন এবং অতি নিষ্কুরাচরণ করিয়া সূর্য্য বাইয়ের প্রাণদণ্ড করিলেন। শস্তু জী যুদ্ধ বিক্রমে ম্যান ছিলেন না, কিন্তু অত্যন্ত ইব্রিয়স্থাসক্ত ছিলেন। মারহাটারা ভাঁহার প্রতি সম্ভূট ছিল না বটে কিন্তু যথন আলমগীর বাদশাহ তালাপুর নগরে 🛊 তাঁহার প্রাণদণ্ড করিলেন তথন তাহারা শিবজীর ' পুত্রের এরপ ছর্দ্দশা দেখিয়া অধিকতর রুফ হইয়া মুসলমানদিগের অনিষ্ট চেষ্টা আরম্ভ করিল। পরে রাজারাম দিংহাসনোপবিষ্ট হইয়া সেতারাতে রাজ-धानी कतिलन, धरः वह मः थाक रेमना लहेगा काशिम, গঙ্গোত্রী, বেরার প্রভৃতি দেশ লুঠন করিয়া চৌথ প্রহণ করিলেন। রাজারাম অতি বিশুদ্ধস্বভাব, স্থশীল, এবং দাতা ছিলেন। তাঁহার মৃত্যুর পর তাঁহার স্ত্রী তারাবাই তাঁহার শিশু সম্ভান শিবজীর নামে রাজ্য করিতে লাগিলেন। এই সময়ে মারহাটারা বেহার আকর্মণ করে এবং আলমগীর বাদশাহের সূত্যু হয়। আলমগীরের মৃত্যু হইলে শস্কুজীর পুত্র শিবজী,

যিনি আলমগীরের কন্যা বেগম সাহেবের প্রতিপালিত ছিলেন এবং মাঁহাকে আলমগাঁর সাহাে নাম দিয়া-ছিলেন; তিনি মহারাষ্ট্র অধিকার করিতে আসিলেন। এবং সেতারা অধিকার করিয়া রাজটীকা প্রাপ্ত হইলেন। অল্লকাল মধ্যে তারাবাইশ্রের পুত্র শিবজীর মৃত্যু হইল। তাহাতে রাজারামের দিতীয় স্ত্রীর পুত্র শস্তু জী সেই পদ প্রাপ্ত হইলেন। ফলতঃ তারাবাই-রের প্রতু শেষ হইল এবং শস্তু জী তাঁহাকে কারাক্তর প্রতু শেষ হইল এবং শস্তু জী তাঁহাকে কারাক্তর করিলেন। তারাবাইয়ের রাজধানী কাণপুরে ছিল। মারহাটা দেশে এককালে ছইজন রাজা হওল্যাতে বড় গোলযোগ উপস্থিত হইল। ঐ সময়ে মার্ক্তর ভাটাদিগের সৈন্যাধ্যক বাজীরাও দিল্লীর নিকটস্থ হান সকল লুঠ করেন। পারস্যের অধিপতি নাদেরসাহা ঐ সময়ে দিল্লী অধিকার করিয়া নানাবিধ দৌরায়া করেন।

বাজীরাও অত্যন্ত পরাক্রান্ত ছিলেন। তাঁহার
নামে পৃথিবী কম্পমান হইত। তাঁহার সৈন্য মধ্যে
মলহরজী হলকার সেনেদার ছিলেন। তিনি শুদ্রকুলোদ্রব ছিলেন। তাঁহার বাসস্থান হোহন গ্রামে নিরা নদীর
তীরে ছিল। তাঁহার পিতা সেই গ্রামে চৌগুনা অর্থাৎ
পাতনের সহকারী ছিলেন। এই মলহরজী অবধি মহারাষ্ট্র দেশে হলকার বংশের আধিপত্য হয়। যং
কালে ভাক্ষরপাও বাক্লা লুঠ করেন এবং আলিবর্দ্দি
খাঁর সহিত্ত নানাবিধ যুদ্ধ প্রকাশ করেন সেই সময়ে

মলহর গুজরাটে দেইরূপ লুঠ করিতে ছিলেন। এই মলহরজী দিল্লীশ্বরকে সিংহাসনচ্যুত করিয়া দিতীয় আলমগীরকে সিংহাসনারত করিয়াছিলেন। ইহাও কথিত আছে যে তাঁহার সহায়তাতে মীর সাহেরুদ্দীন বাদশাহকে বদ্ধ করিয়া কারারদ্দ্ধ করিয়াছিল। কিছুদিন পরে মহারাই সেনাপতি র্ঘুনাথ রায় লাহোর এবং মূলতান প্রভৃতি জয় করিয়াছিলেন। কিন্তু অহমদসাহ ছুরাণী কাবল হইতে জ্মাসিয়া পাণিপতের যুদ্ধাক্ষতে ছলকার প্রভৃতি সৈন্যাধাক্ষদিগকে পরাভূত করিয়া মহারাক্ষীয়দিগের বলের হ্রাস করিলন।

নলহর রাও মালোয়া প্রদেশ বৃদ্ধি স্বরূপ প্রাপ্ত হইয়া ঐপ্রদেশের প্রথম রাজা হইয়াছিলেন, এবং তিনি অনেক রাজ্য ও ঐশ্বর্যা রাখিয়া ৪৮৬৮ কলিগতান্দে (ইং ১৭৬৭) পরলোক গমন করেন। ঐ রাজার এক মাত্র পুত্র ছিলেন, তাঁহার নাম কণ্ডীরাও। তিনি পিতা বর্ত্তমান থাকিতেই জাত নামক জাতীয়দের সহিত যুদ্ধ করিতে গিয়া ভরতপুরের সামিধ্যে কুদ্ধীর গিরির নীচে শক্রু কর্ত্ত হইয়াছিলেন। অহল্যাবাই কণ্ডীরা-প্রয়ের ভার্যা, তিনি প্রথম কালাব্ধি অতিশয় ধর্ম-পরায়ণা ও ব্রাক্ষণভক্তা ছিলেন। তাঁহার রাজ্য শাস-নের ধারা অতি স্থানর ছিল। অতএব তাঁহার জীবন বুক্তান্ত নিম্নে লেখা যাইতেছে।

व्यर्गावारेत्रत এक श्रुख ও এक कना हिन।

পুজের নাম মালিরাও। তিনি পিতামছের পরলো-কান্তে রাজ্য প্রাপ্ত হইয়াছিলেন। কিন্তু নয় শাস রাজ্য ভোগ করিয়াই লোকান্তর গত হয়েন। মালিরাও স্বভাৰত ক্ষীণজীৰী ও চঞ্চলবৃদ্ধি ছিলেন। কিন্তু রাজ্য প্রাপ্তির পর অবধি তিনি অত্যন্ত অহিতাচারী হইয়া-ছিলেন এবং কর্মের দারা ভাঁহার বুদ্ধির বিলক্ষণ বৈলক্ষ্য প্রকাশ হইয়াছিল। বিশেষ তিনি ভাঁহার মাতার ধর্মকর্মাদিতে দ্বেষ করিতেন। এবং যে সকল ব্রাহ্মণেরা ভাঁহার মাতার দয়ার পাত্র ছিলেন ভাঁহা-দিগকে তিনি অত্যম্ভ ঘূণা করিতেন। ব্রাহ্মণদিগকে দানার্থ বে বস্ত্র ও পাছকা উৎসর্গ করা যাইত তন্মধ্যে ্রাশ্চক, ও জলপাতের মধ্যে দর্প পুরিয়া তাহার উপরি ভাগে মুদ্রা রাখিয়া দিতেন। ব্রাহ্মণেরা লোভাবিষ্ট হইয়া ঐ সকল দ্রবাদি গ্রহণ করিতেন; তাহাতে উক্ত জন্ত সকল কর্ত্ত ক দংশিত হইয়া অভ্যন্ত যাতনা পাই-তেন। মালিরাও তাহাতে ছঃথ প্রকাশ না করিয়া व्यास्नामिक इटेरजन।

অহল্যাবাই পুজের এতদ্রপ কুরীতি দেখিয়া অহরহ রোদন করিতেন; এবং কখন কখন এই বলিয়া বিলাপ করিতেন, যে এমত অসং পুজকে কেন গর্ভে স্থান দিয়াছিলাম। ইহাতে কেহ কেহ অমুমান করেন যে পুজের এইরূপ ছুর্নীতি ও ক্যুপু-রুষত্ব দেখিয়া অহল্যাবাই তাঁহাকে ঔষধের ছারা কিপ্ত করিয়াছিলেন; কিন্ত এ অমুমান নিতান্ত অমু-

লক। তাঁহার বুদ্ধি কাঞ্চল্য হইবার প্রকৃত কারণ এই, তিনি এক স্বর্ণকারকে গুরুতর অপরাধী অমুসান করিয়া রাগ বশত সংহার করিয়াছিলেন। তাহার পর অমুস-ক্ষান দারা জানিয়াছিলেন যে সে স্বর্ণকার নিরপরাধী তাহার কোন দোষ ছিল না; ইহাতে অন্তঃকরণে অত্যন্ত অমৃতাপ জন্মিয়া, ঐ শোকে তাঁহার এমত বুদ্ধি ভ্রংশ হইল যে অবশেষে তিনি উন্নাদাবস্থায় প্রাণ ত্যাগ করিলেন।

এরূপও জনশ্রুতি আছে, মালিরাও যে স্বর্ণকা-রকে সুংহার করিয়াছিলেন সে ব্যক্তি দেবাছগৃহীত ছিল, এবং যখন তিনি তাহার প্রাণ দণ্ড করেন তখন সে তাঁহাকে এই কথা বলিয়াছিল, আমি নিরপ-রাধী, আমাকে নফ করিও না, তাহা করিলে আমি তোমায় প্রতিফল দিব। অতএব যথন মালিরাও উন্মন্ত इरेलन उथन मकलारे धरे मन कतिलन, धे सर्वकात ভুতযোনি প্রাপ্ত হইয়া তাঁহার শরীরে আবিভূতি হই-য়াছে। সূত্রাং অহল্যাবাই তাহাই প্রকৃত জানিয়া অহরহ ভাঁহার শয়াতে বসিয়া রোদন করিতেন, এবং ভুত ছাঁড়াইবার জন্য নানা প্রকার স্বস্তায়ন, হোম ও অর্চনা করিতেন। বরঞ্চ ঐ উপদেব তাঁহাকে অধিক যুদ্রণা না দেয় এজন্য তাঁহাকে সর্বাদাই এই কথা বুলিয়া স্তব করিতেন, হে উপদেব! তুমি আমার পুজের দেহ পরিত্যাগ কর, আমি তোমার কারণ এক মন্দির নির্মাণ করিয়া দিতেছি, এবং তোমার পরি-

য়ারের ভরণ পোষণার্থ এক খান তালুক দিতেছি।
কিন্তু এই 'দকল করিয়াও তাঁহার অভীষ্ট দিদ্ধি হয়
নাই। বরং লোকে ইহাও বলিয়া থাকে যে অহল্যাবাই
উপদেবের স্তব করিলে তিনি শুনিডেন; শূন্য হইতে
তাঁহাকে কেহ যেন এই প্রকার বলিতেছে, যে তোমার
পুল্রু-আমাকে বিনা দোষে বিনাশ করিয়াছে, অতএব
আমি তাহাকে কখন ক্ষমা করিব না, আমি তাহার
প্রাণ লইব। স্কুতরাং তাঁহার আরোগ্য হইবার আশা
ছিল না, তথাপি অহল্যা রাণীর দৈব কর্ম্মণ ও অন্যান্য
উপায় চিস্তার ক্রটি ছিল না। কিন্তু কোনরূপে ভূমার
বাতুলতা ত্যাগ হইল না, এবং ঐ রোগে ১৭৬৬ সালে
ভাষার প্রাণ ত্যাগ হইল।

সন্তান বিয়োগে রাণীর কি পর্যান্ত শোক হইল তদ্বনি বাছলা। বিশেষতঃ রাজ্যের উত্তরাধিকারী ছিল না,কেননা তাঁহার যে এক কন্যা ছিলেন তাঁহার অন্যত্র বিবাহ হওয়াতে হিন্তু শাস্ত্র মতে সহোদরের রাজ্যে তাঁহার অধিকার ছিল না। স্কৃতরাং পুত্রের মরণান্তে সিংহাসন শূন্য হইলে অহল্যাবাই স্বয়ং রাজ্ঞী হইয়া রাজ্য শাসন করিতে লাগিলেন, এবং রাজ কর্মে বে বিচক্ষণতা, সদ্মৃন ও সাহস প্রকাশ করিলেন এবং জনপদের মঙ্গলার্থ যে যে কীর্ত্তি করিলেন তাহাতে জীবদশার তাঁহার মহিমার পরিসীমা ছিল না; মরণান্তে ও পুরুষামুক্রমে তাঁহার নাম সেই প্রকার জাজ্বামান রহিয়াছে।

जरुना चंर्राख् तांका जात नहेल शक्नांधत रागर्रह নামে রাজপুরোহিত ইহাতে নিতান্ত অসক্ষত হইলেন তিনি জানিতেন অহল্যা পর বুদ্ধির বাধ্য ছিলেন না, এবং তিনি রাজ্য শাসন করিলে তাঁহার নিজের কোন আধিপত্য থাকিবৈ না। অতএব তিনি তদিষয়ে তাঁহাকে কান্ত করিবার জন্য, স্ত্রীজাতির রাজ কর্মের ভারণ্গ্রহণ করা অবিধি এবং তাহা হইলে পূর্ব্ব পুরুষদিগের পিণ্ড ও বংশ লোপ হইবেক, এই সকল কারণ প্রদ-র্শন পূর্বাক ভাঁহাকে পালক পুত্র রাখিবার জন্য বিশেষ অমুরোধ করিলেন। কেন না ভাহা হইলে বালক রাজার গুরু হইয়া তিনি আপনি রাজত্ব করেন, বরঞ্চ তৎকর্মে তাঁহার অনায়াসে প্রবৃত্তির জন্য তাঁহারে • এক স্বতন্ত্র দেশ অর্থাৎ বৃত্তি দিবার প্রস্তাব করিয়া-हिल्लन, এবং রাঘবদাদা নামে মহারাফ্রীয় রাজার পিতৃৰ্য এ বিষয়ে ভাঁহার সহায়তা করিবেন বলিয়া উপায়ন স্বরূপ তাঁহাকে অনেক ধন উৎকোঁচ দিতে স্বীকার পাইলেন। রাঘবদাদাও পালক পুত্র রাখার বিষয় অমুরোধ করিতে অঙ্গীকার করিলেন। ইহাতে शङ्गाध्य हेरा अ मान मान कतिलान, या यनि अ अहना। ৰাই সহজে পালক পুত্ৰ না রাখেন বলে বা কৌশলে তাঁহাকে পালক পুত্র রাখাইব।

কিন্তু অহল্যা গঙ্গাধরের ষড়যন্ত্রে ভীত না হইয়া ভাঁহার প্রস্তাব অগ্রাহ্ম করিয়া ভাঁহাকে স্পন্ট কহি-লেন যে আমি এক রাজার গুহিণী, ও আর এক রাজার জননী ছিলাম; আমার পুত্রের পরলোক গমনে থিবন মলহ্ররাও য়ের বংশ লোপ হইল এবং আমি পতি পুত্র হীনা হইলাম তখন পর পুত্রকে রাজ্য দিয়া বংশ রক্ষা করা মিথা।; অতএব তাহা করি কিয়া না করি তাহা আমার ইচ্ছা, তদিংলে তোমাদের উপরোধ শুনিতে পারি না। আরু রাঘবদাদা এত বড় লোক হইয়া অর্থ লোভে পুরোহিতের বাক্যে তাঁহার অহিতে প্রবৃত্ত হয়েন এজন্য তাঁহাকেও যথো-চিত তিরক্ষার করিলেন।

অন্থান হয় অহল্যাবাই, স্থীয় পারিবদ সকল ও তৎকালে মহারাক্রীয় দেশের যে যে প্রধান লোক গোলোয়াতে উপস্থিত ছিলেন তাঁহাদিগের সহিত পরামর্শ করিয়া, এই উত্তর দিয়াছিলেন। যাহা হউক ভাঁহার সাহসকে প্রশংসা করিতে হইবেক; কেননা তাহাতেই রাজ্য রক্ষা হইল, নতুবা একেবারে ছার ক্ষার হুইত।

অহল্যার এইরপ উত্তরে রাঘব রাগ প্রাপ্ত হইয়া বলপূর্বক তাঁহাকে রাজ্যচ্যুত করনার্থ সংগ্রাম সজ্জা করিতে লাগিলেন। অহল্যা এই সংবাদ শুনিয়া তাহাকে বলিয়া পাঠাইলেন যে ফ্রীলোকের সঙ্গে অনর্থক বিবাদ করিও না, কেন না তাহাতে সমূহ অযশ, কিছু মাত্র পৌরুষ নাই। কিন্তু একথা বলি-য়াই যে তিনি নিশ্চিত্ত থাকিলেন এমত নহে, তিনি আপনিও যুদ্ধ সজ্জা করিতে লাগিলেন, এবং ছল-

কার সেনাগণও তাঁহার পক্ষ হইয়া সংগ্রাম করিতে মহা আমোদ প্রকাশ করিল। পরস্ত তিনিও স্বয়ং সংগ্রামে যাইবেন ভক্ষন্য আপন হস্তী ও ধমু ও তুণ সকল সক্ষিত করিয়া প্রস্তুত হইয়া থাকিলেন। ইহা-তেও রাঘৰ নিরস্ত হয়েন নাই কিন্তু তাহার পারিষদ লোক তাহাতে পরাত্ম খ হইল এবং মাতাজী সিদ্ধিয়া জানজী ভোঁশলা তাহার এই অকৃতজ্ঞ কর্মে তাহার সহায়তা করিলেন না। অধিকম্ভ অহল্যা বাই মহা-রাফ্রীধিপতি মধুরাওকে এক পত্র লিখিয়াছিলেন। তাহার উত্তরে ঐ রাজা স্বীয় পিতৃব্যকে লিখিলেন যে অহল্যার প্রতি কোন অহিতাচরণ না করেন। এই আজা রাঘবকে অবশ্য মান্য করিতে হইল। স্থতরাং যুদ্ধ বিগ্রহ হইল না, এবং প্রথম রাজ্য ভার গ্রহণানম্ভর অহল্যাবাই এই প্রকার সাহস প্রকাশ করাতে ঐ সাহস রাজ্যোদ্যতির প্রধান কারণ হুইল।

এই ব্যাপারের পর অহল্যা বাই তকাজী ছলকার নামক তদংশীয় এক প্রধান ব্যক্তিকে সেনাপতি করি-লেন। তকাজী যুদ্ধে অতি স্থপারগ ছিলেন,এবং তাঁহার অন্তঃকরণ অতি নির্মাল ছিল। এই ব্যক্তি সেনা-গণের অধ্যক্ষতা প্রহণ করিলে রাখব পুনাতে গমন করিলেন। তদনন্তর অহল্যা বাই গলাধরের প্রতি প্রসন্ন হইয়া তাহাকে মন্ত্রিপদে নিযুক্ত করিলেন।

এই ছই ব্যক্তির প্রতি যে বে কর্ম্মের ভারার্পণ ছিল তাহাতে তিলার্জ কালের নিমিত্ত উভয়ের সম্প্রীতি থাকিবার সম্ভাবনা ছিল না। কিন্তু অহল্যা রাণী
তাহাদের কর্ম্ম বন্টন করিয়া দিয়া তাহাদের বিবাদের
মূল একবারে উচ্ছেদ করিলেন। এবং ইং সন ১৭৬৫
শালাবিধি ১৭৯৫ শাল পর্যান্ত যে জিশ বর্ষ তিনি রাজ্য
করিয়াছিলেন তন্মধ্যে তাহাদের কোন বিষয়ে বিবাদ
বিস্কাদ হয় নাই। তকাজী প্রথমত কেবল সেনাপতি ছিলেন। পরে তাঁহার প্রবীণত্ম জন্মিলে অহল্যা
বাই তাঁহাকে রাজ্যের কতক তার দিলেন। এপ্রকারে
তিনি অতি উচ্চ পদ প্রাপ্ত হইলেন। তকাজী অহল্যা
বাইকে মাতার ন্যায় মান্য করিতেন।

তকান্ধী রাজধানীতে প্রায় থাকিতেন না; তিনি একাদিক্রমে দক্ষিণ প্রদেশে দাদশ বংসর বাস করেন। তংকালে শাতপুরা নামক পর্বতের দক্ষিণে হুলকরাধীন যে সকল দেশ ছিল তাহার করাদি সংগ্রহ করিতেন। ঐ পর্বতের উত্তরে যে সকল রাজ্য ছিল মহীশ্বরী অহল্যা বাই রাজধানীতে থাকিয়াই তাহার রাজস্ব গ্রহণ ও তং সম্পর্কীয় অন্য অন্য রাজকর্ম স্বয়ং সম্পাদন করিতেন। তদনস্তর যথন ঐ তকান্ধী হিচ্ছুস্থানে ছিলেন তথন তিনি বন্দল খণ্ড ও হিন্তু-স্থানের আর যে সকল দেশ জয় হইয়াছিল, তাহার রাজস্ব ও রাজপুতনার রাজস্ব আদায় করিতেন। এবং মালোয়া ও নিমাড় ও দক্ষিণ অঞ্চলস্থ সকল রাজ্যের কর অহল্যা বাইয়ের নিকট আসিত। এবং তিনি ঐ সকল দেশের রাজ সম্পর্কীয় কর্ম্ম নিস্পাদন করিতেন।

কথিত আছে, ছলকার রাজাদের রক্ষিত অনেক ধন অর্থাৎ ছই কোটা টাকা অহল্যা বাই প্রাপ্ত হইরাছিলেন। এতন্তিম তাঁহার নিজ ব্যয়ের নিমিত্ত
সাম্বংসরিক চারি পাঁচ লক্ষ টাকা লভ্যের সম্পত্তি
সত্তম ছিল। এই অর্থ তিনি যে কর্মে বায় করিতে
ইচ্ছা করিতেন তাহা করিতে পারিতেন, কাহার ছানে
হিসাব দ্বিতে হইত না। কেবল রাজ্য সংক্রান্ত আয়
ব্যয়ের হিসাব রাখিতে হইত, এবং তাহা এমত পরিফার ও স্থন্দর কপ রাখাইতেন যে অতি মৃঢ় ব্যক্তিও
তাহা অনায়াসে বুঝিতে পারিত। আর রাজ সম্পক্রিম কর্মকারিদিগের বেতন ও রাজ্যের অন্য অন্য ব্যয় '
সমাধা করণানন্তর যে টাকা উদ্বর্ভ হইত তাহা যেখানে।
যখন মুদ্ধাদি উপস্থিত থাকিত সেই খানে প্রেরিত
হইত।

তকাজী যখন যে রাজ্যে থাকিতেন তখন তাঁহার প্রতি সেই রাজ্যের সমুদার ভার থাকিত; কেন না দূর প্রযুক্ত তিনি সকল কর্মে অহল্যার পরামর্শ লইতে পারিতেন না, কিন্তু রাজ্যের মঙ্গলামঙ্গল বিষয় উপ-স্থিত হইলে সর্বাদা পত্র হারা পরামর্শ ও অভ্যমতি লইতেন। সংগ্রাম বা সন্ধি বা অন্য কোন রাজাদি-গের সহিত এই রাজ্যের সম্বন্ধে তিনি যে আজ্ঞা প্রচার করিতেন তকাজী তদমুসারে চলিতেন।

পরস্ত অহল্যার এমত সম্ভূম ছিল যে ভারতবর্ষস্থ কি প্রধান কি ক্ষুদ্র যাবতীয় রাজাদিপের উকীল ও প্রতিনিধি তাঁহার দরবারে উপস্থিত থাকিতেন। তাঁহাদিগের রাজ্য সম্পর্কীয় যে কার্য্য উপস্থিত হইত
তাহা তাঁহাদের দারা নির্দ্ধাহ হইত। এবং অহল্যা
রাণীরও প্রতিনিধি সকল আর আর রাজ্যে অর্থাৎ পুনা
ও হায়দ্রাবাদ ও সারিক্ষাপাটাম ও নাগপুর ও লক্ষ্ণা
ও কর্লিকাতা রাজধানীতে স্কাস করিতেন; এবং তাঁহার
প্রতিনিধি স্বরূপে ঐ ঐ স্থানসম্পর্কীয় সকল কর্ম্ম করিতেন; এবং যখন যে সংবাদ উপস্থিত হইত তাহা
বিজ্ঞাপন করিতেন। ইহা ভিন্ন আর আর করদ ক্ষুদ্র
রাজাদিগের দরবারে তাঁহার আর আর ফুদ্র ক্ষুদ্র
প্রতিনিধি থাকিতেন। তাঁহারা রাজকর মাত্র আদায়
করিতেন এবং যখন যে আজ্ঞা প্রকাশ হইত তাহা
পালন করিতেন।

হিন্দুদিণের মধ্যে নারীগণকে অন্তঃপুরে বন্ধ করিয়া রাখা যে কদর্যা ব্যবহার, মুসলমানদিগকে তাহার মূল বলিতে হইবে; কেননা তাহারা যে সকল দেশ জয় করি-য়াছিল সেই সেই দেশে ঐ ব্যবহার প্রচলিত হইয়া আসিতেছে। মুসলমান রাজারা অত্যন্ত অত্যাচারী ছিলেন, এবং তাঁহাদের অত্যাচারের ভয়ে কুলাঙ্গনারা বাটার বাহির হইত না; ইহাতে তাহাদিগকে গোপন ভাবে অন্তঃপুরে বন্ধ করিয়া রাখার ব্যবহার হইয়াছে। কিন্তু পূর্বকালে এই ব্যবহার ছিল না এবং ধর্মশান্ত্রেও ইহার বিধি নাই। তাহার প্রমাণ অহল্যাবাই প্রত্যহ দরবারে বসিয়া রাজকার্য্য পর্য্যালোচনা করিতেন:

তাহাতে মহারাক্ষীয় ব্রাহ্মণ বা অন্য কোন ভক্ত লোকেরা প্রতিবাদী হয়েন নাই।

অহল্যাবাই রাজ্যের ভার গ্রহণ করিয়া অবধি সম্ভাবিত রাজস্ব গ্রহণ করিতেন, ও গ্রামস্থ কর্মচারী ও জুমাধিকারিদিগের যাহার যে বুত্তি বা প্রাপ্তি ছিল তাহা কদাপি উচ্ছেদ করেন নাই; বরং যাহাতে ভাহা স্থিরতর থাকে তাহাই করিয়াছেন; তাহাতে কর্মটারী ও ভূম্যথিকারিগণ অতিশয় সুখী ছিল। পরস্ত যে ব্যক্তি বাহা আদাশ করিত অহল্যাবাই স্বয়ং তাহার বিচার করিতেন। এবং যদ্যপিও সতত পঞ্চাইত বা; মক্রিদিগের প্রতি বিচারের ভারার্পণ করিতেন, কিন্তু, যখন যে ব্যক্তি তাঁহার নিকট আপন ছঃখ ক্তাপন, করিতে ইচ্ছা করিত তাহা পারিত, তাহাতে কোন বাধা। ছিল না; এবং বিচারে কোন প্রকার পক্ষপাত হইত না; বরং অতি সামান্য বিষয়ে পঞ্চীতের আদালত বা মন্ত্রিদিগের বিচারের প্রতি কেহ দোষারোপ[®] করিয়া তাহার পুনর্বিচার প্রার্থনা করিলে তাহার সুক্ষ বিচার করিতেন; অতি তুচ্ছ বিষয় হইলেও তাহাতে তাচ্ছ ল্য করিতেন না।

যে গ্রন্থ হইতে অহল্যারাণীর চরিত্র সংগ্রহ করা গেল সেই গ্রন্থকার লিখিয়াছেন যে হোলকার বংশীয় কোন ব্যক্তিকে অহল্যারাণীর কথা জিজ্ঞাসা করিলে পাছে তাহারা পক্ষপাত শুন্য না হইয়া কোন কথা বলে, অথবা কেহ তাঁহার অনর্থক নিন্দা করে এজন্য

অন্যান্য দেশে অনেক অমুসন্ধান করিয়াছিলেন। র্কিন্ত কোন স্থানে তাঁহার অপ্রশংসা শুনেন নাই। যে স্থানে যাহাকে ভাঁহার কথা জিজাসা করিয়াছেন সেই খানে তাঁহার স্থ্যাতিই শুনিয়াছেন, বরং দূর ও ভিন্ন দেশে তাহার যশ ও কীর্ত্তি আংরা দেদীপামান দেখিয়া ছেন। ত্রিংশ বংসরাবধি ষাইট বংসর অর্থাৎ তাঁহার মৃত্যু কাল পর্যান্ত তাঁহার মানসিক বা শারীরিক পরিপ্রমের বিরাম ছিল না: কেননা সকল রাজকার্য্য তিনি আপনি করিতেন। তাহার নানা চিস্তা, এবং ধর্ম কর্ম ও পূজা আহ্নিক ও দান বিতরণে অনেক ,সময় লাগিত। ইহা ভিন্ন সাংসারিক কর্মা দেখিতে হুইত। স্থতরাং তাঁহার অবকাশ মাত্র ছিল না। আর ্যে কর্ম্ম করিতেদ তাহাতে ধর্ম ভয় রাখিতেন। এবং সতত এই কথা কহিতেন যে জগৎকর্ত্তা পরমেশ্বরের निक्छे आमोनिरगुत नकल कर्म्गत विष्ठात स्टेरक । পরম্ভ যাদ্যপি কখন কোন ব্যক্তির প্রাণ দণ্ডের আজা দিতে হইত তৎকালে এই কথা বলিতেন যে আমরা মমুষ্য হইয়া জগৎকর্ত্তার কৃত কর্ম্ম অন্যথা করি ইহা অত্যন্ত ছুরুহ।

অহল্যাবাই প্রতিদিন সূর্য্যোদয়ের এক দণ্ড পূর্ব্বে গাক্রোথান করিয়া প্রাতঃকৃত্যাদি করিতেন। তাহার পর কিছুকাল ধর্মগ্রন্থ পাঠ করিতেন। তদনস্তর সহস্তে দান এবং কয়েকটি ব্রাহ্মণ ভোজন করাইতেন। তাহার পর আপনি ভোজন করিতেন, মৎস্য মাংস আহার করিতেন না। স্থুজাতীয় শাস্ত্রে মৎস্য মাংসাহার নিষিদ্ধ ছিল না, কিন্তু ভাহা তিনি পরিত্যাগ করিয়া। ছিলেন। আহারাস্তে তিনি জপ করিতেন, তাহার পর কিছু কাল বিশ্রাম করিতেন। তদনস্তর বেলা ছই প্রহর ছই ঘণ্টার সময় রাজবেশ ধারণ পূর্ব্বক বিচার স্থলীতে গমন করিয়া সন্ধ্যা পর্যান্ত দরবার করিয়া রাজি নয় ঘণ্টা অবধি একাদশ ঘণ্টা পর্যান্ত রাজকর্মে নিযুক্ত থাকিতেন। তাহার পর শয়ন করিতেন। অহলাবাইর পূজা ও পরিশ্রমের এই প্রকার নিয়ম ছিল। পর্ব্ব বা উপবাস অথবা রাজকর্ম্মের অত্যন্ত রঞ্জ্বাটিন না হইলে এই নিয়মের অতিক্রম কদাচ হইত না।

অহল্যাবাইর রাজ্য শাসনের ধারা অতি চমৎকার'
ছিল। অন্য অন্য রাজাদিগের সহিত তিনি এমত সদ্ধাব
রাখিয়াছিলেন যে তাহারা কখন তাঁহার রাজ্য আক্রমণ অথবা উহা গ্রহণেচ্ছুক হয়েন নাই। এবং যদ্যপি
উদ্য়পুর নিবাসী অলসিরাণা নামক এক ব্যক্তি কিয়ৎকাল পর্যান্ত তাঁহার স্বজাতিদিগকে রামপুর নগর
আক্রয়ণ জন্য আগ্রম দিয়াছিলেন, কিন্তু তাহাতে
তিনি স্থানিদ্ধ হইতে পারেন নাই। পরে অহল্যাবাই
তাঁহাকে দমন করিয়াছিলেন। সে যাহা হউক তাঁহার
অধিকারস্থ সকল প্রজ্ঞা স্বচ্ছন্দাবস্থাতে থাকিত।
বিশেষ যে যেমন লোক তাহার প্রতি তাঁহার তক্ষপ
ব্যবহার করা ছিল, অর্থাৎ যাহারা নিরপ্ররাধী তাহা-

দিগকে দয়া এবং যাহারা বিবাদ ইচ্ছুক তাহাদিগকে
সতত দমন করিতেন। ইহাতে যুদ্ধাদি হইতে পারিত
না। পরস্ক নিত্য নিত্য মন্ত্রী বা কর্মচারী পরিবর্ত্তন করা
যে বিবাদ বিসম্বাদের মূল অহল্যাবাই তাহা বিলক্ষণ
জানিয়াছিলেন, এবং তাঁহার রাজ্যকালে তাহা প্রায়
হয় নাই। তাহার প্রমাণ গোবিন্দপন্থ নামক এক প্রেম্ভ ব্রাহ্মণ তাঁহার রাজ্য শাসনের সমুদয় কাল একাদিক্রমে তাঁহার মন্ত্রিত্ব করিয়াছিলেন। এবং আর আর
যে সকল রাজকর্মকারক ছিলেন তাহারা কদাপি কর্ম্ম
চ্যুত হয়েন নাই। ইহাতে কাহার সঙ্গে কাহার বিবাদ
কলহ কিছু ছিল না, অথচ রাজকর্ম স্থানর রূপ
চেলিত।

ইণ্ডোর পূর্বে এক সামান্য গ্রাম ছিল, অহল্যাবাই সেই গ্রামকে ক্রমে অভি মান্য ও ধনাতা করেন; এই জন্য ঐ স্থানের প্রতি তাঁহার বিশেষ অন্থরাগ ছিল, ইহার ভূরি ভূরি প্রমাণ আছে, তন্মধ্যে এক প্রমাণ এই যে ঐ স্থানের কোন এক ধনী বণিক নিঃস-ন্তান হইয়া লোকান্তরগত হওয়াতে তকাজী ছলকার কোন অসং লোকের মন্ত্রণাতে ঐ বণিকের ধন হর-ণার্থ সদৈন্যে তাহার বাটা আক্রমণ করিয়া ছিলেন। তাহাতে ঐ মৃত বণিকের বনিতা অহল্যার নিকটে আসিয়া তাঁহার শরণাগত হইলে, অহল্যাবাই সমস্ত বৃত্তান্ত জ্ঞাত হইয়া তাহার মৃত স্থানির সকল বস্তুর কর্লী স্বরূপ ভাহাকে খেলাত দিয়া তকাজীকে নিষেধ করিলেন, তাহার প্রতি কোন প্রকার অভ্যাচার না করেন। তাহাতে তঁকাজী জার কোন বিঘু দিতে পারি-লেন না। এই প্রকার জার জার জনেকের প্রতি এই রূপ দয়া প্রকাশ করিতেন তাহাতে ঐ নগরে তাঁহার নাম অভ্যন্ত প্রিয় এবং চিরম্মরণীয় হইয়াছে।

অহল্যা বাইর রাজ্য স্বচ্ছন্দে থাকার আরু এক -হেতু এই যে মহারাফ্রীয় রাজা তাঁহার দৃপক ছিলেন। অহল্যা বাই প্রথমত রাজত্ব কালে ঐ রাজার স্থানে অনেক সহায়তা প্রাপ্ত হইয়াছিলেন, এবং এই কারণ তিনি তাহার মিত্রতান্তশীলন করি-তেন। কিন্তু মহারাক্ষীয় রাজা কেবল বন্ধুতাভাবে বা. আত্মস্থার্থ ত্যাগ করিয়া যে অহল্যা বাইকে এই সলক, সহায়তা করিয়া ছিলেন এমত নহে, 'মলহার রায়ের • লোকান্তর গমনের পর ভাঁহার উত্তরাধিকারিদিগের সমান অতুল ঐশ্বর্যা উপভোগে ভাঁহার নিতান্ত বাসনা ছিল। কিন্তু তাহা হইলে অহল্যার সহিত সন্তাব থাকিবেক না বরঞ্জ অপয়শ হইবে এই কারণে ভাহাতে ক্ষান্ত ছিলেন। কিন্তু তংপরে ঐ রাজা অহল্যা বাইর স্থানে ত্রিশ লক্ষ মুদ্রা কর্জ্জ করিয়াছিলেন। ইহা ভিন্ন নলহার রায়ের উপপত্নী তাঁহাকে আর ছয় লক মুদ্রা কর্জ্জ দিয়াছিলেন। এই টাকা পরিশোধ করেন এমত তাঁহার অভিপ্রায় ছিল না, কিন্তু তৎপরিবর্ত্তে তিনি তাঁহার সহায়তা করিয়াছিলেন। এবং স্বীয় দৈন্যা-ধ্যক ও অন্য অন্য কর্মচারিদিগকে অহল্যা বাইর সহা-

রতা করিতে আজা দিয়াছিলেন,ইহাতেই তিনি আপ-দাকে ঋণমুক্ত জ্ঞান করিয়া থাকিবেন। যাহা হউক তাঁহার সহায়তাতে অহল্যা বাইর রাজ্য আরো সবল হইয়াছিল। বিশেষ মহারাফ্র দেশ ও মালওয়া প্রদেশ উভয় সংলগ্ন ছিল, তাহাতে ঐ সহায়তাতে অনেক উপকাল বোধ হইয়াছিল।

হোলকরদিণের যে দকল করদ রাজা ছিলেন অহল্যাবাই তাঁহাদিগের প্রতি প্রথমতঃ অত্যন্ত দয়াবতী
ছিলেন। তাহাতে কর সংগ্রহে অনেক বিলম্ব হইত
এজন্য পশ্চাৎ তাঁহাদিগের প্রতি কঠিন ব্যবহার
করিতে হইয়াছিল, তাহাতে ক্রমে সময় মত রাজস্ব
ম্লাদায় হইত। অপর রাজপুত বংশীয় ক্ষুদ্র ফুদ্র দলপতি গণ যাহারা দস্য স্বভাব প্রযুক্ত প্রবাবধি আপন
বলে ঐ রাজ্যের রাজস্বের অংশ গ্রহণ করিত অহল্যা
বাই তাহাদিগের দমন করিয়াছিলেন। পরে মহারাক্রীয়াধিপতিও তাহাদিগের প্রতি তদম্রূপ ব্যবহার
করাতে তাহাদের অত্যাচার মাত্র ছিলনা। ইহাতে
উভয় রাজ্যের প্রজাগণ স্থী হইয়াছিল।

অপর প্রজার ধনে তাঁহার কিছুমাত্র লোভ ছিলনা।
কোন কোন রাজ্যে প্রজাগণ ঐশর্যাশালী হইলে
রাজার। তাহাদিগের নিকট অধিক রাজস্ব গ্রহণ বা
অন্য কোন প্রকারে আত্মস্বার্থ অভিলাষী হইয়া
থাকেন। কিন্তু অহল্যার রাজ্যে তাহার কিছুই ছিল
না। যদি বর্ষিক বা মহাজন বা কৃষক লোক ক্রমশ বা

অককাৎ ধন প্ৰাপ্ত হইত তবে তাহা বলে বা ছলে লইবার বাসনা না করিয়া তাহাদিগের সৌভাগ্যে আন-ন্দিত হইতেন। বরং তাহাদের প্রতি বিশেষ কুপা প্রকাশ করিতেন। ইহার এক প্রমাণ এই, ইং ১৭৯১ সালে বসিয়া নামক এক স্থানে সরকেম দাস নামে এক ধনবনি বণিক নিঃসস্তানে লোকান্তর গত স্কুইলে -তত্রস্থ রাজ কর সংগ্রহ কর্ন্তা তাহার স্ত্রীকে এই বলিয়া ভয় প্রদর্শন করিল, যদি আমাকে তিন লক্ষ মুদ্রা উপায়ন না দাও তবে আমি তোমার তাবৎ ধন রাজ সরকারে ক্রোক করাইব। ইহাতে ঐ বিধবার আত্মী-য়গণ ভাঁহাকে পোষাপুত্র রাখিবার পরামর্শ দিলেন; কেননা তাহা হইলে রাজা ঐ ধন গ্রহণ করিতে পারি-• • दिन ना। किन्छ देशां अ के बनार शहर के की कित्र किन না। তাহাতে ঐ বণিকজায়া যে বালককে পোষ্য-পুত্র করিবার মনস্থ করিয়াছিলেন তাহাকে লইয়া মহীশূরে অহল্যার নিকট উপস্থিত হইলেন। অহল্যা বাই করসংগ্রহকারকের অত্যাচারের বৃত্তান্ত অবগত হইয়া তাহার সমুচিত দও করিলেন; এবং বণিক জায়ার পোষাপুত্র গ্রাহ্ম করিয়া ঐ পুত্রকে স্বক্রোড়ে লইয়া চুম্নাদি করণানস্তর শিরোপা দিয়া বিদায় করি-

অহল্যা বাইর নিরাকাচ্চ স্বভাবের আর এক
দৃষ্টান্ত এই যে, কর গ্রামে ডঞ্চোদাস ও বারানস দাস
দুই সহোদর প্রায় এক কার্কা পঞ্চত্ব প্রাপ্ত হইয়া-

ছিলেন। ঐ ছই জাতার অনেক ঐশর্য্য ছিল, কিন্তু কাহারো সন্তানাদি ছিলনা। ইহাতে তক্ষে দাসের স্ত্রী মহীশুরে অহল্যা রাণীর নিকটে তাহার স্বামী ও দেবরের স্বোপার্জিত তাবৎ ধন তাঁহাকে সমর্পণ করিতে চাহিল। কিন্তু অহল্যা বাই তাহা গ্রহণ না করিয়া ঐ ধন বিতরণ ও তাহাতে তাহার স্বামী ও দেবরের স্মরণার্থে কোন পুণ্য স্থাপন করিতে পরামর্শ দিলেন। তাহাতে ঐ নারী কর গ্রাম নদীর উপর এক ঘাট ও এক মন্দির নির্মাণ করিলেন। ঐ ঘাট ও মন্দির অদ্যাপি বর্ত্তমান আছে।

অপর গোস্ত নামক নর্মদা নদীতীরস্থ ও ভীল শোমক পর্বাতীয় যে দৃস্য ও অসভ্য লোক ছিল অহল্যা বাই তাহাদিগকে শাসনাধীন করিয়াছিলেন। প্রথ-মত ঐ সকল দুস্থাগণ ভদ্রাচরণে নদ্র হয় নাই, তাহার পর কএক জন অতিশয় ছুঃসাশনীয় দুস্থাকে ধরিয়া ফাঁশি দিয়া তাহাদিগকে একেবারে ছক্কর্ম হইতে নিরস্ত করিয়াছিলেন।

প্রাণ দণ্ড বিধি অহলা। রাণীর নিয়মের বিপরীত ছিল। তিনি জানিতেন ছুইদমনার্থ যদিও কখন কখন শুরু দণ্ড আবশাক। কিন্তু প্রায় বিনা দণ্ডে ও বিনা ছন্দে তাবং কর্ম করিতেন। পরস্ত শাস্তি রক্ষার জন্য তিনি স্থানে স্থানে প্রহরী নিযুক্ত করিয়াছিলেন, তাহাতে ঐ সকল দম্যাগণের দম্যাবৃত্তির অনেক নিবা-রণ হইয়াছিল। স্থানিচ ঐ দম্যা গণের জীবন

উপায়ের নিমিত্তে তিনি এই নিয়ম করিয়া দিয়া ছিলেন যে তাহাদিগের বাসস্থান অর্থাৎ পর্বত দিয়া সে সকল লোক কোন জ্ব্যাদি লইয়া গমন করিবে তাহারা তাহাদিগকে কিঞ্চিৎ কিঞ্চিৎ কর প্রদান করিবে অর্থাৎ প্রতি বলদে অর্দ্ধ পয়সা দিবে। এই করকে ভীলের কাঁড় বলিয়া থাকে। ঐ পর্বত বাসিপ্পজা--দিগের সহিত এই নিয়ম করিয়াছিলেন তাহারা এই কর গ্রহণ করিয়া রাজপথাদি রক্ষা করিবেক এবং যদি তাহার সীমার মধ্যে দস্থাবৃত্তি হয় তবে অপহত দ্রব্যাদি অম্বেষণ করিয়া দিবেক, নতুবা তাহার উচিত দণ্ড পাইবেক, স্থতরাং দস্মা বৃত্তির প্রাত্মভাব ছিল. না। এই প্রকার প্রকা স্বচ্ছন্দে থাকিবার আর আর অনেক নিয়ম করিয়াছিলেন তাহা বর্ণন বাছলা। ঐ-সকল নিয়ম অতি স্থন্দর ছিল এবং তাহাতে প্রজারা অতি সুখে কাল যাপন করিয়াছে।

অতি দূর দেশীয় রাজাদিগের সজে অহল্যী রাণীর লিখন পঠন চলিত, এবং তাঁহার কর্মকর্তা ব্রাহ্মণ দিগের ছারা এই লিখন পঠন হইত। পরস্ক এই সকল ব্রাহ্মণেরা তাঁহার ধর্ম কর্মের উপাচার্য্য ছিলেন। কথিত আছে, যুখন অহল্যা রাণী হোলকার রাজ্যস্থ ধন প্রাপ্ত হইলেন তখন সংকর্মে দানার্থ সক্ষম করিয়া এই প্রতিজ্ঞা করিয়াছিলেন ঐ ধন পুণা কর্ম্মে বায় হইবে, জন্য কর্মে বায় হইবেক না। এবং যাহাতে দেশের ও লোকের উপকার হয় কেবল তাহাতেই এই সকল ধন বায় করিয়াছিলেন।

তিনি প্রথমত কয়েক ছুর্গ নির্ম্মাণ করেন,তাহার পর বিক্যাগিরির উপর জাম নামক ছর্গের এক রাস্তা করেন। ঐ রাস্তা প্রায় সোজা উঠিয়াছিল এবং তাহাতে অনেক বায় হইয়াছে। কেদার নাথে পথিক লোকের বিশ্রাম জন্য এক প্রস্তরময় ধর্মশালা ও এক কুগু নির্মাণ করিয়া ছিলেন, তাহা অদ্যাপি উত্তমাবস্থায় আছে। वे धर्ममाना मन्तन नामक ञ्चात्तत्र উত্তরে, প্রান্তরের মধ্যে, এবং তাহা দুই সহস্র হাতের অধিক . উচ্চ। অপর মহীশূর নগরে এবং মালওয়া প্রদেশে ুছলকারদিগের অধিকারের মধ্যে অনেক ধর্মশালা - নির্মাণ ও কুপ খনন করিয়াছিলেন। কিন্তু স্বদেশেই যে এই সকল কীর্ত্তি করিয়াছেন এমত নহে; উন্তরে হিমালয় দক্ষিণে সেতুবন্ধ রামেশ্বর, পশ্চিমে ক্রাবিড় ও পূর্বে জ্রীক্ষেত্রের মধ্যে হিস্কুদিগের যে যে প্রধান ভীর্থ স্থান আছে সেই সেই স্থানে তিনি কোন না কোন দেবালয় বা অন্য কোন দেবার্চ নার স্থান করিয়াছেন, এবং তাহার চিরস্থায়িত্বের নিমিত্ত সকল স্থানে লোক নিযুক্ত করিয়া দিয়াছেন, প্রতিবংসর ঐ সকল স্থানে বিতরণ জন্য ধনপ্রেরণ হইত। বিশেষ গ্রাধামে তাঁহার যে সকল কীর্ত্তি আছে তাহাই প্রধানের মধ্যে গণ্য। ঐ স্থানে অনেকানেক দেবালয় আছে, তম্মধ্যে পয়ার উত্তর (১) বিষ্ণুপদনামে যে মন্দির আছে তাহার কারিকরি অত্যাশ্চর্যা এবং তাহা উত্তম চিক্ন প্রস্তরেং
নির্দ্দিত। এই মন্দিরের ভিতরে যে সকল শিল্প কর্ম
আছে তাহা অতিউংক্ট, এবং তাহার গুম্বেজ এমত
চমংকার রূপে খিলিয়াছে যে তাহা শূন্যে আছে
এমত বেধি হয়। ইহা ভিন্ন তথায় আর এক শ্রন্দির ব মধ্যে রাম জানকীর প্রতিমৃত্তির নিকট অহল্যাবাই
শিব পূজা করিতেছেন এই প্রকার এক প্রতিমৃত্তি
স্থাপিত আছে, তাহাতে তিনি দেবঅংশী বলিয়া গণনীয়া হইয়াছেন।

এই সকল দেবালয়ের সায়ংসরিক নির্দ্ধারিত বায় প্রতিম অহল্যারাণী আর আর দেবালয়েতে বংসর বংসর আনক টাকা ও খাদ্য ও অন্য দ্রব্যাদি প্রেরণ করিতেন: বিশেষতঃ দক্ষিণ প্রদেশে যে সকল দেবমুর্দ্ধি স্থাপন করিয়াছিলেন তাহাদিগকে প্রতিদিবস গঙ্গাজলে স্থান করাইতেন, তজ্জন্য গঙ্গা হইতে অনেক জল প্রেরণ করিতে হইত। এই সকল দেশে গঙ্গাজলে ছুম্পুণ্প্য; তাহাতে তদ্দেশীয় লোকেরা গঙ্গাজলে দেশকে পবিত্র

(১) এই মন্দিরের এক কান্চনির্মিত আদর্শ, টিকারি রাজার দুর্গের স্থারে আছে তাহা ইদানীৎ ভগ্নাবস্থায় আছে। কাপ্তান সেরউইল সাহেব কমিসানর সাহেবকে কহিয়াছিলেন, রাজাকে বলিয়া তাহা কলিকাভার মেরাম-তের জন্য পাঠান। কিন্তু কমিসানর সাহেব সে জন্য তাঁহাকে অনুরোধ করিতে দ্বীকার পায়েন নাই। জ্ঞান করিয়া ভাঁহার আরো যশোবাদ করিত এবং অদ্যাপি ও ঐ জন্য ভাঁহার নাম জাজ্বল্যমান আছে।

অহল্যা রাণীব হিন্দুধর্মে অত্যন্ত ভক্তি ছিল। তিনি
ভিন্ন স্থানে ভিন্ন ভিন্ন দেবমূর্ত্তি স্থাপন করিয়া
ছিলেন; তাহার কারণ এই যে ঐ সকল দেবতা পূজ্য
, এবং, তাঁহারা প্রসন্ম হইলে দেশের ও প্রজাগণের
মঙ্গল হইবেক।

ইহা ভিম্ব অহল্যা রাণী নিত্য নিত্য ও বিশেষ ' পর্বের দিবসে দীন দরিদ্র অনেক লোককে ভোজন করা-हेटान, এবং গ্রীষ্মকালে পথিক গণের ভূকা নিবারণ . জন্য জল ছত্র দিতেন, এবং শীত কালে আতুর, অন্ধ, ় অনাথদিগকে বস্ত্র বিভরণ করিতেন। আর মহুষ্যের • প্রতি ভাঁহার যে প্রকার দয়া ছিল পশু পক্ষী মৎস্যাদির প্রতিও সেই প্রকার দয়া ছিল। ঐ সকল পশাদির নিয়মিত আহারের বরার্দ্দ ছিল,ও তজ্জন্য লোকনিযুক্ত ছিল।° তাহারা যথাকালে তাহাদিগকে আহারীয় দ্রব্যাদি দিত। আর গ্রীষ্মকালে মহীশূরের চতুঃপাশ্ব কুষকগণের প্রতি এই আজা ছিল যে লাঙ্গলবাহন কালে তাহারা মধ্যে মধ্যে বলদ গণকে লাঞ্ল হইতে খ্লিয়া জলপান করাইবে। আর পক্ষিগণ প্রস্তুত শস্য নফ না করে এজনা ক্ষেত্রপতি গণ প্রছরী রাখিত, তাহারা ক্ষেত্রমধ্যে পক্ষী আসিলে তাড়াইয়া দিত; তাহাতে পক্ষিগণ ঝাঁকে ঝাঁকে উড়িয়া বেড়াইড, কোথায় আহার পাইত না। অতএব অহল্যা বাই ঐ অনাহারি পক্ষি গণের আহারের জন্য ক্ষেত্রপতি গণের স্থানে ঐ সকল প্রস্তুতশস্ক্রেত ক্রয় করিয়া ঐ পক্ষি গণকে তন্মধ্যে ছাড়িয়া দিতেন, তাহাতে পক্ষী সকল অবাধে আহার করিত কেহ প্রতিবন্ধক হইত না।

অহল্যা রাণীর সকল জীবে এই প্রকার দয়া এবং ব্রাহ্মণদিগের প্রতি অতিশয়ভক্তি এবং দূরদেশে মন্দির স্থাপন করাতে, এই সকলকে মিথ্যা ধর্ম বলিয়া কেহ কেহ হাস্য করিতে পারেন, কিন্তু অহল্যাবীই এই সকল কর্মে বায় করিয়া রাজ্য যে প্রকার স্বন্দলে রাখিয়া ছিলেন এবং প্রজাদিগকে স্থখা ও আপনাকে পূজা कतियां हिटलन, तांका तकार्थ रेमना वा शांकां वांकम-সাজাইয়া তাঁহার এমত প্রতিষ্ঠা কদাচ হইতে পারিত• না। আর অহল্যার স্বধর্শে আন্তরিক শ্রদ্ধা ছিল, ইহা দুট প্রমাণ হইয়াছে। ভাঁহার ধর্মপরায়ণভার জন্য রাজ্যের যশ, কিন্তু যদাপি তিনি কেবল সাংসারিক হই-তেন তবে এমত স্থন্দররূপে রাজ্য করিতে পারিতেন না। ঐ ব্রাহ্মণ আরো কহিয়াছিলেন ভাহার রাজ-ত্বের শেষাবস্থাতে তিনি পুনা দেশেতে এক প্রধান , কর্মে নিযুক্ত থাকিয়া দেখিয়াছেন যে অহল্যা রাণীর নামোলেখে সক্ল লোক ধর্মজ্ঞানে আদৃত হইতেন, এবং তাঁহার স্বজাতীয় রাজাদের মধ্যে প্রায় এমত लाकं ছिल्म ना विनि छोटात जानम ज्यवा युटकत সমন্যে ভাঁহাকে সহায়তা না করিয়া আপনাকে দেব-জ্রোহি জ্ঞান না করিতেন।

় এই প্রকার সকল লোকেই ভাঁহাকে যান্য করি-তৈন, এবং দক্ষিণ প্রদেশীয় নবাব ও টিপু স্থলতান দিল্লির বাদশাহকে যে রূপ সম্মান করিতেন অহল্যা বাইকে সেই রূপ মান্য করিতেন। ইহা ভিন্ন কি মোসলমান কি হিল্ফু সকলে ভাঁহার কুঁশল ও দীর্ঘায়ুঃ প্রার্থনা করিত; হিল্ফু বলিয়া মোসলমানদির্গের ভাঁহার প্রতি কিছুমাত্র দেষ ছিল না।

অহল্যা পাই রাজ্বের অন্তিমকালে অত্যস্ত শোক পাইয়াছিলেন। তাঁহার পুত্রের মৃত্যু প্রথমে হইয়া ছিল,পরে মৃক্তানাম্মী ভাঁহার যে কন্যার যশবস্ত রায়ের ·সহিত বিবাহ দিয়াছিলেন ভাঁহার গর্ডে এক পুত্র ন ক্রিয়াছিল, ঐ পুত্র অতি উপযুক্ত হইয়া যৌবনা-'বস্থায় পঞ্জ প্রাপ্ত হইলেন, এবং ঐ পুত্রের মৃত্যুর এক বংসর পরে যশবন্ত রায়ের পর লোক প্রাপ্তি হইলে মুক্তা বাই পতির সহিত সহমৃতা থাইবার প্রতিজ্ঞা করিলেন। তাহাতে অহল্যা বাই তাঁহাকে সহগমনে ক্ষান্ত করাইবার জন্য বিস্তর বুঝাইলেন। কিন্তু মুক্তা ভাঁহার নিষেধ না শুনিয়া সহগমনেএকান্ত-চিত্ত হইয়া মাতাকে বলিলেন যে পৃথিবীতে স্ত্ৰী-লোকের পতি পুত্রই স্থথের কারণ, কিন্তু এ স্থখ আমার রহিল না। আমি পতি পুত বিহীনা হইলাম অতএব পৃথিবীতে আমার আর কিস্তুখ আছে। আপনি গর্জধারিনী আছেন বটে, কিন্তু আপনি বৃদ্ধা হইয়া-ছেন, এবং কিছু কালের মধ্যে আপনি এই ধর্মকায়

তাগি করিবেন। তখন আমার অধিক শোক এবং প্রাণ ধারণ ছক্ষর ছইবে এবং মরণেও মনস্তাপ দূর इटेरव ना । এখন मतिरल स्म लाक शाहेव ना । অতএব এখনি স্থামির সমভিব্যাহারে সহগমন শ্রেয়ঃ-কল্প। বিশেষ ইহা শাস্ত্রসম্মত, অতএব আপনি निरम्ध कतिर्वन ना। अहला वाहे कि करतन, कनारक এই রূপ দৃঢ়প্রতিজ্ঞা দেখিয়া তাঁহাকে সহগঁমনের অমুমতি দিয়া, কন্যা শোকে ব্যাকুলা হৃইয়া, ভাঁহার সহগমন দর্শনার্থ নর্মদা কুলে পদব্রজে গমন পূর্বক চিতার নিকট দণ্ডায়মানা রহিলেন। ছই জন ব্রাহ্মণ তাঁহার বাছদ্ম ধারণ করিয়া থাকিলেন। পরে যখন-মুক্তার চিতা আরোহণ করণানন্তর চিতা প্রজ্ঞালিত. হইল তথন জ্ঞানাবরোধ হইয়া অহল্যা স্বীয় কর দংশন করিতে লাগিলেন। তাহার পর শবদাহন হইলে রাণী নর্মদা নদীতে অবগাহন করিয়া রাজবা-টাতে আগমন পূর্বক শোকাভিভূতা হইয়াঁ প্রায় তিন দিবস পর্যান্ত অনাহারে থাকিলেন। ঐ তিন দিবস কাহারও সহিত ৰাক্যালাপ করেন নাই। ভাহার পর শোকের শান্তি হইলে কন্যার স্মরণার্থ এক মন্দির निर्मान कतिलान এই मिम्तत धमक अपूर्व, এবং তাহাতে এমত শিল্পকর্ম করাইলেন যে তত্ত্ব্য প্রায় आत पृष्ठे दश्न ना । बी मिन्दत अमाणि मदीमृदत वर्ड-मान चारह।

তদনন্তর কলিগতাক ৪৮৯৬ ইং ১৭৯৫ সালে যক্তি

বৃৎসর বয়ঃক্রমে অহল্যা রাণীর পরলোক প্রাপ্তি হয়।
কৈহ কেহ কহেন উপবাস, কচিন ধর্ম প্রতিপালন,
শোক ওচিন্তাতে তাঁহার শরীর জর্জ্জরীভূত হইয়াছিল,
তাহাতে শীঘ্র মৃত্যু হয়। যাহা হউক তাঁহার মরণে
দেশের সমূহ অমঙ্গল এবং তাহাতে 'তাঁহার আত্মীয়,
বন্ধু, , র্বদেশী ও বিদেশী যাবতীয় লোক অত্যন্ত মনস্তাপিত হইয়াছিলেন।

অহল্যা মধ্যমাকৃতি ও ক্ষীণকলেবরা ছিলেন এবং যদ্যপিও তিনি স্থন্দরী ছিলেন না কিন্তু তাঁহার বর্ণ অতি পরিষ্কার ও উজ্জ্বল ছিল। কথিত আছে, -সিন্ধিরাধিপতি বাজি রায়ের মাতা পর্ম রূপবতী ন্দ্রনস্তা বাই অহল্যার যশোদ্বেষিণী হইয়া, অহল্যা দৈখিতে কেমন তাহা জানিবার জন্য এক পরিচা-রিণীকে প্রেরণ করিয়াছিলেন। তাহাতে ঐ দাসী তাঁহাকে দেখিয়া গিয়া অনস্তাকে এই প্রকার বলিয়া ছিল যে অহল্যার আফুতি স্থন্দর নহে, কিন্তু তাহার মুখে পারমেশ্বরী এক জ্যোতিঃ আছে তাহাতেই তা-হার বর্ণ উজ্জ্বল করিয়াছে। ফলতঃ তাঁহার যেরূপ সদ-ন্তঃকরণ তাহা মুখেই প্রকাশ ছিল; মৃত্যু সময়েও তাহার বৈলক্ষণা হয় নাই। অহল্যা বাই সর্বাদা প্রফুল থাকিতেন এবং প্রায় রাগপ্রাপ্ত হইতেন না। কিন্তু যদি কথন রাগাম্বিত হইতেন তবে তাঁহার অত্যন্ত প্রিয় ভূত্য বা দাসীগণও ভাঁহার সন্মুখবর্তী হইতে পারিত না।,

হিন্দু জাতীয় স্ত্রীলোকের যে সকল গুণ সম্ভাবিত, অহল্যা বাই তদপেকা অধিক গুণে গুণ্ৰতী ছিলেন !-তিনি স্বয়ং পুরাণ পাঠ করিতেন; অন্য অন্য ধর্ম গ্রন্থ পাঠেও তাঁহার অভিশয় আমোদ ছিল। তিনি বিদ্বান ব্যক্তিদের আদর করিতেন এবং ধনদান দ্বারা ব্রাহ্মণ পণ্ডিতদিগের বিদ্যান্ত্শীলনের উৎসাহ বুদ্ধি করিতেন 📙 আর রাজকীয় কর্ম্মে ও তিনি অতি বিচক্ষণা ছিলেন, এবং অতি কঠিন বিষয়ও আনায়াসে বুঝিতে পারি-তেন। ইহা ভিন্ন তাঁহার বিচার অতি সূক্ষ্ম ও পক্ষপাত শূন্য ছিল। তিনি বিংশতি বৎসর বয়সের পূর্বে পতি-হীনা হইয়াছিলেন এবং তাহার কিয়ৎকাল পরে পুত্র উন্মাদগ্রস্ত হওয়াতে অত্যন্ত মনোছুঃখ পাইয়াছিলেন ৄ তিনি বৈধব্যদশা প্রাপ্ত হইয়া শুক্লবস্ত্র ন্যতীত অন্য বস্তুত্র পরিধান করিতেন না এবং গলদেশে মালা অর্থাং হার ভিন্ন অন্য কোন অলঙ্কার পরিতেন না ও বেশ বিন্যাস বা অঙ্গরাগবিষয়ে বিরতা ছিলেন। তিনি স্তাবক বাক্যের বশীভূতা ছিলেন না; বরং ইহা প্রকাশ আছে কোন এক পণ্ডিত ভাঁহার গুণ বর্ণনা পূর্বাক এক গ্রন্থ রচনা করিয়া তাঁহাকে প্রবণ করাইতে গিয়াছিলেন। তাহাতে অহল্যা বাই আপনার অমুপযুক্ত প্রশংসা প্রাবণ করিয়া ঐ গ্রন্থ তখনি নর্মদা নদীতে নিক্ষেপ করিতে আজ্ঞা দিলেন। তাহার পর কখন ঐ গ্রন্থের नार्याद्वथं करतन नारे।

উপরি উক্ত বিবরণ যে সকল অনুসন্ধানের পর

সংগৃহীত হইয়াছে তাহাতে অত্যন্ত সন্দেহ যুক্ত বাজির ও সন্দেহ থাকিতে পারেনা, অর্থাৎ ইহাতে কিছু মাত্র অনর্থক প্রশংসা নাই। স্ত্রীলোকেরা প্রায় গর্মিতা হয় কিছু অহল্যার অহন্ধার মাত্র ছিল না। আর কোন মত বা ধর্মের দুঢ়াবলম্বী হইলে সহজে, অন্যুক্ত বা ধর্মের প্রতি দ্বেম হইয়া থাকে; কিন্তু অহল্যার সে দ্বেম ছিল না। বরং ভিন্ন মত বা ধর্ম্মাবলম্বী লোকের প্রতি তাহার বিশেষ দয়া ছিল। তাহার অন্তঃকরণে প্রকার হিতবৃদ্ধি ব্যতীত অন্য চিন্তা ছিলনা। আর তিনি স্বাধীনা রাজী হইয়াও যে স্কেছাছুরূপ কর্ম্ম না করিয়া আপনাকে উচিত কর্মের বশতাপন্ন রাধিয়াছিলেন ইহা সামান্য প্রশংসার কথা নহে।

মালওয়া প্রদেশস্থ লোকেরা ভাঁহার এই সকল গুণের অত্যন্ত প্রশংসা করেন এবং ঐ জাতির লোকের মধ্যে তিনি দেবী রূপে প্রতিষ্ঠিত হইয়াছেন। তাঁহার যে অল্পাধিকার ছিল তম্মধ্যে যে সকল রাজ্যাধিপতিগণ রাজ দণ্ড ধারণ করিয়াছেন তম্মধ্যে অহল্যার চরিত্র নির্মাল রূপে জাজ্বল্যমান ও উপমা রহিত। অধিক্ষ ভবিষ্যতে পরমেশ্বরের নিক্ট বিচার হইয়া ক্র্মাছ্ন নারে কল ভোগ করিতে হইবে, ইহা ভাবিয়া ইহ লোকে যে সংকর্ম করণে প্রবৃত্তি হয় ও তাহাতে যে মহোপকার সম্ভব অহল্যা তাহার এক উপমাস্থল হইয়াছেন।

নবনারী ৷

. রাণী ভবানী।

রাণী ভবানী রাজসাহীর অন্তঃপাতি ছাতিন গ্রাম নিবাসি আত্মারাম চৌধুরীর কন্যা ছিলেন। যে সকল লোকেরা ভাঁহাকে প্রাচীনাবস্থাতে দেখিয়াছিলেন, ভাঁহারা কেহ কেহ অদ্যাপি বর্ত্তমান আছেন। ভাঁহারা কহেন তিনি অতি স্থান্দরী ও স্থাক্ষণা ছিলেন। এই জন্য নাটোরের ভুম্যধিকারী রাজা রামজীবন রাজ আপন পুত্রের সহিত ভাঁহার বিবাহ দিয়াছিলেন।

কোন কোন লেখক লিখিয়াছেম রাণী ভবানী বিদ্যাবতী ছিলেন, কিন্তু অন্তুসন্ধান করিয়া এমত বোধ হইল না যে তিনি বাল্যকালে বিদ্যাভ্যাস করিয়া-ছিলেন বা লেখা পড়া জানিতেন। এই সকল প্রদেশে বালিকাগণকে বিদ্যা শিক্ষা করাইবার প্রথা বৃহকালা-বধি লোপ পাইয়াছে; এই জন্য দেশের ব্যবহারা-সুসারে বাল্যকালে ভাঁহার বিদ্যা শিক্ষা হয় নাই।

রাণী ভবানী প্রথম কালাবধি ধর্মনিষ্ঠা ও দেব-ভজা ছিলেন, এবং বালাকালের সংস্কার প্রযুক্ত তিনি শৃশুলুরর লোকান্তর গমনের পর রাজরাণী হইয়া কেবল ধর্মান্ত্র্ঞান ও পরোপকারে একান্তচিত্রা ইইয়া বে কীর্ত্তি রাখিয়া গিয়াছেন তাহাতে তাঁহার নাম চির-শ্বরণীয় হইয়াছে।

রাণী ভ্বানী যে ঐশ্বর্য দারা এই সকল পুণ্যকর্ম করেন তাহা জিলা রাজসাহীর অন্তর্গত রাজা রামজী-বন রায়ের স্থোপার্জিত। ঐ রামজীবন রায় নাটো-—রের ,প্রথম রাজা ছিলেন, এবং তিনি যে কৌশলে রাজত্ব প্রাপ্ত হয়েন তাহা আশ্চর্য্য, অতএব রাণী ভ্বা-নীর পুণ্য কর্ম্মের মূল বিবেচনায় তাহার কিঞ্ছিং বিব-রণ লেখা যাইতেছে।

কানদেব নামক এক ব্রাহ্মণ ছিলেন। রঘুনন্দন ও
রামজীবন নামে তাঁহার ছই পুত্র ছিলেন। ইঁহারা
প্রথমত পুঁটিয়ার ভূমাধিকারী দর্পনারায়ণ রায়ের
বাটাতে সামান্য কর্ম্মে নিযুক্ত ছিলেন। রঘুনন্দন
চতুর ও বুদ্ধিমান এবং রামজীবন উত্তম লক্ষণ যুক্ত
পুরুষ ছিলেন। উক্ত দর্পনারায়ণ রায় রঘুনন্দনের
তীক্ষ বুদ্ধি ও চতুরতা দেখিয়া তাঁহাকে আপন প্রতি
নিধি অর্থাৎ উকীল নিযুক্ত করিয়া মুরশিদাবাদের
নবাবের দরবারে রাখিয়াছিলেন। তথায় কায়্থনগোর
সহিত তাঁহার আলাপ হয় তৎপরে ঐ কায়্থনগো
তাঁহার বিচক্ষণতা ও কর্ম্মদক্ষতা দেখিয়া আপনার
অধীনে এক কর্ম্ম দিয়াছিলেন। এবং ক্রমে ক্রমে তাঁহার
প্রতি এমত বিশ্বাস হইয়া ছিল যে আপনার গৈছের
পর্যান্ত তাঁহার নিকটে রাখিতেন।

मुत्रिमिनांदारम् त नवांव थे नमस्य नदकाती अस्तक

রাজস্ব নত করিয়াছিলেন, এবং দিল্লীর অধিপতি ডদ্-পরাধে ভাঁহাকে পদ্চাত করেন এমত লক্ষণ হইয়াছিল। এই অপমান নিবারণার্থে নবাব এক কৃত্রিম জমা ধরচ প্রস্তুত করাইলেন। কিন্তু কামুনগো তাহাতে স্বাক্ষর ও भूजोक्रन कतिरमंन ना। किन्छ जिनि चोक्रत रा भूजोक्रन না করিলে দিল্লীর বাদসাহ কোন কাগজ গ্রাহ্ম করিতেন না। এই বিপদ্কালে রখুনন্দন ব্যতীত নবাবের পরি-ত্রাণের উপায় আর ছিল না, অতএব তাহাকে ডাকা-ইয়া ঐ কাগজে কামুনগোর মোহর মুদ্রিত করিয়া লইলেন। রখুনন্দন নবাবের মনোরঞ্জনার্থ তাহাতে আপত্তি করিলেন না। পরে ঐ জমা খরচ দিল্লীতে। প্রেরণ করিলে দিল্লীশ্বর তাহা গ্রাহ্ম করিয়া লইলেন. এবং নবাবের পদচাতি রহিত হইল। রসুনন্দন ইহাতে নবাবের নিকটে অভিশয় প্রতিপন্ন হইলেন, এবং তাহার পুরস্কারার্থ তিনি তাঁহাকে আপনার দেওয়ানি এবং রাম রামা পদ প্রদান করিলেন।

এই পদ প্রাপ্ত হইয়। রঘুনন্দনের অত্যন্ত আধি-পত্য হইল। তিনি যাহা মনে করিতেন তাহাই করিতে লাগিলেন। পরে বাঙ্গলা ১১১৩ (কং ৪৮০৮) সালে পরগণা বনগাছির ভূম্যধিকারী রাজস্ব প্রদানে অশক্ত হইলে রঘুনন্দন ঐ সম্পত্তি লইয়া আপন ভাতা রামজীবনকে দিলেন। তদ্নস্তর ১১১৫ (কং ৪৮১০) সালে জেলা রাজসাহীর ভূম্যধিকারী রাজা উদিত-নারায়ণ পরলোক গমন করিলে তাঁহার ভাবং ভূম্যাদি প্রাপন জাতাকে দেওয়াইলেন। এই প্রকারে ক্রমে
ক্রমে প্রায় তাবং রাজসাহী তাঁহার করন্থ হইল;
কেবল লক্ষরপুর পরগণা পুঁটিয়ার জমিদারদের রহিল।
তাহার কারণ তাঁহাদের অন্ধে প্রতিপালিত হইয়া
তাঁহাদের সম্পত্তি হরণ করা ধর্মা বিরুদ্ধ জ্ঞান করিয়াভিলেনী। কিন্তু আর আর ইত ক্ষুদ্র ও বড় ভূমাধি
কারা ছিলেন তাবতের ভূমাদি লইলেন। তদ্ভিন্ন
আর আর জিলাতে অনেক সম্পত্তি হইল, তাহাতে
ঐশ্বর্যার পরিসীমা থাকিল না। কথিত আছে, সন
সন ৫২ লক্ষ টাকা মালগুজারি করিতেন, অধিকন্তু
নবাব রামজীবনকে রাজা উপাধি দিয়াছিলেন, এবং
প্রখন পর্যান্ত তাঁহার উত্তরাধিকারিগণেরা সেই উপাধি
ভোগ করিয়া আসিতেছেন।

রাজা রামজীবনের ছই পুত্র ছিল। প্রথম পুত্রের নাম কুমার কালু ও বিতীয়ের নাম রামকান্ত। কুমার কালু পূর্বেই পরলোক প্রাপ্ত হইয়াছিলেন, তাহাতে রাজা রামজীবনের পরলোকান্তে ১১৩৭ (কং ৪৮৩২) সালে রামকান্ত তাবং ঐশ্ব্য ও জমিদারি প্রাপ্ত হইয়াছিলেন। এই রামকান্তের সহিত রানী ভবা-নীর বিবাহ হইয়াছিল।

যৎকালে রাজা রামকান্ত রাজত্ব প্রাপ্ত হইলেন তথন তাহার বয়ংক্রম অন্টাদশ বৎসর। রাণী ভবানী তথকালে পঞ্চদশ বৎসরের যুবতী। রাজা রামকান্ত তাহাকে অত্যন্ত স্নেহ করিতেন। কিন্তু রাজ্য প্রাপ্তির পরেই রাজা রামকান্ত ও রাণী ভবানীর অনেক ক্লেশ্ ঘটিয়াছিল, ভদ্বিবরণ পশ্চাতে লেখা যাইতেছে।

রাজা রামজীবনের সময়াবধি দয়ারাম নামে এক বাজি রাজ সরকারে কর্মকারক ছিল। ঐ বাজি প্রথমতঃ ভাণ্ডারি কর্মে নিযুক্ত হইয়া ক্রমে রাজার অত্যন্ত বিশ্বাসপার্ক হইয়াছিল। রাজা তাহাকে প্রুত্তের ন্যায় স্নেহ করিতেন। রামকান্ত তাহাকে দাদা বলিয়া ডাকিতেন। ঐ দয়ারাম এমত বুদ্ধিজীবী ও চতুর ছিল যে রাজা তাহার সঙ্গে সর্বাদা বিষয় কর্মের পরামর্শ করিতেন, এবং প্রায় তাহাকে নবাবের দরবারে লইয়া যাইতেন। মৃত্যুকালে তিনি স্বীয় রাণীকে এই কথা বলিয়া যান যে রামকান্ত বালক, যে কর্ম করিতে হয় তাহা দয়ারামের সহিত পরামর্শ পূর্বক করিবে।

কিন্তু রাজা রামকাস্ত পিতার লোকাস্তর গমনের পর অতুল ঐশ্বর্যা প্রাপ্ত হইয়া বিষয় কর্মে অতাস্ত অমনোযোগী হইলেন। তাহাতে দয়ারাম এক দিবস তাঁহাকে অনেক অমুযোগ করিল। ইহাতে হিত ভিন্ন অহিত ইচ্ছা ছিল না; কিন্তু রাজা রামকাস্ত তাহা বিপ-রীত বিবেচনা করিয়া তাহাকে বাটা হইতে বাহির করিয়া দিলেন। দয়ারাম তাহাতে ছঃখিত হইয়া কহিল রাজা রামজীবন আমাকে এত সম্মান করিতেন; তাঁহার পুত্র ছুই দিবস রাজা হইয়া আমার এই প্রকার অপঞ্চান করিলেন; ভাল,দেখিব ইনি কেমন রাজা। ্ এই কথা বলিয়া দয়ারাম মুরশিদাবাদে গিয়া নবাবের দরবারে যাভায়াত করিতে লাগিল। ঐ সময়ে
আলিবর্দ্দি খাঁ নবাব ছিলেন। দয়ারাম এক দিবস
ভাহাকে কহিল, ধর্মাবভার! রামকান্ত রায় ৩২ লক্ষ
টাকা স্থিত করিয়া রাখিয়াছে, এবং হুই লক্ষ টাকাভে
এক শিরপেচ প্রস্তুত করিয়াছে। ইহা ভিম 'আর আর
অনেক অপবায় ও ধুমধাম করিতেছে। কিন্তু ধর্মাবভারের অনেক রাজস্ব পাওনা আছে, ভাহা দিবার
নামটিও করে না, আপনাকে ফাকি দেওয়া ভাহার
নিভান্ত মানস। এই কথায় নবাব অভান্ত কুপিভ
হইলেন। বিশেষভঃ নবাবদিগের রাজ্যশাসন কালে
লবাবেরা কাহাকেও এক কথায় লক্ষপতি করিয়া দিভেন
'এবং এক কথায় কাহারও সর্ব্বনাশ করিভেন আর
ধনের কথা শুনিলে বলে ছলে যাহাতে হউক হরণ
করিভেন।

নবাঁব আলিবর্দ্দি খাঁ দয়ারামের এই বিষয় শুনিয়া তাহাকে জিজাসা করিলেন, রামকান্তের বাটাতে টাকা আছে তাহা দেখাইয়া দিতে পারিবা। দয়ারাম কহিল, হাঁ পারিব। তদনন্তর নবাব জিজাসা করিলেন, রাজা রামজীবন রায়ের আর কে আছে? দয়ারাম কহিল দেবীপ্রসাদ নামে তাঁহার এক আতুম্পুক্ত আছে, সে ব্যক্তি অতি ধার্ম্মিক এবং জমীদারি কার্য্য ভাল জানে। নবাব আজা করিলেন, রাজা রামজীবনের তাবং জমীদারি দেবীপ্রসাদকে দেওয়া বাউক, এবং রামকান্ত রায়

যে অর্থ সঞ্চয় করিয়া রাখিয়াছে তাহা রাজভাগুরি আনীত হউক।

নবাবের এই আজ্ঞা হইবা মাত্র দেবীপ্রসাদ রাজা হইলেন এবং দর:রাম কতক গুলিন রাজসেনা লইয়া খন দেখাইয়া দিতে গেল। ঐ সকল সৈন্য রাজবাটী প্রবেশ করিয়া তাবং খন ও আর আর ক্রব্যাদি লুঠ করিতে লাগিল।

যথন সৈন্যগণ এই প্রকার লুঠ করে তখন রাজা রামকান্ত অন্তঃপুরে ছিলেন। এবং রাণী ভবানী প্রথম গর্ভবতী ইইয়াছেন। রাজসেনা বাটী প্রবেশ করিয়া লুঠ আরম্ভ করিয়াছে এই কথা শুনিয়া রাজা রামকান্ত ব্রুলাতে আহতের ন্যায় মহা বিপদাপর হইলেন । কিন্তু বাটাতে আসিলে পাছে ভাঁহাকে অপমান পূর্বক ধরিয়া লইয়া যায় এই আশক্ষায় তিনি রাণী ভবানীর হস্ত ধারণ পূর্বাক এক জলানঃসরণ স্থান দিয়া যমপুরী তুলা রাজপুরী হইতে তখনি বহির্গত হইলেন। বহুন্মুলা জব্যাদি কিছু লইতে পারিলেন না; কেবল রাণীর স্কুলে যে আভরণ ছিল তাহাই সঙ্গে চলিল;

রানী ভবানী একে রাজরানী, তাহাতে গর্ভবতী, চলংশক্তি অভাবে অচলবং হইলেন। রাজা রামকান্ত তাঁহাকে সঙ্গে করিয়া কতকদূর গমন করিলেন, তাহার পর এক খান ক্ষুদ্র তরি করিয়া পদ্মাপার হইরা নবা-বেরশ্বন রক্ষক জগৎসেটের শরণাপন হইলেন'। পরে নবাববাটীর কিয়দ্রে এক সামান্য বাটীতে বাসা করিয়া গোপন ভাবে সামান্যের ন্যায় থাকিলেন; মনে করি-লৈন যদি কথন পরমেশ্বর অমুকুল হয়েন তবে নবা-ৰকে আপনার ছঃখ জানাইব, কিন্তু তাহা হইয়া উঠিল না, ক্রমে ক্রমে তাঁহার অভ্যন্ত ছঃখ হইতে লাগিল।

এক দিবস রাজা রামকান্ত আপন ঘরের ছাতের ভিপর দিগুরিমান আছেন এর্যত সময়ে দ্যারাম রায় নবার্ব-বাটা হইতে শিবিকারোহণে বাসায় যাইতেছিল। রামকান্ত তাহাকে দেখিয়া অত্যন্ত ছুঃখিত হইয়া কহি-লেন, দয়া দাদা আমি এই ভাবে আর কত দিন থাকিব। এই कथा अवत्व मग्राताम छेई। एविन त्य, ·রামকান্ত বারাগুার উপর হইতে তাহাকে ঐ কথা বলি-প্রসন। তাহাতে দয়ারাম দয়ান্ত চিত্ত হইয়া শিবিকা 'হইতে অবরোহণ করিয়া ভাঁহার নিকট গিয়া কহিল ; তুমি অনেক ক্লেশ পাইয়াছ, আর ক্লেশ পাইতে হুই-' বেক না, ভোমাকে তিন দিবসের মধ্যে আমি রাজত্ব দেওয়াইব। এইরূপ সাস্ত্রনা করিয়া তাঁহাকে জিজ্ঞাসা করিল, তোমার নিকট কি আছে ? রামকান্ত বলিলেন , আমার স্থানে টাকা কিছুই নাই, পলায়ন কালে রাণীর खरक रा जनकात हिन डाराहे माज जाहा। मग्रा-রাম কহিল, ৫০ সহঅ মুক্তা না হইলে এই কর্ম নির্কাছ ছইতে পারে না। এই কথায় রাণী ভবানী তৎক্ষণাৎ আপনার কতক গুলিন অঙ্গান্তরণ আনিয়া দিলেন।

দর্মারাম ঐ অলক্ষার বিক্রয় করিয়া নবাবের চক্ষের যাবতীয় দৌকানি ও অন্য অন্য ইতর লোক ও নবাব বাটার মাছত, সহিস,পদাতিক,সেপাই, জমাদার, চোপ্দার, থিদমতগার ও খানসামা প্রভৃতি যত লোক ছিল, প্রত্যেককে পাঁচ, দশ, বিশ, ত্রিশ, পঞ্চাশ ও কাহাকেও শত মুদ্রা পর্যান্ত দিল, আর বলিল যখন দেবীপ্রসাদ রায় দরবারে আসিবে তখন ডোমরা তাহাকে কমবথ্ত (হতভাগা) বলিবা। তাহারা স্বীকার করিল।

পর দিবস যখন দেবীপ্রসাদ নবাব-বাটাতে গমন করেন তখন পথের ছুধারি যাবতীয় দেরকানি পশারি লোক, দেখ দেখ কমবখ্ত যাইতেছে, এই কথা বলিতে লাগিল; এবং নবাব বাটাতেও তাবতে ঐ কথা বলিল। তাহাতে দেবীপ্রসাদ অত্যন্ত কুণ্ণ হইয়া নবা-বকে সেই ৰুধা জানাইলেন। নবাব তাহাকে সাম্ভন্ত করিয়া বলিলেন সে কথা কিছু নয়, তুমি তাহা মনে कति । अत निवम श्रूनर्कात यथन प्रवीक्षमान नत-বারে যান তথনও ঐ সকল লোক তাঁহাকে সেইরূপ ' বলিতে লাগিল। তাহাতে তিনি পুনর্মার 'নবাবকে তাহা जानाहेलन, এবং नवावं । ভাঁহাকে সেইরূপ मास्त्रमा कतित्वन । उरशत निवम यथन मिवीक्षमान उँ। होरक शूनकांत्र थे कथा कानाहेत्वन, उथन जानि-वर्षित थे। मत्न मत्न छावित्तन, मकल लाकरे रेशांक হতভাগা বলে, অভএব কোন ব্যক্তির দণ্ড করিব; बातास्टरत विष्वचना कतिरलन, नकरल यथन इंशादक অভ্যাগাবান কহে তথন এব্যক্তি অভাগাবান তাহার मान्द्रक कि।

় নবাব এইরূপ বিত্তর্ক করিয়া তাহাকে বলিলেন,তুই ধাৰণা কমৰ্থড, ভাহা না হইলে ভোকে ভাৰলোকে এমত কথা কেন বলিবে, তুই অতি নীচ এবং রাজদ্বের অমুপযুক্ত পাত্র, অতএব তোকে তাহা হইতে বর্জিত कतिलाम । हेरा विलया प्रमातामक जिल्हामा कतित्लन क्ष्मिक क्रिम जामकीवत्नतं क्र व्याशीयं वर्खमान আছে কিনা। দয়ারাম কহিল ধর্মাবতার রাজা রামজী-বনের পুত্র রামকান্ত বর্ত্তগান আছেন তিনি অতি বিচ-ক্ষণ ও ঐ রাজত্বের উত্তরাধিকারী; এই কথা বলাতে নবাব রামকান্ত রায়কে তাবৎ জমীদারী অর্পণ করি-বার আজা করিলেন। রাজা রামকান্ত দয়ারামের কোপে রাজ্যচ্যত হইয়া তাহায়ই কৌশলে তাহা পুনঃ প্রাপ্ত হইলেন। তদবধি রাজা রামকান্ত দয়ারামকে অতিশয় মান্য করিতেন এবং সকল কর্মের অধ্যক্ষ করি-য়াছিলে।

তদনন্তর রাজা রামকান্ত প্রায় ১৬ বংসর রাজ্য তোগ করিয়া ১১৫৩ সালে (কং ৪৮৪৮) পরলোক গত হয়েন। পূর্বে লেখা গিয়াছে যখন রাজা রামকান্ত রাজ্যচ্যুত হয়েন তখন রাণী ভবানী অন্তঃস্থা ছিলেন; ঐ গর্ভে তাঁহার এক পুত্র সন্তান হইয়াছিল এবং ভাহার পর আর এক পুত্র জন্মিয়াছিল। কিন্তু প্রথম পুত্র কাশীকান্ত একাদশ মাসে এবং দিতীয় পুত্র অন প্রাণনের পূর্বেই নই হয়। তাহার পর আরক্ষুত্র সন্তান হয় নাই; এক কন্যা হইয়াছিল, তিনি তারা ঠাকুরাণী নামে বিখ্যাত ছিলেন।

রাণী ভবানী যৎকালে সধবা ছিলেন তংকালে তাঁহার দানাদির বাছলা ছিলনা, কেননা তংকালে বিষয়াদি হস্তগত হয় নাই; তথাপি নিত্য নৈমিত্তিক কিয়া ও ব্রতাদি সর্বদা করিতেন। ইহা ভিলু দেবা;-লয় স্থাপন, জলাশয় খনন, অন্ন দান, বস্ত্র দান এবং দরিদ্র বা দায়গ্রস্ত ব্রাহ্মণ ও অন্য জাতির কন্যার বিবাহ দেওয়া এই প্রকার পরহিতকারি কর্ম করিতেন। কিছু প্রথমাবিধি দেবতা ও বিগ্রহ প্রতি তাঁহার অভিশন্ম ভক্তিছিল, এবং কোন উত্তম দ্রব্যাদি প্রস্তুপ্ত হইলে অগ্রে দেবতাকে না দিয়া কথন গ্রহণ করিতেন না ।

কথিত আছে এক সময়ে রাজা রামকান্ত রায়
২৬০০০ টাকা সুলাের ছই ছড়া মতির মালা কয়
করিয়া মনস্থ করিলেন যে এক ছড়া রাণীকে এবং
আর এক ছড়া জয়কালী বা অন্য কোন প্রিগ্রহকে
দিবেন। কিন্তু ছই ছড়ার মধ্যে এক ছড়া উত্তম
এক ছড়া কিঞ্চিং অধম ছিল। তাহাতে রাজা ভাবিলেন উংকৃষ্ট ছড়া রাণীকে দিয়া নিকৃষ্ট ছড়া ঠাকুরাগীকে দিবেন। কিন্তু রাণী ঐ ছই ছড়া মালা দেখিয়া
উত্তম ছড়া বিপ্রহ জন্য রাথিয়া মন্দ ছড়া আপনি
লাইবার মনস্থ করিলেন। তাহাতে রাজা স্বীয় অভিপ্রায়্র প্রকাশ করিয়া বলিলে, রাণী বলিলেন তবে
উভয়ের মনােবাঞ্ছা পূর্ণ ছউক, অধাং ছই ছড়াই দেব-

ভাকে দেওয়া যাউক। এই প্রকার দেবতাতে ভক্তির অনেক দৃষ্টান্ত আছে।

রাজা রামকান্তের লোকান্তর গমনের পর রাণী ভবানী সমুদায় ঐশ্বর্য আপন হস্তে পাইয়া দানাদি ও পুণ্য কর্ম বিষয়ে পূর্কাপেকায় মুক্তহন্ত হইয়া ছिলেন। किन्त य नकन कीर्जित बना उँ। होत्र-नाम जित-স্মরণীর হইয়াছে তখন পর্যান্ত ও তাহা করিতে পারেন নাই। তাহার কারণ, তাঁহার এক কন্যা বর্ত্তমান ছিলেন তাহার গর্ভে যদি সন্তান উৎপত্তি হয় তবে তাহাকে তাবৎ ঐশ্বর্যা ও ভূম্যাদির উত্তরাধিকারী ক্রিবেন। এবং তাঁহার ইহাও বাঞ্চা ছিল কন্যার বিবাহ দিয়া তিনি গঙ্গাবাসিনী হইবেন। ফলতঃ এই অভিপ্রায়ে রুঁঘুনাথ লাহিড়ি নামক খাজুরা নিবাদী এক সংকুলো-দ্ভব ব্রাহ্মণ কুমারকে কন্যা দান করিয়া ভাঁহাকে তাবৎ বিষয়ের অধ্যক্ষ করিয়াছিলেন। কিন্তু ঐ হত-ভাগ্য ব্রাহ্মণকুমার বিবাহের অল্প দিবস পরে পরলোক গমন করিলেন। তাহাতে আপনি অতুল ঐশ্ব্যা ভোগে বঞ্চিত হইলেন এবং রাজনন্দিনীকেও চির ছুঃখিনী করিলেন। রাণী ভবানী জামাতার মরণে অত্যন্ত মনস্তাপ পাইয়াছিলেন, এবং দান খানে সদা স্থা থাকিয়াও ছহিতার পতিহীনত্ব যন্ত্রণার জন্য সতত ছঃখিতা থাকিতেন।

কথিত আছে রাজকন্যা তারা অতি রূপরুতী ছিলেন। জাঁহার রূপের গৌরব এমত ছিল যে মুর- সিদাবাদের নবাব ও তৎপারিষদ গণ তদভিলাবী হইনা তাঁহাকে হরণার্থ অনেক সেনা প্রেরণ করিয়াছিলেন। কিন্তু তুমাতার অন্নে প্রতিপালিত যাবতীয় কোপীন্ধারী মহান্তগণ তাহাতে কুপিত হইয়া এক হন্তে ঢাল ও এক হন্তে করবাল লইয়া যুদ্ধ করিতে প্রস্তুত হইয়াছিল; সেই জন্য তাঁহাকে হরণ করিতে পারে নাই। তাহার পর অবধি রাণী তবানী তাঁহাকে সর্বাদা সাবধানে রাখিতেন, স্থানান্তরে যাইতে দিতেন, না। তৎকালে যবন রাজাদিগের এই সকল দৌরাক্রার জান্য বিশিষ্ট লোকের কন্যা ও পুত্রবধুরা কখন বাটার বাহির হইতে পারিত না।

রাণী তথানী জামাতার পরলোকান্তে একেবান্তর বিষয়াদির মায়া পরিত্যাগ করিয়াছিলেন । এবং তিনি যে প্রকার দান করিয়াছিলেন তাহা শুনিলে অতি আশ্চর্য্য বোধ হয়। ফলতঃ তাঁহা অপেক্ষায় বড় যে দকল রাজা ছিলেন তাঁহারাও তাঁহার তুল্য দান করিতে পারেন নাই। তিনি ব্রাহ্মণ গঙ্গাবানী ক্ষেত্রধামবাসী ও আখড়াধারী মহান্ত ও অতিথি-দিগের বংসর বংসর এক লক্ষ আশি সহত্র টাকা নগদ বৃত্তি নিযুক্ত করিয়াছিলেন। ঐ সকল লোকেরা তাহাতে দেব সেবা ও অতিথি সেবা ও নানা প্রকার ধর্ম কর্মাদি করিত; এবং বৃত্তির মধ্যে ২০। ২৫ সহত্র টাকা অধ্যাপক ও পণ্ডিতদিগকে দিয়াছিলেন; ঐ অধ্যাপক পণ্ডিত গণ টোল ও চতুল্পার্টা স্থাপন

ক্রিয়া এক এক জন অনেক অনেক ছাত্রকে বিদ্যা ও জন্ম দান করিতেন; আর ঐ বৃত্তি চিরন্থান্নি হয় অর্থাৎ ভাহারা পুরুষাত্রকমে ভোগ করিতে পারিবে এই জন্য রাণী ভবানী ১৯৫ (কং ৪৮৯০) সালে কোম্পা-নির ভাণ্ডার হইতে ঐ ১৮০০০০ টাকা আপন জনী-দারি ভূকুক করিয়া বংসর বংসর ঐ টাকা সরকারে দাখিল করিতেন। এবং ঐ বৃত্তিভোগি ব্রাহ্মণ প্রভৃতি সকলে কোম্পানি হইতে ঐ টাকা প্রাপ্ত হইয়া পুরুষা-ভূকমে প্রতিপালিত হইয়া আসিতেছে এবং ভাহাতে লক্ষ লক্ষ লোকের জীবনোপায় হইয়াছে।

এই নগদ বৃত্তি ব্যতীত রাণী তবানী স্বীয় অধিবারন্থ ও অপর অধিকারন্থ অর্থাৎ বীরভূম ও রাজসাহি
ও দিনাজপুর ও রঙ্গপুর ও মুরশিদাবাদ ও যশোহর
ও ঢাকা বাসী ব্রাহ্মণ ও ক্ষত্রিয় ও বৈশ্য ও পূ্রে
এই চতুর্বর্গকে স্থানাধিক পাঁচ লক্ষ বিঘা ব্রহ্মোন্ডর ও
দেবোন্তর ও মহজাণ দিয়াছিলেন। ঐ সকল ভূমির
কর ছিল না। এবং তাহার উপস্বত্বে অনেক দীন
স্থাধি ব্রাহ্মণ ও অন্যান্য লোকেরা স্থাধ কাল যাপন
করিয়া আসিতেছে (১)।

⁽১)কিন্ত ইদানীৎ কোম্পানি বাহাদুর লোভ সমূরণ করিতে না পারিরা এইরূপ অনেক ভূমিতে কর ধার্যা করিয়াছেন, এবং নগদ বৃত্তির মধ্যেও অনেকের বৃত্তি হরণ করিয়াছেন। রাণী ভবানী ঐ সকল টাকা আপন শিরে লইয়াছিলেন ভথাপি কোম্পানি বাহাদুর ভাহা গ্রহণ করিতেছেন।

উপরি উক্ত নগদ বৃত্তি ও ব্রাহ্মণ পণ্ডিতকে স্কৃমি দান তিম রাণী ভ্রানী অনেক স্থানে অর্থাৎ কাশী ও গয়া ও রাজসাহি ও বড়নগরে অনেক দেবালয় স্থাপন করিয়াছিলেন। ইহার মধ্যে কাশীতে যে দেবা-লয় ও সেবা স্থাপন করেন তাহা অতি প্রাশংসনীয়। ঐ স্থানে তিনি অনেক 'মুর্জিও বিগ্রহ স্থাপন করেন, •তন্মধ্যে বিশেষর ও দণ্ডপাণিও ছুর্গাও তারা ও রাধা কৃষ্ণ ইঁহারাই প্রধান। ইহা ভিন্ন শত শত निवित्र हिन। जात धरे मकन विधाशिमित छना প্রস্তরময় মন্দির নির্মাণ করিয়া দিয়াছিলেন। তাহা जिन यानवाका चाउँ ও অভিথিশালা অনেক ছিল। আর কাশীর মধ্যে ৩০০ শত বাটা নির্মাণ করিয়ুর্ দিয়াছিলেন, তাহাতে তীর্থবাসী লোকেরা বাস করিত এবং যে সকল লোকেরা অসঙ্গতি বা শেষাবস্থা বিবে-চনা করিয়া স্থদেশ পরিত্যাগ করিয়া কাশী বাসের • ইচ্ছা করিত ভাহাদিগকে সপরিবারে ঐ সকণ বার্টাতে द्यान मान शूर्वक यावड्डीवन अप्र मान कतिराजन, धावः ভাহাদের মরণাস্তে ভাহাদের উর্দ্ধাহিক ক্রিয়া ও শ্রাদ্ধাদি শাস্ত্রামুসারে করাইতেন।

ইহা ভিন্ন কাশীর চতুর্দ্ধিকে পঞ্চ ক্রোশ ব্যাপিয়া কিঞ্চিৎ ব্যবধানে এক এক ধর্ম চোকা নির্মাণ করিয়া দিয়াছিলেন। অর্থাৎ ঐ ঐ স্থানে এক এক পিলপা ও একু এক বৃক্ষ ও এক এক কৃপ খনন করিয়া দিয়াছি-লেন। পথশ্রাস্ত, লোক বা যাহারা আপন মন্তকে দ্বাদি বহন করে তাহারা শ্রীন্ত বা পিপাসাযুক্ত
হইলে বিনা সাহায্যে চোকের উপর মোট বা দ্রবাদি
রাখিয়া বৃক্ষ' মূলে বসিয়া বিশ্রাম এবং জল পানাদি
করিয়া চোকের উপর হইতে অক্লেশে মোট আপন
মন্তকে লইয়া পুনর্কার গমন করিত। মোট নামাইয়া
বা তুলিয়া দিতে কাহার সহায়তার আবশাক হইতনা।
ঐসকল ধর্ম্ম চোকা অদ্যাপি বর্ত্তমান আছে। ইহা ভিন্ন
ঐ পঞ্চ কোশের মধ্যে এক এক কোশ অন্তরে এক
এক পুক্ষরিণী ও স্থানে স্থানে ভড়াগ ও বাপী ও কুপ
খনন করা ছিল। সেই সকল স্থানে পথিক লোক
বিশ্রামাদি করিত, এবং ঐ সকল লোকেরা রক্ষনাদি
স্ক্রিয়া আহার করে এই জন্য প্রস্তরে খোদিত আখা
ও বাটা ও জলপাত্র ও তওুলাদি ও ফল মূল প্রস্তুত
থাকিত। স্থানে স্থানে পথিকেরা স্বন্ধন্দে আহার
ও বিশ্রাম করিত।

এতন্তির স্থানে স্থানে সদাবৃত্ত দেওয়া যাইত।
আর নিজ কাশীতে নিতা প্রাতঃকালে এক প্রস্তরের
চৌবাচ্চাতে আট মন বুট ভিজান যাইত, তাহা জনাহত যে সকল লোক আগত হইত তাহাদিগকে
দেওয়া যাইত। এবং অরপুর্ণার বাটাতে নিত্য নিত্য পঁচিশ মন তথুল বিতরণ হইত। আর দেব দেবীর পুজা ও ভোগের যেমন ধুমধাম, সেই রূপ পারিপাট্য ছিল। এই সকল ভোগে অয় ও নানী প্রকৃার
ব্যঞ্জন প্রস্তুত হইত, চারি পাঁচ সহ্ত্র লোক উত্তম রূপে আহার করিত। আর দণ্ডী ও কুমারী ও সধবা প্রত্যহ ১০৮ জন ইচ্ছা ভোজন করিত, তাহাদি-গকে এক এক টাকা করিয়া দক্ষিণা দেওয়া বাইত। পরস্ক মন্থ্যের প্রতি ভাঁহার যেমত কুপা জীব জন্তর প্রতি ও সেই রূপ ছিল। কথিত আছে কাশীর পঞ্চ কোশের মধ্যে যে যে স্থানে পক্ষি ইত্যাদি বাস করিওঁ সৈই সেই স্থানে অন্ন নিক্ষিপ্ত হইত, ও পিপালিকাদির গর্জের সম্মুখে নিত্য নিত্য চিনি ও অন্য অন্য মিষ্ট দ্রব্য দেওয়া যাইত।

কথিও আছে যথন রাণী কাশীতে গমন করিয়া ছিলেন তথন ১৭০০ নৌকা তাঁহার সমভিব্যাহারে ' গিয়াছিল। এবং প্রতি বৎসর তণ্ডুল ও অন্য খাদ্র' দ্বব্যে পরিপূর্ণ হইয়া স্থানাধিক ১০০০ লৌকা যাইত।

এই সকল দানাদির জন্য কাশীতে রাণী ভবানীর
নাম অতি জাজ্জামান আছে এবং অনেকে তাঁহাকে
বিতীয় অমপূর্ণা কহে। জনশ্রুতি আছে এক সময়ে
রাজসাহী হইতে কাশার বায়ার্থ টাকা যাইতে বিলম্ব
হইয়াছিল, ডক্ষনা রাণী ভবানী অমৃতলাল নামক
এক ধনবন্ত বণিকের স্থানে এক লক্ষ টাকা কর্জ্জ চাহিয়া
ছিলেন। ভাহাতে ঐ বণিক কহিয়াছিল যে বক্ষ
দেশে অতি সামান্য লোকে অল্প জমিদারি করিয়া
আপনাদিগকে রাজা ও রাণী কহায়, কিন্তু, তাহাদের
বিষশ্প সম্পত্তি কিছু অন্তেহণ করিয়া পাওয়া যায়না,
আমি রাণী ভবানীকে জানিনা টাকা কর্জ্জ দিবনা। এই

কথা বলিয়া রাণীর লোককে বিদায় করিয়া দিয়া-ছিল। পরে নিজা কালে ঐ বণিক ঋপ্ন দেখিল, অয়-পূর্ণা তাহার নিকট আসিয়া বলিতেছেন, অরে অবোধ কি করিয়াছিদ, রাণী ভবানী তোমার স্থানে টাকা চাহিয়াছিলেন তাহাতে তুমি কি কহিয়াছ, আমাতে ও ভাঁহাতে কিছু মাত্র ভেদ নাই।

র্এই প্রকার স্বপ্ন দর্শনানম্ভর নিক্রাভঙ্গ হইলে পর বণিক প্রত্যুথে এক লক্ষ মুদ্রা লইয়া রাণীর বাস স্থানে গিয়া বলিল, আমি রাণী ঠাকুরাণীকে জানিতে পারি নাই, এই জনা টাকা কর্জ্জ দিই নাই, কিন্তু 'আমি টাকা আনিয়াছি এই টাকা রাণীকে দিতেছি, 'কিন্তু আমি এক বার ভাঁহার চরণ দর্শন করিব। রাণী ভবানী বলিয়া পাঠাইলেন এখানে আমি তাহার সহিত সাক্ষাৎ করিতে পারি না, কিন্তু যথন অন্নপূর্ণার मन्द्रित यादेव उथन माका १ इटेरव। अनस्र यथन तानी ज्यांनी अञ्चल्रांत मुन्हित शिया अञ्चल्रांत शृका कतिए हिल्लन ज्थन दिनक प्रिथन ए अन्नपूर्ना उ. রাণী ত্বানী অভেদাকার। তদবধি অমপূর্ণা ও রাণী ভবানীর নামের ভেদ ছিলনা, এবং সেই পর্যান্ত কাশীতে রাণী ভবানীর যেমত স্থাতি এমত কাহার गार्डे।

গয়াধামেও রাণী তবানী অনেক পুণাকর্ম ও দেবা-লয় স্থাপন করিয়াছিলেন। কথিত আছে তিনি ১খন কাশাধামে গমন করেন তখন তথায় অনেক দান বিত- রণ করেন এবং গমালিকে নগদ ও জহরাতে পাঁচ লক্ষ্ টাকা দেন।

রাজদাহী জিলাতে এবং নাটোরের রাজধানীতে
বাণী ভবানী অনেক দেবালয় ও পুণাকর্ম করিয়াছেন,
এবং ঐ জিলাতে অনেক লাখেরাজ ও ব্রন্ধোন্তর দিয়াছেন। কিন্তু নাটোর গঙ্গাহীন স্থান এজনা উথায়
অধিক কাল বাস না করিয়া সুরশিদাবাদ জিলার
অন্তঃপাতি বড়নগর গ্রামে জাহ্নবী তারে প্রায় বাস করিতেন। ঐ স্থানে অনেক দেবালয় ও মন্দির
স্থাপন করিয়াছিলেন। ইহা ভিন্ন অনেক অতিথি
শালা এবং ২২ আখড়া ছিল। ঐ সকল আখড়াতে
অনেক রমথা অতিথি বাস করিত। তাহাদিগের প্রতিপালনার্থ এক এক আখড়াতে প্রতিদিন ছই টাকা
অবধি ২০ টাকা পর্যান্ত দিতেন। এই দান নগদবৃত্তিভূক্ত ছিল। ইহা ভিন্ন অতিথি সেবার ও, দানের
অত্যন্ত ধুমধাম ছিল।

রাণী ভবানী আপন হস্তে সকল দান করিছে পারি-তেন না, এজন্য আজ্ঞা দিয়াছিলেন যে দরিক্ত বা দায়গ্রস্ত ব্যক্তিদিগকে পোদার এক টাকা পর্যান্ত দান করিতে পারিবে। ধনরক্ষক এক টাকা অবধি ৫ টাকা পর্যান্ত দিতে পারিবেক। মুক্তদ্দি ৫ টাকা অবধি ১০ টাকা পর্যান্ত দান করিতে পারিবে। এবং দেওয়ান ১০ টাকা অবধি ১০০ টাকা পর্যান্ত দান করিবে। এই সকল দানে রাণীকৈ জিজ্ঞাসার প্রয়োজন ছিল না। ১০০ টাকার অধিক হইলে রাণীর অমুমতি আবশ্যক হইত। ইহা ভিন্ন আপন্ অধিকারের নধ্যে ব্রাহ্মনকন্যা মাত্রের বিবাহ উপস্থিত হইলে কন্যা দানের সমুদ্র ব্যয় সরকার হইতে দিতেন। আর মুর্গোৎসব কালে ২০০০ পউবস্ত্র ক্রয় করিয়া কুমারী ও সধবা স্ত্রীলোক-দিগতে দিতেন, এবং ঐ সঙ্গে এক এক যোড়া শস্থা ও এক একটি সোণার নত দিতেন। আর প্রতি-পদ অবধি নবনী পর্যান্ত প্রতাহ এক শত কুমারীকে একদা স্থালকারে পূজা করিতেন এবং দেশীয় ও বিদেশীয় ব্রাহ্মণ পণ্ডিত গণকে ৫০,০০০ পঞ্চাশ সহস্র টাকা বার্ষিক দিতেন।

্বাণী ভবানীর রাজ্যে রোগিদিগের চিকিৎসা করাইবার অতি উত্তম ধারা ছিল, অর্থাৎ তিনি আট
জন বৈদ্যকে বেতন দিয়া রাখিয়াছিলেন। তাহারা
বড় নগর ও তৎচতুঃপার্মস্থ সাত খান গ্রাদের সমুদায় রোগি লোকের চিকিৎসা করিয়া বেড়াইত। ঐ
আট জন বৈদ্যের ছই ছই ভৃত্য নিযোজিত ছিল।
ভাহারা রোগিদিগের শুক্রারা ও ঔষধ প্রস্তুত করিয়া
দিবার জন্য বৈদ্যাদিগের সঙ্গে নঙ্গে বাইত। তদ্তিম
প্রত্যেক বৈদ্যের সঙ্গে ছই তিন জন ভারী পাচন,
ক্ষুদ্র মৎস্য, পুরাতন তগুল, মুগের দাইল, মিছরি
ও রোগির অন্য অন্য আহারীয় দ্রব্য লইয়া যাইত।
যে রোগির যে দ্রব্য আবশাক হইত তাহা বৈদ্যগগৈর
বিধান মত প্রস্তুত করিয়া দিত। আর এই সকল গ্রাদে

কোন বাজির মৃত্যু হইলে তাহার সংকারাদির বায় সরকার হইতে দৈওয়া যাইত। অপর গ্রামন্থ দীন দরিদ্র লোক মরিলে, ব্রাহ্মণের সংকার জন্য ৫ টাকা ও শুদ্রের সংকারেও টাকা করিয়া দিতেন। এবং সতী স্ত্রী সকল পতির সহগমন করিলে এক খান বস্ত্র ও এক যোড়া শঙ্খ, আর লোকের অবস্থা, বিশে-চনায় কাহাকে ৫, কাহাকে ৭, কাহাকেও ১০ টাকা করিয়া দিতেন।

অপর রাণী ভবানীর দান যেমত অদিতীয় তাঁহার मनानर्थं महेक्रेश हिल। हिन्छु मुमलमान मकरलहे তাঁহাকে অতিশয় মান্য করিতেন। কথিত আছে, তিমি যখন গয়াতে পিগুদান করিতে গিয়াছিলেন তখন টিকী রির রাজা কহিয়াছিলেন, পাঁচ লক্ষ টাকা না দিলে তাঁহাকে পিগুদান করিতে দিবেন না। রাণী ভবানী এই कथा मूत्रणिनावास्त्र नवावत्क कानारेमाहित्वन, তাহাতে নবাব তখনি মুঙ্গেরের স্থবাদারকৈ আজ্ঞা দিয়াছিলেন, ঐ রাজার রাজা আক্রমণ করে। তখন ঐ রাজা রাণীর স্থানে গলবস্ত হইলেন এবং ক্রগ্রহণ না-করিরা পিওদান করিতে দিলেন। কিন্তু রাণী স্বেচ্ছা-পূর্বক তাঁহাকে তিন লক্ষ টাকা দিয়াছিলেন। অনন্তর ঐ রাজা কিয়ৎকাল পরে আপন ভূম্যাদির রাজস্ব প্রদানে অক্ষম হইয়া নবাবের ইল্লভখানায় কয়েদ হই-"রাছিলেন। তখন রাণী ভবানী ঐ টাকা আপনি দিবেন वह कथा वित्रा छोहारक कांत्रारमान्त्रकरत्न। छोहारछ

ঐ রাজা কৃতজ্ঞতার চিহ্ন স্বরূপ স্বীয় পাগড়ি এক স্থান শালে আচ্ছাদন করিয়া তাঁহার দিকট এই কথা বলিয়া প্রেরণ করিয়াছিলেন যে, আমি তাঁহার সহিত সদ্বাবহার করি নাই, কিন্তু তিনি আমার মস্তক কিনিয়া রাখিলেন।

'অার ইংরাজেরা রাজ্যাধিপতি হইলেও তাঁহারা রাণী ভবানীর যথেষ্ট গৌরব করিতেন। জনশ্রুতি আছে রাণীর দেবার্চ্চ নাতে বিশেষ মনোযোগ প্রযুক্ত ভাঁহার শেষাবস্থাতে ভূম্যাদির কর সুশৃঙ্খলামতে আদায় হইত না। তাহাতে একবার ১১ লক টাকা কাকি পড়াতে শোর সাহেব, যিনি কর সংগ্রহ করিতেন, তিনি রাণীর তাবৎ জমীদারী খণ্ড খণ্ড করিয়া অন্যকে পত্তন করিবার মানস করিয়াছিলেন। কিন্তু রাত্রিযোগে সাহেৰ স্থপ্ত দেখিলেন, একটা শ্যামামূর্ত্তি নারী হড়র হত্তে ভাঁহাকে ভয় প্রদর্শন পূর্বক বলিল, যদি তুমি রাণী ভবানীর ভুম্যাদি অন্য কাহাকে ও দাও তবে এই খড়ুর দারা ভোমার মস্তক ছেদন করিব। ইংরাজেরা न्त्रश्च मार्त्वन नां, किन्छ जरकारमञ्ज मार्ट्स्वता श्वनारहत्र সময় ঘট স্থাপন করিতেন এবং মাথায় টোপর দিয়া . বসিতেন, অতএব স্বপ্ন মানিবেন আশ্চর্য্য নহে। ফলতঃ ঐ স্থপ্ন দর্শনের পর শোর সাহেব রাণী ভবানীর জমী-माती खना रुख खर्भन करतनं मारे।

পূর্বে লেখা গিয়াছে রাণী তবানীর বৃদ্ধাবস্থাকৈ ভুন্যাদির কর স্থাদররূপ সংগ্রহ হইত না, তাহাতে

কণ্ধন কখন ব্যয়ের টানা টানি হইত। কিন্তু তিনি যাহাকে যাহা অঞ্চীকার করিতেন তাহার অন্যথা কর্থন হইত না। কথিত আছে এক সময় (কং ১১৮৮ সালে) রাজস্ব হইতে তাব্লায় সমাধা না হওয়াতে তিনি খামারের শস্যাদি বিক্রয় করিতে আজ্ঞা দিয়াছিলেন। পরে ঐ'শস্যাদি বিক্র হইয়া তিন লক্ষ টাকা সংখ্র-' হীত হইল, কিন্তু টাকা আগত না হইতেই রাণী ঠাকুরাণী ব্যয়ের এক ফর্দ্দ করাইলেন; অমুককে এত দিতে হইবেক, অমুককে এত দিতে হইবেক। এই প্রকার ঐ সকল অস্ক একত্র করিয়া দেখিলেন যে তিন লক টাকা হইতে অনেক অধিক হইয়াছে। কিন্তু তাঁহার নিয়ম ছিল কোন কথা মুখ হইতে নির্মীত হইলে ভাহা প্রাণান্তেও অন্যথা করিতেন না, ইহাতে ঐ অধিক তথনি অলক্ষার বিক্রয় করিয়া দিলেন, তথাচ যে কথা পূর্বে কহিয়াছিলেন তাহা অন্যথা করি-(लग गा।

রাণী ভবানীর পূজা আহ্নিকের নিয়ম অতি কঠিন ছিল। তিনি প্রতাহ চারি দণ্ড রাজি থাকিতে গাজো-গ্ থান- করিয়া জপ করিতে বদিতেন। রাজি অর্দ্ধণ্ড থাকিতে জপ শেষ হইলে স্বহস্তে পুষ্পাচয়ন করিতেন। দে সুময়ে অন্ধার থাকিত এজন্য ভূত্যেরা জগ্র প্র্যাহিত। পুষ্পাচয়নানম্ভর নিশা-লৈ ন কালে গঙ্গা স্থান করিতেন। তাহার পর বেলা

শিব পূজা করিতেন। তাহার পর প্রত্যেক দেবাক্ত্মে গিয়া পুষ্পাঞ্জলি দিয়া বাটীতে আঞ্চীয়া পুরাণ শ্রৰণ এবং বাণলিঞ্চ শিবের পূজা ও ইফ পূজা করিতেন। ইহাতে প্রায় ছুই প্রহর বেলা হুইত। তদনম্ভর কিঞ্চিৎ জল গ্রহণ করিয়া আত্মপরিবারস্থ ব্রাহ্মণ मध्रामुखं ভোজনায়ে अभारक मंग अन बाक्रांतक हिन-ষ্যান্ন ভোজন করাইতেন। তাহার পর আড়াই প্রহর বেলার সময় আপনি হবিষ্যান্ন আহার করি-তেন। তদনস্তৰ দেওয়ান খানাতে কুশাসনে উপৰে-শন করিয়া মুখ শুদ্ধি করিতেন। ঐ সময়ে মুনশিগণ উপস্থিত হইলে বিষয় কর্মের যে আজ্ঞা দিতেন তাহা র্তীহারা লিখিয়া লইত। তৃতীয় প্রহরের সময় পুনর্বার ভাষাতে পুরাণ শ্রবণ করিতেন। ছই দণ্ড বেলা থাকিতে পুরাণ সমাপন হইত। সেইসময়ে মুনশীগণ তাঁহার আজ্ঞান্ত্যায়ি লেখনাদি প্রস্তুত করিয়া . স্বাক্ষরাদি ক্রাইতে আসিত। রাণী ভবানী ঐ লেখনাদি প্রাবণ করিয়া তাহাতে মোহর করিয়া ' দিতেন। তদনন্তর সায়ং কালে পুনর্বার গঙ্গা দর্শন এবং গঙ্গাকে ঘৃত প্রদীপ দিতেন। তৎপরে আত্মা-লয়ে আসিয়া রাত্রি চারি দণ্ড পর্যান্ত, মালা জপ করিতেন। তাহার পর জল গ্রহণান্তে দেওয়ান খানাতে ৰসিয়া দ্রবার ঘটিত থে সকল কার্য্যের সংবাদ হইত তাহার যে কর্ত্তব্যাকর্ত্তব্য তাহার আজ্ঞা দিতেন। রাশ্বি এक প্রহরের तमग्र প্রজাদিগের ধালিশাদি শুনিয়া

তাং ার বিচার করিতেন। তদনস্তর ছই তিন দণ্ড কাল । অন্যালাপ করি তেন। পরে পৌরগণ কে কি ভাবে থাকে তাহার অন্তনন্ধান করিয়া রাজি দেড় প্রহরের সময় শয়ন করিতেন।

আর তাঁহার এমত শাসন ছিল যে যজোপবীত হওনানস্তর যদি ব্রাহ্মণ কুমারেরা প্রাতঃসান না করিত এবং প্রাতঃ সন্ধ্যার চিক্ল উর্দ্ধ পুণ্ডু কপালে চৃষ্ট না হইত তবে তাহাদিগকে তখনি গঙ্গাপার করিয়া দিতেন। বালকদিগের পঞ্চ বংসর ব্যাংক্রম হই-লেই তাহাদিগকে প্রাতঃস্নান অভ্যাস করাইতেন এবং পঞ্চ পর্বেও অন্য অন্য নিষিদ্ধ দিবংস তাঁহার পরিবারস্থ পুরুষের। স্ত্রীর মুখাবলোকন করিতে পারি-তেন না।

রাণী ভবানী ৩২ বংসর বন্ধনে পতিহীনা হইয়া
৭৯ বংসরে পরলোক গমন করেন। তিনি মধ্যমাকারা
ও অভিস্কলরী ছিলেন, এবং যদিও অত্যন্ত প্রাচীনা
হইয়াছিলেন তথাপি পশ্চাৎ ইইতে দেখিলে তাহাকে
বিংশতিবর্গা বুবতীর ন্যায় বোধ হইত। তাঁহার
ভাবৎ দন্ত পতিত হইয়াছিল, কিন্তু সমুখের কয়েকটা
কেশ পাকিয়াছিল মাত্র তদ্ভিন্ন সকল কেশ কাঁচ
ছিল। এত বয়ংক্রমেও তাঁহার এমত সামর্থা ছিল যে
নি্ত্যা পুলাদি করিয়া সহস্তে পাক করিয়া ভোজন
ক্রিতেন এক দিনের নিমিত্তও ঐ নিয়মের অন্যথা
ভিন্ন নাই।

্রাণী ভবানী বৈধব্য দশার পর জামাতার পর্জা-কান্তে পোষা পুত্র রাধিয়াছিলেন। ৭০ খুত্রের নাম রামকৃষণ। ভাঁহার বয়ঃঞাপ্তির পর তিনি তাঁহাকে দ্রবাধিকারী করিয়া আপনি গঙ্গাতীরে বাস করিয়া ইহাছিনেন; বিষয় কর্ম কিছু দেখিতেন না। রাজা রাম-কি কৃষ্ণ অভ্যন্ত তাপসিক ছিলেন এবং রাজ কর্ম্মে বিরাগ अयुक्त औरांत्र कीरणगार्क्स जानक विषय नक्षे रहेया ছিল। কিন্তু ইহাতে তাঁহার সম্পূর্ণ দোষ নাই। তিনি বে সকল পুরাতন কর্মকারকদিগকে বিষয়ের রক্ষক क्तियोहित्मन छोटोतोरे छक्क ट्टेया थे नक्न विषय কলে কৌশলে আপনারা গ্রাস করিল। সম্পৃতি ঐ नक्न लाक्त्रा ताक्त्राही जिनात अधान अधान जिम-मात्र रहेमारक्। धवर रव तांनी खवानीत कीर्खि जांवर বঙ্গ ভূমিতে জাজ্লামান ও যাঁহার অলে লক্ষ লক্ষ লোক প্রতিপালিত হইয়াছে একণে তাঁহার পরিবা-রুছেরা সামান্যের মধ্যে গণনীয় হইয়াছেন।

यय[े] १२